অনন্তর নানাদিক হইতে সমাগত অভিষেকদর্শনার্থী জনসমূহদ্বারা কোলাহল-পরিপূর্ণ ইন্দ্রভবনসদৃশ সেই নগর, অনেক জলজন্তুদ্বারা পরিপূর্ণ সাগরজলের ন্যায় আকুল বলিয়া প্রতীয়মান হইল ॥ ২৮ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে পুরশোভাবর্ণন-নামক
পঞ্চম সর্গ সমাপ্ত ॥ ৫ ॥

১ । গ্র 'জন-' । ২ । ও-পুস্তকে অয়ং শ্লোকোঽত্র ন দৃশ্যতে ; ঘ 'নৃপঃ' । ৩ । ঝ '-স্যৈব' । ৪ । ছ-ঝ-ঙ 'নিস্বনঃ' । ৫ । ঘ '-স্তন্নিভ-' । ৬ । ঝ '-বাম্বুধেঃ' ।

## ষষ্ঠঃ সর্গঃ

জ্ঞাতিদাসী[১] যতো জাতা কৈকেয্যাস্তু সহোষিতা।

জ্ঞাতিদাস্যথ কৈকেয্যাঃ সহোঢ়া পরিচারিকা।
প্রাসাদাগ্রমুপারূঢ়া[২] তস্মিন্ কালে যদৃচ্ছয়া[৩] ॥ ১ ॥
দদর্শ[৪] সাথ তত্রস্থা শ্রীমদ্রাজপথাং পুরীম্।
সমুচ্ছ্রিতধ্বজবতীং হৃষ্টপুষ্টজনাকুলাম্ ॥ ২ ॥
[৫] তাং চ দৃষ্ট্বা পুরীং রম্যামলঙ্কৃতজনাকুলাম্[৬]।
অদূরস্থাং[৮] সমাসাদ্য ধাত্রীং কাঞ্চিদপৃচ্ছত[৯] ॥ ৩ ॥

১-২। লো-টী। জ্ঞাতিদাসী জনকদাসী। 'জ্ঞাতির্না জনকে বন্ধৌ' ইতি ভূরিঃ। সহোঢ়া সহপ্রাপ্তা। শ্রীমান্ শোভোপশোভিতো রাজপথো যস্যাং তাম্।

১। টিপ্পনী। অথ সীতায়া লঙ্কাপুরপ্রবেশং বিনা রাবণবধস্যাশক্যতয়া তৎসিদ্ধয়ে দেবৈঃ প্রেরিতায়াঃ কৃতকুব্জাবেশায়া মন্থরায়া রামাভিষেকবিঘ্নপ্রবৃত্তিং তদাত্রিগতং কৈকেয়ীবৃত্তান্তঞ্চ বক্তুমুপক্রমতে জ্ঞাতীত্যাদিনা। জ্ঞাতের্মাতৃকুলস্য দাসী। যদৃচ্ছয়া স্বয়মেব ন তৎপ্রেরণয়া। তিঃ। সহোঢ়া সহানীতা। সহোষিতেতি পাশ্চাত্যপাঠঃ (২।৭।১)।

২। টিপ্পনী। শ্রীমদ্রাজপথাং শ্রীমন্তঃ শোভোপশোভাসম্পন্না রাজপথা যস্যাং তাম্। সমুচ্ছ্রিতধ্বজবতীং সমুন্নতধ্বজাবিশিষ্টাম্। হৃষ্টপুষ্টজনাকুলাম্—হৃষ্টৈ রামাভিষেকবার্ত্তাশ্রবণেন সঞ্জাতহর্ষৈঃ পুষ্টৈরন্নাদিলাভেন চ পুষ্টিমাপন্নৈর্জনৈরাকুলাং ব্যাপ্তাম্।

অনন্তর পরিচারিকারূপে [কৈকেয়ীর] সহিত আনীতা [মন্থরানামে] কৈকেয়ীর মাতৃকুলের [এক কুব্জা] দাসী সেই সময়ে যদৃচ্ছাক্রমে (অর্থাৎ কাহারও দ্বারা প্রণোদিত না হইয়া) প্রাসাদশিখরে আরোহণ করিল ॥ ১ ॥

তৎপরে প্রাসাদশিখরে অবস্থিতা সেই পরিচারিকা দেখিতে পাইল, [যে অযোধ্যা-] নগরী শোভমান-রাজপথ-বিশিষ্টা, সমুন্নত-পতাকা-সমন্বিতা [এবং] হৃষ্টপুষ্ট-জনসমূহে পরিব্যাপ্তা ॥ ২ ॥

১। গ 'জ্ঞাত্বা,' ঘ 'ইতি'। ২। গ '-সাদাৎ খমু-'। ৩। ঙ 'দিদৃক্ষয়া'। ৪। ঙ 'সা দদর্শাথ'। ৫। এতদর্দ্ধস্থানে গ-পুস্তকে 'সিক্তরাজপথাং রম্যাং প্রকীর্ণকমলোৎপলাম্। মাল্যমোদকহস্তৈশ্চ দ্বিজৈশ্চৈবোপশোভিতাম্ ॥ প্রহৃষ্টকুঞ্জরহয়াং প্রসন্নার্চ্চিতগোবৃষাম্। শুক্লদেবগৃহদ্বারাং গন্ধতোয়সমন্বিতাম্ ॥ সংপ্রহৃষ্টজনাকীর্ণাং সর্ব্ববাদিত্রনিস্বনাম্। অযোধ্যাং তাং তদা দৃষ্ট্বা পতাকাধ্বজমালিনীম্ ॥' ইতি পাঠঃ। ৬। ঝ '-ধ্বজা-'। ৭। অতঃ পরং ঞ-পুস্তকে সিক্তরাজপথাং কৃৎস্নাং প্রকীর্ণকুসুমোজ্জ্বলাম্। উচ্ছ্রিতাভিঃ পতাকাভির্ধ্বজৈশ্চ সমলঙ্কৃতাম্ ॥ বৃহচ্ছত্রপথদ্বারসুস্নাতস্বজনাবৃতাম্। মাল্যমোদকহস্তৈশ্চ দ্বিজেন্দ্রৈরভিনন্দিতাম্ ॥ প্রহৃষ্টনরহস্ত্যশ্বাং সম্পন্নশ্রেষ্ঠগোবৃষাম্ ॥ ইত্যধিকঃ। ৮। ছ 'সুদূ-'। ৯। ছ 'কাঞ্চিদভাষত', ঝ 'কিঞ্চিদপৃচ্ছত'।

কস্মাৎ পৌরজনস্যায়মতিহর্ষোঽদ্য[১] শংস মে।
চিকীর্ষিতং কিং নৃপতেঃ কার্য্যং পৌরজনপ্রিয়ম্ ॥ ৪ ॥
উত্তমেন[২] চ হর্ষেণ হর্ষিতাদ্য বিশেষতঃ।
রামমাতা ধনোৎসর্গং কুরুতে কেন হেতুনা ॥ ৫ ॥
ইতি পৃষ্টা তয়া[৩] ধাত্রী[৪] কুব্জয়া ভৃশহর্ষিতা।
আচচক্ষে[৫] যথাবৃত্তং[৬] যৌবরাজ্যাভিষেচনম্ ॥ ৬ ॥
শ্বঃ[৭] পুষ্যযোগেণ কিল যৌবরাজ্যে স্বমাত্মজম্।
অভিষেচয়িতা রামং[৮] রাজা গুণগণাকরম্[৯] ॥ ৭ ॥

৪। লো টী। রাজ্ঞা কিং কর্ত্তব্যং চিকীর্ষিতং কিং কর্ত্তুমিষ্টম্

৪-৭। টিপ্পনী। পৌরজনপ্রিয়ং কিং কার্য্যং নৃপতের্নৃপতিনা চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টং তন্মে মহ্যং শংসেত্যন্বয়ঃ। উত্তমেন হর্ষেণ মহতা হর্ষেণ। যথাবৃত্তং যথাযথরূপেণ। অভিষেচয়িতা অভিষেকং কারয়িতা।

সে সেই সুরম্য নগরী অলঙ্কৃতজনসমূহে পরিপূর্ণ দেখিয়া অদূরবর্ত্তিনী কোনও ধাত্রীর সমীপে গমনপূর্ব্বক [ তাহাকে ] জিজ্ঞাসা করিল—॥ ৩ ॥

পুরবাসী জনগণের অদ্য কি নিমিত্ত অপরিসীম আনন্দ। রাজা পুরবাসী জনগণের প্রিয় কি কার্য্য করিতে ইচ্ছা করিয়াছেন, [ তাহা ] আমাকে বল ॥ ৪ ॥

বিশেষতঃ, অদ্য অপরিসীম আনন্দে আনন্দিতা রামমাতা [ কৌশল্যা ] কি হেতু ধন উৎসর্গ করিতেছেন ॥ ৫ ॥

কুব্জা মন্থরাকর্ত্তৃক এইরূপে জিজ্ঞাসিতা [ সেই ] ধাত্রী নিরতিশয় আনন্দিতা হইয়া [ রামের ] যৌবরাজ্যাভিষেক [ -সম্বন্ধে সমুদায় বৃত্তান্ত ] যথাযথভাবে কীর্ত্তন করিল ॥ ৬ ॥

[ সে বলিল ] আগামী কল্য পুষ্যানক্ষত্রযোগে রাজা [ দশরথ ] সর্ব্বগুণাধার স্বপুত্র রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করাইবেন [ বলিয়া সর্ব্বত্র ] শুনা যাইতেছে ॥ ৭ ॥

---

১। ঙ '-র্ষং মহোত্তমঃ প্রশং-'। ২। ঙ '-নাথ'। ৩। গ 'তদা'। ৪। ঙ 'ধাত্র্যা'। ৫। গ 'সাচ-'। ৬। ঝ '-তত্ত্বং'। ৭। ঘ 'হিতং শ্বঃ পুষ্যযোগেণ যৌব-'। ৮। ছ 'রাজা রামং সর্ব্বগুণা-', গ 'রাজা রামং'। ৯। ঘ-ঝ-এ 'গুণগুণা-'।

তেনায়ং হর্ষিতঃ সর্ব্বো জনো রামাভিষেচনে।
পুরী চালঙ্কৃতা[1] পৌরৈ রামমাতা চ হর্ষিতা ॥ ৮ ॥
ইতি শ্রুত্বাপ্রিয়ং বাক্যং[2] কুব্জা ক্ষিপ্রমমর্ষিতা।
তস্মাৎ প্রাসাদশিখরাদবতীর্য্য ত্বরান্বিতা ॥ ৯ ॥
সংরক্তনয়না কোপান্মন্থরা[3] পাপনিশ্চয়া।
শয়ানামেব কৈকেয়ীমিদং বচনমব্রবীৎ ॥ ১০ ॥
উত্তিষ্ঠ মূঢ়ে কিং শেষে ভয়ং[4] তে ঘোরমাগতম্।
সমুপপ্লুতমাত্মানং[5] দুর্ভগে[6] নাববুধ্যসে ॥ ১১ ॥

১১। লো টী। আগতমুপস্থিতম্। ঘোরম্ অপ্রিয়ম্। তে তব আত্মানং দেহং সমুপপ্লুতং ব্যাপ্তম্।

৯। টিপ্পনী। অমর্ষিতা রামাভ্যুদয়াসহিষ্ণুঃ : পাপনিশ্চয়া পাপে অভিষেকবিঘ্নোৎপাদন-রূপে পাপকার্য্যে নিশ্চয়ো যস্যাঃ সা।

১১। টিপ্পনী। ভয়ং ভয়কারণং বিপদিত্যর্থঃ। সমুপপ্লুতং ভৃশপীড়িতম্। 'উপপ্লুতমঘো-ঘেনে'তি পাশ্চাত্ত্যপাঠঃ ( ২।৭।১৪ )। উপপ্লুতং পীড়িতম্। তিঃ। উপপ্লুতং যুক্তম্। শিরোঃ।

সেই হেতু এই সমস্ত লোক আনন্দিত। রামাভিষেকের নিমিত্ত [ -ই ] পৌরবর্গকর্ত্তৃক [ এই ] পুরী অলঙ্কৃত হইয়াছে ও রামমাতা [ এত ] আনন্দিতা হইয়াছেন ॥ ৮ ॥

এই অপ্রিয় বাক্য শ্রবণ করত ক্রোধে সংরক্তনয়না, [ অভিষেক বিঘ্নোৎ-পাদনরূপ ] পাপানুষ্ঠানে কৃতনিশ্চয়া, [ রামাভ্যুদয়ে ] অসহিষ্ণু কুব্জা মন্থরা তৎক্ষণাৎ প্রাসাদশিখর হইতে অবতরণপূর্ব্বক ত্বরান্বিত হইয়া [ শয়ানা ] কৈকেয়ীকে শয়ানা-বস্থায়ই এই বাক্য বলিল—॥ ৯-১০ ॥

১। ঙ ইদমর্দ্ধং নাস্তি। ২। ছ-ঝ-এ 'পাপা'। ৩। অতঃ পরং গ-পুস্তকে 'রামেণ নিন্দিতা পাপা পূর্ব্বং বৈরমনুস্মরৎ। কস্মিংশ্চিদপরাধে হি ক্ষিপ্তা রামেণ বৈ পুরা ॥ চরণেন ক্ষিতিং প্রাপ্তা তস্যা বৈরমনুত্তমম্। সা দহ্যমানা কোপেন মন্থরা পাপদর্শিনী ॥' ইত্যধিকঃ। ঞ-পুস্তকে পুনঃ 'রামেত্থি নিশ্চিতা পাপা পূর্ব্ববৈরমনুস্মরন। কস্মিংশ্চিদপরাধেন ক্ষিপ্তা রামেণ সা পুরা ॥ চরণেন ক্ষিতৌ কুব্জা তৎ সা বৈরমনুস্মরন্। সা দহ্যমানা কোপেন মন্থরা পাপদর্শিনী ॥' ইতি গ-পুস্তকেন সংবদৎপ্রায়ঃ পাঠোঽধিকঃ। ৪। ঋ '-ষেঽপ্রিয়ং'। ৫। ঋ-এ '-স্থিতং'। ৬। ঘ '-র্ভাগে'।

বৃথা[১] সৌভাগ্যমানেন দুর্ভগে[২] ত্বং বিমুহ্যসে।
গিরিনদ্যা ইব স্রোতস্তব[৩] সৌভাগ্যমস্থিরম্[৪] ॥ ১২ ॥
তয়ৈবমুক্তা[৫] কৈকেয়ী সংরম্ভাৎ[৬] পরুষং বচঃ।
কুব্জয়া পাপদর্শিন্যা[৭] প্রষ্টুং সমুপচক্রমে ॥ ১৩ ॥
মন্থরে কিমসি ক্রুদ্ধা কিং[৮] তেঽক্ষেমং নিবেদয়।
বিষণ্ণবদনাং[৯] হি ত্বাং[১০] লক্ষয়ামি সুদুঃখিতাম্ ॥ ১৪ ॥
মন্থরা তদ্বচঃ শ্রুত্বা কৈকেয্যাঃ[১১] পুনরব্রবীৎ।
সংরম্ভামর্ষ[১২]তাম্রাক্ষী বাক্যং বাক্যবিশারদা ॥ ১৫ ॥

১২। লো-টী। গিরিনদ্যা গিরিপ্রভবায়া নদ্যাঃ।

১৫। লো-টী। সংরভতে ইতি সংরম্ভঃ। অভিষেচনং কর্ম্ম তেন চামর্ষস্তেন তাম্রে অক্ষিণী যস্যাঃ সা।

১২। টিপ্পনী। বৃথা সৌভাগ্যমানেন সৌভাগ্যগর্ব্বেণ ত্বং বিমুহ্যসে বিশেষেণ মুগ্ধা ভবসি। বিদহ্যসে ইতি পাঠে তু—বিদহ্যসে বিশেষেণ দগ্ধা ভবসি। সৌভাগ্যগর্ব্বেণ দাহস্তু সাতত্যেন সৌভাগ্যশালিত্বজ্ঞানং তদবিকত্থনঞ্চ।

১৩। টিপ্পনী। সংরম্ভাৎ ক্রোধাৎ। পাপদর্শিন্যা পাপপথস্যোপদেষ্ট্র্যা।

১৪। টিপ্পনী। তেঽক্ষেমং ত্বদুক্তমকুশলমিত্যর্থঃ।

মূঢ়ে, উঠ, [ এখনও ] কেন শয়ন করিয়া আছ? তোমার ভীষণ বিপদ্ উপস্থিত হইয়াছে। হে দুর্ভগে তুমি নিজেকে [ দুর্দ্দশা- ] পীড়িত বলিয়া বুঝিতে পারিতেছ না ॥ ১১ ॥

হে দুর্ভগে, তুমি বৃথা সৌভাগ্যগর্ব্বে বিমুগ্ধ হইতেছ। গিরিনদীর স্রোতের ন্যায় তোমার সৌভাগ্য অস্থির ॥ ১২ ॥

পাপ [ -পথ ] -প্রদর্শিনী মন্থরা ক্রোধে কৈকেয়ীকে এইরূপ কর্কশবাক্য বলিলে কৈকেয়ী জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন—॥ ১৩ ॥

মন্থরে, তুমি কেন ক্রুদ্ধা হইয়াছ, তোমার [ কথিত ] অমঙ্গল কি [ তাহা ] বল। তোমাকে [ অদ্য আমি ] বিষণ্ণবদনা ও অতিদুঃখার্ত্তা দেখিতেছি ॥ ১৪ ॥

১। ছ 'তথা'। ২। গ-ছ 'বিপদ্যসে', ক-ঝ 'বিদহ্যসে', ঙ 'হি মন্যসে'। ৩। ঘ-ঙ 'গতি-'। ৪। ঝ '-বাসৌভাগ্য-'। ৫। ঙ '-দৈব-'। ৬। গ-ছ '-রম্ভ-'। ৭। ঝ '-দেশিন্যা'। ৮। গ-ঘ-ঙ-ছ-ঝ-ঞ 'কচ্চিৎ' ৯। ঙ-ঞ '-বদনা'। ১০। ঝ 'ক্লিষ্টাং'। ১১। ঘ-ছ '-কেয়ী'। ১২। ঙ '-হর্ষ-'।

ভূয়ো বিষাদয়িষ্যন্তী কৈকেয়ীং পাপনিশ্চয়া।
রামাদ্ বিভেদয়িষ্যন্তী কিল তস্যা হিতৈষিণী ॥ ১৬ ॥

অক্ষেমং সুমহদ্ দেবি তবেদং[১] সমুপস্থিতম্।
রামং দশরথো রাজা যৌবরাজ্যেঽভিষেক্ষ্যতি ॥ ১৭ ॥

সাস্ম্যপারে[২] ভৃশং মগ্না দুঃখশোকমহার্ণবে।
প্রতপ্তাস্ম্যনলেনেব[৩] তদ্ধিতার্থমুপাগতা[৪][৫] ॥ ১৮ ॥

তব দুঃখেন কৈকেয়ি মম দুঃখতরং ভবেৎ।
তব বৃদ্ধৌ হি মে বৃদ্ধিরিতি মে নিশ্চিতা[৬] মতিঃ ॥ ১৯ ॥

১৮। লো-টী। দুঃখশোকে দুঃখাদপি দুঃখে।

১৬। টিপ্পনী। বিষাদয়িষ্যন্তী রাজশ্রিয়ো রামাভ্যাগমনরূপানিষ্টপ্রকাশনেন বিষাদমুৎপাদয়িষ্যন্তী। বিভেদয়িষ্যন্তী বিচ্ছেদং জনয়িষ্যন্তী রামং প্রতি পুত্রত্বপ্রযুক্তং স্নেহং নাশয়ন্তীত্যর্থঃ। তস্যাঃ কৈকেয্যা হিতৈষিণীত্যর্থঃ, তস্য অহিতৈষিণীতি পদচ্ছেদো বা। পুস্তকান্তরে অপরাদ্ধা কুব্জা রামেণ তিরস্কৃতা পদাহতা চেতি সমুপলভ্যতে। তস্য সমূলত্বে, পূর্ব্বং বৈরমনুস্মরন্তী সা রামস্যাহিতৈষিণী জাতেতি ভাবঃ সঙ্গচ্ছতে।

১৮। টিপ্পনী। দুঃখশোকমহার্ণবে—অনভিমতরামাভিষেকশ্রবণাদ্ দুঃখম্ অভিমতভরতাভিষেকস্যালাভাচ্ছোকস্তদ্রূপে মহাসমুদ্রে। অনলেনেব প্রতপ্তাহং ত্বদ্ধিতার্থং ত্বৎপ্রবোধনার্থমুপাগতা আগতাস্মি।

১৯। টিপ্পনী। দুঃখতরং মহদ্ দুঃখম্।

কৈকেয়ীর সেই বাক্য শ্রবণপূর্ব্বক অসহিষ্ণুতা ও ক্রোধে রক্তনয়না, বাক্য-বিন্যাসনিপুণা, পাপানুষ্ঠানে কৃতনিশ্চয়া, তাঁহার (কৈকেয়ীর) হিতৈষিণী মন্থরা কৈকেয়ীকে অধিকতর বিষণ্ণ [ও] রাম হইতে [তাঁহাকে] বিচ্ছিন্ন করিবার অভিপ্রায়ে পুনরায় [এই] বাক্য বলিল—॥ ১৫-১৬ ॥

দেবি, তোমার এই গুরুতর বিপদ্ সমুপস্থিত হইয়াছে [যে], রাজা দশরথ রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবেন ॥ ১৭ ॥

আমি অপার দুঃখশোক-মহাসমুদ্রে অতীব মগ্ন [ও] যেন অগ্নির দ্বারাই দগ্ধ হইতেছি। [তথাপি] তোমার মঙ্গলের জন্য আসিয়া উপস্থিত হইলাম ॥ ১৮ ॥

১। ঙ 'তদেবং'। ২। ঘ-ঞ '-গাধে'। ৩। ঝ 'সন্তপ্তা-,' ঙ 'সা তপ্তাস্ম্যনলেনাহং'। ৪। ছ '-নৈব'। ৫। খ '-লিতা'। ৬। ঙ '-শ্চয়া'।

[১] শত্রুঃ পতিপ্রবাদেন মাত্রেব হিতকাম্যয়া।
আশীবিষস্তবাঙ্কেন বালে পরিহৃতস্ত্বয়া ॥ ২০ ॥
যথা তু কুর্য্যাৎ সর্পো বা শত্রুর্ব্বা প্রত্যুপেক্ষিতঃ।
রাজ্ঞা দশরথেনাদ্য সপুত্রা ত্বং তথা কৃতা ॥ ২১ ॥
পাপেনানৃতবাক্যেন বালপ্রজ্ঞে সুখপ্রিয়া।
রামং স্থাপয়তা রাজ্যে সানুবন্ধা হতা হ্যসি ॥ ২২ ॥

২০। টিপ্পনী। পরিহৃত ইত্যত্র পরিধৃত ইতি রামানুজপাঠঃ। আত্মনো হিতেচ্ছয়া ত্বয়া মাত্রা ভোজনপানাদিনা পোষিত আশীবিষ ইব ক্রূরঃ শত্রুঃ পতিপ্রবাদেন পতিব্যপদেশেন ত্বয়া অঙ্কেন পরিধৃত ইত্যন্বয়ঃ। তিঃ। পতিপ্রবাদেন পতিনাম্না শত্রুঃ শাতয়িতা বিষদন্তসহিত ইত্যর্থঃ আশীবিষঃ ক্রূরসর্প ইব অঙ্কেন স্বোৎসঙ্গেন হিতকাম্যয়া মাত্রেব পোষণপরয়া ত্বয়া পরিহৃতঃ স্বীকৃতঃ পোষিত ইত্যর্থঃ। 'পরিধৃতঃ' ইতি পাঠেঽপি স এবার্থঃ। এতেনাস্মাৎ পত্যুস্তে কল্যাণং নাস্তীতি ধ্বনিতম্। শিরোঃ। হে বালে মুগ্ধে আগাম্যনর্থানভিজ্ঞে ইতি যাবৎ। পতিপ্রবাদেন পতিব্যপদেশেন শত্রুশ্ছন্নহৃদয়ঃ শাত্রবঃ পতিস্ত্বয়া বালপ্রকৃতিকয়া মাত্রেব সর্পশিশুং পোষয়িত্র্যেব হিতকাম্যয়া হিতপ্রাপণেচ্ছয়া আশীবিষ ইব ছন্নবিষঃ সর্প ইব অঙ্কেনোৎসঙ্গেন পরিহৃতঃ পরিধৃত ইত্যর্থঃ। যদ্বা অঙ্কে ন পরিহৃতঃ অঙ্কান্ন পরিহৃতঃ কিন্ত্বঙ্ক এব ধৃত্বোপলালিতঃ। যথাঙ্কোপলালিত আশীবিষঃ কদাচিদ্ধিতপরামপি পোষয়িত্রীং দশেৎ এবং তে ভর্ত্তাপি বিশ্বস্তাং ত্বামর্থহীনাং কারয়েৎ, অতঃ স আশীবিষ ইব নানুসরণীয়স্ত্বয়েতি ভাবঃ। গোঃ রাঃ।

২১। টিপ্পনী। প্রত্যুপেক্ষিত উপেক্ষিতনাশঃ। তিঃ।

---

কৈকেয়ি, তোমার দুঃখে আমার মহাদুঃখ, তোমার অভ্যুদয়েই আমার অভ্যুদয়, ইহা আমার নিশ্চিত বুদ্ধি ॥ ১৯ ॥

হে বালে, তুমি মাতার ন্যায় হিতকামনায় পতিনামক আশীবিষ [ -তুল্য ] শত্রুকে তোমার অঙ্কে ধারণ করিতেছ ॥ ২০ ॥

শত্রু অথবা সর্প উপেক্ষিত হইলে ( অর্থাৎ তাহাদিগকে নাশ না করিলে ) [ তাহারা ] যেরূপ [ অনিষ্ট ] করিয়া থাকে, রাজা দশরথ অদ্য সপুত্রা তোমার প্রতি সেইরূপ [ অনিষ্টাচরণ ] করিতেছেন ॥ ২১ ॥

---

১। ইত আরভ্য গ-ঞ-পুস্তকয়োর্দ্বাবিংশশ্লোকপর্য্যন্তং নাস্তি, ঘ-ঙ-ছ-ঝ-পুস্তকেষু পুনরিতঃ ষড়্বিংশশ্লোকপর্য্যন্তং নাস্তি।

নরাধিপকুলে জাতা মহিষী পৃথিবীপতেঃ।
গতিং[১] ত্বং রাজধর্ম্মাণাং কথং দেবি ন বুধ্যসে ॥ ২৩ ॥
ধর্ম্মবাদী শঠো[২] ভর্ত্তা[৩] শ্লক্ষ্ণবাদী চ দারুণঃ।
শুদ্ধভাবে[৪] ন জানীষে তেনৈবমতিসন্ধিতা[৫] ॥ ২৪ ॥
উপস্থিতঃ[৬] প্রযুঞ্জানস্ত্বয়ি[৭] সান্ত্বমনর্থকম্[৮]।
অর্থে[৯]নৈবাদ্য তে ভর্ত্তা কৌশল্যাং যোজয়িষ্যতি ॥ ২৫ ॥

---

২২। টিপ্পনী। বালপ্রজ্ঞে—বালস্য শিশোঃ প্রজ্ঞা ইব প্রজ্ঞা যস্যাস্তৎসম্বোধনে, স্বহিতানভিজ্ঞে ইত্যর্থঃ। অনুবন্ধঃ পুত্রাদিপরিকরঃ। তিঃ। সানুবন্ধা পুত্রমিত্রাদিপরিকরসহিতা। গোঃ রাঃ।

২৩। টিপ্পনী। গতিং প্রকারং কৌটিল্যমিতি যাবৎ।

২৪। টিপ্পনী। ননু মদনুরক্তান্নৃপতেঃ কথং মেহনিষ্টং সম্ভবেদিত্যাহ হে শুদ্ধভাবে বিশুদ্ধাভিপ্রায়বিশিষ্টে, তব ভর্ত্তা ধর্ম্মবাদী ধর্ম্মবাদীব ভাসমানঃ বাঙ্মাত্রেণ ধার্ম্মিক ইত্যর্থঃ। বস্তুতস্তু শঠঃ খলচিত্তো গূঢ়ানিষ্টকৃদিতি ভাবঃ। শ্লক্ষ্ণবাদী মধুরভাষণশীলঃ সন্ দারুণো নিষ্ঠুরহৃদয়শ্চেতি ন জানীষে স্বস্য বিশুদ্ধচিত্তবৃত্তিত্বাদিতি ভাবঃ। তেন হেতুনা ত্বম্ অতিসন্ধিতা বঞ্চিতা। শুদ্ধভাবেন জানীষে ইতি পাশ্চাত্ত্যানাং সংহতপাঠঃ (২।৭।২৪) শুদ্ধস্বভাবেনোপলক্ষিতং সৎ জানীষে ইতি টীকাকৃতাং ব্যাখ্যানপ্রকারশ্চ।

২৫। টিপ্পনী। তব ভর্ত্তা উপস্থিতস্ত্বৎসমীপমাগতঃ সন্ ত্বয়ি ত্বদ্বিষয়ে নিরর্থকং নিষ্ফলং সান্ত্বং প্রিয়বচনং প্রযুঞ্জানঃ কৌশল্যাম্ অর্থেন রাজ্যরূপেণ যোজয়িষ্যতি। শুষ্কং প্রিয়মুক্ত্বা স ত্বাং সান্ত্বয়তি রাজ্যভাগিনীং তু কৌশল্যাং করোতীত্যহো যুবয়োস্তস্য বিষমা দৃষ্টিরিতি ভাবঃ।

---

হে বালবুদ্ধে, পাপাশয় মিথ্যাবাদী দশরথ রামকে রাজ্যে স্থাপন করিয়া সুখপ্রিয়া তোমাকে [ পুত্রাদি ] পরিজনের সহিত বিনষ্ট করিয়াছেন ॥ ২২ ॥

হে দেবি, তুমি রাজকুলপ্রসূতা [ এবং ] পৃথিবীপতির মহিষী [ হইয়াও ], কেন রাজধর্ম্মের গতি ( কুটিলতা ) বুঝিতে পারিতেছ না ? ॥ ২৩ ॥

হে বিশুদ্ধভাবে, [ তোমার ] ভর্ত্তা ধর্ম্মবাদী [ অথচ ] শঠ, মধুরভাষী [ অথচ ] নিষ্ঠুর, [ ইহা ] তুমি জানন। তাহাতে [ -ই ] তুমি এইরূপে প্রতারিত হইয়াছ ॥ ২৪ ॥

---

১। গ 'গতিস্ত্বং'। ২। গ 'স তে', ঞ 'স বো'। ৩। ঞ '-বক্তা প্রিয়ংবদঃ'। ৪। গ 'সদ্ভাবেনৈব'। ৫। গ '-মসি বঞ্চিতা', ঞ '-মপিসন্ধিনা'। ৬। গ '-স্কৃতং', ঞ '-স্নুতং'। ৭। ঞ '-নন্ত্বয়ি'। ৮। গ 'বাক্য-'। ৯। গ 'অর্থেনাদ্যৈব কৌশল্যাং ভর্ত্তা তে'। ঞ 'অথবাদ্যৈব ভর্ত্তা তে কৌশল্যানন্দিবর্দ্ধনম্'।

অপবাহ্য[১] হি দুষ্টাত্মা ভরতং তব বন্ধুষু।
কাল্যে[২] স্থাপয়িতা রামং রাজ্যে নিহতকণ্টকে[৩] ॥ ২৬ ॥
তৎ প্রাপ্তকালং কৈকেয়ি কর্ত্তুমর্হসি মে[৪] বচঃ।
রক্ষ পুত্রং তথাত্মানং মাং চৈবামিত্রকর্ষিণি[৫] ॥ ২৭ ॥
তথা কুরু যথা রামং নাভিষিঞ্চতি[৬] তে পতিঃ।
সকামাং কুরু কৌশল্যাং মা সপত্নীমনিন্দিতে ॥ ২৮ ॥

---

২৭। লো-টী। তৎ তস্মাৎ প্রাপ্তকালং শীঘ্রম্।

২৬। টিপ্পনী। অপবাহ্য উদ্বাস্য দেশান্তরং সংপ্রেষ্যেত্যর্থঃ। কাল্যে শ্বঃ প্রাতরিত্যর্থঃ।
২৭। টিপ্পনী। প্রাপ্তকালং—প্রাপ্তঃ কালঃ প্রয়োগসময়ো যস্য তৎ সময়োচিতমিত্যর্থঃ প্রাপ্তকালং প্রাপ্তানুষ্ঠানকালম্। তিঃ। অমিত্রকর্ষিণি শত্রুনাশনশীলে।

[ তোমার নিকট ] উপস্থিত হইয়া তোমার প্রতি নিষ্ফল প্রিয়বাক্য প্রয়োগকারী [ তোমার ] ভর্ত্তা অদ্যই কৌশল্যাকে [ রাজ্যরূপ ] অর্থের সহিত যোজিত করিবেন ॥ ২৫ ॥

দুষ্টাত্মা [ দশরথ ] ভরতকে [ পূর্ব্বেই ] তোমার পিতৃগৃহে অপসারিত করিয়া [ স্থিরীকৃত অভিসন্ধি অনুসারে আগামী কল্য ] প্রাতঃকালে রামকে নিষ্কণ্টক রাজ্যে স্থাপন করিবেন ॥ ২৬ ॥

অতএব হে কৈকেয়ি, তুমি আমার সময়োচিত বাক্য প্রতিপালন কর। হে শত্রুবিমর্দ্দিনি, পুত্রকে, নিজেকে এবং আমাকে রক্ষা কর ॥ ২৭ ॥

তোমার পতি যাহাতে রামকে অভিষিক্ত না করেন তাহা কর। হে অনিন্দিতে, সপত্নী কৌশল্যাকে সফলমনোরথ করিও না ॥ ২৮ ॥

১। গ-ঞ '-বরুহ্য'। ২। গ-ঞ 'কল্যং'। ৩। অতঃ পরং গ পুস্তকে 'শত্রুপ্রীতিপ্রদানেন স তে চ হিতকাময়া। আশীবিষ ইবাঙ্কেন ভক্তোপচরিতস্ত্বয়া ॥ যথা হি কুর্য্যাৎ সর্পো বা শত্রুর্বা সমুপেক্ষিতঃ। রাজ্ঞা দশরথেনাদ্য সপুত্রা ত্বং তথা কৃতা ॥ পাপেনানৃতবাক্যেন বালপ্রজ্ঞে সুখোচিতে। রামং স্থাপয়তা রাজ্যে সানুবন্ধা হতা হ্যসি ॥' ইত্যধিকং, ঞ-পুস্তকে চাপীমে শ্লোকাঃ কচিৎ কিঞ্চিদ্বিপরিণমিতা আধিক্যেন বর্ত্তন্তে। ৪। ঞ 'মদ্-'। ৫। ছ '-কর্ষণে'। ৬। গ-ঝ '-যেক্ষ্যতি'।

মন্থরায়া বচঃ শ্রুত্বা কৈকেয়ী হর্ষিতা[১] ততঃ।
একমাভরণং[২] মুক্ত্বা[৩] কুব্জায়ৈ প্রদদৌ শুভম্[৪] ॥ ২৯ ॥

দত্ত্বা চাভরণং শ্রীমৎ প্রীতিদায়ং প্রহর্ষিতা।
কৈকেয়ী মন্থরাং বাক্যমিদং তত্রাব্রবীৎ পুনঃ[৫] ॥ ৩০ ॥

মন্থরে যৎ ত্বয়া মেঽদ্য প্রিয়মাখ্যাতমীপ্সিতম্[৬]।
তদিদং[৭] প্রীতিদায়ং তে প্রীত্যা[৮] ভূয়ো দদামি[৯] তে ॥ ৩১ ॥

রামে বা ভরতে বাপি বিশেষো নাস্তি কশ্চন[১০]।
তস্মাৎ প্রিয়ং মে যদ্রামং[১১] রাজা রাজ্যেঽভিষেক্ষ্যতি[১২] ॥ ৩২ ॥

৩০। লো-টী। দত্ত্বা চাভরণং গাত্রাৎ প্রীতিদায়ং প্রহর্ষিতা। গাত্রান্নিষ্কৃষ্য প্রীতিদায়ং প্রীতিদানম্।

২৯। টিপ্পনী। মন্থরায়া বাক্যং শ্রুত্বা রামরাজ্যলাভবার্তাশ্রবণেন নিতরামানন্দিতা কৈকেয়ী গাত্রাদেকম্ আভরণং মুক্ত্বা উন্মোচ্য প্রীতিদায়রূপেণ তৎ প্রিয়নিবেদিন্যৈ মন্থরায়ৈ প্রদদৌ।

৩০। টিপ্পনী। প্রীতিদায়ং দত্ত্বা প্রীতিহেতুকোপহাররূপেণ দত্ত্বেত্যর্থঃ।

৩১। টিপ্পনী। ভূয়ঃ পুনঃ। তে তব প্রীত্যা তে তুভ্যং দদামীত্যন্বয়ঃ।

---

মন্থরার বাক্য শ্রবণ করিয়া হর্ষযুক্তা কৈকেয়ী তদনন্তর একখানি সুন্দর আভরণ [ গাত্র হইতে ] মোচন করত কুব্জাকে প্রদান করিলেন ॥ ২৯ ॥

প্রীতিদানরূপে সুন্দর আভরণ প্রদান করিয়া অতীব হর্ষসমন্বিতা কৈকেয়ী সেই স্থানে মন্থরাকে পুনরায় এই বাক্য বলিলেন— ॥ ৩০ ॥

মন্থরে, তুমি যে অদ্য আমার নিকট অভীষ্ট প্রিয় [ -বার্তা ] নিবেদন করিয়াছ তাহাতে তোমার প্রতি প্রীতিনিবন্ধন পুনরায় আমি তোমাকে এই 'প্রীতিদান' প্রদান করিতেছি ॥ ৩১ ॥

[ আমার নিকট ] রাম ও ভরতের কিছুমাত্র পার্থক্য নাই। কাজেই, রাজা যে রামকে রাজ্যে অভিষিক্ত করিবেন, ইহা আমার প্রিয় [ -ই ] হইয়াছে ॥ ৩২ ॥

---

১। ঙ 'ভৃশহর্ষিতা'। ২। ঙ 'ততঃ করস্থাভরণং,' ঞ 'করস্থাভরণং ত্যক্ত্বা'। ৩। ঘ-ছ 'ত্যক্ত্বা'। ৪। ঘ-ঞ 'তদা', "শুভা"। ৫। চ '-রামেতৎ পুনর্বচনমব্রবীৎ'। ৬। ছ '-মীদৃশম্'। ৭। গ-ঘ-ঙ-ছ-ঝ-ঞ '-ত্রেদং'। ৮। ঙ 'প্রীতা ভুক্ত্বা'। ৯। ঝ-ঞ 'দদানি চ'। ১০। ঙ 'কিঞ্চন'। ১১। ঞ 'তদ্রামং'। ১২। গ-ছ '-ষিঞ্চতি'।

ন মে প্রিয়ং[1] কিঞ্চিদতঃ পরং ভবেদ্
যদস্য রাজা সুতমি[2]ষ্ট[3]মাত্মজম্।
গুণাকরং রামমুদারবিক্রমং
স যৌবরাজ্যে[4] প্রতিপাদয়িষ্যতি ॥ ৩৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে মন্থরাপরিদেবনং নাম ষষ্ঠঃ সর্গঃ ॥ ৬ ॥

---

৩৩। লো-টী। আত্মজম্ ঔরসম্। প্রতিপাদয়িষ্যতি অভিষেক্ষ্যতীত্যর্থঃ।

---

৩৩। টিপ্পনী। উদারবিক্রমং মহাপরাক্রমম্।

রাজা দশরথ যে অস্য মহাপরাক্রম প্রিয় অভীষ্ট ঔরস পুত্র গুণাকর রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবেন, ইহা হইতে অধিকতর প্রিয় আমার কিছুই হইতে পারে না ॥ ৩৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে মন্থরাপরিদেবন-নামক ষষ্ঠ সর্গ সমাপ্ত ॥ ৬ ॥

১। ঙ '-দপি প্রিয়ং'। ২। ঝ 'স তমেক-'। ৩। গ-ছ '-মেক-'। ৪। ছ 'রাজ্যং'।

### সপ্তমঃ সর্গঃ

ইত্যুক্তা তত্র কৈকেয্যা তৎ [1]পরিক্ষিপ্য ভূষণম্।
[2]সাসূয়া মন্থরা বাক্যমিদং [3]ভূয়োঽভ্যভাষত ॥ ১ ॥
ভয়স্থানে কিমবলে হর্ষিতা ত্বমপণ্ডিতে।
শোকসাগরসংমগ্নমাত্মানং [4]নাববুধ্যসে ॥ ২ ॥
আশীবিষস্ত্বাং দশতু মূঢ়ে [5]পণ্ডিতমানিনি।
দুর্ভগে [6]চাকৃত[7]প্রজ্ঞে বিপরীতার্থদর্শিনি [8] ॥ ৩ ॥

---

৩। লো-টী। অকৃতপ্রজ্ঞে অশিক্ষিতপ্রজ্ঞে।

২। টিপ্পনী। ভয়স্থানে ভয়হেতৌ সতি।

৩। টিপ্পনী। আত্মানং পণ্ডিতং মন্যত ইতি পণ্ডিতমানী স্ত্রিয়াং তৎসম্বোধনে পণ্ডিত-মানিনি। অপণ্ডিতাপি পাণ্ডিত্যাভিমানশালিনীত্যর্থঃ। অকৃতপ্রজ্ঞে অকৃতা অপরিণতা প্রজ্ঞা বুদ্ধির্যস্যাস্তৎসম্বোধনে। বিপরীতার্থদর্শিনি সর্ব্বার্থানাং বিরুদ্ধত্বেন দর্শনশীলে। যা ইষ্টমনিষ্টত্বেনা-নিষ্টঞ্চেষ্টত্বেন গৃহ্লাতি সা বিপরীতার্থদর্শিনী তৎসম্বোধনে। আশীবিষস্ত্বাং দশতু সর্পদংশনং তে ভূয়াৎ। রামরাজ্যেঽবস্থানাত্তব মৃত্যুরপি বরমিত্যর্থঃ।

কৈকেয়ীকর্ত্তৃক এইরূপে অভিহিতা হইয়া দ্বেষপরতন্ত্রা মন্থরা, সেই আভরণ [ দূরে ] নিক্ষেপপূর্ব্বক পুনরায় এই বাক্য বলিল—॥ ১ ॥

হে অবলে, হে বিবেকহীনে, ভয়স্থানে ( অর্থাৎ বিপৎকারণ উপস্থিত হওয়া সত্ত্বেও ) তুমি কি নিমিত্ত হর্ষযুক্তা হইতেছ ? তুমি নিজেকে শোকসাগর-নিমগ্না বলিয়া বুঝিতেছ না ॥ ২ ॥

১। ছ '-ত্যজ্য'। ২। ক-ঘ '-য়ং'। ৩। গ '-থ'। ৪। ঘ 'ন বিধু-'। ৫। ক 'ম ৬। ঝ 'প্রাজ্ঞে'। ৭। ঘ '-ত্মা-'। ৮। অতঃ পরং গ-পুস্তকে 'মনসাপি ন হৃষ্যেত দেবি দুঃখার্দ্দিতা সতী। যা শোচিতব্যে হৃষ্টাসি প্রাপ্যেদং ব্যসনং মহৎ ॥ শোচামি দুর্ম্মতে ত্বত্তে কা হি প্রাজ্ঞো প্রহর্ষয়েৎ। পুত্রা সপত্নীবৃদ্ধির্হি তব মৃত্যুরিবাগমঃ। রামাদ্ধি খলু কৈকেয়ি ভরতস্য মহদ্ভয়ম্। তদ্বিচিন্ত্য বিষণ্নাহং ভয়ং ভীতাদ্ধি, জায়তে ॥' ইত্যধিকঃ। ঞ-পুস্তকে পুনরেতেঽধিকাঃ শ্লোকা এবং দৃশ্যন্তে 'মনসা চ প্রহৃষ্যেত দেবি দুঃখার্দ্দিতা সতী। যা শোচিতব্যে হৃষ্টাসি প্রাপ্যেদং ব্যসনং মহৎ ॥ শোচামি দুর্ম্মতে ত্বত্তে কা হি প্রাজ্ঞা ন হর্ষয়েৎ। পুত্রা সপত্নীবৃদ্ধির্হি তব মৃত্যোরিবাগমঃ ॥ রামাদ্ধিমথ কৈকেয়ী ভরতস্য মহদ্ভয়ম্। তদ্বিচিন্ত্য বিষণ্নাহং ভয়ং ভীতাদ্ধি জায়তে ॥'

কৌশল্যাং সুভগাং মন্যে যস্যাঃ পুত্রোঽভিষিচ্যতে[1]।
যৌবরাজ্যে পৈতৃকেঽস্মিন্ পুষ্যেণ কৃতলক্ষণঃ[2] ॥ ৪ ॥
[3]প্রাপ্তাং সু[4]মহদৈশ্বর্য্যমৃদ্ধামৃদ্ধিবিবর্জ্জিতা[5]।
উপস্থাস্যসি কৌশল্যাং দাসীব ত্বমপণ্ডিতে ॥ ৫ ॥
ঋদ্ধিযুক্তা শ্রিয়া[6] জুষ্টা রামপত্নী ভবিষ্যতি।
অশ্রী[7]মতী ত্ব[8]সমৃদ্ধা স্নুষা[9] তে চ ভবিষ্যতি[10] ॥ ৬ ॥

৪। লো-টী। কৃতম্ অভিষেকার্থং লক্ষণম্ উপবাসাদিচিহ্নং যস্য সঃ। হৃতলক্ষণ ইতি পাঠে হৃতা মঙ্গলার্থং বদ্ধা লক্ষণা ওষধির্যস্মিন্ সঃ। 'লক্ষণা ওষধিভেদে সারস্যামপি চৌষধিরি'তি কোষঃ।

৬। লো-টী। শ্রিয়া লক্ষ্ম্যা জুষ্টা সেবিতা অলঙ্কৃতেত্যর্থঃ।

৪। টিপ্পনী। পৈতৃকেঽস্মিন্ রাজ্যে যস্যাঃ পুত্রো যৌবরাজ্যে যৌবরাজ্যেনাভিষিচ্যত ইত্যন্বয়ঃ। কৃতলক্ষণঃ কৃতানি সম্পাদিতানি অভিষেকার্হাণি লক্ষণানি যস্য সঃ।

৫। টিপ্পনী। ঐশ্বর্য্যম্ আধিপত্যম্।

৬। টিপ্পনী। শ্রিয়া সৌভাগ্যেন জুষ্টা সেবিতা তদ্যুক্তেত্যর্থঃ।

---

হে মূঢ়ে, হে পাণ্ডিত্যাভিমানশালিনি, হে দুর্ভগে, হে প্রজ্ঞাহীনে, হে বিপরিতার্থদর্শিনি, ( অর্থাৎ যে ইষ্টকে অনিষ্ট ও অনিষ্টকে ইষ্ট বলিয়া গ্রহণ করে ) সর্প তোমাকে দংশন করুক ॥ ৩ ॥

কৌশল্যাকে আমি সৌভাগ্যশালিনী মনে করি, যাঁহার পুত্রকে [ ব্রাহ্মণগণ যুবরাজ- ] লক্ষণান্বিত করিয়া পুষ্যানক্ষত্রে এই পৈতৃক [ রাজ্যে ] যৌবরাজ্যে অভিষিক্ত করিবেন ॥ ৪ ॥

হে মূর্খে, অতি বিপুল ঐশ্বর্য্যপ্রাপ্ত সমৃদ্ধা কৌশল্যাকে সমৃদ্ধিপরিশূন্যা তুমি দাসীর ন্যায় সেবা করিবে ॥ ৫ ॥

রামপত্নী সমৃদ্ধিযুক্তা ও শ্রীসম্পন্না হইবেন ; আর তোমার পুত্রবধূ শ্রীবিরহিতা ও অসমৃদ্ধা হইবেন ॥ ৬ ॥

১। গ 'ভবিষ্যতি'। ২। অতঃ পরং গ-পুস্তকে 'কৃতো হি তব সৌভাগ্যং যস্যাঃ পুত্রো ন রাজ্যভাক্'। ইত্যধিকঃ। ৩। ঝ 'প্রাপ্তং' ; ৪। ঝ '-মমহৈ-'। ৫। ঝ '-তাম্'। ৬। চ 'প্রিয়াবিষ্টা'। ৭। গ '-ত্যসমৃদ্ধা হি'। ৮। ঙ 'ত্বনৃদ্ধা চ স্নুষা তব', ঞ 'ত্বমৃদ্ধা চ স্বজনেন বিবর্জ্জিতা'। ৯। গ ঙ টিপ্পন্যাং 'তব'। ১০। ঘ 'ইদমর্দ্ধং নাস্তি'।

তাং তথা ভৃশমপ্রীতাং [১] ব্রুবতীং প্রেক্ষ্য মন্থরাম্ ।
প্রীতা রামগুণানেব [২] কৈকেয়ী প্রশশংস বৈ ॥ ৭ ॥
ধর্ম্মাত্মা গুরুবর্ত্তী চ কৃতজ্ঞঃ সত্যবাক্ শুচিঃ ।
রামো রাজ্ঞঃ সুতো জ্যেষ্ঠো [৩] যুবরাজত্বমর্হতি ॥ ৮ ॥
ভ্রাতৄন্ সর্ব্বান্ স দীর্ঘায়ুঃ পিতৃবৎ পালয়িষ্যতি ।
মাতৄণাঞ্চ [৪] স সর্ব্বাসাং প্রিয়াণ্যুপহরিষ্যতি [৫] ॥ ৯ ॥
বিশেষতঃ পূজয়তি কৌশল্যামপ্যতীত্য মাম্ ।
রামো রাজীবতাম্রাক্ষঃ [৬] সর্ব্বত্র [৭] সমদর্শনঃ ॥ ১০ ॥

---

৮। লো-টী। গুরুবর্ত্তী গুরুষু সেবকত্বেনাভীক্ষ্ণং বর্ত্ততে।

১০। লো-টী। অতীত্য অতিক্রম্য।

---

৭। টিপ্পনী। অপ্রীতাং রাম ইতি শেষঃ। রামগুণানেব প্রশশংস, রামে মন্থরায়াঃ প্রীত্যুৎপাদনার্থমেব গুণপ্রশংসা কৃতেতি বোধ্যম্।

৮। টিপ্পনী। গুরুবর্ত্তী গুরুনিদেশবর্ত্তী।

৯। টিপ্পনী। অথ ভরতানিষ্টশঙ্কাং পরিহরতি—ভ্রাতৄনিতি। স্বানিষ্টাশঙ্কাং পরিহরতি—মাতৄণামিতি। প্রিয়াণি প্রিয়কার্য্যাণি উপহরিষ্যতি করিষ্যতি।

১০। টিপ্পনী। সর্ব্বত্র সমদর্শনঃ পক্ষপাতপরিশূন্যোঽপি রামঃ কৌশল্যামপ্যতীত্যাতিক্রম্য মাং বিশেষেণ পূজয়তি। আত্মামন্তঃ স্বজনস্যপেক্ষয়াপাহং তেন সম্মান্য ইতি ভাবঃ।

---

[ রামের অভ্যুদয়ে ] প্রীতা কৈকেয়ী অতিশয় অসন্তুষ্টা সেই মন্থরাকে এইরূপ বলিতে দেখিয়া রামের গুণগ্রামেরই প্রশংসা করিতে লাগিলেন—॥ ৭ ॥

ধর্ম্মাত্মা, গুরুনিদেশবর্ত্তী, কৃতজ্ঞ, সত্যবাক্, শুচি, রাজার জ্যেষ্ঠপুত্র রাম যৌবরাজ্যের উপযুক্ত ॥ ৮ ॥

সেই দীর্ঘায়ু রাম পিতার ন্যায় সমস্ত ভ্রাতৃগণকে পালন করিবেন। তিনি সমস্ত মাতৃগণেরও প্রিয়কার্য্যসমূহ সম্পন্ন করিবেন ॥ ৯ ॥

সর্ব্বত্র সমদর্শী পদ্মরক্তনয়ন রামচন্দ্র কৌশল্যাকেও অতিক্রম করিয়া বিশেষভাবে আমাকে সম্মান করিয়া থাকেন ॥ ১০ ॥

১। গ-ঘ-ঙ '-বন্তীং'। ২। গ 'রামগুণৈনৈব', ঝ 'রামং গুণৈনৈব'। ৩। ঙ 'সুতঃ শ্রেষ্ঠো'। ৪। ঘ-ঙ-ছ '-ণাঞ্চৈব', ঞ '-ণাং স চ'। ৫। ক '-চরিষ্যতি'। ৬। ক '-পত্রাক্ষঃ'। ৭। ছ-ঝ 'প্রিয়-'।

অকল্যাণং নাস্তি রামে প্রদ্বেষশ্চ মহাত্মনি।[১]
সন্তাপং মা কৃথাস্তস্মাচ্ছ্রুত্বা রামাভিষেচনম্ ॥ ১১ ॥
ভরতশ্চাপি রামস্য ধ্রুবং বর্ষশতাৎ পরম্।
পিতৃপৈতামহং রাজ্যং ক্রমপ্রাপ্তমবাপ্স্যতি ॥ ১২ ॥[২]
সা ত্বমভ্যুদয়ে প্রাপ্তে মমানন্দে চ মন্থরে।
ভবিষ্যতি চ কল্যাণে কথং নু পরিতপ্যসে ॥ ১৩ ॥

১৩। লো-টী। কল্যাণে অভ্যুদয়ে ভবিষ্যতি সতি।

১১। টিপ্পনী। রামে অকল্যাণং নাস্তি কস্যাপি ততোঽকল্যাণাশঙ্কা ন বর্ত্তত ইত্যর্থঃ।

১২। টিপ্পনী। রামাৎ পরং ভরতো রাজ্যমবাপ্স্যতীত্যুক্তিঃ কৈকেয্যাঃ প্রমাণানভিজ্ঞত্বাদিতি বোধ্যম্। পিতৃবদ্ ভ্রাতৄনবিভাগেন পালয়তো রামস্য বর্ষশতাৎ পরমপি যদা বিভাগেচ্ছা তদা ভরতো রাজ্যমবাপ্স্যতি। ধ্রুবাপিশব্দাভ্যাং লক্ষ্মণশত্রুঘ্নয়োরপি রাজ্যপ্রাপ্তির্ধ্রুবেতি সূচিতমিতি রামানুজঃ। রাজ্যঞ্চ ভরতস্য ক্রমাদ্ ভবিষ্যতীত্যাহ—ভরত ইতি। বর্ষশতাৎ পরং রামরাজ্যাৎ পরমিত্যর্থঃ। দশবর্ষসহস্রাণি রামো রাজ্যং পালয়িষ্যতীতি কৈকেয়ী ন জানাতি। অতো লোকরীত্যা বদতীতি জ্ঞেয়ম্। স্বানন্তরং ভরতস্য রাজ্যলাভায় সম্প্রতি তস্মৈ যৌবরাজ্যং দাস্যতীত্যর্থঃ। গোঃ রাঃ। অপ্রাপ্যবস্তুপ্রাপ্ত্যর্থং যত্নো ন কর্ত্তব্য ইতি ভরতরাজ্যপ্রাপ্ত্যর্থং ন যতিতব্যমিতি বোধয়ন্ত্যাহ—ভরত ইতি। রামস্য যোগ্যং পিতৃপৈতামহং রাজ্যং ভরতো বর্ষশতাৎ পরমপি অ ন বাপ্স্যতি অবাপ্স্যতি। ভাগুরিমতেনাবাকারলোপঃ। বর্ষশতাৎ পরমগ্রে ভরতঃ প্রাপ্স্যতীত্যর্থস্তু ন যুক্তঃ সর্ব্বপ্রমাণাবিষয়ত্বেনাসম্মতত্বাদিতি দিক্। শিরোঃ।

১৩। টিপ্পনী। অভ্যুদয়ে রামাভিষেকরূপ উৎসবে, কল্যাণে ভরতাভিষেকরূপে কিয়তা কালেন ভবিষ্যতি। তিঃ। প্রাপ্তে উচিতে অভ্যুদয়ে রামাভিষেকরূপে শোভনে বর্ত্তমানে প্রত্যাসন্নে সতি কল্যাণে ভরতাভিষেকরূপে ভবিষ্যতি চ কিমর্থং পরিতপ্যস ইতি সম্বন্ধঃ। গোঃ রাঃ। প্রাপ্তে প্রকৃষ্টেন আপ্তং প্রাপ্তির্যস্য তস্মিন্ উচিত ইত্যর্থঃ। অভ্যুদয়ে রামাভিষেকজনিতোৎসবে বর্ত্তমানে সতি ভবিষ্যতি ভরতাগমনজনিতে আগামিনি উৎসবে তদর্থমিত্যর্থঃ। শিরোঃ।

মহাত্মা রামে [ অন্যের সম্বন্ধে ] অকল্যাণ ( অনিষ্টচিন্তা ) ও দ্বেষ নাই। অতএব রামাভিষেক শ্রবণ করিয়া তুমি দুঃখ করিও না ॥ ১১ ॥

ভরতও রামের ( অর্থাৎ তাঁহার রাজত্বের ) একশত বৎসর পরে নিশ্চয়ই ক্রমাগত পিতৃপিতামহরাজ্য প্রাপ্ত হইবে ॥ ১২ ॥

১। ক 'ন দ্বে-'। ২। গ 'ক্রমাবাপ্ত-', ঞ 'ক্রমাদেব-' ঝ 'ক্রমাৎ প্রা-'।

ইত্যেতদ্বচনং শ্রুত্বা মন্থরা ভৃশদুঃখিতা।
দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য কৈকেয়ীং[1] পুনরব্রবীৎ ॥ ১৪ ॥

অনর্থদর্শিন্যপ্রজ্ঞে[2] নাত্মানমববুধ্যসে[3]।
অগাধে দুঃখপাতালে মজ্জন্তী[4] ত্বমনন্তকে ॥ ১৫ ॥

রামশ্চেদ্ভবিতা রাজা[5] রামস্য চ[6] সুতস্ততঃ[7]।
তস্যান্যস্তস্য চাপ্যন্যো বংশে[8] রাজা ভবিষ্যতি ॥ ১৬ ॥

---

১৫। লো-টী। দুঃখমেব পাতালং বিবরং বড়বানলো বা তস্মিন্। অগাধে মহাগম্ভীরে। অনন্তকে পর্য্যাপ্তিশূন্যে। 'পাতালং নাগলোকে স্যাৎ······বড়বানলে' ইতি ভূরিঃ।

১৫। টিপ্পনী। অনর্থদর্শিনি হে বিরুদ্ধার্থদর্শনশীলে। 'অনর্থদর্শিনী মৌর্খ্যান্নাত্মানমববুধ্যসে' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।৮।২১)। অনর্থদর্শিনী অর্থস্যৈবানর্থত্বেন দর্শনশীলা। তিঃ। অনর্থদর্শিনী বিরুদ্ধার্থদর্শনশীলা অনর্থে অর্থমানিনীত্যর্থঃ। শিরোঃ। অনন্তকে অনন্তকালস্থায়িনীত্যর্থঃ।

১৬। টিপ্পনী। তস্য অন্যঃ রামসুতাৎ পরমন্যঃ কশ্চন রাজা ভবিতেত্যর্থঃ। 'বংশ্যো রাজা ভবিষ্যতী'তি পঞ্চনদীয়রামায়ণে ২।১০।১৬।

---

হে মন্থরে, [রামের এই] উপস্থিত অভ্যুদয় ও আমার আনন্দকারণ এবং [শতবর্ষানন্তর ভরতের রাজ্যপ্রাপ্তিরূপ] ভাবী মঙ্গল সত্ত্বেও তুমি কেন দুঃখিতা হইতেছ? ॥ ১৩ ॥

এই বাক্য শ্রবণ করিয়া অতীব দুঃখিতা মন্থরা দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া কৈকেয়ীকে পুনরায় বলিল— ॥ ১৪ ॥

হে অনর্থদর্শিনি, হে অপ্রজ্ঞে, অনন্ত ও অগাধ দুঃখপাতালে নিমগ্না তুমি নিজেকে (অর্থাৎ নিজের অবস্থা) বুঝিতে পারিতেছ না ॥ ১৫ ॥

রাম যদি [এখন] রাজা হয়েন, ইহার পরে রামের পুত্র, তৎপরে সেই রাজার বংশে অন্য [কেহ] এবং [তাহার পরে] তাঁহারও [বংশে] অন্য [কেহ] রাজা হইবেন ॥ ১৬ ॥

১। ঙ 'মন্থরা'। ২। ঝ '-স্বর্থ-'। ৩। ঙ '-মন্যসে'। ৪। চ 'মজ্জন্তং', ঞ 'নিমজ্জন্তী ত্বমস্তকে' ৫। গ-ছ-ঝ-ঞ 'ভবিতা রাঘবো'। ৬। গ 'সৌম্য সুত-'। ৭। ঙ 'ততঃ সুতঃ'। ৮। ঙ 'বংশ্যো'।

রাজবংশাত্তু[1] কৈকেয়ি ভরতঃ পরিহাস্যতে[2]।
ন হি রাজ্ঞঃ[3] সুতাঃ সর্ব্বে রাজ্যে তিষ্ঠন্তি ভাবিনি ॥ ১৭ ॥
বহূনামপি[4] পুত্রাণামেকো রাজ্যেঽভিষিচ্যতে।
স্থাপ্যমানেষু[5] সর্ব্বেষু[6] সুমহাননয়ো ভবেৎ ॥ ১৮ ॥
তস্মাজ্জ্যেষ্ঠেষু পুত্রেষু রাজ্যতন্ত্রাণি পার্থিবাঃ।
আসজন্ত্যনবদ্যাঙ্গি[7] গুণবৎস্বিতরেষু বা ॥ ১৯ ॥

---

১৭। লো-টী। রাজবংশাত্তু, রাজবংশং প্রাপ্যাপি পরিহাস্যতি পরিহাস্যঃ পরিহাসবিষয় ইবাচরতি আচরিষ্যতীত্যর্থঃ। বিধবতি স্বর্যা ইতিবৎ।

১৯। লো-টী। রাজ্যতন্ত্রাণি রাজ্যস্যেতিকর্ত্তব্যতা।

---

১৭। টিপ্পনী। পরিহাস্যতে বিচ্যুতো ভবিষ্যতি। পরিহাস্যতে হীনো ভবিষ্যতি। তিঃ রাজবংশাদ্ রাজ্ঞাং পরম্পরাতো রাজপংক্তিভ্য ইত্যর্থঃ। ভরতঃ পরিহাস্যতে অপসার্য্যতে রাজভিঃ সহাসনং ন প্রাপ্স্যতীত্যর্থঃ। শিরোঃ। ভাবিনি হে সৌষ্ঠবময়ি।

১৮। টিপ্পনী। অনয়োঽন্যায়ঃ ঈর্ষ্যয়া পরস্পরপ্রজাপীড়নরূপঃ। তিঃ। অনয়ো নীতিবিরোধঃ। গোঃ রাঃ।

১৯। টিপ্পনী। রাজ্যতন্ত্রাণি রাজ্যনির্বহণক্ষমাধিকারপ্রাধান্যানি। সর্ব্বনিরূপিতপ্রাধান্যাশ্রয়ত্বমেকস্যৈবেতি ভাবঃ। জ্যেষ্ঠস্যাগুণবত্ত্বে তু গুণবৎকনীয়ঃস্বপি। তিঃ। রাজ্যতন্ত্রাণি রাজ্যপালনাদিযোগ্যব্যাপারান্ 'তন্ত্রং স্বরাষ্ট্রব্যাপার' ইতি বৈজয়ন্তী। গোঃ রাঃ। গুণবৎসু রাজোচিতগুণবিশিষ্টেষু ইতরেষু কনিষ্ঠেষপি জ্যেষ্ঠস্য তাদৃশগুণবত্ত্বাভাব ইতি শেষঃ। শিরোঃ। আসজন্তি নিবধ্নন্তি স্থাপয়ন্তি তদায়ত্ততাং প্রাপয়ন্তীতি যাবৎ।

---

হে কৈকেয়ি, রাজবংশ হইতে ভরত বিচ্যুত হইবে। হে সৌষ্ঠবশালিনি, রাজার সমস্ত পুত্রই রাজ্যে প্রতিষ্ঠিত হয়েন না। ॥ ১৭ ॥

[ রাজার ] বহু পুত্র থাকিলেও এক পুত্র [ -ই ] রাজ্যে অভিষিক্ত হয়েন। সমস্ত পুত্রকেই [ রাজ্যে ] প্রতিষ্ঠিত করিলে গুরুতর অনয় ( ঈর্ষাবশতঃ প্রজাপীড়নাদিরূপ নানাবিধ বিশৃঙ্খলা ) ঘটিয়া থাকে ॥ ১৮ ॥

---

১। ঝ '-শাচ্চ'। ২। খ-ঝ-এ '-তি'। ৩। গ-ছ-এ 'রাজ্ঞাং'। ৪। ঙ '-মেব'। ৫। ঝ 'স্থানে স্থানেষু'। ৬। ঙ-এ 'পুত্রেষু'। ৭। ঙ-ছ-ঝ-এ '-সজ্জ-'।

তেঽপি[1] জ্যেষ্ঠাঃ[2] স্বপুত্রেষু জ্যেষ্ঠেষ্বেব ন সংশয়ঃ ।
[3]আসজন্ত্যখিলং রাজ্যং ন ভ্রাতৃষু কথঞ্চন ॥ ২০ ॥
অতো[4]ঽত্যন্তমপূজার্হস্তব পুত্রো ভবিষ্যতি ।
অনাথবৎ সুখাদ্ধীনো রাজবংশাচ্চ শাশ্বতাৎ[5] ॥ ২১ ॥
সাহং ত্বদর্থে সংপ্রাপ্তা ত্বঞ্চ মাং না[6]ববুধ্যসে ।
সপত্নবৃদ্ধৌ[7] যন্মে[8] ত্বং প্রদেয়ং দাতু[9]মিচ্ছসি ॥ ২২ ॥
ধ্রুবং চ[10] ভরতং রামঃ প্রাপ্য রাজ্যমকণ্টকম্ ।
দেশান্তরঞ্চ[11] নয়িতা দেহান্তরমথাপি বা ॥ ২৩

২০। টিপ্পনী। জ্যেষ্ঠেষু স্বপুত্রেষ্বেবেত্যন্বয়ঃ। ন তু জ্যেষ্ঠেষ্বেবেতি যথাশ্রুতার্থপরিগ্রহস্তথাত্বে জ্যেষ্ঠে নির্গুণে কনিষ্ঠেষ্বপি রাজ্যপ্রতিপাদনরূপা পূর্ব্বোক্তির্ব্যাহন্যতে।

২২-২৩। টিপ্পনী। ত্বদর্থে ত্বৎপুত্রস্য ভরতস্য রাজ্যভ্রংশে প্রাপ্তে তৎপরিহারোপায়কথনার্থমিত্যর্থঃ। সপত্নবৃদ্ধৌ শত্রোরভ্যুদয়ে। প্রদেয়ং পারিতোষিকম্। অকণ্টকং নির্ব্বিঘ্নং যথা স্যাত্তথা। শিরোঃ। দেহান্তরং মৃত্যুম্। নয়িতেতি গত্যর্থস্য নয়ধাতোরন্তর্নীতনিজর্থস্য লুটি রূপম্।

অতএব, হে অনিন্দিতগাত্রি, রাজগণ রাজ্যতন্ত্র ( রাজ্যশাসনাদি ব্যাপার ) জ্যেষ্ঠ পুত্রে অথবা গুণবান্ অন্য পুত্রে অর্পণ করিয়া থাকেন ॥ ১৯ ॥

সেই জ্যেষ্ঠপুত্রগণও জ্যেষ্ঠ স্বীয়পুত্রেই সমগ্র রাজ্যভার অর্পণ করেন, কোন প্রকারেই ভ্রাতৃগণে অর্পণ করেন না ; ইহাতে সন্দেহ নাই ॥ ২০ ॥

অতএব, তোমার পুত্র অনাথের ন্যায় [ সর্ব্ব ] সুখ এবং শাশ্বত রাজবংশ হইতে বিচ্যুত হইয়া অতীব অসম্মানার্হ হইবে ॥ ২১ ॥

তোমার প্রয়োজনে [ -ই ] আমি [ তোমার নিকট ] আসিয়াছি ; তুমি কিন্তু আমাকে বুঝিতে পারিতেছ না, কারণ, সপত্নীর সমৃদ্ধিতে তুমি আমাকে পারিতোষিক প্রদান করিতে ইচ্ছা করিতেছ ॥ ২২ ॥

১। গ 'তে চ', ছ 'রাজ্যাভিষেকং কুর্ব্বন্তি তে চ জ্যেষ্ঠে ন সংশয়ঃ'। ২। ঘ 'স্বপু-'। ৩। ঙ-ছ-ঝ-ঞ 'সজ্জন্ত্য-'। ৪। গ '-হত্যর্থ-',। ৫। অতঃ পরং গ-পুস্তকে 'দেবাসুরবিমর্দ্দশ্চ শ্রুতা বহুবিধাস্তদা। স্বার্থং স্বার্থং সমুদ্দিশ্য সৌভ্রাত্রং তৈর্ব্বহিষ্কৃতম্॥ ভ্রাতৃণামেকগর্ভাণামেকদ্রব্যাভিলাষিণাম্। জিগীষূণাং ন পশ্যামি সৌভ্রাত্রং ক্বচিদপ্যহম্॥' ইত্যধিকঃ। ৬। ঝ 'তন্নাব-'। ৭। গ-ছ 'যা মে', ঘ 'বামে কিং', ঙ 'পাপে', ঞ 'বামে'। ৮। ঝ '-সাদং'। ৯। ঘ '-মর্হসি'। ১০। ক 'তু-'। ১১। গ '-রং বানয়িতা', ঙ '-রঞ্চ গমিতা', ছ-ঞ '-রমানয়িতা'।

বাল এব হি মাতুল্যং ভরতো নায়িতস্ত্বয়া[1]।
সন্নিকর্ষাচ্চানুরাগো দেবি সর্ব্বস্য জায়তে ॥ ২৪ ॥
ভক্তো হি রামঃ সৌমিত্রিং লক্ষ্মণশ্চাপি রাঘবম্।
অশ্বিনোরিব[2] সৌভ্রাত্রমনয়োর্লোকবিশ্রুতম্ ॥ ২৫ ॥
তস্মান্ন লক্ষ্মণে কিঞ্চিৎ[3] পাপং রামঃ করিষ্যতি।
রামস্তু ভরতে পাপং কুর্য্যাদিতি ন সংশয়ঃ ॥ ২৬ ॥
মাতামহগৃহাদেব[4] তস্মাদ্ গচ্ছতু তে সুতঃ।
বনমাশ্রয়িতুং শীঘ্রমেতদস্য[5] ক্ষমং[6] ভবেৎ ॥ ২৭ ॥

২৫-২৬। লো-টী। ভক্তোঽনুরক্তঃ। পাপং বিদ্বেষম্।

২৭। লো-টী। এতদস্য ক্ষমং ভবেদিতি পাঠঃ। এতদ্বাস্য ইতি পাঠে— এতদ্বা এতদেব।

২৪। টিপ্পনী। ভরতস্যাসন্নিধানাদেব রামে রাজ্ঞঃ পক্ষপাতো জাতঃ। এতচ্চানিষ্টং ত্বয়ৈব কৃতমিত্যাহ—বাল এবেত্যাদি। মাতুল্যং মাতুলগৃহম্। নায়িতঃ প্রাপিতঃ। সন্নিকর্ষাৎ সমীপাবস্থানাৎ সর্ব্বস্য অনুরাগো জায়তে সমীপস্থ ইতি শেষঃ। এতেন যদি ভরত ইহ স্যাত্তর্হি সমমেব বিভজ্য রাজ্যং রাজা প্রতিপাদয়েদিতি সূচিতম্।

২৫। টিপ্পনী। সৌমিত্রিং রাঘবমিত্যনয়োঃ প্রতীতি সম্বন্ধিপদাধ্যাহারেণান্বয়ঃ।

২৬। টিপ্পনী। পাপম্ অনিষ্টম্। পাপং বধমিতি রামানুজ-গোবিন্দরাজৌ।

২৭। টিপ্পনী। তস্মাৎ পাপকরণসম্ভাবনাসত্ত্বাৎ। তস্মান্মাতামহগৃহাদ্ বা। ক্ষমং যোগ্যং হিতং বা।

রাম নির্ব্বিঘ্নে রাজ্য প্রাপ্ত হইয়া নিশ্চয়ই ভরতকে হয় দেশান্তরে প্রেরণ করিবেন অথবা [ তাহার ] দেহান্তর-প্রাপ্তি ঘটাইবেন ॥ ২৩ ॥

বাল্যাবস্থায়ই ভরতকে তুমি মাতুলালয়ে প্রেরণ করিয়াছ। হে দেবি, সান্নিধ্যবশতই [ সমীপস্থ ব্যক্তির প্রতি ] সকলের অনুরাগ সমুৎপন্ন হইয়া থাকে ॥ ২৪ ॥

রাম লক্ষ্মণের প্রতি অনুরক্ত, লক্ষ্মণও রামের প্রতি অনুরক্ত। অশ্বিনী-কুমারদ্বয়ের ন্যায় ইহাদের সৌভ্রাত্র পৃথিবীবিখ্যাত ॥ ২৫ ॥

কাজেই, রাম লক্ষ্মণের প্রতি কোনও অনিষ্টাচরণ করিবেন না। কিন্তু ভরতের প্রতি রাম অনিষ্টাচরণ করিবেন, ইহাতে সন্দেহ নাই ॥ ২৬ ॥

১। ঙ 'যাপিত-'। ২। ঙ '-নাবিব'। ৩। ঞ 'রামঃ পাপং কিঞ্চিৎ'। ৪। ঞ '-নেব'। ৫। ক '-তদ্বস্য', খ-ঙ '-তত্তস্য', ঞ '-তদ্বাস্য'। ৬। ঙ 'ক্ষমো'।

এবন্তে[১] জ্ঞাতিপক্ষস্য শ্রেয়ঃ স্যাদিতি মে মতিঃ।
যদি বা ভরতো রাজ্যং পিত্র্যং[২] ধর্ম্ম্যমবাপ্স্যতি[৩] ॥ ২৮ ॥
স মে[৪] সুখোচিতো বালো রামস্য সহজো রিপুঃ।
সমৃদ্ধার্থস্য হীনার্থঃ কথং জীবেৎ তবাত্মজঃ ॥ ২৯ ॥
অভিদ্রুত[৫]মিবারণ্যে সিংহেন গজযূথপম্।
উচ্ছিদ্যমানং রামেণ ভরতং ত্রাতুমর্হসি ॥ ৩০ ॥

২৯। লো-টী। রামঃ সহজো রিপুর্বৈমাত্রেয়ত্বাৎ, দানবানামিন্দ্র ইব।

২৮। টিপ্পনী। এবমেবং সতি মাতুলগৃহাদ্ ভরতস্য বনগমনে সতীত্যর্থঃ তে তব জ্ঞাতিপক্ষস্যাস্মদাদের্বন্ধুবর্গস্য শ্রেয়ঃ স্যাদ্ ভরতবিষয়কানিষ্টশঙ্কাপরিহারাদিতি ভাবঃ। যদি বা ভরতঃ পিত্র্যং পিতৃসম্বন্ধি ধর্ম্ম্যং ধর্ম্মতো লভ্যং রাজ্যম্ অবাপ্স্যতি তদাপি অস্মাকং শ্রেয়ো ভবেৎ। অতো ভরতেন বনং বা গন্তব্যং রাজ্যলাভায় বা যতিতব্যমিত্যভিপ্রায়ঃ। 'এবং তে জ্ঞাতিপক্ষস্য শ্রেয়শ্চৈব ভবিষ্যতি। যদি চেদ্ ভরতো ধর্ম্মাৎ পিত্র্যং রাজ্যমবাপ্স্যতি ॥' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।৮।৩৪)। এবং ভরতে বনং গতে সতি চেৎ কস্মিংশ্চিৎ সময়ে যদি ভরতো ধর্ম্মাৎ রাজ্যমবাপ্স্যতি তদা জ্ঞাতিপক্ষস্যাস্মদাদেঃ শ্রেয়ো ভবিষ্যত্যেব। এতেন বনগমনে দশরথস্য তস্মিন্নপি কৃপা ভবিতেতি হেতুর্ধ্বনিতঃ। শিরোঃ। ধর্ম্মাৎ পিত্রনুমতিরূপাদ্ ভরতো রাজ্যং যদ্যবাপ্স্যতি এবং চেত্তে জ্ঞাতিপক্ষস্য বন্ধুবর্গস্য শ্রেয়শ্চাপি ভবিষ্যতি। গোঃ রাঃ।

২৯। টিপ্পনী। সুখোচিতঃ সুখাভ্যস্তঃ সমৃদ্ধার্থস্য প্রাপ্তরাজ্যশ্রিয়ো রামস্য সহজো রিপুঃ অয়ং রাজ্যাভিলাষীতি রামদ্রোহবিষয়ীভূতো হীনার্থো বিগতসমৃদ্ধিকো ভরতঃ কথং জীবেৎ।

৩০। টিপ্পনী। অভিদ্রুতম্ আক্রান্তম্। অভিদ্রুতং পলায়িতমিতি শিরোমণিঃ। উচ্ছিদ্যমানং বিনাশ্যমানম্।

অতএব, তোমার পুত্র অবিলম্বে বন আশ্রয় করিবার জন্য মাতামহ গৃহ হইতেই প্রস্থান করুক। ইহা [-ই] তাহার পক্ষে [*এখন] হিতকর হইবে ॥ ২৭ ॥

ইহা হইলে (অর্থাৎ ভরত বনগমন করিলে) অথবা ভরত ধর্ম্মানুসারে প্রাপ্য পৈতৃক রাজ্য প্রাপ্ত হইলে [তাহার প্রাণের আশঙ্কা না থাকায়] তোমার আত্মীয় স্বজনের মঙ্গল হইবে, ইহা আমার মত ॥ ২৮ ॥

সেই আমার সুখাভ্যস্ত বালক তোমার সহায়সম্পৎহীন পুত্র, [সর্ব্ব-] সমৃদ্ধিসম্পন্ন রামের সহজ শত্রু [ভরত] কিরূপে জীবন ধারণ করিবে? ॥ ২৯ ॥

১। গ-ঙ 'তত্তে'। ২। ঙ-ছ 'পৈত্র্যং'। ৩। ঘ-ঙ-ঞ 'ধর্ম্ম-'। ৪। ক 'তু'। ৫। ঙ 'অতি-'।

দর্পান্নি নিত্যং নিকৃতা ত্বয়া সৌভাগ্যমত্তয়া।
রামমাতা সপত্নী তে কথং বৈরং ন পাতয়েৎ[1] ॥ ৩১ ॥
কৃতে হি[2] রামেঽস্য মহীপতৌ ক্ষিতৌ
গমিষ্যসি ত্বং সসুতা পরাভবম্।
অতোঽনুসঞ্চিন্তয় রাজ্যমাত্মজে
পরস্য[3] চৈবাদ্য[4] বিবাসকারণম্ ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে মন্থরাবাক্যং নাম সপ্তমঃ সর্গঃ ॥ ৭

৩১। লো-টী। নিকৃতা বঞ্চিতা। বিবাসকারণং প্রবাসকারণম্।

৩১। টিপ্পনী। এবন্তর্হি বনায়ৈব ভরতঃ প্রতিষ্ঠিতামিতি চেত্তত্রাপি তবানিষ্টমিত্যাহ—দর্পাৎ পতিপ্রীতিহেতুকগর্ব্বাৎ সৌভাগ্যমত্তয়া ত্বয়া নিত্যং নিকৃতা পরাভূতা ইদানীন্তু পুত্ররাজ্যপ্রাপ্ত্যাতি-সৌভাগ্যশালিনী রামমাতা কথং ত্বয়ি বৈরং ন পাতয়েদ্ বৈরশুদ্ধিং কথং ন কুর্য্যাদিত্যর্থঃ। বৈরং ন যাপয়েদিতি শিরোমণিরামানুজপাঠঃ। বৈরযাপনং ত্বয়ি দাস্যসম্পাদনেন কথং ন কুর্য্যাদিত্যর্থঃ। 'পাতয়েৎ' ইতি পাঠেঽপ্যয়মেবার্থঃ। তিঃ। বৈরং দ্রোহফলং যাপয়েৎ প্রাপয়েৎ। 'পাতয়েৎ' ইতি পাঠেঽপি স এবার্থঃ। শিরোঃ। যাতয়েদিতি গোবিন্দরাজস্য পাঠঃ। বৈরযাতনং বৈরশুদ্ধিস্তাং ত্বয়ি দাস্যসম্পাদনেন সম্পাদয়েদিত্যর্থ ইতি তদ্ব্যাখ্যানঞ্চ।

৩২। টিপ্পনী। পরাভবং দাস্যম্। তিঃ। আত্মজে রাজ্যং পরস্য রামস্য বিবাস-কারণং নির্ব্বাসনোপায়ঞ্চ অনুসঞ্চিন্তয়, কথং ভরতস্য রাজ্যপ্রাপ্তী রামস্য নির্ব্বাসনঞ্চ ভবেতাং তৎ পর্য্যালোচয়েত্যর্থঃ।

অরণ্যে সিংহাক্রান্ত গজযূথপতির ন্যায় রামকর্ত্তৃক উচ্ছিন্নপ্রায় ভরতকে তোমার রক্ষা করা উচিত ॥ ৩০ ॥

দর্পবশতঃ সৌভাগ্য [-মদ]-মত্তা তুমি [তোমার] সপত্নী রামমাতাকে সর্ব্বদা অবমাননা করিয়াছ। তিনি [এখন] কেন [সেই] শত্রুতার প্রতিশোধ গ্রহণ করিবেন না? ॥ ৩১ ॥

রামকে অদ্য ক্ষিতিমণ্ডলে মহীপতি করা হইলে সপুত্রা তুমি পরাভব প্রাপ্ত হইবে। অতএব [স্বং] পুত্রের রাজ্য [প্রাপ্তির] এবং অপরের (রামের) নির্ব্বাসনের উপায় অদ্য চিন্তা কর ॥ ৩২ ॥

মহর্ষি-বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে মন্থরাবাক্য-নামক সপ্তম সর্গ সমাপ্ত ॥ ৭ ॥

১। ঙ 'পালয়েৎ'। ২। ঝ 'চ'। ৩। ঘ 'রামস্য'। ৪। ঙ '-বাত্র'।

## অষ্টমঃ সর্গঃ

এবমুক্তা তু কৈকেয়ী বিনিশ্বস্যাব্রবীদ্ বচঃ ।
সত্যং[১] বদসি মে কুব্জে জানে[২] তে ভক্তিমুত্তমাম্ ॥ ১ ॥
ন তু[৩] পশ্যাম্যুপায়ং তং যেন শক্যেত মে সুতঃ ।
ইদং প্রাপয়িতুং রাজ্যং পিতৃপৈতামহং বলাৎ ॥ ২ ॥
অনুরক্তো নৃপশ্চায়ং রামং গুণগণান্বিতম্[৪] ।
স কথং রামমুৎসৃজ্য প্রাণেভ্যোঽপি প্রিয়ং সুতম্ ॥ ৩ ॥
ভরতং নাম মে পুত্রমভিষিঞ্চেদকারণম্[৫] ।
প্রব্রাজয়েদ্বাপি[৬] নৃপঃ কথং রামমকারণে[৭] ॥ ৪ ॥

৪ । লো-টী । অকারণম্ অত্র হেতুর্নাস্তীত্যর্থঃ । অকারণে হেত্বভাবে ।

২ । টিপ্পনী । বলাদিত্যনেন রামস্যৈব রাজ্যেঽধিকার ইতি কৈকেয্যা বোধো ব্যজ্যতে ।
৪ । টিপ্পনী । প্রব্রাজয়েৎ প্রবাসয়েৎ । অকারণে কস্মিন্নপি কারণেঽসতি ।

এইরূপে অভিহিতা কৈকেয়ী দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া [ এই ] বাক্য বলিলেন—কুব্জে, তুমি আমার সম্বন্ধে যথার্থ কথা [ -ই ] বলিয়াছ ; [ আমার উপর ] তোমার দৃঢ় ভক্তি [ আছে তাহা ] আমি অবগত আছি ॥ ১ ॥

কিন্তু সেই উপায় দেখিতেছি না, যাহা দ্বারা বলপূর্ব্বক আমার পুত্রকে [ তাহার ] পিতৃপিতামহের এই রাজ্য লাভ করাইতে পারা যায় ॥ ২ ॥

নৃপতি দশরথ গুণগণসমন্বিত রামচন্দ্রের প্রতি অনুরক্ত। কেন তিনি প্রাণাপেক্ষাও প্রিয় পুত্র রামচন্দ্রকে ত্যাগ করিয়া অকারণে আমার পুত্র ভরতকে [ রাজ্যে ] অভিষিক্ত করিবেন, রাজা [ দশরথ ] কেনই বা অকারণে রামকে নির্ব্বাসিত করিবেন ॥ ৩-৪ ॥

১ । ঋ 'সম্যগ্' । ২ । ছ 'ইমাং বাচমনুত্তমাম্' । ৩ । ঘ 'তু' । ৪ । ঝ '-করম্' । ৫ । ঞ '-রণে' । ৬ । গ-ঘ-ঙ '-দ্বা নৃপক্তিঃ' । ৭ । ঙ '-রণম্' ।

ইত্যেতদ্বচনং শ্রুত্বা কৈকেয্যা মন্থরা ততঃ।
উবাচেদং বিনিশ্চিত্য বুদ্ধ্যা পাপবিনিশ্চয়া ॥ ৫ ॥

ইমং[১] রামমহং ক্ষিপ্রং বনং প্রস্থাপয়ামি তে।
ভরতস্যাভিষেকঞ্চ[২] কারয়ামি যদীচ্ছসি ॥ ৬ ॥

শ্রুত্বৈতন্মন্থরাবাক্যং[৩] কৈকেয়ী হৃষ্টমানসা।
কিঞ্চিদুত্থায়[৪] শয়নাৎ স্বাস্তীর্ণাদিদমব্রবীৎ ॥ ৭ ॥

কথয়[৫] ত্বং মহাপ্রজ্ঞে[৬] কেনোপায়েন মন্থরে।
ভরতঃ প্রাপ্নুয়াদ্রাজ্যং রামশ্চৈব বনং ব্রজেৎ ॥ ৮ ॥

এবমুক্তা তয়া দেব্যা মন্থরা পাপনিশ্চয়া।
বাক্যং[৭] দুঃখায় রামস্য কৈকেয়ীমি[৮]দমব্রবীৎ[৯] ॥ ৯ ॥

৫। টিপ্পনী। পাপবিনিশ্চয়া পাপে রামাভিষেকবিঘ্নরূপে বিনিশ্চয়ো যস্যাঃ সা।
৬। টিপ্পনী। তে ত্বৎপুত্রস্য ভরতস্যেত্যন্বয়ঃ।
৭। টিপ্পনী। স্বাস্তীর্ণাৎ সুবিন্যস্তাৎ।

তদনন্তর [ রামাভিষেকবিঘ্নরূপ ] পাপানুষ্ঠানে কৃতনিশ্চয়া মন্থরা কৈকেয়ীর এই বাক্য শ্রবণ করিয়া বুদ্ধিপূর্ব্বক [ ইতি কর্ত্তব্যতা ] নিরূপণ করত ইহা বলিল— ॥ ৫ ॥

যদি ইচ্ছা কর, আমি অবিলম্বে এই রামকে বনে প্রেরণ করিতেছি এবং তোমার ভরতের অভিষেক সম্পন্ন করাইতেছি ॥ ৬ ॥

মন্থরার এই বাক্য শ্রবণ করত হৃষ্টচিত্তা কৈকেয়ী সুবিন্যস্ত শয্যা হইতে কিঞ্চিৎ উত্থিত হইয়া ইহা বলিলেন — ॥ ৭ ॥

হে মহাপ্রাজ্ঞে মন্থরে, তুমি বল, কি উপায়ে ভরত রাজ্য লাভ করিবে এবং রামও বনে গমন করিবে ॥ ৮ ॥

দেবী কৈকেয়ীকর্ত্তৃক এইরূপে অভিহিতা পাপনিশ্চয়া মন্থরা রামের দুঃখ উৎপাদনের নিমিত্ত কৈকেয়ীকে এই বাক্য বলিল—॥ ৯ ॥

১। ঙ 'ইদং'। ২। গ '-কঞ্চ'। ৩। গ 'শ্রুত্বা তন্ম-'। ৪। ঞ '-থাপ্য'। ৫। ঝ '-মত্ত; ঞ '-মস্ব'। ৬। চ-ঝ '-প্রাজ্ঞে'। ৭। ঙ 'রাম-'। ৮। ঙ 'য়ীং বাক্য-'। ৯। অতঃ পরং গ-পুস্তকে 'হস্তেদানীমাত্মহিতং প্রিয়ং মেঽত্বমিদং বচঃ।' ইত্যধিকঃ।

[১]শ্রূয়তামভিধাস্যামি শ্রুত্বা চৈব বিমৃশ্যতাম্ ।
যথা [২]তে ভরতঃ পুত্রো রাজ্যং [৩]প্রাপ্স্যত্যসংশয়ম্ ॥ ১০ ॥
পুরা [৪]দেবাসুরে যুদ্ধে [৫]যুদ্ধসহঃ পতিস্তব ।
যাচিতো দেবরাজেন যুদ্ধং কর্ত্তুমিতো গতঃ ॥ ১১ ॥
দিশমাস্থায় কৈকেয়ি দক্ষিণাং [৬]দণ্ডকাং প্রতি ।
বৈজয়ন্তমিতি খ্যাতং [৭]পুরং যত্র [৮]তিমিধ্বজঃ ॥ ১২ ॥
স শম্বর ইতি খ্যাতো বহুমায়ো মহাসুরঃ ।
দদৌ শক্রায় সংগ্রামং দেবসঙ্ঘৈর[৯]নির্জ্জিতঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। সহং সাহায্যম্।

১০। টিপ্পনী। বিমৃশ্যতাং পর্য্যালোচ্যতাম্।

১১-১৩। টিপ্পনী। যুদ্ধসহঃ যুদ্ধসহনসমর্থস্তব পতির্দেবরাজেন যাচিতঃ সন্ যুদ্ধং কর্ত্তুমিতোঽস্মাৎ স্থানাদ্ দক্ষিণাং দিশমাস্থায় দণ্ডকাং প্রতি দণ্ডকাসম্বন্ধি দণ্ডকারণ্যাদিগ্‌ভাগে অবস্থিতমিত্যর্থঃ বৈজয়ন্তমিতি খ্যাতং পুরং গতঃ। যত্র পুরে শম্বর ইতি খ্যাতো বহুমায়ো বহুমায়াবিশিষ্টঃ মায়াজালবিস্তারনিপুণ ইত্যর্থঃ দেবসঙ্ঘৈর্দেবসমূহৈরনির্জ্জিতোঽপরাভূতো মহাসুরস্তিমিধ্বজঃ শক্রায় সংগ্রামং দদৌ। এতেন দেবগণপরাভবানন্তরং স্বপরাভবমাশঙ্কমানেন শক্রেণ সাহায্যার্থং দশরথ আহূত ইতি ধ্বনিতম্। যুদ্ধসহ ইত্যত্র যুদ্ধসজ্জ ইতি পঞ্চনদীয়ঃ পাঠঃ (২।১১।১১)। দণ্ডকামিত্যত্র দণ্ডকানিতি পাশ্চাত্যপাঠঃ (২।৯।১২)। দক্ষিণাং দিশমাস্থায় স্থিতান্ দণ্ডকান্ জনপদান্ প্রতি তৎসম্বন্ধি বৈজয়ন্তমিতি পুরং খ্যাতং যত্র তিমিধ্বজো নাম রাজাভবৎ। তিঃ।

যে উপায়ে তোমার পুত্র ভরত নিশ্চয়ই রাজ্য লাভ করিতে পারিবে [ তাহা ] বলিতেছি, শুন এবং শুনিয়া বিবেচনা কর ॥ ১০ ॥

কৈকেয়ি, পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে যুদ্ধক্ষম তোমার পতি দেবরাজকর্ত্তৃক প্রার্থিত হইয়া এইস্থান হইতে দক্ষিণ দিক্ অবলম্বনপূর্ব্বক দণ্ডকার দিকে [ অবস্থিত ] বৈজয়ন্ত নামে খ্যাত নগরে যুদ্ধ করিবার নিমিত্ত গমন করিয়াছিলেন; যে নগরে

১। অস্যার্দ্ধস্য স্থানে ছ-পুস্তকে 'হন্তৈতন্নামযুক্তং শৃণু মেত্বিদং বচঃ।' ইতি পাঠঃ। ঝ ঞ-পুস্তকয়োরপ্যয়মেব পাঠঃ, কিন্তু তত্র ঝ-পুস্তকে 'হন্ত' ইত্যত্র 'অদ্য' 'ত্বিদ-' মিত্যত্র 'ত্বিদং' ঞ পুস্তকে চ 'হন্ত' ইত্যত্র 'অদ্য' ইতি পাঠানাং সমাবেশঃ। ২। ঞ 'মে'। ৩। ছ 'প্রাপ্স্য-'। ৪। ছ 'দৈবা,'। ৫। ঘ '-শক্তঃ', ঙ-ছ-ঝ-ঞ '-সহং'। ৬। ঘ 'গণ্ডকীং', ক 'দণ্ডকং', ঞ 'দণ্ডকান্'। ৭। ঙ-ঞ 'পুরা'। ৮। ঙ 'দিতেঃ সুতঃ'। ৯। ঙ '-র্বিনি-'।

তস্মিন্ মহতি সংগ্রামে রাজা শস্ত্রপরিক্ষতঃ[১]।
বিজিত্যাভ্যাগতো দেবি ত্বয়োপচরিতঃ[২] স্বয়ম্ ॥ ১৪ ॥
ব্রণসংরোহণঞ্চাস্য তত্র দেবি ত্বয়া কৃতম্।
পরিতুষ্টেন[৩] তে দত্তৌ বরৌ[৪] দ্বৌ তত্র ভাবিনি ॥ ১৫ ॥
স ত্বয়োক্তঃ পতিস্তত্র যদেচ্ছেয়ং[৫] তদা বরৌ[৬]।
গৃহ্ণীয়ামিতি[৭] তচ্চৈব[৮] তথেত্যুক্তং মহাত্মনা।
অনভিজ্ঞা হ্যহং দেবি[৯] ত্বয়ৈতৎ কথিতং পুরা ॥ ১৬ ॥

১৪। লো-টী। শস্ত্রপরিক্ষতঃ শস্ত্রেণ জাতক্ষতঃ। উপচরিতঃ সেবিতঃ।

১৫। লো-টী। ব্রণসংরোহণং শস্ত্রাঘাতজন্যং ব্রণং তৎসংরোহণং ত্বয়া কৃতম্। অতঃ স তে দ্বৌ বরৌ দদাবিত্যর্থঃ। তত্র তস্মিন্ সময়ে।

১৪-১৫। টিপ্পনী। উপচরিতঃ শুশ্রূষিতঃ। ব্রণানাং সংরোহণং বিরোপণং ভেষজাদি-প্রয়োগেণ তচ্ছুষ্কীকরণমিত্যর্থঃ। পরিতুষ্টেন দশরথেন বরৌ দত্তৌ তব শুশ্রূষাপরিতুষ্টঃ স রাজা তুভ্যং বরদ্বয়ং দাতুমুদ্যতোঽভূৎ।

১৬। টিপ্পনী। তচ্চৈবেত্যাদি—তদ্ বরগ্রহণং মহাত্মনা দশরথেন তথৈব ভবেদ্ যদা ইচ্ছসি তদৈব বরং গৃহ্ণীয়া ইত্যুক্তম্। কথমিদং ত্বয়া জ্ঞাতমিত্যাহ—অনভিজ্ঞেতি। অনভিজ্ঞা অস্যাঃ কথায়া ইতি শেষঃ।

শম্বর নামে বিখ্যাত দেবগণকর্ত্তৃক অপরাজিত বহু মায়া [ -জাল ] -বিস্তারসমর্থ মহাসুর তিমিধ্বজ ইন্দ্রকে যুদ্ধ প্রদান করিয়াছিলেন ॥ ১১-১৩ ॥

হে দেবি, সেই মহাসংগ্রামে [ শত্রু- ] জয়পূর্ব্বক আগত, শস্ত্রের দ্বারা ক্ষত-বিক্ষত নৃপতিকে তুমি স্বয়ং পরিচর্য্যা করিয়াছিলে ॥ ১৪ ॥

হে দেবি, সেই সময়ে তুমি তাঁহার ক্ষতেরও শুশ্রূষা করিয়াছিলে। হে শোভা-ময়ি, তখন [ তোমার সেবায় ] পরিতুষ্ট নৃপতি তোমাকে দুইটী বর প্রদান করিতে উদ্যত হইয়াছিলেন ॥ ১৫ ॥

'আমি যখন ইচ্ছা করিব তখন বরদ্বয় গ্রহণ করিব'—সেই সময়ে ইহা তুমি

১। ঞ 'ক্ষিতঃ'। ২। ঞ '-ত ইত্যপি'। ৩। ঝ '-ষ্টে সতি বরৌ দত্তৌ দ্বৌ'। ৪। ঘ 'দ্বৌ বরৌ'। ৫। ঙ 'যদিচ্ছসি'। ৬। গ 'বরৌ তদা'। ৭। গ ঝ '-বং', ঙ '-নং'। ৮। ঘ '-মথে-'। ৯। গ ঙ '-বং', ক-ছ '-ব-'।

তৌ বরৌ যাচ ভর্ত্তারং ভরতস্যাভিষেচনম্ ।[1]
প্রব্রাজনঞ্চ রামস্য বর্ষাণি হি চতুর্দ্দশ ॥ ১৭ ॥[2]
ক্রোধাগারং প্রবিশ্যাদ্য ক্রুদ্ধা ভূত্বা নৃপাত্মজে ।[3]
শেষ্বানন্তর্হিতায়াং ত্বং ভূমৌ মলিনবাসিনী ॥ ১৮ ॥[4]
রাজানং মা নিরীক্ষিষ্ঠা মা ভাষিষ্ঠাঃ কথঞ্চন ।[5][6]
সুপ্তা ভূমাবনাথেব দুঃখিতা নাম ভাবিনী ॥ ১৯ ॥[7][8]

১৮। লো-টী। শেষেঽন্তর্হিতায়াম্ অপ্রকাশিতায়াম্ অর্থাৎ গৃহদ্বারং পিধায় স্বপস্ব। স্বস্তানন্তর্হিতায়ামিতি পাঠে অনন্তর্হিতায়াং প্রকাশিতায়াং স্বস্তা (?) পতিতা তিষ্ঠেতি ভাবঃ। মলিন-বাসসা বিশিষ্টা। মলিনবাসিনীতি পাঠে বসনং বাসঃ সোঽস্যাস্তীতি বাসিনী।

১৮। টিপ্পনী। ক্রোধাগারম্—প্রণয়কলহাদিনা ক্রুদ্ধাঃ স্ত্রিয়ো যত্র বসন্তি তৎ ক্রোধাগারম্। অনন্তর্হিতায়ামনাস্তৃতায়াম্। গোঃ রাঃ। অনন্তর্হিতায়ামাত্মনোঽব্যবহিতায়ামাস্তরণরহিতায়া-মিত্যর্থঃ। শিরোঃ। ক্রুদ্ধা ভূত্বা ক্রুদ্ধেব ভূত্বা। 'ক্রুদ্ধেবাশ্বপতেঃ সুতে' ইতি পাশ্চাত্যপাঠঃ (২।৯।১২)। মলিনবাসিনী মলিনবস্ত্রধরা।

১৯। টিপ্পনী। সুপ্তা শয়িতা।

[ তোমার ] পতি দশরথকে বলিয়াছিলে। বরগ্রহণসম্বন্ধে [ সেই ] মহাত্মা [ -ও তোমাকে ] 'সেইরূপই হইবে' ( অর্থাৎ যখন ইচ্ছা তুমি বরদ্বয় গ্রহণ করিবে ) ইহা বলিয়াছিলেন। হে দেবি, আমি [ এই বিষয়ের কিছুই ] জানিতাম না। তুমি [ -ই ] পূর্ব্বে [ আমাকে ] ইহা বলিয়াছ ॥ ১৬ ॥

[ এক বরে ] ভরতের অভিষেক এবং [ অন্য বরে ] রামের চতুর্দ্দশ বৎসর নির্ব্বাসন—সেই বরদ্বয় [ এইভাবে ] ভর্ত্তার নিকট প্রার্থনা কর ॥ ১৭ ॥

হে রাজপুত্রি, অদ্য তুমি ক্রুদ্ধা হইয়া ( ক্রুদ্ধার ন্যায় আকার ধারণ করিয়া ) ক্রোধাগারে প্রবেশ কর [ এবং ] মলিনবসনপরিহিতা হইয়া অব্যবহিত ( আস্তরণ-বিরহিত ) ভূমিতে শয়ন করিয়া থাক ॥ ১৮ ॥

সৌষ্ঠবশালিনী তুমি ভূমিতে দুঃখিতা অনাথার ন্যায় শয়ানা থাকিয়া কিছুতেই

১। গ-ঙ-ঝ-ঞ 'পতিং যাচস্ব চ বরৌ', ঘ 'পতিং যাচস্ব স্ববরৌ'। ২। গ '-ণাঞ্চ'। ৩। ঘ 'দীনা'। ৪। ঝ 'শেষেঽনন্তর্হি-', গ-ঝ-ঞ 'শয্যানন্তর্হি-'। ৫। ছ '-ক্ষথা'। ৬। ক-ঙ '-ষ্ঠাশ্চ কিঞ্চন'। ৭। ক-ঞ 'নী'। ৮। ঘ 'বামভাগিনী'।

তত্র ত্বাং শয়িতাং রাজা স্বয়ং দুঃখসমন্বিতঃ।
প্রসাদয়িষ্যতি[১] ক্ষিপ্রং প্রক্ষ্যত্যপি[২] চ নির্ণয়ম্ ॥ ২০ ॥
দয়িতা ত্বং ভৃশং ভর্তুরত্র মে নাস্তি সংশয়ঃ।
ত্বদর্থং হি মহারাজঃ শ্রিয়ং দীপ্তামপি ত্যজেৎ ॥ ২১ ॥
মণিমুক্তাসুবর্ণানি রত্নানি বিবিধানি চ।
যদি দদ্যাচ্চ[৩] তে ভর্ত্তা মা স্ম তেষু[৪] মনঃ কৃথাঃ ॥ ২২ ॥
যদা তু তৌ বরৌ দিৎসন্[৫] স্বয়মুত্থাপয়েৎ[৬] পতিঃ।
সত্যেন পরিগৃহ্যৈনং[৭] যাচেথাস্ত্বং[৮] তদা বরৌ ॥ ২৩ ॥
রামপ্রব্রাজনায়ৈকং[৯][১০] নববর্ষাণি পঞ্চ চ।
দ্বিতীয়ং যৌবরাজ্যায় ভরতস্য বরং শুভে[১১] ॥ ২৪ ॥

২০। টিপ্পনী। নির্ণয়ং—কথং তে দুঃখমপযাস্যতীতি দুঃখাপনোদনসিদ্ধান্তম্।
২২। টিপ্পনী। তেষু মাস্ম মনঃ কৃথাঃ বরদানাতিরিক্তমন্যনয়ং মাঙ্গীকুর্ব্বিত্যর্থঃ।
২৩। টিপ্পনী। সত্যেন পরিগৃহ্য শপথেন বদ্ধা।

রাজার দিকে দৃষ্টিপাত করিও না এবং [ তাঁহার সহিত ] বাক্যালাপ করিও না ॥ ১৯ ॥

তখন অবিলম্বে দুঃখসমন্বিত রাজা স্বয়ং শয়ানা তোমাকে প্রসন্ন করিতে চেষ্টা করিবেন এবং [ মনোবেদনা কিরূপে অপনীত হইতে পারে তাহার ] নির্ণয়-সম্বন্ধেও প্রশ্ন করিবেন ॥ ২০ ॥

তুমি ভর্ত্তার অতীব প্রিয়া ইহাতে আমার সংশয় নাই। তোমার জন্য মহারাজ [ দশরথ ] সমুজ্জ্বল রাজলক্ষ্মীও ত্যাগ করিতে পারেন ॥ ২১ ॥

তোমার ভর্ত্তা [ তোমাকে ] যদি বিবিধ মণি, মুক্তা, সুবর্ণ ও রত্ন দান করেন, সেই সমস্ত বস্তুতে তুমি মন দিও না ॥ ২২ ॥

যখন [ তোমার ] পতি সেই বরদ্বয় দান করিতে ইচ্ছা করিয়া স্বয়ং [ তোমাকে ভূমিশয্যা হইতে ] উঠাইবেন, তখন হে মঙ্গলময়ি, তুমি তাঁহাকে সত্যে

১। ঙ '-বক্ষ্যতি'। ২। ঘ-ঙ-ঝ '-শয়ম্'। ৩। গ 'দদ্যাৎ স'। ৪। ঘ-ঙ 'তত্র'। ৫। গ-ঘ-ঙ' দিৎসেৎ', ছ 'দিৎসুঃ'। ৬। গ-ব '-য়ন্'। ৭। গ 'প্রতি-'। ৮। ছ '-স্তু'। ৯। ঙ-পুস্তকে অত্রারভ্য ষড়্‌বিংশশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি। ১০। ঝ '-ব্রজ-'। ১১। ঝ '-ভম্'।

যৌ[1] তু[2] দেবাসুরে যুদ্ধে বরৌ দশরথো দদৌ।
তৌ স্মারয়িত্বা[3] যাচেথাঃ পশ্চাদেতদ্[4] বরদ্বয়ম্ ॥ ২৫ ॥
রামপ্রব্রাজনং[5] দেবি রাজ্যপ্রাপ্তিং সুতস্য চ[6]।
যাচেথা ভুবি কল্যাণং ধ্রুবং[7] প্রাপ্স্যতি তে সুতঃ ॥ ২৬ ॥
ধ্রুবং[8] প্রব্রাজিতশ্চৈব[9] রামো ভদ্রে ভবিষ্যতি।
ভোক্ষ্যতে চাপি পুত্রস্তে ধ্রুবং রাজ্যমকণ্টকম্ ॥ ২৭ ॥
যেন[10] কালেন কাকুৎস্থো বনাৎ প্রত্যাগমিষ্যতি।
ভরতোঽনেন[11] কালেন বদ্ধমূলো ভবিষ্যতি।
সংগৃহীতমনুষ্যশ্চ কোষবাংশ্চ শ্রিয়া যুতঃ ॥ ২৮ ॥

---

২৮। লো-টী। সংগৃহীতমনুষ্যো বশীকৃতসর্ব্বলোকঃ।

---

২৮। টিপ্পনী। বদ্ধমূলঃ সুপ্রতিষ্ঠিতঃ। সংগৃহীতমনুষ্যঃ সংগৃহীতা অনুরঞ্জিতা মনুষ্যাঃ পৌরজানপদা যেন স তথোক্তঃ। গোঃ রাঃ। সংগৃহীতমনুষ্যঃ সম্যক্ পালনেনানুরঞ্জিতলোকঃ। সংগৃহীতমনুষ্যঃ স্বাধীনীকৃতসেনঃ। শিরোঃ।

---

আবদ্ধ করিয়া বরদ্বয় প্রার্থনা করিবে—রামের চতুর্দ্দশ বৎসর নির্ব্বাসনের জন্য এক বর [ এবং ] ভরতের যৌবরাজ্যের জন্য দ্বিতীয় বর ॥ ২৩-২৪ ॥

দেবাসুরযুদ্ধে দশরথ [ তোমাকে ] যে বরদ্বয় প্রদান করিতে উদ্যত হইয়াছিলেন [ পূর্ব্বে তাঁহাকে ] সেই বরদ্বয় ( বরদ্বয়ের কথা ) স্মরণ করাইয়া পরে এই বরদ্বয় প্রার্থনা করিবে ॥ ২৫ ॥

হে দেবি, রামনির্ব্বাসন এবং [ স্ব- ] পুত্রের রাজ্যপ্রাপ্তি তুমি প্রার্থনা করিবে। তোমার পুত্র পৃথিবীতে নিশ্চয়ই মঙ্গল লাভ করিবে ॥ ২৬ ॥

হে ভদ্রে, রাম নিশ্চয়ই নির্ব্বাসিত হইবেন এবং তোমার পুত্রও নিশ্চয়ই নিষ্কণ্টক রাজ্য ভোগ করিবে ॥ ২৭ ॥

রামচন্দ্র যতকালে বন হইতে প্রত্যাগমন করিবেন, ততকালে ভরত

১। ঋ 'পুরা'। ২। গ-ঘ-ছ-ঞ 'তৌ'। ৩। ঋ '-চিন্তাঃ'। ৪। ছ '-দেবং'। ৫। ছ '-নক্ষৈব'। ৬। ঋ 'তে'। ৭। ঋ 'রাজ্যং'। ৮। ঘ 'এবং'। ৯। ঘ '-ব্রজি-', ঋ '-ব্রজিতশ্চৈবং দেবি রামো'। ১০। ঘ-ঋ ইদমর্দ্ধং নাস্তি। ১১। গ '-তস্তেন', ঘ '-তোঽনেকক্কা-'।

ঋজুস্বভাবে[1] বুধ্যস্ব সৌভাগ্যবলমাত্মনঃ[2]।

ন ত্বাং ক্রোধয়িতুং শক্তো ন চ ক্রুদ্ধামুপেক্ষিতুম্।

তব প্রিয়ার্থে[3] রাজা হি প্রাণানপি পরিত্যজেৎ ॥ ২৯ ॥

ন হ্যতিক্রমিতুং শক্তস্তব বাক্যং মহীপতিঃ।

প্রাপ্তকালং[4] তু তে মন্যে[5] রাজানং জিতসাধ্বসা[6]।

রামাভিষেকসঙ্কল্পান্নিগৃহ্য[7] বিনিবর্ত্তয়[8] ॥ ৩০ ॥

অনর্থমর্থরূপেণ সা দদর্শ তয়োদিতা।

ন হি তদ্ বুবুধে পাপং শাপদোষেণ মোহিতা ॥ ৩১ ॥

৩০। লো-টী। প্রাপ্তকালং প্রাপ্ত উপস্থিতঃ কালো যস্মাত্তং (?) প্রাপ্তকালং রাজানম্।

৩০। টিপ্পনী। প্রাপ্তকালমভিমতপ্রার্থনোচিতকালম। গোঃ রাঃ। প্রাপ্তকালম্ অভিষেকতো নিবর্ত্তনং প্রাপ্তকালং মন্যে অভিষেকনিবর্ত্তনস্যায়মেব কাল ইতি ভাবঃ। তিঃ। জিতসাধ্বসা বিগতভয়া। গোঃ রাঃ। নিগৃহ্য বলাৎকৃত্য। নিগৃহ্য আগ্রহং কৃত্বেতি শিরোমণিঃ।

৩১। টিপ্পনী। অনর্থং বিরুদ্ধার্থম্ অর্থরূপেণানুকূলার্থরূপেণ। গোঃ রাঃ। উদিতা উক্তা। বক্ষ্যমাণরূপস্য শাপস্য দোষেণ।

ধন ও [ রাজা- ] শ্রীসম্পন্ন হইয়া এবং [ সৈন্যসামন্তাদি ] লোকসমূহ স্ববশে আনয়ন করিয়া [ রাজ্যে ] বদ্ধমূল ( সুপ্রতিষ্ঠিত ) হইবে ॥ ২৮ ॥

হে সরলস্বভাবে, নিজের সৌভাগ্যবল [ কত তাহা ] বুঝিয়া দেখ। নৃপতি তোমাকে কুপিতা করিতে এবং [ তুমি ] কুপিতা [ হইলে ] তোমাকে উপেক্ষা করিতে সমর্থ নহেন। তোমার প্রীতির নিমিত্ত নৃপতি জীবন পর্য্যন্ত বিসর্জ্জন করিতে পারেন ॥ ২৯ ॥

মহীপতি [ দশরথ ] তোমার বাক্য লঙ্ঘন করিতে সমর্থ নহেন। তোমার [ অভীষ্ট সাধনের ] উপযুক্ত সময় উপস্থিত হইয়াছে [ বলিয়া ] আমি মনে করি। তুমি নির্ভয় হইয়া নৃপতিকে বলপূর্ব্বক রামাভিষেক সঙ্কল্প হইতে নিবৃত্ত কর ॥ ৩০ ॥

১। ঘ -'ভাবেন'। ২। গ-ছ-ঝ-ঞ '-ফল-'। ৩। গ '-র্থং'। ৪। ঝ '-কামং ততো'। ৫। চ 'রাজন্যজিত-'। ৬। গ 'গত-', ঝ-ঞ 'ভত-'। ৭। গ 'বৈ নি-'। ৮। অতঃ পরং গ-পুস্তকে 'ইত্যুক্তা সা তদা দেবী কুব্জয়া পাপরূপয়া' ইত্যধিকঃ।

কেকয়েষু হি সা বাল্যে ব্রাহ্মণং মূর্খরূপিণম্।
অসূয়িতবতী বালা তেন শপ্তা মহাত্মনা ॥ ৩২ ॥
যস্মাদসূয়সে বিপ্রং ত্বং রূপমদদর্পিতা।
তস্মাদসূয়াং ত্বমপি লোকে প্রাপ্স্যসি কুৎসিতাম্ ॥ ৩৩ ॥
ইতি শাপসমাচ্ছন্না মন্থরাবশমাগতা।
অতীব হৃষ্টা কৈকেয়ী মন্থরাং পরিষস্বজে ॥ ৩৪ ॥
পরিষ্বজ্য ততো গাঢ়ং কৈকেয়ী হর্ষবিহ্বলা।
উবাচ বচনং ধীরা তাং কুব্জাং পাপদর্শিনীম্ ॥ ৩৫ ॥
প্রজ্ঞাং তে নাভিজানামি শ্রেষ্ঠাং শ্রেষ্ঠাভিধায়িনি।
অস্যাং পৃথিব্যাং কুব্জেঽন্যা বুদ্ধ্যা নাস্তি সমা ত্বয়া ॥ ৩৬ ॥

৩২। টিপ্পনী। মূর্খরূপিণং মূর্খাকারম্। 'মূর্খবেশো দ্বিজোত্তমঃ' ইতি পঞ্চনদীয়রামায়ণে কৈকেয়ীবাক্যম্ (২।১১।৪৮)। কেকয়েষ্বিত্যাদি শ্লোকত্রয়ং পাশ্চাত্ত্যরামায়ণে নাস্তি পরং তিলকটীকায়াং (২।৯।৪০) সমুদ্ধৃতম্। তত্র মূর্খরূপিণমিত্যত্র রুক্ষরূপিণমিতি পাঠ উপলভ্যতে।

৩৫-৩৬। টিপ্পনী। ধীরা জড়স্বভাবা। হে শ্রেষ্ঠাভিধায়িনি শ্রেষ্ঠং হিতমভিদধাতি বদতি তচ্ছীলা তৎসম্বোধনং হিতোপদেশদানকুশলে ইতি যাবৎ। শ্রেষ্ঠামতিতীক্ষ্ণাম্। নাভিজানামি এতাবৎকালং নাজ্ঞাসিষম্।

---

মন্থরাকর্তৃক অভিহিতা কৈকেয়ী অনিষ্টকে ইষ্টরূপে দেখিতে লাগিলেন। শাপদোষবিমোহিতা কৈকেয়ী [ নিজের ] অনিষ্ট বুঝিতে পারিলেন না ॥ ৩১ ॥

বালিকা কৈকেয়ী বাল্যাবস্থায় কেকয়দেশে [ কোনও ] মূর্খাকৃতি ব্রাহ্মণকে [ কুৎসিত বলিয়া ] নিন্দা করিয়াছিলেন। সেই কারণে তিনি [সেই] মহাত্মা ব্রাহ্মণ-কর্তৃক [ এইরূপে ] অভিশপ্তা হয়েন,– যেহেতু রূপমদে গর্ব্বিতা হইয়া তুমি ব্রাহ্মণকে নিন্দা করিতেছ, সেই জন্য তুমিও কুৎসিত নিন্দা প্রাপ্ত হইবে ॥ ৩২-৩৩ ॥

ঈদৃশ শাপে সমাচ্ছন্না [ অতএব ] মন্থরা-বশবর্ত্তিনী কৈকেয়ী অতীব হৃষ্টা হইয়া মন্থরাকে আলিঙ্গন করিলেন ॥ ৩৪ ॥

জড়স্বভাবা হর্ষবিহ্বলা কৈকেয়ী [ কুব্জাকে ] গাঢ়ভাবে আলিঙ্গন করিয়া সেই

১। ঘ-ঙ '-য়েষ্বপি', ঞ '-য়ী বাপি চান্যে চ'। ২। ঝ 'চ'। ৩। গ 'ভিক্ষু-', ঙ 'ব্রহ্ম-', ঝ 'রুক্ষ-'। ৪। ঙ 'ক্ষিপ্রং'। ৫। ঙ 'স্বং রূপং মদ-'। ৬। গ '-মাগতা', ছ '-বিক্লবা'। ৭। ঞ 'কুব্জাং পাপপ্র-', ছ 'কুব্জাং তাং'। ৮। ক '-নাব-'। ৯। ঘ 'সমং', গ-ঙ-ঞ 'ত্বয়া সমা'।

ত্বমেব চানুরক্তা[1] মে নিত্যযুক্তা হিতৈষিণী।
নাহং জানামি কুটিলং কুব্জে রামচিকীর্ষিতম্ ॥ ৩৭ ॥
সন্তি দুঃসংস্থিতাঃ কুব্জা বিরূপা বিকৃতাননাঃ।
ত্বন্তু[2] পদ্মান্তরনিভা কুব্জেতি[3] প্রিয়দর্শনা ॥ ৩৮ ॥
উরস্তে নাতিনির্ভুগ্নম্[4] আকণ্ঠান্মুখমুত্তমম্[5]।
অধস্তাচ্চোদরং শাতং[6] বিলগ্নঞ্চ[7] স্তনদ্বয়ম্[8] ॥ ৩৯ ॥

• ৩৮-৩৯। লো-টী। দুঃসংস্থিতাঃ কুটিলাঃ। আকণ্ঠাৎ কণ্ঠম্ অভিব্যাপ্য। অধস্তাদুদরম্ উদরস্যাধস্তাৎ। শাতং কৃশম্।

৩৭। টিপ্পনী। নিত্যযুক্তা নিত্যসম্বন্ধবিশিষ্টা। নাহং জানামি ত্বৎকৃতবোধনাভাব ইতি শেষঃ।

৩৮। টিপ্পনী। দুঃসংস্থিতা দুঃসংস্থানাবয়বসন্নিবেশাঃ। তিঃ। দুঃসংস্থিতা দুঃসন্নিবেশাঃ। গোঃ রাঃ। দুঃসংস্থিতাঃ অবিজ্ঞাতাভিপ্রায়াঃ। শিরোঃ। পদ্মান্তরনিভা পদ্মপত্রসদৃশী কুব্জা ইতি কৃত্বা প্রিয়দর্শনা। যথা পদ্মপত্রং কুব্জত্বহেতোঃ প্রিয়দর্শনং তথা ত্বমপি প্রিয়দর্শনেত্যর্থঃ।

৩৯। টিপ্পনী। নাতিনির্ভুগ্নং নাতিবক্রং স্তোকনমিতম্। আকণ্ঠাৎ কণ্ঠদেশাদ্ আরভ্য মুখম্ উত্তমং সুন্দরম্। অধস্তাদুরস্তোরঃস্থলাদধোভাগে বিদ্যমানম্ উদরম্। শিরোঃ। শাতং কৃশম্। বিলগ্নং সংযুক্তম্।

পাপপথপ্রদর্শিনী কুব্জাকে [ এই ] কথা বলিলেন,— হে হিতভাষণশীলে, তোমার অতি তীক্ষ্ণ বুদ্ধির বিষয় আমি জানিতাম না। হে কুব্জে, [ এখন দেখিতেছি ] এই পৃথিবীতে বুদ্ধিতে তোমার তুল্যা অন্য কেহ নাই ॥ ৩৫-৩৬ ॥

তুমিই আমার প্রতি অনুরক্তা, [ তুমিই ] আমার সহিত সর্ব্বদা মিলিতা [ রহিয়াছ ] এবং [ তুমিই ] আমার হিতৈষিণী। হে কুব্জে, আমি রামের কুটিল অভিপ্রায় বুঝিতে পারি নাই ॥ ৩৭ ॥

[ এই পৃথিবীতে ] অনেক বক্রদেহা বিকৃতরূপা ও বিকৃতমুখী কুব্জা আছে। তুমি কিন্তু পদ্মপত্রের ন্যায় কুব্জা বলিয়াই প্রিয়দর্শনা ॥ ৩৮ ॥

---

১। গ ছ-ঝ 'চৈব ভক্তা', ক 'চাপি ভক্তা'। ২। ক 'ত্বং পদ্ম ইব বাতেন সংনতঃ,' ঞ 'ত্বং হি'। ৩। ঝ 'কুব্জে হি'। ৪। ক '-নির্ভগ্ন-', ঝ '-নির্ভিন্ন-'। ৫। গ-ছ-ঞ '-মুন্নতম্'। ৬। চ 'শাস্তং'। ৭। ঙ '-শ্চ যথা স্থলম্', ঝ '-শ্চ তথা স্তনং'। ৮। ঙ-ঝ-পুস্তকয়োঃ ঞ-টিপ্পন্যাঞ্চ 'যথা স্তনঃ'।

জঘনং তে সুনির্ম্মাংসং[1] রসনাদামশোভিতম্[2]।
নাসির্ব্বা[2] বন্ধনার্থং[3] মে ন শরাস্তম্ভহেতবঃ[4] ॥ ৩৫ ॥
অমিত্রদমনার্থং মে সর্ব্বমেতচ্চতুষ্টয়ম্।
ন চার্থমভিকাঙ্ক্ষেঽহং যশঃ শত্রুবধে[5] মম ॥ ৩৬ ॥
অসিনা তীক্ষ্ণধারেণ বিদ্যুচ্চলিত[6]বর্চ্চসা।
প্রগৃহীতেন কঃ শক্তো বজ্রেণাপি[7] মহাহবে ॥ ৩৭ ॥

---

৩৫। লো-টী। ন চ জ্যা বন্ধনার্থং মে ন শরা দম্ভহেতবঃ। জ্যা গুণঃ বন্ধনার্থং ধনুষি বন্ধনার্থম্। ন দম্ভহেতবো ন পরপ্রতারণার্থাঃ।

৩৬। লো-টী। অর্থং ধনং, কিন্তু শত্রুবধরূপং যশঃ।

৩৭। লো-টী। বিদ্যুজ্জ্বলিতবর্চ্চসা বিদ্যুত ইব জ্বলিতং চঞ্চলং বর্চ্চঃ প্রকাশো যস্য তেনাসিনা প্রগৃহীতেন উপলক্ষিতেন ময়া মহ বজ্রিণা সহ সহিতঃ কঃ শক্তঃ যোদ্ধুং কঃ সমর্থ ইত্যর্থঃ।

---

৩৫। টিপ্পনী। ময়া সানুজস্ত্বং নিঃসহায়োঽপি নেত্যাহ—ন শোভার্থমিতি। বন্ধনার্থং কটিপ্রদেশে বন্ধনরূপপ্রয়োজনায়েত্যর্থঃ। স্তম্ভহেতবঃ সমূহীভূয় স্তম্ভনির্ম্মাপকাঃ। শিরোঃ। স্তম্ভহেতবঃ কেবলং লক্ষ্যাভূতস্তম্ভহেতবঃ তূণ্যাং স্থাপনহেতব ইতি বা। গোঃ রাঃ।

৩৬। টিপ্পনী। শত্রুবধে যশঃ শত্রুবধনিমিত্তং যশ ইত্যর্থঃ মম কাঙ্ক্ষিতমিতি শেষঃ।

৩৭। টিপ্পনী। তীক্ষ্ণধারেণ বিদ্যুচ্চলিতবর্চ্চসা বিদ্যুদিব চলিতং চঞ্চলং স্ফুরিতমিত্যর্থঃ বর্চ্চো দীপ্তির্যস্য তেন অসিনা প্রগৃহীতেন ময়া ধৃতেন সতা মহাহবে বজ্রেণাপি কঃ শক্তঃ

---

আমার এই বাহুদ্বয় [ শরীরের ] শোভার নিমিত্ত নহে, ধনু অলঙ্কারের নিমিত্ত নহে, আমার অসি [ কটিতে ] বন্ধন করিবার নিমিত্ত নহে [ এবং ] শরনিকর [ গুচ্ছ করিয়া ] স্তম্ভ নির্ম্মাণের জন্য নহে ॥ ৩৫ ॥

আমার এই চারিটী সমস্তই শত্রুদমনের নিমিত্ত। আমি অর্থ আকাঙ্ক্ষা করি না, শত্রুবধে যশ [ -ই ] আমার আকাঙ্ক্ষণীয় ॥ ৩৬ ॥

---

১। ঞ '-দং বক্তুং'। ২। ঙ 'ন চাস্ত্রাণি ন শস্ত্রাণি', ঝ 'ন চ জ্যা'। ৩। গ '-বন্ধনার্থায়' ছ-ট 'ধূননার্থং', ঞ 'রক্ষণার্থং'। ৪। গ '-রা দেশ-' ঝ '-রা দম্ভ-'। ৫। গ-ঙ-ঝ-ঞ 'বধো' ছ-ট 'বধোপমম্'। ৬। গ-ঝ '-চ্চালিত-'। ৭। ঙ-ছ-ঞ '-জ্রিণা-', ঝ '-হ্রিণা-'।

খড়্গধারাহতা মেহদ্য পতন্তু নররাশয়ঃ।
প্রাবৃট্‌কালে সমাগম্য[1] বিদ্যুতেব[2] সমাহতাঃ[3] ॥ ৩৮ ॥
খড়্গনিষ্পেষনিষ্পিষ্টৈর্গহনা[4] দুশ্চরা[5]বহা[6]।
[7]পত্ত্যশ্বরথমাতঙ্গৈর্ম্মহী ভবতু সর্ব্বশঃ ॥ ৩৯ ॥
বদ্ধগোধাঙ্গুলিত্রাণে[8] প্রগৃহীতশরাসনে[9]।
[10]স্থিতে ময়ি ধনুষ্পাণৌ কোঽপ্রিয়ং তে করিষ্যতি ॥ ৪০ ॥

---

৩৮। লো-টী। সমাগম্য আগম্য বিদ্যুতা বজ্রেণ যথা সমাহতা অসমর্থাঃ।

৩৯। লো-টী। পত্তিভিশ্চ সমাগম্য ইতি বা পাঠঃ। গহনা ব্যাপ্তা। দুশ্চরা চর্ত্তুং গন্তুমশক্যা। আবহা দুঃখাবহা। পত্ত্যশ্বরথমাতঙ্গৈরিতি অবহুত্বে দ্বন্দ্বঃ :

৪০। লো-টী। বদ্ধং গোধায়া অঙ্গুলিত্রাণং জ্যাবারণং ডোর্ ইতি যস্য প্রসিদ্ধিঃ যেন সঃ।

---

মাং যোধয়িতুমিতি শেষঃ। বিদ্যুচ্চলিতবর্চ্চসা—বিদ্যুচ্চলিতমিব চলিতং বর্চ্চস্তেজো যস্য তেন। শিরোঃ। বিদ্যুদিব চলিতং নির্গতং বর্চ্চঃ স্ফুলিঙ্গরূপং যস্য তেন। গোঃ রাঃ।

৩৮। টিপ্পনী। প্রাবৃট্‌কালে বর্ষাসময়ে বিদ্যুতা সমাগম্য সঙ্গম্য সমাহতা ইব।

৩৯। টিপ্পনী। শত্রূনবশ্যমেব হনিষ্যামীতি স্পষ্টং বোধয়ন্নাহ—খড়্গেতি। খড়্গানাং নিষ্পেষ আঘাতশ্ছেদনানুকূলো ব্যাপার ইত্যর্থঃ তেন নিষ্পিষ্টৈশ্চূর্ণীকৃতৈঃ পত্ত্যশ্বরথমাতঙ্গৈঃ পদাতিভিরশ্বৈ রথৈর্মাতঙ্গৈশ্চ মহী সর্ব্বশঃ সর্ব্বত্র গহনা ব্যাপ্তা সতী দুশ্চরা সঞ্চারাযোগ্যা অবহা স্রোতঃশূন্যা চ ভবতু সর্ব্বেষাং স্রোতসামপি মৃতদেহাদিভিঃ সম্পূরণাদিতি ভাবঃ।

৪০। টিপ্পনী। বদ্ধগোধাঙ্গুলিত্রাণে বদ্ধং গোধাচর্ম্মনির্ম্মিতম্ অঙ্গুলিত্রাণং যেন সঃ। যদ্বা

---

মহাযুদ্ধে বিদ্যুদ্‌বিকম্পিত-দীপ্তি তীক্ষ্ণধার অসি গ্রহণ করিলে, বজ্রের দ্বারাও কোন্ ব্যক্তি [ আমার সহিত যুদ্ধ করিতে ] সমর্থ হইবে ? ॥ ৩৭ ॥

বর্ষাকালে বিদ্যুৎসমাগমে যেন সমাহত হইয়া আমার খড়্গধারায় সমাহত রাশি রাশি মনুষ্য [ ভূ- ] পতিত হউক ॥ ৩৮ ॥

[ আমার ] খড়্গনিষ্পেষণে নিষ্পিষ্ট পদাতি, অশ্ব, রথ ও মাতঙ্গে সমস্ত মহী-মণ্ডল ব্যাপ্ত, দুর্গম এবং স্রোতঃশূন্য হউক ॥ ৩৯ ॥

---

১। ঙ '-গত্য'। ২। ঘ '-দেব'। ৩। ঝ '-গতাঃ'। ৪। গ '-র্দুশ্চরা গহনাহবে'। ৫। ঙ '-দুঃখসঙ্করা'। ৬। ছ-ট 'তথা'। ৭। ঞ 'প্রত্য-'। ৮। গ-ছ-ট '-ত্রাণঃ', ছ-ঝ '-ত্রাণ-প্র-'। ৯। গ-ছ-ঝ-ট '-নঃ'। ১০। গ-ঘ-ঙ-ছ-ঝ-ট ইদমর্দ্ধং নাস্তি।

অভ্যস্তান্ বিবিধান্ কালে নিশিতান্ রুধিরাশনান্।
বিপ্রমোক্ষ্যাম্যহং বাণান্ নৃবাজিগজমর্ম্মসু ॥ ৪১ ॥
অদ্য মেঽস্ত্রপ্রভাবস্য প্রভাবঃ প্রভবিষ্যতি।
রাজ্ঞশ্চাপ্রভুতাং কর্ত্তুং প্রভুত্বঞ্চ তব প্রভো ॥ ৪২ ॥
অদ্য চন্দনসারাণাং কেয়ূরামোচনস্য চ।
বসূনাঞ্চ বিমোক্ষস্য সুহৃদাং পূজনস্য চ।
অভিরূপাবিমৌ বাহূ রাজন্ কর্ম্ম করিষ্যতঃ ॥ ৪৩ ॥

৪১। লো-টী। অভ্যস্তান্ কৃতাভ্যাসান্।

৪২। লো-টী। অস্ত্রপ্রভাবস্য অস্ত্রতেজসঃ। প্রভবো জন্ম প্রকাশ ইতি যাবৎ। প্রভবিষ্যতি প্রকর্ষেণ ভবিষ্যতি। প্রচরিষ্যতীতি বা পাঠঃ।

৪৩। লো-টী। চন্দনসারাণাং সারচন্দনানাম্। কেয়ূরাণাং বলস্য চ—বলস্য হস্তবলস্য। কেয়ূরামোচনস্যেতি পাঠে কেয়ূরবন্ধনস্য। বসূনাং ধনানাং রত্নানাঞ্চ বিমোক্ষস্য দানস্য। অভিরূপৌ উদ্যোগরূপৌ বাহূ তদুচিতং কর্ম্ম করিষ্যতঃ।

গোধা জ্যাঘাতবারণং 'গোধে তলে জ্যাঘাতবারণে' ইত্যমরঃ। জ্যাঘাতবারণার্থম্ অঙ্গুলিত্রাণং দধানে ইত্যর্থঃ। বদ্ধং গোধায়া জ্যাঘাতনিবারণায় অঙ্গুলিত্রাণং যেন তস্মিন্ বদ্ধকবচে ইত্যর্থঃ। শিরোঃ।

৪১। টিপ্পনী। নম্বেকস্ত্বং বহূন্ রিপূন্ কথং হনিষ্যসীত্যত আহ—অভ্যস্তানিতি। অভ্যস্তান্ শিক্ষিতান্ রুধিরাশনান্ রক্তপায়িনো বাণান্ নৃবাজিগজমর্ম্মসু নৃণাং বাজিনাং গজানাঞ্চ মর্ম্মস্থলেষু বিপ্রমোক্ষ্যামি বিনিযোক্ষ্যামি। এক এবাহং বহুভির্ব্বাণৈঃ সর্ব্বেষাং শত্রূণাং নিধনং সংসাধয়িষ্যামীত্যর্থঃ।

৪২। টিপ্পনী। প্রভবিষ্যতি বৃদ্ধিং যাস্যতি।

ধনুষ্পাণি আমি জ্যাঘাতনিবারক [ চর্ম্মনির্ম্মিত ] অঙ্গুলিত্রাণ ধারণ করিয়া ধনুগ্র্রহণপূর্ব্বক দণ্ডায়মান থাকিলে কোন্ ব্যক্তি আপনার অপ্রিয় কার্য্য করিবে ? ॥ ৪০ ॥

আমি যথাকালে অভ্যস্ত রুধিরপায়ী বিবিধ তীক্ষ্ণ বাণ মানব, তুরঙ্গ ও মাতঙ্গগণের মর্ম্মস্থলে নিক্ষেপ করিব ॥ ৪১ ॥

হে প্রভো, নৃপতির অপ্রভুত্ব এবং আপনার প্রভুত্ব সংস্থাপন করিবার জন্য আমার অস্ত্রশক্তির প্রভাব বর্দ্ধিত হইবে ॥ ৪২ ॥

১। ঙ-ছ-ট '-ধং'। ২। ঙ-ছ-ঞ-ট 'কালং', ঝ 'লোকান', ঘ 'কামং'। ৩। ঙ 'পরি-'। ৪। গ-ঝ '-ভবঃ'। ৫। ছ-ট '-চরিষ্যতি'। ৬। ঝ '-ভুতাং'। ৭। ঘ 'ত্বৎপ্রভুত্বকৃতে', ঞ 'স্বপ্রভুত্বং'। ৮। ঝ 'ত্বং তব চ ছ 'ত্বন্নু'। ৯। গ 'কর্পূরা-'। ১০। ঘ-ঞ-ঝ '-রাণাং বল-'। ১১। ঝ '-হৃৎসং-'। ১২। ঝ 'অনু-'।

তদ্ ব্রূহি কোঽদ্যৈব বিযুজ্যতাং[১] ময়া
তবাসুহৃৎ[২] প্রাণযশঃসুহৃজ্জনৈঃ।
যথা তবেয়ং[৩] বসুধা বশে ভবেৎ[৪]
তথাদ্য[৫] মাং শাধি তবাস্মি কিঙ্করঃ ॥ ৪৪ ॥

ইতি স্ম মন্যুং[৬] পরিগৃহ্য[৭] পৌরুষং
স লক্ষ্মণো রামমভিপ্রসাদয়ন্[৮]।
উবাচ ভূয়োঽপি পিতুর্ব্বিনিগ্রহে
যতস্ব রাজৈন্[৯] মমাদ্য নিশ্চয়ঃ ॥ ৪৫ ॥

৪৩। টিপ্পনী। চন্দনসারাণামুত্তমচন্দনানুলেপনানাং, কেয়ূরামোচনস্য কেয়ূরধারণস্য, বসূনাং ধনানাং বিমোক্ষস্য দানস্য, সুহৃদাং পূজনস্য চ অভিরূপৌ যোগ্যৌ ইমৌ মম বাহূ তৎ সর্ব্বং বিহায় কর্ম্ম অভিষেকবিঘ্ননিবারণরূপং স্বৎকর্ম্ম করিষ্যতঃ। এতেন রামসেবামন্তরা অন্যৎ কর্ম্ম নিরর্থকমিতি সূচিতম্। 'অনুরূপাবিমৌ বাহূ রাজকর্ম্ম করিষ্যতঃ। অভিষেচনবিঘ্নস্য কর্ত্তৃণাং তে নিবারণে॥' ইতি পাশ্চাত্যপাঠঃ (২।২৩।৩৯)।

৪৪। টিপ্পনী। তবাসুহৃৎ অরিঃ কোঽদ্যৈব প্রাণযশঃসুহৃজ্জনৈর্ময়া বিযুজ্যতাং তদ্ ব্রূহি।

৪৫। টিপ্পনী। মন্যুং ক্রোধং পৌরুষং পুরুষকারঞ্চ পরিগৃহ্যাবলম্ব্য স লক্ষ্মণো রামমভি-

হে রাজন্, উৎকৃষ্ট চন্দনানুলেপনের, কেয়ূরধারণের, ধনরাশি প্রদানের এবং সুহৃদ্‌বৃন্দের পূজনের যোগ্য [ আমার ] এই বাহুদ্বয় অদ্য [ অভিষেকবিঘ্ননিবারণরূপ ] কর্ম্ম সম্পাদন করিবে ॥ ৪৩ ॥

আপনার কোন্ শত্রুকে আমার অদ্যই প্রাণ, যশ এবং সুহৃজ্জন বিরহিত করিতে হইবে, তাহা বলুন। যেরূপে এই পৃথিবী আপনার বশে আসিতে পারে, অদ্য আপনি আমাকে সেইরূপ আদেশ করুন, আমি আপনার কিঙ্কর ॥ ৪৪ ॥

১। ঝ 'বিমোক্ষ্যতাং', ঞ 'নিযু-'। ২। ঞ 'ত্বয়া সু-'। ৩। ঘ 'তথেয়ং'। ৪। ঘ 'ভবেত্তথা', ঝ 'ভ.বদ্বশং'। ৫। ঘ 'ত্বমদ্য'। ৬। গ-ঝ 'সত্যং', ঙ 'মৌনং'। ৭। ঙ 'প্রতি-', ঞ 'প্রবি-'। ৮। গ-টিপ্পন্যাং '-পি', ঝ '-ন্তি-'। ৯। ঝ '-দ্যাস্ত মমৈব'।

ইতি বচনমুদারমর্থযুক্তং
তদভিসমীক্ষ্য[১] তু[২] লক্ষ্মণস্য রামঃ।
মধুরতরমুবাচ[৩] শান্তিযুক্তং
পরিকুপিতং[৪] পিতরং[৫] প্রতি প্রতীতঃ[৬] ॥ ৪৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণসংরম্ভো নাম
বিংশঃ সর্গঃ ॥ ২০ ॥

---

৪৬। লো-টী। লক্ষ্মণস্য ইতি বচনম্ অর্থযুক্তম্ অর্থশূন্যম্ অভিসমীক্ষ্য শ্রুত্বা উদারং ধনুষি কৃতাভ্যাসং লক্ষ্মণমুবাচেত্যন্বয়ঃ। প্রতীবো (?) বাক্যম্।

---

প্রসাদয়ন্ রামপ্রসন্নতামুৎপাদয়ন্ তং স্বমতাভিমুখং কুর্ব্বন্নিত্যর্থঃ ভূয়োঽপ্যুবাচ—হে রাম, পিতুর্নিনিগ্রহে যতস্ব অদ্য এষ পিতুর্নিগ্রহসম্পাদনরূপং কর্ম্মৈব মম নিশ্চয়ো ময়া নিশ্চীয়তে।

৪৬। টিপ্পনী। প্রতীতো দৃঢ়নিশ্চয়ো রামঃ লক্ষ্মণস্য তদ্ বাক্যম্ উদারং স্বার্থচিন্তয়ানুদীরিতত্বাদৌদার্য্যযুক্তম্ অর্থযুক্তঞ্চ অভিসমীক্ষ্য বিচার্য্য পিতরং প্রতি পরিকুপিতং তং শান্তিযুক্তং সান্ত্বনাময়ং মধুরতরমতিমধুরঞ্চ বাক্যমিতি শেষঃ উবাচ বক্তুং প্রচক্রমে।

এইরূপে সেই লক্ষ্মণ ক্রোধ এবং বীরত্ব আশ্রয়পূর্ব্বক রামকে প্রসন্ন কবিবার জন্য পুনর্ব্বারও বলিলেন—রাম, পিতার নিগ্রহে আপনি যত্নবান্ হউন, অদ্য ইহা [ই] অর্থাৎ পিতার নিগ্রহসম্পাদন [ ই ] আমার দৃঢ়সঙ্কল্প ॥ ৪৫ ॥

দৃঢ়নিশ্চয় রাম লক্ষ্মণের সেই বাক্য উদার ( নিঃস্বার্থ ) এবং অর্থযুক্ত বিবেচনা করিয়া পিতার প্রতি নিরতিশয় কুপিত তাঁহাকে অতি মধুর সান্ত্বনাময় বাক্য বলিতে প্রবৃত্ত হইলেন ॥ ৪৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণসংরম্ভ-নামক
বিংশ সর্গ সমাপ্ত ॥ ২০ ॥

১। ঝ নাস্তি। ২। ছ-ট '-ণং স'। ৩। গ-ঙ-ঝ-ঞ 'সোঽর্থ-', ঘ 'সানুরক্তং' ট 'শান্ত-'। ৪। ছ ট 'হৃদি'। ৫। ঝ ঞ নাস্তি। ৬। ছ '-পঃ' ঝ '-বঃ'।

## একবিংশঃ সর্গঃ

ভক্ত্যা[১] রামস্য সংরব্ধং লক্ষ্মণং পিতরং প্রতি।
শ্লক্ষ্ণৈঃ[২] সানুনয়ৈর্ব্বাক্যৈঃ শময়ামাস রাঘবঃ ॥ ১ ॥

সৌমিত্রে নৈতদাশ্চর্য্যং[৩] মদ্‌ভক্ত্যা যৎ ত্বমিচ্ছসি।
ব্যসনার্ণবসংমগ্নমুদ্ধর্ত্তুং[৪][৫] মাং বলাদিব[৬] ॥ ২ ॥

পুণ্যশীলস্তু ধর্ম্মাত্মা[৭] সত্যব্রতপরায়ণঃ।
পার্থিবো নানৃতং কর্ত্তুং[৮] ন্যায্যো লোকগুরুর্ম্ময়া[৯] ॥ ৩ ॥

৩। লো-টী। অনৃতম্ অনৃতবাদিনম্।

১। টিপ্পনী। রামস্য ভক্ত্যা পিতরং দশরথং প্রতি সংরব্ধং ক্রুদ্ধং লক্ষ্মণং রাঘবঃ সানুনয়ৈরনুনয়বিশিষ্টৈঃ শ্লক্ষ্ণৈর্ম্মধুরৈর্ব্বাক্যৈঃ শময়ামাস সান্ত্বয়ামাস।

২। টিপ্পনী। ব্যসনার্ণবসংমগ্নং বিপৎসাগরনিমগ্নম্।

৩। টিপ্পনী। ময়া পার্থিবোঽনৃতং কর্ত্তুং কারয়িতুং ন ন্যায্যো ন ন্যায়াদনপেতো ন যুক্ত ইত্যর্থঃ।

রামচন্দ্রে ভক্তিবশতঃ লক্ষ্মণকে পিতার প্রতি ক্রুদ্ধ দেখিয়া রঘুনন্দন রাম অনুনয়গর্ভ মধুরবাক্যে [ তাঁহাকে ] শান্ত করিতে লাগিলেন ॥ ১ ॥

[ তিনি বলিলেন ] লক্ষ্মণ, তুমি যে আমার প্রতি ভক্তিবশতঃ বিপৎসাগরে নিমগ্ন আমাকে বলপূর্ব্বক উদ্ধার করিতে ইচ্ছা করিয়াছ, ইহা আশ্চর্য্য নহে ॥ ২ ॥

কিন্তু, পুণ্যচরিত্র ধর্ম্মাত্মা সত্যধর্ম্মপরায়ণ লোকোপদেষ্টা নৃপতিকে মিথ্যা [ ব্যবহার ] করান আমার কর্ত্তব্য নহে ॥ ৩ ॥

১। ঘ-ঙ-ঞ '-রব্ধং'। ২। ঞ 'সুশ্লক্ষ্ণৈঃ'। ৩। ঙ 'ন তদা-', ট 'নৈত-'। ৪। ঘ '-মুগ্ন-'। ৫। ঞ '-লগ্ন-'। ৬। ছ-ট '-দিতঃ'। ৭। ঙ '-ধর্ম্ম-'। ৮। ক '-ন্তী'। ৯। ঘ 'লোকে'।

সত্যপ্রতিজ্ঞং কৃত্বা[1] তু পিতরং ধর্ম্মবৎসলম্ ।
পুণ্যাং কীর্ত্তিমবাপ্স্যামি প্রেত্য চেহ চ শাশ্বতীম্ ॥ ৪ ॥
যদি ত্বস্তি[2] ময়ি স্নেহো ভক্তির্ব্বা তব লক্ষ্মণ ।
ততো[3] নিবর্ত্তয়ৈতাং ত্বং পাপবুদ্ধিং সমুত্থিতাম্ ॥ ৫ ॥
ধর্ম্মাত্মনঃ শ্রুতবতঃ কৃতজ্ঞস্য মহাত্মনঃ ।
পিতুরস্যাপ্রিয়ং কর্ত্তুং নেচ্ছামি মনসাপ্যহম্ ॥ ৬ ॥
যদীচ্ছসি প্রিয়ং কর্ত্তুং মম[4] নিত্যমভীপ্সিতম্[5] ।
ততো ময়ি গতে ভক্ত্যা শুশ্রূষ্যো নৃপতিস্ত্বয়া ॥ ৭ ॥
নির্ব্ব্যলীকেন মনসা প্রত্যক্ষং দৈবতং যথা ।
এবমেব[6] পরং কামং শক্তিতঃ[7] কর্ত্তুমর্হসি ॥ ৮ ॥

৫—৭ । লো-টী । ভক্তিঃ সেবা । মম তত্ত্বমভীপ্সিতম্ । তত্ত্বং যথার্থম্ ।

৪-৫ । টিপ্পনী । প্রেত্য পরলোকে । সমুত্থিতাং ত্বন্মনসি সমুদিতাম্ ।

৬ । টিপ্পনী । শ্রুতবতো বিদ্যাসম্পন্নস্য ।

৭ । টিপ্পনী । মমাভীপ্সিতং প্রিয়ং নিত্যং যদি কর্ত্তুমিচ্ছসীত্যন্বয়ঃ ।

৮ । টিপ্পনী । নির্ব্ব্যলীকেন নির্দুঃখেন হৃষ্টেনেত্যর্থঃ । মম পরম্ ঐকান্তিকং কামম্ এবমেবানেনৈব প্রকারেণ পিতৃশুশ্রূষয়েত্যর্থঃ কর্ত্তুমর্হসি ।

আমি ধর্ম্মবৎসল পিতাকে সত্যপ্রতিজ্ঞ করিয়া ইহলোকে এবং পরলোকে নির্ম্মল স্থায়ী যশ লাভ করিব ॥ ৪ ॥

লক্ষ্মণ, যদি আমার প্রতি তোমার স্নেহ বা ভক্তি থাকে, তাহা হইলে তুমি [ তোমার হৃদয়ে ] সমুদিত এই পাপবুদ্ধি নিবর্ত্তিত কর ॥ ৫ ॥

আমি মনে মনেও ধর্ম্মাত্মা কৃতজ্ঞ শ্রুতসম্পন্ন মহাত্মা পিতার অপ্রিয় কার্য্য করিতে অভিলাষ করি না ॥ ৬ ॥

যদি তুমি নিয়ত আমার অভীপ্সিত প্রিয়কার্য্য করিতে ইচ্ছা কর, তাহা হইলে

১ । ছ-ঝ 'হি', ট '-পি' । ২ । গ 'বাস্তি', ঝ 'তেহস্তি' । ৩ । ট 'তদা' ট 'অতো', ঝ-পুস্তকে অত্রারভ্য সপ্তমশ্লোকান্তোহংশো নাস্তি । ৪ । গ 'মমৈতত্ত্বম-' । ৫ । ছ-ঘ-ঞ-ট 'তত্ত্ব-' । ৬ । গ-ঘ-ঝ-পুস্তকেষত আরভ্য নবমশ্লোকান্তোহংশো নাস্তি, ঞ-পুস্তকে অত এবারভ্য দশমশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং বাবন্নাস্তি । ৭ । ঙ 'ভক্তিঃ' ।

যথা মাং প্রতি নোৎকণ্ঠাং করোতি বসুধাধিপঃ।
তথা শুশ্রূষিতব্যোঽসৌ ত্বয়া ময়ি বিনির্গতে ॥ ৯ ॥

যথা[১] তথা[২] ন তপ্যেয়ুর্ব্বনবাসং গতে ময়ি।
মাতরশ্চাবিশেষেণ[৩] শুশ্রূষ্যাঃ[৪] সর্ব্বশস্ত্বয়া[৫] ॥ ১০ ॥

ভরতশ্চাপি ধর্ম্মাত্মা দ্রষ্টব্যোঽহমিব[৬] ত্বয়া।
পরিপাল্যশ্চ যত্নেন মম প্রিয়চিকীর্ষুণা ॥ ১১ ॥

ইমাং[৭] ধর্ম্মধুরং[৮] গুর্ব্বীমহং বক্ষ্যামি[৯] লক্ষ্মণ।
ভরতেন সহেমাং ত্বং[১০] গুর্ব্বীং রাজ্যধুরং[১১] বহ ॥ ১২ ॥

১০। লো-টী। ময়ি গতে যথা ন তপ্যেয়ুস্তথা শুশ্রূষ্যাঃ।

৯। টিপ্পনী। ময়ি বিনির্গতে বনবাসায় প্রস্থিতে সতি।

১০। টিপ্পনী। তপ্যেয়ুর্মদ্বিয়োগজং দুঃখমনুভবেয়ুঃ। সর্ব্বশঃ সর্ব্বা মাতরঃ অবিশেষেণ সর্ব্বানিষ্টমূলীভূতাং কৈকেয়ীং প্রত্যপি ক্ষোভমপ্রদর্শ্যেত্যর্থঃ শুশ্রূষ্যাঃ সেব্যাঃ।

১২। টিপ্পনী। ধর্ম্মধুরং ধর্ম্মভারম্ 'ধূস্ত্রী স্যাদ্ ভারচিন্তয়োঃ' ইতি কোষঃ। নাত্র সমাসান্তশুদ্বিধেরনিত্যত্বাৎ।

আমি [ বন- ] গমন করিলে তুমি হৃষ্টান্তঃকরণে ভক্তিপূর্ব্বক প্রত্যক্ষদেবতার ন্যায় নৃপতির [ সেবা ] করিবে। তুমি আমার ঐকান্তিক কামনা এইরূপেই পূর্ণ কর ॥ ৭-৮ ॥

আমি [ বনে ] গমন করিলে পৃথিবীপতি [ দশরথ ] যাহাতে আমার জন্য উৎকণ্ঠা প্রকাশ না করেন, তুমি তাঁহার সেইরূপ [ সেবা- ] শুশ্রূষা করিবে ॥ ৯ ॥

আমি বনবাসে গেলে যাহাতে মাতৃগণ সন্তপ্তচিত্তা না হয়েন, তুমি [ তাঁহাদের ] সকলকে[ -ই ] অবিশেষে সেইরূপ [ সেবা- ] শুশ্রূষা করিবে ॥ ১০ ॥

[ যদি ] আমার প্রিয়কার্য্য সাধনে অভিলাষী [ হও তাহা হইলে ] তুমি ধর্ম্মাত্মা ভরতকেও আমার ন্যায় দেখিবে এবং যত্নসহকারে তাহার রক্ষণাবেক্ষণ করিবে ॥ ১১ ॥

১। ঙ ইদমর্দ্ধং নাস্তি। ২। গ-ছ 'যথা'। ৩। খ-ছ-ঞ-ট '-শ্চ বিশে-'। ৪। গ '-ত্তু-'। ৫। অতঃ পরং ঝ-পুস্তকে 'অতো নিবর্ত্তয়েতাং ত্বম্' ইত্যাদি পঞ্চমশ্লোকপরার্দ্ধমারভ্য সপ্তমশ্লোকান্তোঽংশোঽত্র দৃশ্যতে। ৬। খ '-ব্যো হি সদা'। ৭। ঙ 'ধর্ম্মার্থমধুরাং'। ৮। খ 'ধুরীং', ঝ 'ধুরাং'। ৯। গ-ঝ 'রাঘব'। ১০। ক-ঝ 'তু'। ১১। ঙ '-জ্যাং ধুরং', ঝ '-জ্যধুরাং', ঞ '-জধুরং'।

ইত্যুক্তবচনং[1] রামং বভাষে লক্ষ্মণস্তদা ।
অপ্রকম্পং[2] স্থিতং ধর্ম্মে পুরন্দরমিবানুজঃ[3] ॥ ১৩ ॥
লোকনাথ গতির্যা তে সা[4] মমাপি ভবিষ্যতি ।
বনে বৎস্যাম্যহমপি শুশ্রূষানিরতস্তব[5] ॥ ১৪ ॥
ত্বয়া ত্যক্তামহমপি[6] পরিত্যক্ষ্যে পুরী[7]মিমাম্ ।
ত্বদৃতে ন হি বস্তং[8] মে স্বর্গেঽপি রমতে মনঃ ॥ ১৫ ॥
যদ্যস্তি ময়ি তে স্নেহো ভক্তোঽয়ং[9] বীর মা[10]মিতি ।
ততো মামনুগচ্ছন্তং ন নিষেদ্ধু[11]মিহার্হসি ॥ ১৬ ॥

---

১৩। লো-টী। অপ্রকম্প্যং চালয়িতুমশক্যং যতো ধর্ম্মে স্থিতম্ ।
১৬। লো-টী। হে বীর, অয়ং মাং ভক্তঃ সেবমানঃ সেবক ইত্যর্থঃ ইতি স্নেহো যদ্যস্তি । নিবর্ত্তিতুং নিবর্ত্তয়িতুম্ । পরবানিতি পাঠে ত্বদধীনঃ ।

---

১৩। টিপ্পনী। অপ্রকম্পং প্রকম্পরহিতমবিচলিতবুদ্ধিমিত্যর্থঃ ।
১৫। টিপ্পনী। ন রমতে নোৎসুকং ভবতি ।
১৬। টিপ্পনী। মাং প্রতি অয়ং লক্ষ্মণো ভক্ত ইতি কৃত্বা যদি ময়ি তে স্নেহোঽস্তি ।

---

লক্ষ্মণ, আমি [ পিতার আজ্ঞাপালনরূপ ] এই গুরু ধর্ম্মভার বহন করিব । তুমি ভরতের সহিত এই গুরু রাজ্যভার বহন কর ॥ ১২

[ রাম ] এই কথা বলিলে, ইন্দ্রকে ইন্দ্রানুজের ন্যায়, ধর্ম্মে স্থিত অবিচলিত [ -মতি ] রামকে তখন লক্ষ্মণ বলিলেন—॥ ১৩ ॥

হে লোকনাথ, আপনার যে গতি, আমারও তাহাই হইবে । আমিও আপনার শুশ্রূষাপরায়ণ হইয়া বনে বাস করিব ॥ ১৪ ॥

আমিও আপনার পরিত্যক্ত এই পুরী পরিত্যাগ করিব । আপনাকে ছাড়িয়া স্বর্গে বাস করিতেও আমার মন উৎসুক হইতেছে না ॥ ১৫ ॥

---

১। ঝ ইদমর্দ্ধং নাস্তি। ২। ক-গ-ঘ-ঝ-ট '-ম্প্যং' ও '-ম্প্য-', ঞ '-ম্প্যো', । ৩। ঞ '-ঋজঃ' । ৪। ঝ 'মম সাপি' । ৫। ঝ-ত্বয়া' । ৬। ঘ-ঞ '-ক্তাপি' । ৭। ও 'মহী-' । ৮। গ 'মে বস্তুং' । ৯। ঘ '-হং যদি মন্যসে', ঞ '-হমিতি বুধ্যসে' । ১০। গ 'মামপি' । ১১। গ-ঝ-ট 'নিবর্ত্তিতুম-', ঘ-ঙ-ছ-ঞ 'নিবর্ত্তয়িতু-মহসি' ।

বনে নিবসতস্তেঽহং নানাবনবিচারিণঃ।
আহরিষ্যামি পুষ্পাণি স্বাদূন্যপি[1] ফলান্যহম্[2] ॥ ১৭ ॥
সহায়স্তে ভবিষ্যামি দুর্গেষু বিষমেষু চ।
আজ্ঞাকরস্তে ভৃত্যোঽহং ভবিষ্যামি মহাবনে ॥ ১৮ ॥
সর্ব্বভাবানুরক্তং মাং ন পরিত্যক্তুমর্হসি।
পশ্য মামার্য্যপুত্র[3] ত্বং পূজ্যশ্চাসি[4] গুরুশ্চ মে ॥ ১৯ ॥
পানীয়মাহরিষ্যামি পুষ্পমূলফলানি[5] চ।
সাধয়িষ্যামি চাহারং বনেষু বসতঃ প্রভো ॥ ২০ ॥

১৮। লো-টী। দুর্গেষু দুর্গমেষু স্থানেষু, বিষমেষু উচ্চনীচেষু
১৯। লো-টী। পশ্য কৃপাদৃষ্ট্যেত্যর্থঃ।

১৭। টিপ্পনী। অপিরত্র চার্থে।
১৮। টিপ্পনী। দুর্গেষু দুর্গমেষু বিষমেষু বিপৎসঙ্কুলেষু চ স্থানেষু।
২০। টিপ্পনী। আহারম্ আহার্য্যদ্রব্যং সাধয়িষ্যামি নিষ্পাদয়িষ্যামি।

হে বীর, 'লক্ষ্মণ আমার প্রতি ভক্তিসম্পন্ন' এই বলিয়া যদি আমাতে আপনার স্নেহ থাকে তাহা হইলে, অনুগমনপ্রবৃত্ত আমাকে আপনি নিষেধ করিবেন না ॥ ১৬ ॥

বনবাসকালে আপনি নানা বনে বিচরণ করিতে থাকিলে আমি [ আপনার জন্য ] পুষ্প এবং স্বাদু ফলসমূহ আহরণ করিব ॥ ১৭ ॥

দুর্গম ও বিপৎসঙ্কুল স্থানসমূহে আমি আপনার সহায় হইব। মহাবনে আমি আপনার আজ্ঞাবাহী ভৃত্য হইব ॥ ১৮ ॥

সর্ব্বতোভাবে অনুরক্ত আমাকে আপনি পরিত্যাগ করিবেন না। আর্য্যপুত্র, আপনি আমার প্রতি [কৃপা-] দৃষ্টিনিক্ষেপ করুন, আপনি আমার পূজ্য এবং গুরু ॥১৯॥

প্রভো, আপনি বনে বাস করিতে থাকিলে আমি [ আপনার জন্য ] পানীয়, পুষ্প, মূল ও ফল আহরণ করিব—এবং আহার্য্য [ দ্রব্য ] প্রস্তুত করিয়া দিব ॥ ২০ ॥

---

১। গ-ছ-ঝ-ট '-নি চ'। ২। ঞ '-নি চ'। ৩। গ-ঝ '-ত্রস্তং'। ৪। গ-ঞ-ট '-শ্চাপি'। ৫। ঝ 'পুষ্পং'।

অনুজানীহি মামার্য্য নিশ্চিতং ধর্ম্মবৎসল[1]।
অনুগন্তুং কৃতমতিং কৃতজ্ঞং শরণাগতম্ ॥ ২১ ॥
ন নিবর্ত্তয়িতব্যোঽহং সর্ব্বথা রঘুনন্দন।
ন হি রাম ত্বয়া ত্যক্তো[2] জীবেয়মিতি মে মতিঃ ॥ ২২ ॥
ন নিবর্ত্তয়িতুং শক্যা বুদ্ধিরেষা মম[3] স্থিরা।
স ভবাননুজানাতু মমানুগমনং বনে ॥ ২৩ ॥
সোঽনুনীতো[4] বহুবিধং লক্ষ্মণেন যশস্বিনা।
বাঢ়মিত্যব্রবীদ্রামো লক্ষ্মণং ভ্রাতৃবৎসলম্ ॥ ২৪ ॥
সহ যাস্যামি সৌমিত্রে ত্বয়াহং গহনং[5] বনম্।
ভবান্ হি পরমো[6] বন্ধুঃ সখা ভক্তঃ প্রিয়শ্চ মে ॥ ২৫ ॥

---

২১। লো-টী। নিশ্চিতং যথা স্যাত্তথা অনুগন্তুম্।

---

২১। টিপ্পনী। নিশ্চিতং কমপি বিকল্পমকৃত্বেত্যর্থঃ। কৃতমতিং কৃতনিশ্চয়ম্।
২৪। টিপ্পনী। অনুনীতঃ প্রার্থিতঃ।
২৫। টিপ্পনী। গহনং দুরধিগমম্।

---

হে ধর্ম্মবৎসল, হে আর্য্য, আপনি [ কোনরূপ ] ইতস্ততঃ না করিয়া কৃত-সঙ্কল্প, কৃতজ্ঞ, শরণাগত আমাকে অনুগমনের অনুজ্ঞা প্রদান করুন ॥ ২১ ॥

হে রঘুনন্দন, আমাকে কোনমতেই নিবর্ত্তিত করিবেন না। রাম, আপনার দ্বারা পরিত্যক্ত [ হইলে ] আমি নিশ্চয়ই জীবন ধারণ করিতে পারিব না, ইহাই আমার মনে হইতেছে ॥ ২২ ॥

আমার এই স্থির বুদ্ধি আপনি নিবর্ত্তিত করিতে সমর্থ হইবেন না। আমাকে [ আপনার সহিত ] বনানুগমনে অনুজ্ঞা প্রদান করুন ॥ ২৩ ॥

যশস্বী লক্ষ্মণকর্ত্তৃক বহুপ্রকারে প্রার্থিত হইয়া রাম, ভ্রাতৃবৎসল লক্ষ্মণকে বলিলেন 'আচ্ছা, তাহাই হউক' ॥ ২৪ ॥

---

১। গ-ঘ-ঙ-ট 'লম্'। ২। ঝ '-ক্তে'। ৩। ছ '-য়ি'। ৪। ঘ '-তং'। ৫। ঘ '-নে বনে'
৬। ছ-ট 'মে পরো'।

তথা তু রামং[১] গমনে[২] ধৃতব্রতং
সমীক্ষ্য দেবী রুদতী ভৃশাতুরা।
উবাচ ভূয়ো হৃদয়েন তপ্যতা
সুখোচিতা দুঃখপরিপ্লুতা ভৃশম্ ॥ ২৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণানুনয়ো নাম
একবিংশঃ সর্গঃ ॥ ২১ ॥

২৬। লো-টী। পরিপ্লুতা ব্যাপ্তা।

২৬। টিপ্পনী। সুখোচিতা সুখাভ্যস্তা ভৃশং দুঃখপরিপ্লুতা কৌশল্যা রামং গমনে ধৃতব্রতং দৃঢ়সঙ্কল্পং সমীক্ষ্য বিলোক্য ভৃশাতুরাতিকাতরা রুদতী রোদনং কুর্বাণা তপ্যতা হৃদয়েনধ্ব দুঃখসন্তপ্তেন মনসা ভূয় উবাচ।

[ রাম আরও বলিলেন ] হে লক্ষ্মণ, তোমাকে সঙ্গে লইয়া [ -ই ] আমি গহন বনে গমন করিব। তুমি আমার পরম বন্ধু, সখা, ভক্ত ও প্রিয় ॥ ২৫ ॥

অতি দুঃখসংমগ্না সুখাভ্যস্তা দেবী কৌশল্যা রামকে বনগমনে সেইরূপ দৃঢ়-নিশ্চয় দেখিয়া নিতান্ত কাতরা হইয়া রোদন করিতে করিতে পুনরায় দুঃখসন্তপ্তহৃদয়ে বলিলেন—॥ ২৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণানুনয়-নামক
**একবিংশ সর্গ সমাপ্ত ॥ ২১ ॥**

১। গ 'চ'। ২। ঙ '-হুনে'।

## দ্বাবিংশঃ সর্গঃ

যদি ধর্ম্মং পুরস্কৃত্য[1] পুত্র বর্ত্তিতুমিচ্ছসি।
ততো মে বচনং ধর্ম্ম্যং শৃণু ধর্ম্মভৃতাং বর ॥ ১ ॥
ত্বং হি লব্ধো ময়া কৃচ্ছ্রৈস্তপোভির্নিয়মৈস্তথা।
বচনং মে ত্বয়া কার্য্যমতঃ পুত্র বিশেষতঃ ॥ ২ ॥
আশয়া[2] পরয়া[3] রাম শিশুস্ত্বং[4] পরিপালিতঃ।
তৎ সমর্থোঽদ্য মাং দীনাং পরিরক্ষিতুমর্হসি ॥ ৩ ॥
পশ্য মামদ্য পুত্র ত্বং জীবিতেন বিয়োজিতাম্।
ন সকামাং সপত্নীং মে কৈকেয়ীং কর্ত্তুমর্হসি ॥ ৪ ॥

২। লো-টী। কৃচ্ছ্রৈর্ব্রতবিশেষৈঃ। তপোভির্জপচান্দ্রায়ণোপবাসাদিভিঃ। নিয়মৈর্ব্রতাদিভিঃ। তৎ তস্মান্মে বচনং বিশেষতো বিশেষেণ ত্বয়া কার্য্যম্।
৪। লো-টী। মে মম সপত্নীং সকামাং স্বেচ্ছাচরীম্।

১। টিপ্পনী। পুরস্কৃত্য পুরঃ সংস্থাপ্য প্রধানীকৃত্যেত্যর্থঃ
৩। টিপ্পনী। সমর্থো রক্ষণবিধাবিতি শেষঃ।
৪। টিপ্পনী। বিয়োজিতাং বিয়োজিতপ্রায়াম্।

বৎস, যদি ধর্ম্মকে [ -ই ] প্রধান করিয়া থাকিতে চাও, তাহা হইলে হে ধার্ম্মিকপ্রবর, আমার ধর্ম্মানুগত বাক্য শ্রবণ কর ॥ ১ ॥

আমি বহু কষ্টে, বহু তপস্যায় এবং বহু নিয়মে তোমাকে লাভ করিয়াছি। অতএব হে বৎস, আমার বাক্য পালন করা তোমার বিশেষ কর্ত্তব্য ॥ ২ ॥

রাম [ যখন তুমি ] শিশু [ ছিলে তখন ] তোমাকে আমি বহু আশা করিয়া প্রতিপালন করিয়াছি। অদ্য [ রক্ষণ- ] সমর্থ তুমি কাতরভাবাপন্না আমাকে রক্ষা কর ॥ ৩ ॥

বৎস, গতাসুপ্রায়া আমার প্রতি তুমি অদ্য দৃষ্টিপাত কর। আমার সপত্নী কৈকেয়ীকে সফলকামা করিও না ॥ ৪ ॥

---

১। ঙ-ছ-ঝ-ট '-মর্হসি'। ২। ঘ '-শামাপন্নয়া'। ৩। ঙ '-মঃ'। ৪। গ-ঘ ঙ-ঝ-ট '-ভুক্ত'।

ন চাপি রাম শক্তাহং বিপ্রকারান্ পৃথগ্‌বিধান্ ।
সোঢ়ুং সকাশাৎ কৈকেয্যাঃ পরিভূতা বিশেষতঃ ॥ ৫ ॥
নিত্যকালং[১] সপত্নীভির্ভৃশং বিপ্রকৃতা সতী ।
পুত্রচ্ছায়াং সমাশ্রিত্য[২] ভবামি[৩] সুস্থমানসা[৪] ॥ ৬ ॥
সাহমদ্য ন শক্যামি[৫] জীবিতুং শর্ব্বরীমিমাম্ ।
ফলিনা পাদপেনেব[৬] ফলকালে বিযোজিতা ॥ ৭ ॥
মা পুত্রক বচঃ কার্য্যাঃ স্ত্রীবিধেয়স্য ভূপতেঃ ।
কামকার[৭]প্রবৃত্তস্য[৮] দুষ্কৃতেরশুচেরিব[৯] ॥ ৮ ॥

---

৬। লো-টী। নিত্যকালং নিরন্তরম্ ।
৭। লো-টী। যথা ফলিনা পাদপেন কাচন স্ত্রী বিযোজিতা তথাহমপি ত্বয়া ফলদাত্রা ।
৮। লো-টী। স্ত্রীবিধেয়স্য স্ত্রীজিতস্য। কামকার ইচ্ছা ।

৫। টিপ্পনী। বিশেষতো বিশেষেণ পরিভূতা কৈকেয্যেতি শেষঃ অহং পৃথগ্‌বিধান্ বিপ্রকারান্ অবমানান্ সোঢ়ুং ন শক্তা ।
৬। টিপ্পনী। বিপ্রকৃতা অবমানিতা ।
৭। টিপ্পনী। ফলকালে ফলপ্রসবসময়ে ফলিনা ফলযুক্তেন পাদপেন বিযোজিতেব সা পুত্রাৎ সুখং প্রাপ্স্যামীত্যাশাবত্যহং জীবিতুং ন শক্যামি শক্নোমি ।
৮। টিপ্পনী। স্ত্রীবিধেয়স্য, স্ত্রীবশবর্ত্তিনঃ। কামকারো যথেচ্ছাচরণম্। দুষ্কৃতে-র্দুষ্কর্ম্মকারিণঃ ।

রাম, [ কৈকেয়ীর দ্বারা ] বিশেষরূপে নির্য্যাতিতা আমি আর কৈকেয়ীর নিকট হইতে [ নিত্য নূতন ] নানাবিধ অবমাননা সহ্য করিতে পারিতেছি না ॥ ৫ ॥

[ আশা করিয়াছিলাম, ] নিরন্তর সপত্নীগণকর্ত্তৃক অবমানিতা আমি পুত্র-চ্ছায়া আশ্রয় করত সুস্থচিত্তা হইব ॥ ৬ ॥

ঈদৃশ [ আশায় আশান্বিতা ] আমি ফলের সময় যেন ফলবান্ বৃক্ষে বিরহিতা হইয়া, এই রাত্রিও বাঁচিতে পারিব না ॥ ৭ ॥

১। ঙ '-ত্যং কামং'। ২। ঘ-ঞ 'ভবাশ্রি-'। ৩। গ-ছ-ট '-ম্যাশ্বস্ত-'। ৪। ঙ 'শুদ্ধচেতসা'। ৫। ক '-ক্নোমি', ছ-ট '-ক্ষ্যামি'। ৬। ঝ '-নৈব'। ৭। ঙ-ঞ '-চারপ্র-'। ৮। ঘ ঙ-ঞ '-মত্ত-'। ৯। ঙ '-রপি'।

যোঽতীত্য ধর্ম্মং পৌরাণমিক্ষ্বাকূণাং কুলোচিতম্।
ত্বামতিক্রম্য ভরতমভিষেক্তুমিহেচ্ছতি[1] ॥ ৯ ॥
অপি চেয়ং পুরা গীতা গাথা সর্ব্বত্র বিশ্রুতা।
মনুনা মানবেন্দ্রেণ তাং শ্রুত্বা মে বচঃ কুরু ॥ ১০ ॥
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
কামকার[2]প্রবৃত্তস্য ন কার্য্যং ব্রুবতো বচঃ ॥ ১১ ॥
দশ বিপ্রানুপাধ্যায়ো গৌরবেণাতিরিচ্যতে।
[3]উপাধ্যায়ান্ দশ পিতা তথৈ[4]ব ব্য[5]তিরিচ্যতে ॥ ১২ ॥

৯। লো-টী। পৌরাণং পুরাণশাস্ত্রপ্রতিপাদ্যম্।
১১। লো-টী। অবলিপ্তস্য অহঙ্কৃতস্য।
১২। লো-টী। দশ বিপ্রান্ দশবিপ্রেভ্য এবমুত্তরোত্তরমিতি নারায়ণঃ। দশবিপ্রানুপাধ্যায় ইতি পাঠে অতিক্রম্যেতি শেষঃ। এবমুত্তরোত্তরং গৌরবেণ গুরুতয়া অতিরিচ্যতে অতিরিক্তো ভবতি।

১১। টিপ্পনী। অবলিপ্তস্য গর্ব্বিতস্য। মনুসংহিতায়াং নায়ং শ্লোকঃ সমুপলভ্যতে। মধুসূদনসরস্বতীপাদৈর্গীতায়াং ( ২।৫ ) মল্লিনাথমখীন্দ্রেশ্চ শিশুপালবধে ( ১২।৫৬ ) শ্লোকোঽয়ম্ 'ইতি স্মৃতেরি'তি নির্দ্দেশেন সমকেতি পরমুভয়ত্রাপি পরার্দ্ধম্ 'উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে' ইত্যেবমেতদ্বিলক্ষণমুপলক্ষ্যতে।
১২। টিপ্পনী। দশ বিপ্রান্ অপেক্ষ্য উপাধ্যায়ঃ দশ উপাধ্যায়ানপেক্ষ্য পিতা গৌরবেণ অতিরিচ্যতে অধিকো ভবতি।

যিনি ইক্ষ্বাকুবংশীয়দিগের কুলোচিত পুরাতন ধর্ম্ম উল্লঙ্ঘন করিয়া তোমাকে অতিক্রমপূর্ব্বক অধুনা ভরতকে অভিষিক্ত করিতে ইচ্ছা করিয়াছেন, হে বৎস, স্ত্রীবশীভূত যথেচ্ছাচারপ্রবৃত্ত দুষ্কৃতিপরায়ণ [ অতএব ] অশুচিসদৃশ [ সেই ] ভূপতির বাক্য তুমি পালন করিও না ॥ ৮-৯ ॥

আর, মানবেন্দ্র মনুকর্ত্তৃক গীত এই [ সমস্ত ] গাথা সর্ব্বত্র প্রসিদ্ধ [ আছে ], তাহা শ্রবণ করিয়া আমার বাক্য পালন কর ॥ ১০ ॥

গুরুও গর্ব্বিত, কার্য্যাকার্য্যজ্ঞানশূন্য, যথেচ্ছাচারপ্রবৃত্ত হইয়া [কোন বিষয়ে] আদেশ করিলে [ তাঁহার ] আদেশ পালন করা কর্ত্তব্য নহে ॥ ১১ ॥

উপাধ্যায় গৌরবে দশজন ব্রাহ্মণকে অতিক্রম করেন; সেইরূপ পিতা [ গৌরবে ] দশজন উপাধ্যায়কে অতিক্রম করেন ॥ ১২ ॥

১। ঝ '-হেষ্যতে', ট '-হৈচ্ছত'। ২। ক-ঙ '-চার-'। ৩। গ ইদমর্দ্ধং নাস্তি। ৪। ঘ-ঞ '-থা চৈবাতি-'। ৫। ঙ 'চাতি-'।

পিতৄন্ দশ চ মাতৈকা সর্ব্বাং[1] বা পৃথিবীং বিভো।
গুরুত্বেনা[2]ভিভবতি কোঽ[3]স্তি মাতৃসমো গুরুঃ ॥ ১৩ ॥
পতিতা গুরবস্ত্যাজ্যা মাতা[4] তু ন[5] কথঞ্চন।
গর্ভধারণপোষাভ্যাং তেন মাতা গরীয়সী ॥ ১৪ ॥

১৩। লো-টী পিতৄন্ দশ চেতি—প্রাচীনবর্হিপুত্রাণাং দশানাং প্রচেতসাং মারিষায়াং পত্ন্যাং জাতস্য দক্ষস্য দশপিতৃকত্বং প্রসিদ্ধমিতি জ্ঞেয়ম্। সর্ব্বাং বাং পৃথিবীমিতি। যা মাতা পৃথিবীং পৃথিবীস্থান্ গুরূনতিক্রামতি সর্ব্বান্ গুরুত্বেনাভিভবতি অভিভূয় গুরুর্ভবতীত্যর্থ ইতি নারায়ণঃ। 'সর্ব্বস্থামিতি পাঠে সর্ব্বে গুরবস্তিষ্ঠন্ত্যস্যামিতি সর্ব্বস্থাং পৃথিবীং পৃথিবীস্থান্ সর্ব্বান্ গুরূনিত্যর্থঃ।

১৪। লো-টী। গুরবঃ পিত্রাদয়ঃ।

১৩। টিপ্পনী। একা মাতা দশ পিতৄন্ সর্ব্বাং বা পৃথিবীং গুরুত্বেনাভিভবতি। মনু-বচনঞ্চ 'উপাধ্যায়ান্ দশাচার্য্য আচার্য্যাণাং শতং পিতা। সহস্রং তু পিতৄন্ মাতা গৌরবেণাতিরিচ্যতে ॥' ইতি (২।১৪৫)। উপাধ্যায়াচ্ছ্রেষ্ঠ আচার্য্যস্তস্মাৎ পিতা ততোঽপি মাতেতি। দশাদিসংখ্যানির্দ্দেশঃ স্তুতিমাত্রম্। পূর্ব্বস্মাৎ পূর্ব্বস্মাৎ পরস্য পরস্যাতিশয়ো বিবক্ষিতোঽত এব সহস্রং পিতৄনিতি বচনম্। উপাধ্যায়ান্ দশাতিরিচ্যতে দশভ্য উপাধ্যায়েভ্যোঽধিকঃ। কথং পুনরত্র দ্বিতীয়া। অতিরয়ং কর্ম্মপ্রবচনীয়ঃ। উপাধ্যায়ান্ অতিক্রম্যাতিক্রম্যাতিরিচ্যতে গৌরবেণ সাতিশয়েন যুজ্যতে। অথবা আধিক্যমতিরেকস্তদ্ধেতুকেঽভিভবে ধাতুর্ব্বর্ত্ততে। অতি-রিচ্যতে ইতি কর্ম্মকর্ত্তরি দ্বিতীয়া চাবিরুদ্ধা দুহিযাচ্যোর্ব্বহুলং সকর্ম্মকয়োরিতি বহুলগ্রহণাদিতি। মেধাতিথিঃ। 'উৎপাদকব্রহ্মদাত্রোর্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা' (মনু ২।১৪৬) ইত্যনেন মুখ্যাচার্য্যস্যৈব পিত্রপেক্ষ্যোৎকর্ষ উক্ত ইতি কুল্লূকঃ। গৌতমবচনস্তু 'আচার্য্যঃ শ্রেষ্ঠো গুরূণাং মাতেত্যেকে' (২।৫০) ইতি।

১৪। টিপ্পনী। তেনেতি। তেন মাতুঃ কথঞ্চনাপরিত্যাজ্যত্বেন হেতুনা চেত্যর্থঃ। মনৌ (৮।৩৮৯) তথা যাজ্ঞবল্ক্যে (২।২৩৭) 'পতিতায়া মাতুরপরিত্যাগো ন বিধীয়তে'। বশিষ্ঠসংহিতায়াস্তু ত্রয়োদশাধ্যায়ে 'পতিতঃ পিতা পরিত্যাজ্যো মাতা তু পুত্রে ন পততি' ইতি বচনমুপলভ্যতে।

হে প্রভাবশালিন্, একমাত্র জননী দশ পিতাকে অথবা সমস্ত পৃথিবীকে গৌরবে পরাভূত করিয়া থাকেন অর্থাৎ মাতা পিতা হইতে দশগুণ এবং সমস্ত পৃথিবী হইতে অধিক মাননীয়া। [ অতএব ] মাতার ন্যায় গুরু কে আছেন ? ॥ ১৩ ॥

১। গ-ট '-র্ব্বাং বা', ঘ '-র্ব্বা বা পৃথিবী', ঙ '-র্ব্বস্থাং', ঝ '-র্ব্বাং বাং'। ২। ঘ '-ত্মানা-'। ৩। ক '-কা হি'। ৪। ঙ 'ন তু মাতা', ঝ 'ন মাতা তু'। ৫। ঘ 'নৈব'।

সাহং তে পিতৃতো রাম ধর্ম্মতো গৌরবাধিকা।
মাননীয়া বিশেষেণ যথা ধর্ম্মবিদো বিদুঃ ॥ ১৫ ॥
অতো মমাপি তে কার্য্যং শাসনং গুরুবৎসল।
অভিষিচ্যস্ব[1] ধর্ম্মেণ রাজ্যে রাজীবলোচন ॥ ১৬ ॥
যদি ত্বমেতন্মম ভাষিতং[2] হিতং কুলোচিতং সৎপুরুষৈর্নিষেবিতম্[3]।
যথাবদুক্তং ন করিষ্যসে ততশ্চিরায়[4] যাস্যামি যমক্ষয়ং[5] মৃতা ॥ ১৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে কৌশল্যাবাক্যং নাম
দ্বাবিংশঃ সর্গঃ ॥ ২২ ॥

---

১৬। লো-টী। তত ইতি তদিত্যর্থে। তন্মম শাসনম্।

১৭। লো-টী। ততস্তদা চিরায় যাস্যামি নহি নহি ইদানীমেবেত্যর্থঃ।

---

১৫। টিপ্পনী। হে রাম, তব পিতৃতঃ পিতরমপেক্ষ্য সা অহং তব মাতা ধর্ম্মতো গৌরবাধিকা গৌরবেণাধিকা গরীয়সীত্যর্থঃ। যথা চ ধর্ম্মবিদো বিদুরবগচ্ছন্তি তথা বিশেষেণাহং তে মাননীয়া চ। তথা চ মনুঃ 'সর্ব্বে তস্যাদৃতা ধর্ম্মা যস্যৈতে ত্রয় আদৃতাঃ। অনাদৃতাস্তু যস্যৈতে সর্ব্বাস্তস্যাফলাঃ ক্রিয়াঃ ॥' ( ২।২৩৪ )

১৭। টিপ্পনী। যদি ত্বং মমৈতদ্ধিতং হিতকরং ভাষিতং বাক্যং তথা যথাবদ্ যথাযথম্ উক্তং মদুক্তং সৎপুরুষৈশ্চ নিষেবিতং কুলোচিতং কার্য্যমিতি শেষঃ ন করিষ্যসে তদা মৃতা সতী চিরায় যমক্ষয়ং যমালয়ং যাস্যামীত্যন্বয়ঃ।

---

অন্যান্য গুরু পতিত হইলে পরিত্যাজ্য, মাতা কিন্তু কোনক্রমেই পরিত্যাজ্যা নহেন। গর্ভধারণ ও প্রতিপালন হেতু এবং সেই কারণে ( অর্থাৎ কোন অবস্থায়ই পরিত্যাজ্যা নহেন বলিয়া ) মাতা [ সর্ব্বাপেক্ষা ] মাননীয়া ॥ ১৪ ॥

রাম, তোমার মাতা আমি, তোমার পিতা হইতে ধর্ম্মতঃ গৌরবে শ্রেষ্ঠা [ এবং ] ধর্ম্মবিদ্‌গণ যেরূপ বুঝিয়া থাকেন [ তাহাতে ] বিশেষরূপে মাননীয়া ॥ ১৫ ॥

অতএব, হে গুরুবৎসল, আমারই আজ্ঞা তোমার পালন করা কর্ত্তব্য। হে রাজীবলোচন, তুমি ধর্ম্মানুসারে রাজ্যে অভিষিক্ত হও ॥ ১৬ ॥

তুমি যদি আমার হিতকর বাক্য [ পালন না কর ] এবং [ আমার দ্বারা ] যথাযথভাবে বর্ণিত সজ্জনগণের অনুষ্ঠিত কুলোচিত কার্য্য না কর তাহা হইলে আমি গতাসু হইয়া চিরকালের জন্য যমালয়ে গমন করিব ॥ ১৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে কৌশল্যাবাক্য-নামক
দ্বাবিংশ সর্গ সমাপ্ত ॥ ২২ ॥

---

১। ছ 'রাম'। ২। ছ 'ভাষণং', ঝ-ট 'শাসনং'। ৩। ক '-রনুষ্ঠিতম্'। ৪। ঘ-ঞ 'যচ-'। ৫। ঝ 'তদা'।

## ত্রয়োবিংশঃ সর্গঃ

অথানুনেতুং চক্রেঽসৌ[১] মাতরং যত্নমাস্থিতঃ।
প্রশ্রিতৈর্ম্মধুরৈর্ব্বাক্যৈর্হেতুমদ্ভিশ্চ রাঘবঃ ॥ ১ ॥

মম চৈব ভবত্যাশ্চ রাজা প্রভবতি[২] প্রভুঃ।
ন প্রভুত্বমতস্তেঽস্তি[৩] মম দেবি নিবর্ত্তনে ॥ ২ ॥

দাতুমর্হসি মেঽনুজ্ঞাং দেবি ধর্ম্মভৃতাং বরে।
বনবাসায় বর্ষাণি নব পঞ্চ চ সুব্রতে ॥ ৩ ॥

ভর্ত্তা হি দৈবতং স্ত্রীণাং ভর্ত্তা চেশ্বর উচ্যতে।
অতস্তে শাসনং ভর্ত্তুর্ন[৪] ব্যাহন্তব্যমেব হি ॥ ৪ ॥

---

১। লো-টী। আস্থিত আশ্রিতঃ। প্রশ্রিতৈর্ব্বিনীতৈঃ।

১। টিপ্পনী। অনুনেতুং চক্রে অনুনেতুমারেভে। প্রশ্রিতৈর্বিনয়যুক্তৈঃ। হেতুমদ্ভির্যুক্তিমদ্ভিঃ।

২। টিপ্পনী। প্রভুঃ সর্ব্বার্থসম্পাদনসমর্থো রাজা দশরথো মম ভবত্যাশ্চ-প্রভবতি আবয়োর্নিয়োগে দণ্ডাদৌ চ সমর্থো ভবতি। নিবর্ত্তনে বনবাসসঙ্কল্পান্নিবৃত্তৌ।

---

অনন্তর, রঘুনন্দন [রাম] প্রযত্নসহকারে বিনয়গর্ভ যুক্তিপূর্ণ মধুরবাক্যে জননীকে অনুনয় করিতে লাগিলেন ॥ ১ ॥

প্রভুত্বসম্পন্ন নৃপতির, আপনার এবং আমার [উভয়ের] উপরই প্রভুত্ব রহিয়াছে। অতএব হে দেবি, আমাকে [বনবাসসঙ্কল্প হইতে] নিবৃত্ত করার অধিকার আপনার নাই ॥ ২ ॥

হে ধার্ম্মিক [রমণী]-প্রবরে, হে সুব্রতে, হে দেবি, চতুর্দ্দশ বৎসর বনবাসের জন্য আমাকে অনুজ্ঞা প্রদান করুন ॥ ৩ ॥

স্বামীই নারীর দেবতা এবং স্বামীই [নারীর] ঈশ্বর বলিয়া কথিত হয়েন। অতএব স্বামীর আজ্ঞা ব্যাহত করা কোন ক্রমেই আপনার কর্ত্তব্য নহে ॥ ৪ ॥

---

১। ঋ 'সংচক্রে'। ২। ছ-ট 'হি ভ-'। ৩। ঘ-ঞ '-স্তেন', ঙ '-স্তেঽস্মিন্', ঝ '-স্তেঽস্তি'। ৪। থ 'হন্তব্যং কথঞ্চন'।

পুনরাগমনং মে ত্বমন্বাশংসিতুমর্হসি[1]।
যতব্রতা[2] নিত্যমেব ভর্ত্তুরারাধনে[3] ভব[4] ॥ ৫ ॥
তীর্ণপ্রতিজ্ঞ[5] এষ্যামি ত্বৎপ্রসাদাদহং পুনঃ।
অরিষ্টঃ[6] কুশলী[7] চেহ তস্মাৎ সংশাম্য মা শুচঃ ॥ ৬ ॥
কুলে জাতাসি বিস্তীর্ণে রাজ্ঞামমিততেজসাম্।
সদ্‌গুণাখ্যাতযশসাং[8] কোশলানাং[9] মহাত্মনাম্ ॥ ৭ ॥
কুলশীলগুণাচারধর্ম্মজ্ঞাসি[10] যতব্রতে[11]।
সা কথং শাসনং ভর্ত্তুরতিবর্ত্তিতুমর্হসি[12] ॥ ৮ ॥

---

৫। লো-টী। ভর্ত্তুরারাধন এব নিত্যং যতব্রতা সতী মে আগমনং সদা ত্বম্ আশংসিতু-মর্হসীত্যন্বয়ঃ।

৬। লো-টী। অরিষ্টো বিঘ্নশূন্যঃ।

৭। লো-টী। বিস্তীর্ণে মহতি। সদ্ভির্গুণৈরাখ্যাতং যশো যেষাং তেষাম্। ষড়্‌গুণা-খ্যাত ইতি পাঠে ষড়্‌গুণৈঃ প্রসিদ্ধঃ।

---

৫। টিপ্পনী। আশংসিতুং কাময়িতুম্। নিত্যং সর্ব্বদৈব ভর্ত্তুরারাধনে শুশ্রূষণে যতব্রতা নিয়তচিত্তা ভব।

৬। টিপ্পনী। নাস্তি রিষ্টং দেহপীড়াদ্যশুভং যস্য সোঽরিষ্টঃ। 'রিষ্টং ক্ষেমাশুভা-ভাবেষ্বি'ত্যমরঃ।

৭। টিপ্পনী। সদ্‌গুণাখ্যাতযশসাং সদ্‌গুণৈরাখ্যাতং প্রথিতং যশো যেষাম্।

আপনি এখন আমার পুনরাগমন কামনা করুন [ এবং ] সর্ব্বদাই পতি-শুশ্রূষায় স্থিরসঙ্কল্পা হউন ॥ ৫ ॥

আমি আপনার প্রসাদে প্রতিজ্ঞা উত্তীর্ণ হইয়া কুশলে ও অক্ষতদেহে এইস্থানে পুনরায় আগমন করিব। অতএব আপনি শান্ত হউন, শোক করিবেন না ॥ ৬ ॥

আপনি সদ্‌গুণে প্রথিতকীর্ত্তি অসীমতেজঃসম্পন্ন মহাত্মা কোশলরাজগণের

---

১। গ-ঞ '-মন্তু-'। ২। ঘ-ঙ-ঞ 'পতি-'। ৩। ঙ '-রাজ্ঞাপরা'। ৪। ক 'স্থিতা', ঘ-ছ 'সদা'। ৫। ট '-জত্বরিতত্বৎ', ঘ-ঞ '-জ্ঞঃ কুশলী'। ৬। ঘ 'আগমিষ্যামি চৈবেহ ততঃ',। ৭। ঞ 'এষ্যামি চেহ ততঃ সং-'। ৮। ঘ 'সৎখ্যাতযশসাং লোকে'। ৯। ঙ '-লায়াঃ'। ১০। ঘ 'সমাচারধর্ম্মজ্ঞা হি'। ১১। ঘ 'যতব্রতা', ঝ 'পতিব্রতা', ঞ 'প্রিয়ব্রতা'। ১২। গ-ঘ ঙ-ছ-ঝ-ঞ ইদমর্দ্ধং নাস্তি।

দৈবতং হি গুরুশ্চৈব ভর্ত্তা দেবি প্রসীদ মে।[1]
মৎস্নেহান্নার্হসে তস্য মতমুৎক্রম্য বর্ত্তিতুম্[2] ॥ ৯ ॥
নির্ব্বিচারং গুরোরাজ্ঞা ময়া কার্য্যা মহাত্মনঃ।
শ্রেয়ো হ্যেবং[3] ভবত্যাশ্চ মম চৈব বিশেষতঃ[4] ॥ ১০ ॥
কার্কশ্যাদ্বালভাবাদ্বা ন কুর্য্যাং চেৎ[5] পিতুর্ব্বচঃ।
ততোঽহং[6] প্রতিষিদ্ধঃ[7] স্যাং ভবত্যা বিনয়েপ্সয়া[8] ॥ ১১ ॥

১১। লো-টী। কার্কশ্যাৎ সাহসিকত্বাৎ ক্রূরভাবত্বেন ন কুর্য্যাম্। যৎপিতুরিতি পাঠে যদ্ যদি ততস্তদা প্রতিষেধ্যো নিষেধ্যঃ স্যাম্।

৯। টিপ্পনী। অর্হসে অর্হসি।

১০। টিপ্পনী। এবং গুরোরাজ্ঞাকরণেন।

১১। টিপ্পনী। প্রতিষিদ্ধো নিবারিতঃ। বিনয়েপ্সয়া বিনয়স্য শিক্ষায়া ঈপ্সয়া অভিপ্রায়েণ, যথাহং শিক্ষিতো ভবেয়ং তদর্থমিত্যর্থঃ।

বিস্তীর্ণ বংশে জন্মগ্রহণ করিয়াছেন। হে দৃঢ়ব্রতে, আপনি কুল, শীল, গুণ, আচার ও ধর্ম্মে অভিজ্ঞা। সেই আপনি কিরূপে স্বামীর আজ্ঞা অতিক্রম করিতে পারেন? ॥ ৭-৮ ॥

স্বামী [ নারীগণের ] দেবতা ও গুরু। হে দেবি, আমার প্রতি প্রসন্না হউন, আমার প্রতি স্নেহবশতঃ তাঁহার মত উল্লঙ্ঘন করিয়া চলা আপনার উচিত নহে ॥ ৯ ॥

আমি নির্ব্বিচারে মহাপ্রাণ পিতার আজ্ঞা পালন করিব। ইহাতেই আপনার এবং বিশেষতঃ আমার মঙ্গল হইবে ॥ ১০ ॥

যদি আমি কর্কশতা অথবা বালকভাবনিবন্ধন [ স্বয়ং ] পিতার বাক্য পালন না করি, তাহা হইলে শিক্ষা দেওয়ার অভিপ্রায়ে আপনার আমাকে [ তাদৃশ অনুচিত ব্যবহার হইতে ] নিবারণ করা কর্ত্তব্য ॥ ১১ ॥

১। ঙ '-শ্চৈব'। ২। ঘ '-স্যাজ্ঞামুৎ-'। ৩। গ 'হ্যেষ'। ৪। গ-ঝ 'বিশেষেণ মমৈব চ', ট 'রাজ্ঞা প্রভবতি স্বয়ম্'। ৫। ঙ। 'বা'। ৬। ঙ 'অতো-'। ৭। ছ '-মেদ্ধঃ', ঝ-ট '-ষেধ্যঃ'। ৮। গ 'বিনয়ে-', ক 'বিষয়েচ্ছয়া', ঘ-ঙ-ছ-ঞ 'বিনয়েচ্ছয়া'।

কিং পুনর্যস্য মে দেবি স্বভাবনিয়তা মতিঃ।
ভূয়োঽপি বর্দ্ধনীয়ৈব[1] ভবত্যা বিনয়জ্ঞয়া[2] ॥ ১২ ॥

ন তে রাজা কিঞ্চিদপি বক্তব্যো মদপেক্ষয়া[3]।
প্রতীপমপ্রিয়ং[4] বাপি ন চ[5] কার্য্যং প্রসীদ মে ॥ ১৩ ॥

কৈকেয়ী বা মহাভাগা ভরতো বা মহাযশাঃ।
অল্পমপ্যপ্রিয়ং[6] বাক্যং ন বক্তব্যৌ[7] প্রসীদ মে ॥ ১৪ ॥

যথাহমেব[8] দ্রষ্টব্যো ভরতঃ সর্ব্বথা ত্বয়া।
কৈকেয়ী ভগিনীবচ্চ দ্রষ্টব্যা স্নেহতস্ত্বয়া ॥ ১৫ ॥

১২। লো-টী। বিনয়জ্ঞয়া বিনয়জ্ঞানবত্যা।
১৩। লো-টী। তে ত্বয়া মম বনগমনপ্রতীপং প্রতিকূলং ন বক্তব্যঃ। অপ্রিয়ং নিষ্ঠুরং শ্রবণকটু ন বক্তব্যঃ। তদা প্রসীদ। যদ্বা যদি প্রসীদসি তদা ন বক্তব্য ইত্যন্বয়ঃ।

১২। টিপ্পনী। স্বভাবনিয়তা স্বভাবেন প্রকৃত্যৈব নিয়তা স্থিরা। বিনয়জ্ঞয়া বিনয়-ব্যবহারাভিজ্ঞয়া ত্বয়া সা মে মতির্ভূয়োঽপি ততোঽপ্যধিকং বর্দ্ধনীয়া ইত্যত্র কিং বক্তব্যম্। যদা খল্ববিনীতোঽহং ভবত্যা বাঢ়ং বিনেতব্যস্তদা কিং পুনর্ব্বক্তব্যং স্বয়ং বিনীয়মানস্য মে বিনয়ো বর্দ্ধনীয় ইতীতি ভাবঃ।
১৩। টিপ্পনী। মদপেক্ষয়া মন্নিমিত্তং মম বনগমনং নিমিত্তীকৃত্যেত্যর্থঃ।

[তাহাতে,] হে দেবি, আমার স্বভাব-স্থির বুদ্ধি, বিনয় ব্যবহারে অভিজ্ঞা আপনার [নানাবিধ উপদেশে] যে আরও পরিপুষ্ট করা কর্ত্তব্য এবিষয়ে আর বক্তব্য কি? ॥১২॥

[দেবি,] আপনি আমার প্রতি প্রসন্না হউন, আমার [বনবাস-] জন্য আপনি নৃপতিকে কিছুই বলিবেন না, এবং [তাঁহার] প্রতিকূল বা অপ্রিয় [কিছুই] করিবেন না ॥ ১৩ ॥

আপনি মহাভাগা কৈকেয়ীকে অথবা মহাযশাঃ ভরতকে অল্পমাত্রও অপ্রিয় বাক্য বলিবেন না; আপনি আমার প্রতি প্রসন্না হউন ॥ ১৪ ॥

আপনি ভরতকে সর্ব্বতোভাবে আমার ন্যায়ই দেখিবেন। কৈকেয়ীকেও আপনি ভগিনীর ন্যায় স্নেহদৃষ্টিতে দেখিবেন ॥ ১৫ ॥

---

১। ঝ '-য়া হি'। ২। ঘ-ঙ-ঝ-ঞ-ট '-য়াজ্ঞয়া'। ৩। ঙ 'ময্যা-'। ৪। গ '-য়কাপি', ঝ '-য়স্যাপি', ছ '-য়ং বা তে'। ৫। গ-ঘ-ছ-ঞ 'বক্তব্যং', ঝ 'বক্তব্যঃ'। ৬। চ-ঞ 'স্বল্প-'। ৭। গ-ঙ 'ব্যং'। ৮। গ-ঘ-ছ-ঝ-ট '-মেবং'।

বিরুধ্যন্তে ন বলিভির্ব্বুদ্ধিমন্তঃ[১] কথঞ্চন।
বলহীনৈরপি তথা বিরুধ্যন্তে ন সংহতৈঃ[২] ॥ ১৬ ॥
তৎ কথং সহ পিত্রাহং বিরুধ্যেয়ং মহাত্মনা।
ভ্রাত্রা[৩] বা ভরতেনাপি[৪] ভক্তেনানপকারিণা[৫] ॥ ১৭ ॥
ধর্ম্মাত্মনা বিনীতেন প্রাণেভ্যোঽপি প্রিয়েণ চ।
কথং নাম বিরুধ্যেয়ং[৬] সহ তেন মহাত্মনা[৭] ॥ ১৮ ॥
পিত্রা দত্তং যৌবরাজ্যং ভরতো যদ্যবাপ্স্যতি।
তত্র[৮] দোষোঽস্তি কস্তস্য ভরতস্য মহাত্মনঃ ॥ ১৯ ॥
অভিস্সৃষ্টং[৯] পুরা রাজ্ঞা[১০] কৈকেয়ী ভর্ত্তৃতো[১১] বরম্।
যদি গৃহ্লাতি কস্তস্যা[১২] দোষস্তত্র[১৩] ব্রবীহি[১৪] মে ॥ ২০ ॥

১৬। লো-টী। বলহীনৈঃ সংহতৈর্বহুলৈঃ।
১৯। লো-টী। তত্তদ্দোষঃ—তৎ তস্মাৎ স চাসৌ দোষশ্চেতি। দোষশ্চ রাজ্য-গ্রহণরূপঃ।

১৬। টিপ্পনী। বিরুধ্যন্তে বিরোধং কুর্ব্বন্তি। সংহতৈঃ সম্মিলিতৈঃ।
১৭। টিপ্পনী। ততঃ কিমিত্যাহ—তদিতি। রাজা স্বয়ং বলী, ভরতশ্চ দুর্ব্বলোঽপি মাতামহাদিভিঃ সংহত ইতি নোভাবেব বিরোধমর্হত ইতি ভাবঃ। অনেন স্বয়ংগ্রহোঽপি ন সুকর ইতি দর্শিতম্।
২০। টিপ্পনী। অভিস্সৃষ্টং দত্তম্। ব্রবীহীত্যার্যম্।

বুদ্ধিমান্ ব্যক্তিগণ কোনক্রমেই বলবান্ ব্যক্তিগণের সহিত বিরোধ করেন না; সেইরূপ [ একত্র ] সম্মিলিত বলহীন ব্যক্তিগণের সহিতও বিরোধ করেন না ॥ ১৬ ॥

অতএব আমি কিরূপে মহাত্মা পিতার সহিত বিরোধ করিতে পারি? অনপকারী, ভক্ত, ধর্ম্মাত্মা, বিনীত, প্রাণ হইতেও প্রিয় সেই মহাত্মা ভ্রাতা ভরতের সহিতই বা কিরূপে বিরোধ করিতে পারি? ॥ ১৭-১৮ ॥

পিতৃদত্ত যৌবরাজ্য যদি ভরত প্রাপ্ত হয়, তাহাতে সেই মহাত্মা ভরতের কি দোষ থাকিতে পারে? ॥ ১৯ ॥

১। ছ-ট '-মন্তিঃ'। ২। ঝ 'নিষেধ্যা তৈঃ'। ৩। ঝ 'শ্রাত্বা'। ৪। গ-ঙ-ছ-ঞ-ট '-ত্ত', ঘ '-থ'। ৫। ঙ '-ক্তেন নয়কা-'। ৬। গ '-ধ্যোঽহং'। ৭। গ '-ময়া-'। ৮। ঙ 'তদা'। ৯। ঘ-ঙ 'অতি-'। ১০। ক-ট 'রাজ্ঞো'। ১১। ট 'ভরতো'। ১২। ঝ '-স্তস্য'। ১৩। ছ-ট '-স্তস্যা', ঝ '-স্তস্য', ঞ '-স্তথাং'। ১৪। ছ-ট '-বি যং', ঝ '-তি'।

রাজা[1] চ প্রাক্ প্রতিশ্রুত্য দদাত্যসৌ যদা বরম্।
ভীতোঽনৃতা[2]ত্তত্র দোষঃ[3] কো রাজ্ঞঃ সত্যবাদিনঃ ॥ ২১ ॥
ব্যক্তমেতৎ[4] পরং ধর্ম্মং ভর্ত্তা তে দেবি মন্যতে।
চলেদ্ধি ধর্ম্মাদ্রাজেতি ন স কালো ভবিষ্যতি ॥ ২২ ॥
শ্রুতধর্ম্মার্থতত্ত্বো[5] হি সাধুঃ[6] সদ্বৃত্তমাস্থিতঃ[7]।
সত্যজ্ঞঃ সত্যবাগ্ রাজা ন হি ধর্ম্মাচ্চলিষ্যতি ॥ ২৩ ॥
সা ত্বং সদ্বৃত্ত[8]কুশলা ছিন্নধর্ম্মার্থসংশয়া।
ন ধর্ম্মজ্ঞং নরপতিং দোষতো[9] গন্তুমর্হসি ॥ ২৪ ॥

২২। লো-টী। এতৎ সত্যবচনরূপং ব্যক্তং স্ফুটং নিশ্চিতমিত্যর্থঃ।
২৩। লো-টী। শ্রুতং ধর্ম্মার্থস্য ধর্ম্মরূপস্য বস্তুনস্তত্ত্বং যেন সঃ। সত্যজ্ঞঃ সত্য-বাক্যফলজ্ঞঃ।
২৪। লো-টী। ছিন্নো ধর্ম্মরূপার্থসংশয়ো যস্যাঃ সা, সা ত্বং ধর্ম্মজ্ঞং নরপতিং হিত্বা গন্তুং বনায়েতি শেষঃ।

২৪। ছিন্নধর্ম্মার্থসংশয়া—ছিন্না ধর্ম্মার্থে ধর্ম্মবিষয়ে সংশয়া যস্যাঃ সা। দোষতো দোষেণ দোষমাশ্রিত্যেতি বা। গন্তুম্ অবগন্তুম্।

নৃপতিকর্ত্তৃক পূর্ব্বে প্রদত্ত বর যদি কৈকেয়ী ভর্ত্তার (সেই নৃপতির) নিকট হইতে গ্রহণ করেন, তাহাতে তাঁহার কি দোষ, আমাকে বলুন ॥ ২০ ॥

মিথ্যা [ বচন ] -ভীরু নৃপতি যদি পূর্ব্বে [ 'তোমাকে ঈপ্সিত বর প্রদান করিব' এই ] অঙ্গীকার করিয়া [ এখন কৈকেয়ীকে সেই ] বর প্রদান করেন, তাহা হইলে সত্যবাদী নৃপতির [ -ই বা ] দোষ কি ? ॥ ২১ ॥

হে দেবি, আপনার ভর্ত্তা নিশ্চয়ই ইহা ( সত্যবাদিত্ব ) পরম ধর্ম্ম বলিয়া মনে করেন। নৃপতি ধর্ম্ম হইতে বিচলিত হইবেন, সেই কাল [ কখনও ] হইবে না ॥ ২২ ॥

নৃপতি ধর্ম্মবিষয়ক তত্ত্ব অবগত আছেন। সাধু, সদ্বৃত্তশালী, সত্যজ্ঞ, সত্যবাক্ [ সেই ] নৃপতি ধর্ম্ম হইতে নিশ্চয়ই বিচলিত হইবেন না ॥ ২৩ ॥

১। গ '-জাপি', ঝ '-জাতু'। ২। ঙ '-তানৃণা-', ট '-তো নৃণাস্ত-'। ৩। ঙ 'দোষে'। ৪। ঘ 'বক্তব্যং মে', ঙ 'ব্যক্তমেব'। ৫। ঘ '-ধর্ম্মস্থিতঃ সোঽপি', ঙ '-ধর্ম্মোঽর্থ-'। ৬। ঙ-ঝ 'সাধুসত্ত্ব-'। ৭। ক-ঝ '-মাশ্রিতঃ'। ৮। ঞ 'সদ্ভক্ত-'। ৯। ঝ 'দেবি ত্বো'।

প্রসীদানুনয়ামি ত্বাং নানুশাস্মি কথঞ্চন।
অনুজানীহি মাং মাতর্ব্বনবাসায় দীক্ষিতম্ ॥ ২৫ ॥
এবং স রামো গতবুদ্ধিভাবো বনং প্রবেষ্টুং সহ লক্ষ্মণেন।
ভূয়ো বচঃ সানুনয়ং বভাষে তাং মাতরং ধর্ম্মভূতাং[2] বরিষ্ঠঃ ॥ ২৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে কৌশল্যানুনয়ো নাম
ত্রয়োবিংশঃ সর্গঃ ॥ ২৩ ॥

২৬। লো-টী। গতা প্রবৃত্তা বুদ্ধির্ভাব ইচ্ছা চ যস্য সঃ

২৫। টিপ্পনী। নানুশাস্মি নোপদিশামি। দীক্ষিতং প্রবৃত্তম্।
২৬। টিপ্পনী। ধর্ম্মভূতাং ধার্ম্মিকাণাং বরিষ্ঠঃ শ্রেষ্ঠো রামো লক্ষ্মণেন সহ বনং প্রবেষ্টুং গন্তুম্ এবং গতবুদ্ধিভাবঃ গতৌ নিশ্চিতৌ বুদ্ধিভাবৌ বুদ্ধিমনসী যস্য স ঈদৃশঃ সন্ তাং মাতরং কৌশল্যাং সানুনয়ম্ অনুনয়সহিতং বচঃ ভূয়ো বারংবারং বভাষে ইত্যন্বয়ঃ।

---

আপনি সদ্বৃত্তনিপুণা এবং ধর্ম্মবিষয়ে আপনার [ সমস্ত ] সন্দেহ অপগত হইয়াছে; আপনি ধর্ম্মজ্ঞ নৃপতিকে দোষী বলিয়া বিবেচনা করিবেন না ॥ ২৪ ॥

[ আমার প্রতি ] আপনি প্রসন্না হউন। আপনার নিকট আমি অনুনয় করিতেছি, আপনাকে কোনও রূপ উপদেশ প্রদান করিতেছি না। মাতঃ, বনবাস-গমনে প্রবৃত্ত আমাকে আপনি অনুজ্ঞা প্রদান করুন ॥ ২৫ ॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ রাম, লক্ষ্মণের সহিত বনে গমন করিবার জন্য এইরূপে বুদ্ধি ও মন স্থির করিয়া বারংবার জননী কৌশল্যাকে অনুনয়গর্ভ বাক্য বলিয়াছিলেন ॥ ২৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে কৌশল্যানুনয়-নামক
ত্রয়োবিংশ সর্গ সমাপ্ত ॥ ২৩ ॥

১। ঘ '-দায় নমামি', ঝ '-দাত্ত নমামি'। ২। ঝ 'দেহ-'।

## চতুর্ব্বিংশঃ সর্গঃ

ইত্যুক্ত্বা জননীং রামো ধর্ম্ম্যং[১] সানুনয়ং বচঃ।
স্থিতাং ধ্যানপরাং[২] দীনাং পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ১ ॥

ত্বয়া[৩] দেবি ময়া চৈব স্থেয়ং নৃপতিশাসনে।
রাজা ভর্ত্তা গুরুশ্চৈব সর্ব্বেষামীশ্বরশ্চ[৪] নঃ ॥ ২ ॥

ইমানি তু[৫] বিহৃত্যাহং[৬] বর্ষাণি[৭] নব পঞ্চ চ।
বনে[৮] পুনরুপাবৃত্তঃ স্থাস্যামি পিতৃশাসনে[৯] ॥ ৩ ॥

---

১। লো-টী। ধর্ম্মপরাম্। ধ্যানপরাং বা পাঠঃ।

৩। লো-টী। ইহ বনে ইতি সম্বন্ধঃ। উপাবৃত্ত আগতঃ।

---

১। টিপ্পনী। ধ্যানপরাং চিন্তাকুলাম্।

২। টিপ্পনী। নৃপতিশাসনে রাজাজ্ঞায়াং স্থেয়ং স্থাতব্যম্। ভর্ত্তা পালকঃ।

৩। টিপ্পনী। ন কেবলং ত্বামেব নৃপতিশাসনং গ্রাহয়িতুমনুনয়ামি পরমেবং বিপ্রকৃতোঽপ্যহমস্যৈব শাসনমঙ্গীকৃত্য চিরং স্থাতুমভিলষামীত্যাহ —ইমানীতি। বনে বিহৃত্য পরিভ্রম্য পুনরুপাবৃত্তঃ প্রত্যাবৃত্তঃ সন্ পিতৃশাসনে এব স্থাস্যামি। 'স্থাস্যামি বচনে তব' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।২৪।১৭)। ইমানীত্যল্পত্বজ্ঞাপনায়। বিহৃত্যেত্যনেন ক্লেশরাহিত্যমুক্তম্। গোঃ রাঃ।

---

রাম চিন্তামগ্না দীনভাবে অবস্থিতা জননীকে এইরূপ ধর্ম্মানুগত অনুনয়যুক্ত বাক্য বলিয়া পুনরায় [ এই ] বাক্য বলিলেন — ॥ ১ ॥

দেবি, আপনার এবং আমার নৃপতির শাসনে অবস্থান করাই কর্ত্তব্য। নৃপতি আমাদের সকলের অধীশ্বর, গুরু ও পালনকর্ত্তা ॥ ২ ॥

আমি এই চতুর্দ্দশ বৎসর বনে ভ্রমণপূর্ব্বক পুনঃ প্রত্যাগত হইয়া নৃপতির শাসনে [ -ই ] অবস্থান করিব ॥ ৩ ॥

---

১। ক-গ-ঘ-ঙ-ঝ 'ধর্ম্মাত্মানু-'। ২। ঘ-ঙ-ছ-ঝ 'ধর্ম্ম-'। ৩। ঝ 'শৃণু'। ৪। ঙ 'সঃ'। ৫। ট 'চ'। ৬। ঝ 'বিহৃত্যেহ', ঞ 'প্রমুষ্যৈব'। ৭। গ-ছ-ঝ-ট 'নব বর্ষাণি'। ৮। গ '-লাৎ'। ৯। ক 'তব', 'কন্ গ-'।

ইত্যুক্ত্বা[১] সা প্রিয়ং পুত্রং বাষ্পপর্য্যাকুলং[২] বচঃ।
উবাচেদং সপত্নীনাং বস্তুং[৩] মধ্যে ন মে ক্ষমম্ ॥ ৪ ॥
নয় মামপি পুত্র ত্বং বনং বন্যমৃগাকুলম্।
যদি তে গমনে বুদ্ধিঃ কৃতা পিতুরপেক্ষয়া ॥ ৫ ॥
তাং তথা ব্রুবতীং রামঃ পুনর্ব্বচনমব্রবীৎ।
জীবৎপত্যাঃ[৪] স্ত্রিয়া ভর্ত্তা দৈবতং ন পুনঃ সুতঃ ॥ ৬ ॥
ভবত্যা মম চৈবাদ্য[৫] রাজা প্রভবতি প্রভুঃ।
অতো[৬] নার্হাম্যহং[৭] নেতুং ত্বামিতো নগরাদ্বনম্ ॥ ৭ ॥

৪। লো-টী। ক্ষমম্ উচিতম্।
৬। লো-টী। দৈবতং নোঽস্মাকং পুনঃ স্বতঃ স্বভাবত এব। 'দৈবতং ন পুনঃ সুতঃ' ইতি পাঠে দৈবতমাশ্রয়ঃ ন পুনঃ সুতঃ।

৪। টিপ্পনী। বাষ্পপর্য্যাকুলম্ বাষ্পজড়ম্। ন মে ক্ষমং ন ময়া শক্যম্।
৬। টিপ্পনী। জীবৎপত্যাঃ জীবন্ পতির্যস্যাঃ সা তস্যাঃ। দৈবতং প্রভুঃ।
৭। টিপ্পনী। প্রভুর্নিয়োগসমর্থঃ।

এইরূপে উক্ত হইয়া কৌশল্যা প্রিয় তনয়কে বাষ্পগদ্গদ এই বাক্য বলিলেন,—'আমি সপত্নীগণের মধ্যে বাস করিতে পারিব না' ॥ ৪ ॥

[ অত এব, ] যদি পিতৃ- [ বাক্যের ] অনুরোধে তুমি বনগমনে বুদ্ধি স্থির করিয়া থাক, তাহা হইলে আমাকেও বন্যমৃগসমাকুল বনে লইয়া চল ॥ ৫ ॥

[ তিনি ] এইরূপ বলিলে রাম পুনর্ব্বার তাঁহাকে [এই] বাক্য বলিলেন ;— যে স্ত্রীর স্বামী জীবিত আছেন, স্বামীই তাহার প্রভু, পুত্র [ প্রভু ] নহে ॥ ৬ ॥

এখন [ নিয়োগ- ] সমর্থ নৃপতিরই আমার এবং আপনার উপর প্রভুত্ব রহিয়াছে। কাজেই, আমি আপনাকে এই নগর হইতে বনে নিয়া যাইতে সমর্থ নহি ॥ ৭ ॥

১। ঘ '-ক্ত্বা'। ২। গ '-কুলা', ঙ '-কুলেক্ষণং'। ৩। ঙ-ট 'বস্তু'। ৪। গ-ঘ-ঙ '-বপ-'। ৫। ঝ 'বাপ্য-', ট 'চাপ্য-'। ৬। ছ-ঝ-ট 'অতো'। ৭। ট 'কর্ত্তা-'।

ন চানুগন্তুং ন্যায্যোঽহং[১] জীবৎপত্যা[২] ত্বয়াপি চ।
মহাত্মা বামহাত্মা[৩] বা পতিরেব গতিঃ[৪] স্ত্রিয়াঃ।
কিং পুনর্নৃপতির্দ্দেবি ধর্ম্মাত্মা[৫] দয়িতশ্চ তে ॥ ৮ ॥
ভরতশ্চাপি ধর্ম্মাত্মা বিনীতো গুরুবৎসলঃ।
অসংশয়ং[৬] যথৈবাহং পুত্রস্তে ধর্ম্মতস্তথা ॥ ৯ ॥
মত্তোঽধিকতরাং[৭] পূজাং ভরতাদপ্যবাপ্স্যসি[৮]।
ন হি কিঞ্চিদকল্যাণং[৯] তস্মাদামর্ষয়াম্যহম্[১০] ॥ ১০ ॥
যথা তু ময়ি নিষ্ক্রান্তে পুত্রশোকেন মে পিতা।
অতিমাত্রং ন সন্তপ্যেৎ[১১] তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥ ১১ ॥

৯। লো-টী। গুরুবৎসলো গুরুপ্রিয়ঃ।
১০। লো-টী। তস্মাৎ তস্মিন্ ভরতে আমর্ষয়ামি পশ্যামি।
১১। লো-টী। অতিমাত্রম্ অধিকম্। সন্তাপ্যঃ সন্তাপবিষয়ঃ।

৮। টিপ্পনী। ত্বয়াপি চাহমনুগন্তুং ন ন্যায্যো নোচিতঃ। তে তব দয়িতঃ প্রিয়ঃ
১০। টিপ্পনী। অকল্যাণম্ অনিষ্টম্। আমর্ষয়ামি সম্ভাবয়ামি।

আপনার স্বামী জীবিত আছেন, আপনারও আমার অনুগমন করা সঙ্গত নহে। মহাত্মা [-ই হউন] অথবা অ-মহাত্মা [-ই হউন], পতিই স্ত্রীর গতি। বিশেষতঃ নৃপতি ধর্ম্মাত্মা এবং আপনার প্রিয় ॥ ৮ ॥

আমি যেরূপ আপনার [পুত্র], ধর্ম্মাত্মা, বিনীত, গুরুবৎসল ভরতও ধর্ম্মানুসারে নিশ্চয়ই আপনার সেইরূপ পুত্র ॥ ৯ ॥

আমা অপেক্ষাও ভরত হইতে আপনি অধিকতর সেবা লাভ করিবেন; আমি ভরত হইতে কোনও অনিষ্টপাতের সম্ভাবনা করি না ॥ ১০ ॥

আমি বনগমন করিলে পুত্রশোকে আমার পিতা যাহাতে সাতিশয় সন্তপ্ত না হয়েন, আপনি তাহা করিবেন ॥ ১১ ॥

১। ট 'নাগ্যাহং'। ২। গ-ঘ-ঙ-ঞ '-বপ-'। ৩। ক-ছ 'বা দুরা-'। ৪। ঘ-ঞ 'গুরুঃ'। ৫। ট '-স্বরমি-'। ৬। ঙ '-শয়ো'। ৭। ঞ '-রীং'। ৮। ঙ '-দধ্য-'। ৯। গ-ঙ 'কঞ্চি-'। ১০। ঘ 'তস্মাত্রা'। ১১। ঞ 'সন্তু-'।

কার্য্যঃ প্রত্যগ্রবয়সি ন তথা ময্যপহ্নবঃ।
পত্যৌ বৃদ্ধে যথা কার্য্যস্ত্বয়া মচ্ছোককর্ষিতে ॥ ১২ ॥
যা ধর্ম্মচারিণী নারী পতিং পতিপরায়ণা।
নানুবর্ত্তেত যত্নেন ন সা সদ্ভিঃ প্রশস্যতে ॥ ১৩ ॥
ভর্ত্তৃব্রতা ভর্ত্তৃপরা নারী ভর্ত্তৃপরায়ণা।
ইহ কীর্ত্তিং পরাং প্রাপ্য প্রেত্য স্বর্গে মহীয়তে ॥ ১৪ ॥
তস্মাৎ সদৈব ভর্ত্তুস্ত্বং শুশ্রূষানিরতা গৃহে।
স্থাতুমর্হসি ধর্ম্মো হি সৎস্ত্রীণামেষ শাশ্বতঃ ॥ ১৫ ॥

১২। লো-টী। অপহ্নবঃ স্নেহঃ।

১২। টিপ্পনী। বৃদ্ধে মচ্ছোককর্ষিতে মচ্ছোকপীড়িতে পত্যৌ যথা ত্বয়া অপহ্নবঃ স্নেহঃ কার্য্যস্তথা প্রত্যগ্রবয়সি তরুণবয়স্কে ময়ি ন কার্য্যঃ। 'অপহ্নবঃ স্নেহঃ' ইতি মেদিনী। রাজ্ঞো বৃদ্ধত্বেন তস্য শরীরভঙ্গাদিশঙ্কাবাহুল্যান্মম তু তারুণ্যেন তদভাবাদিতি ভাবঃ।

১৪। টিপ্পনী। প্রেত্য মৃত্বা। মহীয়তে পূজাং লভতে।

আমার শোকে পীড়িত [ আপনার ] বৃদ্ধ পতির প্রতি আপনার যাদৃশ স্নেহ প্রকাশ করা কর্ত্তব্য, তরুণবয়স্ক আমার প্রতি সেইরূপ স্নেহ প্রকাশ করা আপনার কর্ত্তব্য নহে ॥ ১২ ॥

যে ধর্ম্মচারিণী পতিপরায়ণা নারী যত্নপূর্ব্বক পতির অনুবর্ত্তন করেন না, তিনি সাধুগণকর্ত্তৃক প্রশংসিত হয়েন না ॥ ১৩ ॥

ভর্ত্তৃব্রতা, ভর্ত্তৃবশবর্ত্তিনী এবং ভর্ত্তৃপরায়ণা নারী ইহলোকে অতুল কীর্ত্তি লাভ করিয়া দেহান্তে স্বর্গলোকে পূজিতা হইয়া থাকেন ॥ ১৪ ॥

অতএব আপনি সর্ব্বদা স্বামীর শুশ্রূষাপরায়ণা হইয়া গৃহে [ -ই ] অবস্থান করুন। যে হেতু সাধ্বী রমণীদিগের ইহাই সনাতন ধর্ম্ম ॥ ১৫ ॥

১। ঙ '-ত্যয়-'। ২। ঘ-ঞ '-থাস্মপ-'। ৩। ট '-বা'। ৪। ঝ 'পত্যৌ', ঙ 'অথ পত্যৌ'। ৫। ক-খ-ঙ-ছ-ঝ-ঞ-ট 'তথা'। ৬। গ 'পতিব্রতপ-'। ৭। গ 'সা সদ্ভির্ন'। ৮। ক '-বশা সতী'। ৯। খ 'প্রহী-'। ১০। ঙ 'সৎস্ত্রীণামেষ'। ১১। গ 'স্ত্রীণামেষ সনাতনঃ'।

গার্হস্থ্যধর্ম্মরতয়া[1] দেবারাধনশীলয়া[2] ।
ভর্ত্তৃচিত্তানুবর্ত্তিন্যা ভর্ত্তা সেব্য ইহ ত্বয়া ॥ ১৬ ॥

ব্রাহ্মণান্ বেদবিদুষঃ পূজয়ন্তী যতব্রতা[3] ।
বসেহ ভর্ত্তৃসহিতা মমাগমনকাঙ্ক্ষিণী ॥ ১৭ ॥

দ্রক্ষ্যসে ভর্ত্তৃসহিতা মমাভ্যাগমনং[4] পুনঃ ।
যদি রাজা মদ্‌বিহীনো[5] ধারয়িষ্যতি জীবিতম্ ॥ ১৮ ॥

ইতি সানুনয়ং বাক্যং শ্রুত্বা ধর্ম্মার্থসংহিতম্ ।
রামেণোক্তং[6] বভাষেঽথ কৌশল্যা সাশ্রুলোচনা[7] ॥ ১৯ ॥

গচ্ছ পুত্র[8] শিবং তেঽস্তু কুরু ত্বং[9] পিতৃশাসনম্ ।
স্বস্তিমন্তমরিষ্টং[10] ত্বাং দ্রক্ষ্যামি পুনরাগতম্ ॥ ২০ ॥

১৮। লো-টী। মমানুগমনং মম পশ্চাৎ পুনরাগমনম্ ।
২০। লো-টী। অরিষ্টম্ অনিষ্টরহিতম্ ।

১৭। টিপ্পনী। বেদবিদুষো বেদবিদঃ ।
১৯। টিপ্পনী। ধর্ম্মার্থসংহিতং ধর্ম্মরূপোঽর্থো বিষয়স্তৎসংহিতং তদনুকূলমিত্যর্থঃ ।
২০। টিপ্পনী। অরিষ্টং বিঘ্নবিরহিতম্ ।

আপনি গার্হস্থ্যধর্ম্মনিরতা, দেবপূজাপরায়ণা [ এবং ] স্বামীর চিত্তানুবর্ত্তিনী হইয়া এই স্থানে [ থাকিয়া ] স্বামীর সেবা করুন ॥ ১৬ ॥

দৃঢ়ব্রতা আপনি বেদবিৎ ব্রাহ্মণগণকে পূজা করত আমার আগমনাকাঙ্ক্ষিণী হইয়া এই স্থানে স্বামীর সহিত অবস্থান করুন ॥ ১৭ ॥

নৃপতি যদি আমাবিরহিত হইয়া জীবন ধারণ করেন [ তাহা হইলে ] ভর্ত্তার ( নৃপতির ) সহিত [ একত্র হইয়া ] আমার পুনরাগমন দেখিতে পাইবেন ॥ ১৮ ॥

রামের কথিত ধর্ম্মার্থের ( ধর্ম্মরূপ বিষয়ের ) অনুকূল এই অনুনয়যুক্ত বাক্য শ্রবণ করিয়া তদনন্তর সাশ্রুনেত্রা কৌশল্যা বলিলেন— ॥ ১৯ ॥

১। ঝ '-কৃতয়া'। ২। গ 'দৈবা-'। ৩। ক-ঝ '-তে'। ৪। ঘ-ঙ '-প্যাগ-', ঝ '-নুগ-'। ৫। ঘ 'ন বাধিকাত্তি'। ৬। ঝ '-ক্ত্বা'। ৭। ঘ-ঙ 'চাশ্রু-'। ৮। ক-ঝ-ঙ-ঞ 'পুত্র গচ্ছ'। ৯। গ 'ত্বমনু-'। ১০। গ-ঞ 'রোগং'।

শুশ্রূষানিরতা ভর্ত্তুর্ভবিষ্যামি যথাত্থ মাম্।
যচ্চান্যদপি কর্ত্তব্যং করিষ্যে[১] তৎ সুখী[২] ব্রজ ॥ ২১ ॥

তথা তু রামং বনবাসনিশ্চিতং
সমীক্ষ্য দেবী গতসত্ত্বচেতনা।
বভূব ভূয়ঃ সহসৈব দুঃখিতা
সগদ্গদা বাষ্পকলং প্রলাপিনী ॥ ২২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে রামবনগমনাভ্যনুজ্ঞা নাম
চতুর্ব্বিংশঃ সর্গঃ ॥ ২৪ ॥

২২। লো-টী। গতসত্ত্বচেতনা—বলবুদ্ধিশূন্যা। ভূয়োঽধিকং যথা ভবতি তথা দুঃখিতা। বাষ্পকলং বাষ্পমোচনং যথা ভবতি তথা। একপদপাঠে বাষ্পকলায়া মোচনং যস্যাঃ।

---

২১। টিপ্পনী। যথা ত্বং মাম্ আত্থ ব্রবীষি তথৈবাহং ভর্ত্তুঃ শুশ্রূষানিরতা ভবিষ্যামি, যচ্চান্যদপি কর্ত্তব্যং ত্বয়োক্তমিতি শেষঃ তদপি করিষ্য ইত্যন্বয়ঃ।

২২। টিপ্পনী। সমীক্ষ্য দৃষ্ট্বা। সত্ত্বং বলম্। বাষ্পকলং বাষ্পেণ কলমব্যক্তং যথা স্যাত্তথা।

বৎস, গমন কর, তোমার মঙ্গল হউক, তুমি পিতার আজ্ঞা পালন কর। শান্তিসমন্বিত ও বিঘ্নবিরহিত [অবস্থায়] তোমাকে আমি পুনঃ প্রত্যাগত দেখিব ॥২০॥

তুমি যেরূপ বলিলে [তদনুসারে] আমি পতিশুশ্রূষায় নিরত হইব, [আমার] অন্যান্য কর্ত্তব্যও যাহা [তুমি নির্দ্দেশ করিলে] তাহা [-ও] করিব; তুমি সুখে গমন কর ॥ ২১ ॥

রামকে বনবাসে তাদৃশ কৃতনিশ্চয় দেখিয়া বাষ্প [-জড়তা]-নিবন্ধন অস্পষ্ট-স্বরে বিলাপকারিণী [বাষ্প-] গদ্গদকণ্ঠা দুঃখাভিভূতা দেবী [কৌশল্যা] পুনর্ব্বার সহসা শক্তি ও চৈতন্যবিরহিতা হইয়া পড়িলেন ॥ ২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে রামবনগমনানুজ্ঞা-নামক
চতুর্ব্বিংশ সর্গ সমাপ্ত ॥ ২৪ ॥

১। ঘ 'স্থ:'। ২। ছ ট 'স্বন'।

## পঞ্চবিংশঃ সর্গঃ

সমাশ্বস্য[1] ততো ভূয়ঃ কৌশল্যা রামমব্রবীৎ।
ব্যক্তাক্ষরমিদং[2] বাক্যং দীনা সাস্রাবিলেক্ষণা[3]॥ ১ ॥
অদৃষ্টদুঃখ[4] ধর্ম্মাত্মল্লোঁকপ্রিয়[5]হিতে রত[6]।
ময়ি[7] দশরথাজ্জাতঃ[8] কথং দুঃখমবাপ্স্যসি ॥ ২ ॥
যস্য প্রেষ্যাশ্চ[9] দাসশ্চ[10] স্বাদূন্যন্নানি ভুঞ্জতে।
তস্য পুত্রঃ প্রিয়ো বন্যং ভোক্ষ্যতে[11] মুনিভোজনম্ ॥ ৩ ॥

১। লো-টী। সা কৌশল্যা সাস্রাবিলেক্ষণা সাস্রে অশ্রুব্যাপ্তে ঈক্ষণে যস্যাঃ সা।
২। লো-টী। অদৃষ্টদুঃখ অননুভূতদুঃখ।

১। টিপ্পনী। ব্যক্তাক্ষরং ব্যক্তান্যক্ষরাণি যস্মিংস্তৎ। সাস্রাবিলেক্ষণা অস্রেণাশ্রুণা আবিলে কলুষিতে যে অক্ষিণী তদ্যুক্তা।
২। টিপ্পনী। অদৃষ্টদুঃখ অদৃষ্টং কদাপ্যননুভূতং দুঃখং যেন তৎসম্বোধনে।
৩। টিপ্পনী। প্রেষ্যা দাসাঃ। মুনিভোজনং মুনিভক্ষ্যম্। বন্যং বনজাতং ফলমূলাদি।

তদনন্তর দীনভাবাপন্না অশ্রুকলুষিতনেত্রা কৌশল্যা আশ্বস্তা হইয়া রামকে পুনর্ব্বার স্পষ্টাক্ষরসমন্বিত এই বাক্য বলিলেন—॥ ১ ॥

হে অদৃষ্টদুঃখ, হে ধর্ম্মাত্মন্, হে লোকপ্রিয়হিতে রত, দশরথের ঔরসে আমার গর্ভে জাত তুমি কিরূপে [ বনবাস- ] দুঃখ ভোগ করিবে ? ॥ ২ ॥

[ কি দুর্ভাগ্য ! ] যাঁহার দাসদাসীগণ [ -ও ] সুস্বাদু খাদ্যসমূহ ভক্ষণ করিয়া থাকে, তাঁহার প্রিয়পুত্র মুনিগণের ভক্ষ্য বনজাত ফলমূল ভক্ষণ করিয়া থাকিবে ! ॥ ৩ ॥

১। খ-ঙ-ঝ-ঞ '-খাস্য'। ২। গ-ঘ-ঞ 'যুক্তা-', ঙ 'সা সাদর-', ছ-ট 'কাক-', ঝ 'সদ-'। ৩। ঙ 'সাশ্রু।-'। ৪। ছ '-লোকধর্ম্মা সল্লোক-', ট '-লোকে'। ৫। ট 'যে'। ৬। ঙ-ছ-ট '-রতঃ'। ৭। ঙ 'মম'। ৮। গ 'জাতো দশরথাৎ'। ৯। খ-ঞ 'প্রৈষ্যা-'। ১০। গ-ঙ-ছ-ট '-দাশ্চ'। ১১। গ-ঘ-ঝ '-ক্ষ্যসে'।

কঃ শ্রদ্দধ্যাদিদং শ্রুত্বা[১] কস্য বা ন ভয়ং ভবেৎ।
রাজ্ঞা নির্ব্বাসিতঃ পুত্রঃ প্রিয়োঽতিগুণবানিতি[২] ॥ ৪ ॥
অয়ং ধক্ষ্যতি মাং পুত্র লোকবাক্যহুতাশনঃ[৩]।
বিয়োগার্ত্তিসমুদ্ভূতস্ত্বদ্বিয়োগানিলেরিতঃ[৪] ॥ ৫ ॥
চিন্তাবাষ্পমহাধূমস্ত্বদ্গুণৌঘমহেন্ধনঃ[৫]।
মাং প্রধক্ষ্যত্যয়ং[৬] নূনং নিশ্বাসায়াসপাবকঃ[৭] ॥ ৬ ॥

৫। লো-টী। বিয়োগস্তব বিশিষ্টধ্যানং তেন আর্ত্তিঃ পীড়া দুঃখমিতি যাবৎ। বিয়োগো বিচ্ছেদঃ স এব অনিলঃ।

৬। লো-টী। নিশ্বাসায়াসপাবকো মাং ধক্ষ্যতি।

৪। টিপ্পনী। প্রিয়োঽতিগুণবাংশ্চ পুত্রো রাজ্ঞা নির্ব্বাসিতঃ ইদং শ্রুত্বা কঃ শ্রদ্দধ্যাৎ সত্যমিতি মন্যেত সত্যমিতি বা মত্বা কস্য স্বপিত্রাদিভ্যো ভয়ং ন ভবেৎ। 'ক এতচ্ছ্রদ্দধেচ্ছ্রুত্বা কস্য বা ন ভবেদ্ ভয়ম্। গুণবান্ দয়িতো রাজ্ঞঃ কাকুৎস্থো যদ্বিবাস্যতে॥' ইতি পাশ্চাত্যপাঠঃ (২।২৪।৪)। কাকুৎস্থো রামো যদ্বিবাস্যতে তচ্ছ্রুত্বা কঃ শ্রদ্দধেৎ সমীচীনং মন্যেত। ভয়ং রামগমনে কথমত্রস্থানাং জীবনমিতি কস্যাযোধ্যাজনস্য ভীতির্ন ভবেৎ। শিরোঃ। বিবাস্যত ইতি যৎ এতৎ কঃ শ্রদ্দধেৎ গুণবৎপ্রিয়পুত্রবিবাসনস্যাসম্ভাবিতত্বাৎ, শ্রদ্ধেয়ত্বে বা কস্য ভয়ং ন ভবেৎ মমাপ্যেবং বিবাসনং ভবিষ্যতীতি। গোঃ রাঃ।

৫। টিপ্পনী। হে পুত্র, বিয়োগার্ত্তিসমুদ্ভূতঃ বিয়োগস্ত্বন্নির্ব্বাসনেন ত্বদভাবস্তেনার্ত্তির্দুঃখং তৎসমুদ্ভূতঃ ত্বদ্বিয়োগানিলেরিতস্তব বিয়োগো নিরন্তরবিচ্ছেদ এবানিলো বায়ুস্তেন ঈরিতশ্চালিতো লোকবাক্যহুতাশনঃ 'কঃ শ্রদ্দধ্যাদি'ত্যাদিলোকবাদাগ্নির্মাং ধক্ষ্যতি নিতরাং ক্লেশয়িষ্যতি। এতেন পত্যুঃ পরিবাদশ্রবণপরাঙ্মুখ্যেণ কৌশল্যায়াঃ স্বামিন্যনুরাগঃ প্রকটিতঃ।

৬-৭। টিপ্পনী। চিন্তাবাষ্পমহাধূমঃ চিন্তাহেতুকবাষ্পমেব মহাধূমো যস্য সঃ। ত্বদ্-

'নৃপতি অতিগুণবান্ প্রিয় পুত্রকে নির্ব্বাসিত করিয়াছেন ইহা শুনিয়া কে [ইহা] বিশ্বাস করিবে, কাহারই বা [ইহাতে] ভয় না হইবে' [হে পুত্র, তোমার] অভাবজনিত দুঃখে সমুদ্ভূত [এবং] তোমার [-ই নিরন্তর] বিরহরূপ বায়ুদ্বারা সঞ্চালিত এই লোকবাক্যহুতাশন আমাকে দগ্ধ করিবে ॥ ৪-৫ ॥

১। ঙ 'কর্ম্ম'। ২। ঝ '-য়ো হি'। ৩। ক '-বাদ-'। ৪। ঙ '-গাগ্নি-', ঝ '-গার্চ্চিঃ-'। ৫। '-গাঢ্য-'। ৬। গ '-দহ-'। ৭। গ '-য় সপা-'।

ত্বয়া বিহীনামবশাং শোকাগ্নিরনিশং[১] জ্বলন্ ।
শুষ্কং[২] কক্ষমিবাসাদ্য চিত্রভানুর্হিমাত্যয়ে[৩] ॥ ৭ ॥
বৎসলত্বাদ্ যথা ধেনুঃ স্বপুত্রমনুধাবতি[৪][৫] ।
তথা ত্বামনুযাস্যামি বাৎসল্যাদিতি মে মতিঃ ॥ ৮ ॥
ইতি মাতুর্নিগদিতং বাক্যং সকরুণাক্ষরম্ ।
শ্রুত্বা রামোঽব্রবীদ্বাক্যং কৌশল্যাং শোকবিহ্বলাম্ ॥ ৯ ॥
কৈকেয্যা বঞ্চিতো রাজা ময়ি চারণ্যমাশ্রিতে[৬] ।
ভবত্যা চ[৭] পরিত্যক্তো ন মন্যে বর্ত্তয়িষ্যতি ॥ ১০ ॥

৭। লো-টী। শোকাগ্নির্ধক্ষ্যতীতি পূর্ব্বেণান্বয়ঃ।
১০। লো-টী। বর্ত্তয়িষ্যতি জীবিষ্যতি।

গুণৌঘমহেন্ধনঃ ত্বদ্গুণৌঘাস্তব গুণসমূহা মহেন্ধনানি অত্যুদ্দীপকানীত্যর্থঃ যস্য সঃ। নিশ্বাসারাসপাবকঃ নিশ্বাসারাসা নিশ্বাসগ্লানয়ঃ পাবকাঃ শিখা যস্য সঃ। ঈদৃশঃ শোকাগ্নিরনিশং নিরন্তরং জ্বলন্ ত্বয়া বিহীনাম্ অবশাং শক্তিহীনাং মাং চিত্রভানুরগ্নিঃ শুষ্কং কক্ষং তৃণমাসাদ্য যথা তদ্ দহতি তথা প্রধক্ষ্যতি।

৯। টিপ্পনী। নিগদিতং ভাষিতম্। সকরুণাক্ষরং করুণরসোদ্দীপকাক্ষরবিশিষ্টম্।
১০। টিপ্পনী। বঞ্চিতো বঞ্চনয়া বিপথং চালিতো মদ্বিয়োগজং দুঃখং প্রাপিতো বা।

শীতাবসানে বহ্নি যেরূপ শুষ্ক তৃণ প্রাপ্ত হইয়া [ তাহা ] দগ্ধ করে, সেইরূপ চিন্তাজনিতবাষ্পরূপ মহাধূমে সমাচ্ছন্ন, তোমার [ -ই ] গুণগ্রামরূপ মহা-ইন্ধনে সমুদ্দীপিত নিশ্বাসজনিতগ্লানিরূপ শিখায় পরিবেষ্টিত এই শোকাগ্নি নিরন্তর প্রজ্বলিত হইয়া তোমাবিরহিতা শক্তিহীনা আমাকে নিশ্চয়ই দগ্ধ করিবে ॥ ৬-৭ ॥

আমার ইচ্ছা হইতেছে, বাৎসল্যপ্রযুক্ত ধেনু যেরূপ স্ববৎসের পশ্চাৎ [ পশ্চাৎ ] ধাবমানা হয়, আমিও বাৎসল্যপ্রযুক্ত সেইরূপ তোমার পশ্চাৎ [ পশ্চাৎ ] গমন করি ॥ ৮ ॥

জননীর ( কৌশল্যার ) উচ্চারিত করুণাক্ষরসমন্বিত এই বাক্য শ্রবণ করিয়া শোকবিহ্বলা কৌশল্যাকে রাম [ এই ] বাক্য বলিলেন—॥ ৯ ॥

১। ছ '-রভিসং-'। ২। গ-ঙ '-শুষ্কং বৃক্ষ-', ছ-ঝ-ট 'শুষ্কবৃক্ষ-'। ৩। ঝ '-গমে'। ৪। গ -বৎস-'। ৫। ঝ '-মন্তি-'। ৬। ভ '-স্থিতে'। ৭। ঙ '-ত্যাশ্চ'।

ভর্ত্তু[১]শ্চৈব পরিত্যাগঃ শস্যতে ন কথঞ্চন।
স ভবত্যা ন কর্ত্তব্যো মনসাপি বিগর্হিতঃ ॥ ১১ ॥
যাবজ্জীবতি তে ভর্ত্তা লোকে[২]ঽস্মিন্ প্রভুরীশ্বরঃ।
[৩]তাবত্ত্বয়া দৈবতবচ্ছুশ্রূষ্যোঽনন্যভক্তয়া ॥ ১২ ॥
নাহং ত্বয়ানুগন্তব্যো ভর্ত্তা হি তব [৪]দৈবতম্।
[৫]তমিহৈব বসন্তী [৬]ত্বমারাধয়িতুমর্হসি ॥ ১৩ ॥
রাজা হি তে প্রভবতি প্রাণানাং জীবিতস্য চ।
অনুগন্তু[৭]মতো দেবি ন মামর্হসি সর্ব্বথা ॥ ১৪ ॥

---

১১। লো-টী। ন শস্যতে ন প্রশস্যতে। স পরিত্যাগো মনসাপি ন কর্ত্তব্যো ন চিন্তনীয়ঃ।
১২। লো-টী। ন বিদ্যতে অন্যস্মিন্ ভক্তং ভক্তির্যস্যাস্তয়া।
১৪। লো-টী। প্রভবতি প্রভুর্ভবতি।

---

১২। টিপ্পনী। অনন্যভক্তয়া অনন্যভক্তিপরায়ণয়া।
১৪। টিপ্পনী। প্রাণানাম্ ইন্দ্রিয়াণাম্।

---

আমার বোধ হইতেছে, কৈকেয়ীকর্ত্তৃক বঞ্চিত ( বিপথে চালিত ) নৃপতি আমি বনগমন করিলে আপনার দ্বারাও পরিত্যক্ত হইয়া জীবন ধারণ করিতে পারিবেন না ॥ ১০ ॥

আর, পতিকে পরিত্যাগ করা কোনক্রমেই প্রশস্ত নহে। আপনি মনে মনেও [ সর্ব্বলোক- ] বিগর্হিত পতিপরিত্যাগ [ -কল্পনা ] করিবেন না ॥ ১১ ॥

আপনার ভর্ত্তা প্রভু ঈশ্বর [ দশরথ ] যে পর্য্যন্ত ইহলোকে জীবিত থাকিবেন, আপনি সেই পর্য্যন্ত তাঁহাকে অনন্যভক্তিপরায়ণা হইয়া দেবতার ন্যায় [ সেবা- ] শুশ্রূষা করিবেন ॥ ১২ ॥

আমার অনুগমন করা আপনার কর্ত্তব্য নহে ; স্বামীই আপনার দেবতা ; এইস্থানে থাকিয়াই আপনি তাঁহার আরাধনা করুন ॥ ১৩ ॥

১। ঝ '-রপি'। ২। ঝ '-কে মঃ'। ৩। ক 'ত্বয়াপি দেববত্তাব-', খ 'তাবত্ত্বয়া দৈববত্তু শু-'
৪। ঝ 'দৈবতং তব'। ৫। ঙ 'ত্ব-'। ৬। ঙ 'ত-'। ৭। ঝ '-ন্তুং ততো', ঙ-এ '-ন্তুমিতো'।

ইত্যেবমুক্তা রামেণ কৌশল্যা ধর্ম্মদর্শিনী[১]।
তথেত্যুবাচ দুঃখার্ত্তা রামং সম্প্রস্থিতং বনম্ ॥ ১৫ ॥
নিশ্চিতঞ্চ তথা রামং বিজ্ঞায় গমনোৎসুকম্।
প্রাস্থানিকং স্বস্ত্যয়নং কর্ত্তুং সমুপচক্রমে ॥ ১৬ ॥
সা নিগৃহ্য ততো বাষ্পমুপস্পৃশ্য[২] জলং শুচি[৩]।
চকার দেবী রামস্য ততঃ স্বস্ত্যয়নক্রিয়াম্ ॥ ১৭ ॥
সুমনোভিশ্চ[৪] গন্ধৈশ্চ মনোজ্ঞৈর্ব্বলিভিস্তথা।
দেবানভ্যর্চ্চ্য বিধিবৎ প্রণম্য চ শুভব্রতা ॥ ১৮ ॥

---

১৬। লো-টী। নিশ্চিতং গমনে কৃতনিশ্চয়ং গমনোৎসুকঞ্চ।

১৫। টিপ্পনী। ধর্ম্মদর্শিনী ধর্ম্মজ্ঞা। তথেতি নাহং গমিষ্যামীহৈব স্থাস্যামীত্যাদিকং বাক্যম্। সম্প্রস্থিতং প্রস্থানোদ্যুক্তম্।

১৬। টিপ্পনী। নিশ্চিতং বনগমনে নিশ্চিতবুদ্ধিম্। প্রাস্থানিকং প্রস্থানকালোপযোগি। স্বস্ত্যয়নং মাঙ্গলিকং কর্ম্ম।

১৭। টিপ্পনী। উপস্পৃশ্য আচম্য। রোদনস্যাশুচিতাহেতুত্বাদ্ দেবতাপ্রার্থনস্য শুচিনা কর্ত্তব্যত্বাদুপস্পর্শনমুক্তম্। গোঃ রাঃ।

---

নৃপতিই আপনার ইন্দ্রিয়সমূহ এবং জীবনের উপর প্রভুত্বসম্পন্ন। অতএব হে দেবি, আমার অনুগমন করা সর্ব্বপ্রকারে [-ই] আপনার অকর্ত্তব্য ॥ ১৪ ॥

রামকর্ত্তৃক এইরূপে অভিহিতা ধর্ম্মজ্ঞা কৌশল্যা দুঃখার্ত্তা হইয়া বন-প্রস্থানোন্মুখ রামকে ‘[তুমি যাহা বলিলে] তাহাই হইবে’ এই কথা বলিলেন ॥১৫॥

সেইরূপে কৃতনিশ্চয় (অর্থাৎ বনগমনে নিশ্চিতবুদ্ধি) রামকে গমনোৎসুক জানিতে পারিয়া কৌশল্যা প্রস্থানকালোপযোগী স্বস্ত্যয়ন (মাঙ্গলিক কার্য্যসমূহ) করিতে প্রবৃত্ত হইলেন ॥ ১৬ ॥

অনন্তর অশ্রু নিরোধপূর্ব্বক বিশুদ্ধ জলে আচমন করিয়া দেবী কৌশল্যা রামের [নিমিত্ত] স্বস্ত্যয়ন ক্রিয়া করিতে লাগিলেন ॥ ১৭ ॥

শুভব্রতা কৌশল্যা পুষ্প, গন্ধ এবং মনোজ্ঞ পূজোপহারদ্বারা যথাবিধি দেবগণের অর্চ্চনা ও প্রণাম করিয়া, রামকে গন্ধ মাল্য ও হবিঃশেষ প্রদান করিয়া,

---

১। ছ ঝ-ট ‘-শনা’। ২। ঙ ‘পাযঃ’। ৩। ঝ ‘শুচিঃ’। ৪। ঙ ‘-ভিঃ সগ-’।

গন্ধমাল্যহবিঃশেষং রামায় প্রতিপাদ্য চ।
মূর্দ্ধ্নি চৈনমুপাঘ্রায় পরিষ্বজ্য চ পীড়িতম্ ॥ ১৯ ॥
রক্ষোঘ্নীমোষধিং পাণৌ দক্ষিণেঽস্য ববন্ধ সা।
রামস্বস্ত্যয়নার্থং হি মন্ত্রমেতং জজাপ চ ॥ ২০ ॥
স্বস্তি কুর্ব্বন্তু তে সাধ্যা মরুতশ্চ মহর্ষিভিঃ।
স্বস্তি ধাতা বিধাতা চ স্বস্তি পূষা ভগোঽর্য্যমা ॥ ২১ ॥
বরুণঃ স্বস্তি রাজা চ করোতু বসুভিঃ সহ।
স্বস্তি মিত্রঃ সহাদিত্যৈঃ স্বস্তি রুদ্রা দিশন্তু তে ॥ ২২ ॥

২০। লো-টী। দক্ষিণস্য। দক্ষিণে ইতি বা পাঠঃ।

১৮-২০। টিপ্পনী। সুমনোভিঃ পুষ্পৈঃ। বলিভিঃ পূজোপহারৈঃ। প্রতিপাদ্য দত্ত্বা। রক্ষোঘ্নীং রক্ষোবিনাশিনীম্।

২১। টিপ্পনী। সাধ্যা মনোনন্দাদ্যা দ্বাদশ গণদেবতাবিশেষাঃ। ধাতা বিধাতা পূষা ভগোঽর্য্যমা—এতে আদিত্যভেদাঃ। ধাতা বিরাট্ বিধাতা সৃষ্টিবিধায়কঃ। তিঃ। ধাতা দক্ষাদিঃ বিধাতা ব্রহ্মা। শিরোঃ। ধাতৃবিধাতৃশব্দৌ দেবতাবিশেষবাচকৌ। গোঃ রাঃ। পূষাদিশব্দা দ্বাদশসংখ্যাকাদিত্যাবান্তরভেদবাচকাঃ। গোঃ রাঃ।

২২। টিপ্পনী। রাজা ইন্দ্রঃ 'রাজা প্রভৌ চ নৃপতৌ ক্ষত্রিয়ে রজনীপতৌ। যক্ষে শক্রে চ পুংসি স্যাৎ' ইতি মেদিনী। বসুভিঃ ধরধ্রুবাদ্যৈরষ্টগণদেবতাবিশেষৈঃ। আদিত্যৈঃ ধাতৃবিধাতৃ-পূষভগার্য্যমেতরৈর্গণদেবতাবিশেষৈরিতি বোধ্যং তেষাং পৃথগুক্তত্বাৎ। মিত্রস্যাদিত্যেষন্তর্ভাবেঽপি প্রাধান্যখ্যাপনায় পৃথগুক্তিঃ। রুদ্রা অজৈকপাদহির্ব্রধ্নাদয় একাদশ গণদেবতাবিশেষাঃ।

তাহার মস্তকে আঘ্রাণ করিয়া এবং গাঢ়ভাবে [ তাঁহাকে ] আলিঙ্গন করিয়া তাহার দক্ষিণহস্তে রাক্ষসবিনাশক ওষধি বন্ধন করিয়া দিলেন, এবং রামের মঙ্গলের জন্য এই মন্ত্র পাঠ করিলেন—॥ ১৮-২০ ॥

মহর্ষিগণের সহিত সাধ্যগণ ও মরুদ্‌গণ তোমার মঙ্গল করুন। ধাতা ও বিধাতা তোমার মঙ্গল করুন। পূষা ভগ ও অর্য্যমা তোমার মঙ্গল করুন ॥ ২১ ॥

১। ঘ 'চৈব-'। ২। গ-ঘ ঙ-ঞ '-মৌ-'। ৩। ঘ '-ণে হি', ঞ '-ণে চ', ট '-ণেঽথ'। ৪। গ '-র্থায়'। ৫। ট '-তজ্জ-'। ৬। ঝ 'হ', ঞ 'সা'। ৭। ঙ 'তথা-'। ৮। ট 'মিত্রাঃ'। ৯। ঙ '-মাত্যৈঃ'।

দিশশ্চ বিদিশশ্চৈব মাসাঃ সংবৎসরাঃ ক্ষপাঃ।
দিনানি চ মুহূর্ত্তাশ্চ স্বস্তি পুত্ত্র দিশন্তু তে ॥ ২৩ ॥

যন্মঙ্গলং মহেন্দ্রস্য সর্ব্বদেবৈঃ পুরা কৃতম্।
বৃত্রং হন্তুং প্রয়াতস্য বৎস তত্তেঽস্তু মঙ্গলম্ ॥ ২৪ ॥

যন্মঙ্গলং সুপর্ণস্য বিনতাকল্পয়ৎ পুরা।
অমৃতার্থে প্রয়াতস্য তত্তে ভবতু মঙ্গলম্ ॥ ২৫ ॥

বেদাঃ সাঙ্গাস্তথা বিদ্যা মন্ত্রাশ্চাথর্ব্বণাশ্চ যে।
ধৃতিঃ স্মৃতিশ্চ মেধা চ পান্তু ত্বাং পুত্ত্র সর্ব্বশঃ ॥ ২৬ ॥

২৬। লো-টী। সর্ব্বশঃ সর্ব্বত্র।

২৩। টিপ্পনী। দিশশ্চ বিদিশশ্চৈবেত্যাদীনামধিষ্ঠাত্র্যো দেবতা ইতি বোধ্যম্।
২৪। টিপ্পনী। বৃত্রবধবিবরণং শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে নবমাদ্যধ্যায়চতুষ্কে, দেবীভাগবতে দ্বিতীয়াদিষু পঞ্চস্বধ্যায়েষু, স্কন্দপুরাণে ষোড়শসপ্তদশয়োরধ্যায়য়োশ্চ দ্রষ্টব্যম্। পরং তদ্বধার্থং সর্ব্বদেবকৃতং মহেন্দ্রস্য মঙ্গলাশংসনং কেবলং মহাভারতে উদ্‌যোগা- (১০ম অঃ) শ্বমেধ- (১১শ অঃ) শান্তি- (২৮৮ তম অঃ) পর্ব্বসূপলভ্যতে।
২৫। টিপ্পনী। সুপর্ণস্য গরুড়স্য। বিনতা তন্মাতা। অকল্পয়ৎ কৃতবতী। গরুড়স্যামৃতমাহর্ত্তুং প্রতিষ্ঠমানস্য বিনতাকল্পিতং মঙ্গলং মহাভারতে আদৌ (২৮-৩৪ অঃ) আনুশাসনিকে চ (২য় অঃ) পর্ব্বণোরুপলভ্যতে।
২৬। টিপ্পনী। আথর্ব্বণা অথর্ব্ববেদোক্তাঃ। ধৃতির্ধৈর্য্যং স্মৃতিরনুভূতবিষয়জ্ঞানং মেধা ধারণাবতী বুদ্ধিরেতাস্ত্বাং পান্তু।

বরুণ ও ইন্দ্র বসুগণের সহিত তোমার মঙ্গল করুন, আদিত্যগণের সহিত মিত্র এবং রুদ্রগণ তোমার মঙ্গল বিধান করুন ॥ ২২ ॥

বৎস, দিক্, বিদিক্, মাস, সংবৎসর, রাত্রি, দিন এবং মুহূর্ত্ত (অর্থাৎ এই সকলের অধিষ্ঠাতৃদেবতাসমূহ) তোমার মঙ্গল বিধান করুন ॥ ২৩ ॥

বৎস, পূর্ব্বকালে বৃত্রকে বধ করিবার জন্য প্রস্থানোন্মুখ ইন্দ্রের নিমিত্ত দেবগণ যে মঙ্গলানুষ্ঠান করিয়াছিলেন, তোমার সেই মঙ্গল [-ফললাভ] হউক ॥ ২৪ ॥

পূর্ব্বকালে অমৃতের জন্য প্রয়াণোন্মুখ গরুড়ের নিমিত্ত [তাঁহার মাতা] বিনতা যে মঙ্গলানুষ্ঠান করিয়াছিলেন, তোমার সেই মঙ্গল [-ফললাভ] হউক ॥ ২৫ ॥

১। ঙ 'প্র-'। ২। ঝ 'সমাঃ'। ৩। ট '-ত্রা-'। ৪। ঘ-ঝ-ঞ '-দৈবৈঃ'। ৫। ঘ-ঙ-ঞ 'মঙ্গলং বৎস তেঽস্তু তৎ'। ৬। গ-ঞ '-র্থং'। ৭। ঘ-ঙ-ঞ 'মন্ত্রা আথ-'।

সিদ্ধা দেবর্ষয়ঃ সর্ব্বে তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ।[১]
নাগাঃ সুপর্ণাঃ পিতরো রক্ষন্তু ত্বাং সমন্ততঃ ॥ ২৭ ॥
স্কন্দশ্চ সুরসেনানীস্তথৈব চ[২] মহেশ্বরঃ।
সপ্তর্ষয়ো নারদশ্চ সোমঃ শুক্রো বৃহস্পতিঃ ॥ ২৮ ॥
নক্ষত্রাণি গ্রহাশ্চান্যে[৩] তথা নক্ষত্রদেবতাঃ।
জ্যোতীংষি চৈব দিব্যানি পান্তু ত্বাং পুত্র সর্ব্বশঃ ॥ ২৯ ॥
মহাবনে বিচরতো মুনিবেশধরস্য[৪] তে।
উগ্ররূপবিষা নাগাঃ সৌম্যরূপা ভবন্তু[৫] তে[৬] ॥ ৩০ ॥

২৭। টিপ্পনী। সিদ্ধা বিশ্বাবসুপ্রভৃতয়ো দেবযোনিবিশেষাঃ। সুপর্ণা বিহঙ্গমাঃ।

২৮-২৯। টিপ্পনী। সুরসেনানীর্দেবসেনাপতিঃ। অন্যে সোমাদ্যুক্তত্রয়াতিরিক্তাঃ। নক্ষত্রদেবতা নক্ষত্রাধিষ্ঠাত্র্যো দেবতাঃ। দিব্যান্যন্তরীক্ষলোকবর্ত্তীনি। সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈঃ।

৩০। টিপ্পনী। উগ্ররূপবিষাঃ উগ্রং রূপং বিষঞ্চ যেষাং তে।

---

বৎস, সাঙ্গবেদসমুদায়, [ অন্যান্য ] বিদ্যা, অথর্ব্ববেদোক্ত সমুদায় মন্ত্র, ধৃতি, স্মৃতি ও মেধা সর্ব্বতো ভাবে তোমাকে রক্ষা করুন ॥ ২৬ ॥

সিদ্ধগণ, সমস্ত দেবর্ষিগণ, নির্ম্মলচিত্ত ব্রহ্মর্ষিগণ, ভুজঙ্গমগণ, বিহঙ্গমগণ ও পিতৃগণ তোমাকে চতুর্দ্দিক্ হইতে রক্ষা করুন ॥ ২৭ ॥

বৎস, দেবসেনাপতি স্কন্দ এবং মহেশ্বর, সপ্তর্ষিগণ, নারদ, সোম, শুক্র, বৃহস্পতি, নক্ষত্রগণ, [ সোম, শুক্র ও বৃহস্পতি ভিন্ন ] অন্য গ্রহগণ ও নক্ষত্রসমূহের অধিষ্ঠাতা দেবতাগণ এবং অন্তরীক্ষলোকবর্ত্তী জ্যোতিষ্কগণ চতুর্দ্দিক্ হইতে তোমাকে সর্ব্বতোভাবে রক্ষা করুন ॥ ২৮-২৯ ॥

মুনিবেশ ধারণপূর্ব্বক মহাবনে বিচরণকারী তোমার নিকট উগ্ররূপ ও উগ্রবিষ ভুজঙ্গমগণ যেন সৌম্যমূর্ত্তি হয় ॥ ৩০ ॥

১। ঘ '-মাহিতাঃ'। ২। ঝ 'সুরে-'। ৩। ঝ '-হাঃ সর্ব্বে'। ৪। ঘ এ 'চ'। ৫। ট '-ন্তি'। ৬। অতঃ পরং ছ-ট-পুস্তকয়োঃ 'মহাগজা বরাহাশ্চ খড়্গাসিংহাস্তথৈব চ' ইতি ত্রয়োবিংশশ্লোকপূর্ব্বার্দ্ধমত্র দৃশ্যতে।

রাক্ষসাশ্চ পিশাচাশ্চ যক্ষাশ্চ পিশিতাশনাঃ[১]।
শিবা ভবন্তু তে পুত্র[২] ব্যাড়া[৩]শ্চারণ্যবাসিনঃ ॥ ৩১ ॥

পতঙ্গা বৃশ্চিকাঃ কীটা দংশাশ্চ মশকৈঃ সহ।
সরীসৃপা[৪]শ্চোগ্রবিষাঃ শিবায় বি[৫]চরন্তু তে ॥ ৩২ ॥

[৬]মহাগজা বরাহাশ্চ খড়্গিসিংহাস্তথৈব চ।
ঋক্ষাশ্চ মহিষাশ্চৈব শিবাস্তে সন্তু পুত্রক ॥ ৩৩ ॥

যে চামিষাশিনো রৌদ্রা নানারূ[৭]পা[৮] মৃগদ্বিজাঃ।
ময়াভি[৯]যাচিতাস্তে[১০]তে শিবাঃ সন্তু বনেচরাঃ ॥ ৩৪ ॥

৩১। টিপ্পনী। পিশিতাশনা মাংসাশিনঃ। ব্যাড়াঃ শ্বাপদাঃ। অস্মিন্ প্রকরণে পুনরুক্তয়ঃ পুত্রপ্রেমপারবশ্যান্ন দোষায়। গোঃ রাঃ।

৩২। টিপ্পনী। দংশা বনমক্ষিকাঃ 'দংশস্তু বনমক্ষিকা' ইত্যমরঃ।

৩৩। টিপ্পনী। খড়্গিনো গণ্ডকাঃ। ঋক্ষা ভল্লূকাঃ।

৩৪। টিপ্পনী। আমিষাশিনো মাংসাশিনঃ। রৌদ্রা ভীষণদর্শনাঃ। ত এতে রাক্ষসাদয়স্তে শিবাঃ সন্তু—এতে তে হিংসকা মা ভূবন্ এতেভ্যস্তে ভয়ং মা ভূদিত্যাশয়ঃ।

---

বৎস, মাংসাশী রাক্ষস পিশাচ ও যক্ষগণ এবং অরণ্যবাসী হিংস্রজন্তুগণ তোমার শ্রেয়স্কর হউক ॥ ৩১ ॥

পতঙ্গগণ, বৃশ্চিকগণ, কীটগণ ও মশকের সহিত দংশ ( বনমক্ষিকা অর্থাৎ ডাঁশ ) -গণ এবং উগ্রবিষ সরীসৃপগণ তোমার মঙ্গলের নিমিত্ত বিচরণ করুক ॥ ৩২ ॥

বৎস, মহামাতঙ্গ, বরাহ, গণ্ডার ও সিংহগণ এবং ভল্লূক ও মহিষগণ তোমার মঙ্গলকর হউক ॥ ৩৩ ॥

যে সমস্ত বিবিধরূপধারী মাংসভুক্ ভীষণ মৃগপক্ষিগণ বনে বিচরণ করিয়া থাকে, আমা-কর্ত্তৃক প্রার্থিত হইয়া তাহারাও [ তোমার ] কল্যাণকর হউক ॥ ৩৪ ॥

---

১। গ-ঙ '-শিনঃ'। ২। ঘ-ঙ-ঞ 'রাম'। ৩। গ 'ব্যালা-', ধ-ঝ 'ব্যাধা-', ঙ 'ব্যাঘ্রা-'। ৪। ধ '-পা হ্যোগ্র-', ঝ '-পা উগ্র-'। ৫। ঘ-ঙ-ঞ 'প্রভব-'। ৬। ঝ-ট ইদমর্দ্ধম্ অত্র নাস্তি। ৭। ধ-ঙ-ঞ '-পশ্চ-'। ৮। ঝ '-পাঃ'। ৯। ঘ 'হি যা-', ছ-ট '-ত্র যা-'। ১০। ছ-ট '-স্তেঽপি', ঞ 'হ্যেতে'।

স্বস্তি তে২স্ত্বান্তরীক্ষেভ্যঃ[১] পার্থিবেভ্যশ্চ সর্ব্বশঃ[২]।
দিব্যেভ্যশ্চৈব[৩] সত্ত্বেভ্যো[৪] জলচারিভ্য এব চ ॥ ৩৫ ॥

সর্ব্বলোকপ্রভুর্ব্রহ্মা[৫] বৃষভাঙ্কস্তথৈব চ।
ত্রৈলোক্যনাথশ্চ[৬] বনে রক্ষতু[৭] ত্বাং জনার্দ্দনঃ ॥ ৩৬ ॥

আগমাস্তে শিবাঃ সন্তু সিধ্যন্তু চ মনোরথাঃ।
সুখেন যাতু কালস্তে[৮] স্বস্তি প্রাপ্নুহি রাঘব ॥ ৩৭ ॥

৩৫। লো-টী। আন্তরীক্ষেভ্যঃ সত্ত্বেভ্য ইতি সম্বন্ধঃ। এবমন্যত্র।

৩৬। লো-টী। বৃষভাঙ্কো মহেশঃ।

৩৭। লো-টী। আগমাঃ শাস্ত্রবিশেষাঃ।

---

৩৫। টিপ্পনী। সর্ব্বশঃ সর্ব্বেভ্যঃ আন্তরীক্ষেভ্যো২ন্তরীক্ষচারিভ্যঃ পার্থিবেভ্যঃ পৃথিবী-বর্ত্তিভ্যঃ দিব্যেভ্যো দ্যুলোকবাসিভ্যঃ সত্ত্বেভ্যো দেবতাভ্য ইতি যাবৎ তে তুভ্যং স্বস্ত্যস্তু। 'সর্ব্বেভ্য-শ্চৈব দেবেভ্যো যে চ তে পরিপন্থিনঃ' ইতি পাশ্চাত্যাঃ (২।২৫।২২)।

৩৭। টিপ্পনী। আগমা অর্জ্জনানি জীবিকার্থফলমূলাদিসংগ্রহ ইতি যাবৎ। আগমা মার্গাঃ। তিঃ। আগমা আগমনানুকূলব্যাপারাঃ। শিরোঃ।

---

সমস্ত অন্তরীক্ষচর ও ভূচর জীব হইতে, সমস্ত দিব্য জীব (দেবতা) হইতে এবং সমস্ত জলচর জীব হইতে তোমার মঙ্গল হউক ॥ ৩৫ ॥

সর্ব্বলোকপ্রভু ব্রহ্মা, বৃষভবাহন মহেশ্বর এবং ত্রৈলোক্যনাথ জনার্দ্দন তোমাকে অরণ্যমধ্যে রক্ষা করুন ॥ ৩৬ ॥

রঘুনন্দন, তোমার আগম (জীবিকানির্ব্বাহোপযোগী ফলমূলাদিসংগ্রহ) সুখকর হউক, এবং [তোমার] মনোরথ পূর্ণ হউক, সুখে তোমার কাল অতিবাহিত হউক, তুমি কল্যাণ লাভ কর ॥ ৩৭ ॥

১। গ-ঙ-ছ-ট 'তে হ্বস্ত-'। ২। গ-ছ-ঝ-ট 'পুত্রক'। ৩। ঘ-ঙ 'দেবে-'। ৪। ঘ-ঞ '-র্ব্বে-'। ৫। ঞ '-খ্যা-'। ৬। ঙ '-স্তু'। ৭। ছ-ট '-স্তু'। ৮। গ-ঝ 'তে কালঃ'।

সংসিদ্ধার্থমরোগং ত্বামযোধ্যাং[1] পুনরাগতম্।
দ্রক্ষ্যামি চ[2] কদা পুত্ত্র জুষ্টং রাজশ্রিয়া পুনঃ ॥ ৩৮ ॥
ইত্যুক্ত্বা মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পরিষ্বজ্যাভিনন্দ্য চ।
পুনরাগমনায়েহ[3] গচ্ছ পুত্ত্রেত্যুবাচ তম্[4] ॥ ৩৯ ॥
শীঘ্রং ত্বাং পুনরায়াতং পশ্যেয়ং[5] সহলক্ষ্মণম্।
বনবাসসমুত্তীর্ণং পূর্ণচন্দ্রমিবোদিতম্[6] ॥ ৪০ ॥
ময়ার্চ্চিতা দেবগণাঃ শিবাদয়ো
মহর্ষয়শ্চৈব পিতামহৈঃ সহ।
ইতঃ প্রয়াতস্য বনং[7] চিরায় তে
হিতৈষিণঃ[8] সন্তু ময়াভিয়াচিতাঃ ॥ ৪১ ॥

---

৩৮। লো-টী। সংসিদ্ধার্থং কদা পুনর্দ্রক্ষ্যামি কদা চ পুনা রাজশ্রিয়া জুষ্টং সেবিতং দ্রক্ষ্যামীতি বাক্যদ্বয়ম্।

৪১। লো-টী। ইতঃ পুরা ময়ার্চ্চিতাঃ।

বৎস! পূর্ণমনোরথ, নীরোগ, তোমাকে কবে পুনরায় অযোধ্যায় প্রত্যাগত [ দেখিব ] এবং [ কবেই বা তোমাকে ] রাজলক্ষ্মীসেবিত দেখিব? ॥ ৩৮ ॥

কৌশল্যা ইহা বলিয়া [ রামের ] মস্তক আঘ্রাণপূর্ব্বক [রামকে] আলিঙ্গন ও আশীর্ব্বাদ করত 'হে বৎস পুনরাগমনের জন্য এক্ষণে গমন কর', এই কথা তাঁহাকে বলিলেন ॥ ৩৯ ॥

[ আরও বলিলেন, ] বনবাসসমুত্তীর্ণ, লক্ষ্মণের সহিত শীঘ্র পুনরাগত তোমাকে উদিত পূর্ণচন্দ্রের ন্যায় সন্দর্শন করিব ॥ ৪০ ॥

আমি শিবাদি দেবগণের [ অর্চ্চনা করিয়াছি ] ও পিতামহের সহিত মহর্ষিগণের অর্চ্চনা করিয়াছি। এই স্থান হইতে তুমি সুদীর্ঘদিনের নিমিত্ত বনে গমন করিলে আমার দ্বারা প্রার্থিত তাঁহারা তোমার মঙ্গলাকাঙ্ক্ষী হউন'॥ ৪১ ॥

---

১। ঘ '-ধ্যাপুরমা-'। ২। গ-ঘ-ঙ-ঞ-ট 'ত্বাং'। ৩। ঝ '-ত্তি'। ৪। ঘ-ঙ-ঞ 'হ'। ৫। ঘ '-শ্যেহহং'। ৬। ঘ 'নবচন্দ্র-', ছ-ঞ 'নবং চন্দ্র-'। ৭। ট 'চিরং বনায় তে'। ৮। ঝ '-শ্চৈব'।

অথৈবমশ্রুপ্রতিপূর্ণলোচনা[1][2]

সমাপ্য সা স্বস্ত্যয়নং কৃতাঞ্জলিঃ।

প্রদক্ষিণঞ্চৈব চকার রাঘবং

পুনঃ পুনশ্চৈব নিপীড্য সস্বজে ॥ ৪২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে স্বস্ত্যয়নক্রিয়া নাম
পঞ্চবিংশঃ সর্গঃ ॥ ২৫ ॥

৪২। লো-টী। প্রদক্ষিণং দক্ষিণং যথা তথা

৪২ টিপ্পনী। নিপীড্য নিপীড়নপূর্ব্বকং সস্বজে আলিলিঙ্গ। কৃতাঞ্জলিঃ স্বস্ত্যয়নং সমাপ্য রাঘবং প্রদক্ষিণং চকারেত্যন্বয়ঃ

অশ্রুপরিপূর্ণনেত্রা কৌশল্যা এই ভাবে কৃতাঞ্জলিপুটে মাঙ্গলিকক্রিয়া সমাপন করিয়া তদনন্তর রঘুনন্দন রামকে প্রদক্ষিণ করিলেন এবং বারংবার নিপীড়িত করিয়া [ তাঁহাকে ] আলিঙ্গন করিলেন ॥ ৪২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে স্বস্ত্যয়নক্রিয়ানামক
পঞ্চবিংশ সর্গ সমাপ্ত ॥ ২৫ ॥

১। ঘ-ঙ-ঞ '-ন-'। ২। ক 'পরি-', ঝ 'প্রতিবূর্ণ-'।

## ষড়্‌বিংশঃ সর্গঃ

কৌশল্যামভিবাদ্যৈবমনুমান্য চ রাঘবঃ।
কৃতস্বস্ত্যয়নো মাত্রা প্রতস্থে সহলক্ষ্মণঃ ॥ ১ ॥

বিরাজয়ন্ রাজসুতো রাজমার্গং জনৈর্ব্বৃতম্।
হরন্নিব জনৌঘস্য[1] হৃদয়ানি জগাম সঃ ॥ ২ ॥

বৈদেহ্যপি চ তৎকালে[2] তৎপরা[3]নন্যমানসা।
আশংসন্ত্যেব সা ভর্ত্তুর্যৌবরাজ্যাভিষেচনম্ ॥ ৩ ॥

দেবান্ পিতৄংশ্চ শরণং গত্বা[4] নিয়তমানসা।
অভিজ্ঞা রাজধর্ম্মাণাং[5] রাজপুত্রী যত[6]ব্রতা ॥ ৪ ॥

পুর্দ্বা[7]রাসক্তনয়না ভর্ত্তৃদর্শনলালসা।
তস্থৌ[8] স্ববেশ্মমধ্যে[9] সা রামাগমনকাঙ্ক্ষিণী ॥ ৫ ॥

---

১। টিপ্পনী। কৌশল্যাম্ অনুমান্য তস্যা অনুমতিং গৃহীত্বা।

৩—৫। টিপ্পনী। তৎপরা মাঙ্গলিকানুষ্ঠানেষু প্রযত্নবতী। আশংসন্তী আশংসমানা। নিয়তমানসা সংযতমনাঃ। যতব্রতা দৃঢ়ব্রতা। পুরঃ পুরস্য দ্বারে আসক্তে নয়নে যস্যাঃ সা। শ্লোকত্রয়ম্ একান্বয়ি।

জননী [ কৌশল্যা ] স্বস্ত্যয়নক্রিয়া সমাপন করিলে রঘুনন্দন [ রাম ] কৌশল্যাকে অভিবাদন করিয়া এবং [ তাঁহার ] অনুমতি গ্রহণ করিয়া লক্ষ্মণের সহিত [ সীতাভবনাভিমুখে ] গমন করিলেন ॥ ১ ॥

রাজপুত্র রাম জনসঙ্কুল রাজপথ সুশোভিত করিয়া যেন জনগণের মনোহরণপূর্ব্বক গমন করিতে লাগিলেন ॥ ২ ॥

রাজধর্ম্মে অভিজ্ঞা, দৃঢ়ব্রতা [ মঙ্গলানুষ্ঠানে ] প্রযত্নবতী সংযতহৃদয়া, অনন্যচিত্তা স্বামিদর্শনলোলুপা রাজপুত্রী বৈদেহীও সেই সময়ে রামের আগমনাভি-

---

১। ঘ '-য়ং নির্জ্জগাম হ', ঝ '-য়ান্নির্জ্জ-'। ২। গ-ঙ-ছ-ঞ '-লং'। ৩। ঞ '-রা নাস্য-'। ৪। ঝ 'গত্বা'। ৫। ক-ছ '-মার্গা-'। ৬। গ 'পতি-'। ৭। ঝ '-র্ত্তৃর্দ্দ-'। ৮। ট-পুস্তকে অত আরভ্য সপ্তমশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি। ৯। ঘ-ঙ-ছ-ঝ-ঞ '-ধ্যস্থা'।

প্রবিবেশাথ সহসা রামো বেশ্মাত্মনস্তদা।
ভক্তিমদ্ভির্জ্জনৈঃ[১] কীর্ণং হ্রিয়া কিঞ্চিদবাঙ্মুখঃ ॥ ৬ ॥
ঈষদ্দীনমুখঃ ক্ষামো মনোদুঃখসমন্বিতঃ[২]।
নাতিহৃষ্টমনাঃ সীতাং দদর্শাথ[৩] প্রবিশ্য সঃ ॥ ৭ ॥
তৎপরাং বেশ্মমধ্যস্থাং বিনয়াবনতাং[৪] স্থিতাম্।
বিনয়াচারসম্পন্নাং প্রাণেভ্যোঽপি প্রিয়াং প্রিয়াম্[৫] ॥ ৮ ॥
সা তু দৃষ্ট্বৈব ভর্ত্তারং প্রত্যুদ্গম্য প্রণম্য চ।
রামপার্শ্বে স্থিতা দেবী রামং দীনমুখং তদা ॥ ৯ ॥

৬। লো-টী। হ্রিয়া লজ্জয়া

৬। টিপ্পনী। হ্রিয়া মনোরথভঙ্গজনিতয়া লজ্জয়া অবাঙ্মুখোঽধোমুখঃ।
৭। টিপ্পনী। ক্ষামো দুঃখকাতরঃ।
৮। টিপ্পনী। প্রাণেভ্যোঽপি প্রিয়াং প্রিয়াং পত্নীম্।
৯-১০। টিপ্পনী। বরারোহা বরাঙ্গী সুশ্রোণী বা রামং দীনমুখম্ অভিবীক্ষ্য দৃষ্ট্বা অন্তর্গত-

লাষিণী হইয়া স্বামীর যৌবরাজ্যাভিষেক প্রতীক্ষা করত দেবতা ও পিতৃগণের শরণ গ্রহণপূর্ব্বক পুরদ্বারে নেত্র স্থাপন করিয়া নিজ গৃহমধ্যে অবস্থান করিতেছিলেন ॥৩-৫॥

লজ্জায় কিঞ্চিৎ অধোমুখ রাম তখন ভক্তিযুক্ত জনসমূহে সমাকীর্ণ নিজ গৃহে সহসা প্রবেশ করিলেন ॥ ৬ ॥

অনন্তর, মনোদুঃখসমন্বিত ঈষৎ ম্লানবদন অনতিপ্রফুল্লহৃদয় কাতর রামচন্দ্র [ গৃহে ] প্রবেশ করিয়া গৃহমধ্যস্থা, [ মঙ্গলানুষ্ঠানে ] প্রযত্নশালিনী বিনয়াচারসম্পন্না বিনয়াবনতা প্রাণ হইতেও প্রিয়া পত্নী সীতাকে দণ্ডায়মানা দেখিতে পাইলেন ॥৭-৮॥

দেবী সীতা ভর্ত্তাকে ( রামকে ) দেখিয়াই প্রত্যুদ্গমন ও প্রণাম করত রামের

১। ঋ 'না-'। ২। ঙ 'রামো'। ৩। ঘ 'প্রবিশ্যাথ দদর্শ', ঋ 'দদর্শাস্য'*। ৪। গ-ঋ '-ভক্তি-'। ৫। গ 'স্ত্রিয়ম্', ঘ-ঞ 'সতীম্।

* আস্য আত্মনো বেশ্ম প্রবিশ্যেত্যর্থ ইতি ঋ-টিপ্পন্যাম্।

অভিবীক্ষ্য বরারোহা বেপমানেদমব্রবীৎ।
দৃষ্ট্বান্তর্গতদুঃখার্ত্তং কিমেতদিতি বিহ্বলা ॥ ১০ ॥
কিন্ন[১] বার্হস্পতো যোগো যুক্তঃ পুষ্যেণ রাঘব।
প্রোচ্যতে ব্রাহ্মণৈস্তজ্জ্ঞৈর্যেন[২] ত্বমসি দুর্ম্মনাঃ ॥ ১১ ॥
কস্মাচ্ছতশলাকেন পূর্ণেন্দুপ্রতিমেন[৩] তে[৪]।
আবৃতং বদনং চারু চ্ছত্রেণ ন বিরাজতে ॥ ১২ ॥

১১। লো-টী। বার্হস্পত্যো বৃহস্পতিনা প্রোক্তো যোগঃ।
১২। লো-টী। শতং শলাকাঃ স্বর্ণকাষ্ঠ্যো যত্র তেন।

দুঃখেন তম্ আর্ত্তং পীড়িতঞ্চ দৃষ্ট্বা কিমেতদিতি কিংহেতুক ঈদৃশো দীনভাব ইতি তদবুদ্ধেত্যর্থঃ বিহ্বলা কম্পান্বিতা চ সতী ইদমব্রবীদিত্যন্বয়ঃ।

১১। টিপ্পনী। বার্হস্পতঃ বৃহস্পতিসম্বন্ধীশ্চন্দ্রবৃহস্পত্যোরেকত্রাবস্থানরূপো যোগো জীব-যোগস্তজ্জৈর্যোগজ্ঞৈর্জ্যোতিস্তত্ত্বজ্ঞৈরিত্যর্থঃ পুষ্যেণ পুষ্যানক্ষত্রেণ যুক্তঃ কিং ন প্রোচ্যতে? অয়ঞ্চ জ্যোতিঃশাস্ত্রোক্তঃ সুচ্ছস্থ-যোগঃ। রামস্য জন্মনক্ষত্রং পুষ্যা জন্মরাশিশ্চ কর্কটঃ—পুষ্যানক্ষত্রাশ্রিত-কর্কটরাশৌ বৃহস্পতিঃ স্বচ্ছস্থো জাতকস্য শুভং নূনমাবহেৎ। সীতা পৃচ্ছতি তাদৃগ্‌যোগস্তজ্জৈর্ন কিং প্রোচ্যতে? যেন ত্বম্ ঈদৃগ্‌দুঃখিতোঽসি।

১২। টিপ্পনী। শতশলাকেন শতশলাকাশোভিতেন।

রামের পার্শ্ববর্ত্তিনী হইলেন। তখন অনুপমরূপবতী সীতা রামকে ম্লানমুখ দেখিয়া [ এবং তাঁহাকে ] অন্তর্গত দুঃখে পীড়িত দেখিয়া 'ইহা কি' তাহা বুঝিতে না পারিয়া বিহ্বলা ও কম্পান্বিতা হইয়া ইহা বলিলেন—॥৯-১০॥

হে রঘুনন্দন, যোগতত্ত্বজ্ঞ ব্রাহ্মণগণ কি অদ্য বার্হস্পত যোগ (চন্দ্র ও বৃহস্পতির একত্রাবস্থিতিরূপ জীবযোগ) পুষ্যা নক্ষত্রের সহিত যুক্ত বলিয়া বলেন না, যন্নিবন্ধন আপনি দুর্ম্মনায়মান হইতেছেন? ॥ ১১ ॥

কি নিমিত্ত [ অদ্য ] শতশলাকাযুক্ত পূর্ণচন্দ্রসদৃশ ছত্রের দ্বারা আবৃত হইয়া আপনার রমণীয় মুখমণ্ডল শোভিত হইতেছে না ॥ ১২ ॥

১। ক-খ-ঙ-ছ-ঞ-ট 'কিন্নু', ঘ 'কিন্থাগ্যোত্ততো যোগো', ঞ 'অদ্য'। ২। ঘ-ঞ '-জ্ঞৈঃ কেন'। ৩। ঘ-ঙ-ঞ 'সদৃশে-'। ৪। ঝ 'চ'।

চামরব্যজনাভ্যাঞ্চ চারুপদ্মদলেক্ষণম্[১] ।
ন[২] বীজ্যতে তেঽদ্য মুখং কস্মাৎ পূর্ণেন্দুসপ্রভম্[৩] ॥ ১৩ ॥
যৌবরাজ্যাভিষিক্তঞ্চ[৪] সূতমাগধবন্দিনঃ ।
বাগ্মিনো[৫] ন স্তুবন্তি ত্বামদ্য রাঘব শংস মে ॥ ১৪ ॥
ন তে ক্ষৌদ্রঞ্চ দধি চ ব্রাহ্মণা বেদপারগাঃ ।
মূর্দ্ধ্নি মূর্দ্ধাভিষেকার্থং[৬] দদতে বিধিবচ্চ কিম্ ॥ ১৫ ॥
কস্মাৎ প্রকৃতিমুখ্যাস্তে শ্রেণীমুখ্যাশ্চ রাঘব ।
কিঙ্করা নাদ্য তিষ্ঠন্তি যৌবরাজ্যাভিষেচনে ॥ ১৬ ॥

১৫। লো-টী। ক্ষৌদ্রং মধু।
১৬। লো-টী। প্রকৃতিমুখ্যা আত্মামাত্যমুখ্যাঃ। শ্রেণীমুখ্যা জনপদপুরমুখ্যাঃ

১৩। টিপ্পনী। চারুপদ্মদলেক্ষণং চারুপদ্মপত্রবদ্ ঈক্ষণে নেত্রে যত্র তৎ। পূর্ণেন্দুসপ্রভং পূর্ণেন্দুকান্তি।
১৪। টিপ্পনী। বাগ্মিনো বাক্কুশলাঃ। বাগ্মিনশ্চতুরাঃ। শিরোঃ। সূতাঃ পুরাবৃত্ত-কথাশংসিনঃ। মাগধা বংশশংসকাঃ। বন্দিনঃ স্তুতিপাঠকাঃ। গোঃ রাঃ। ন স্তুবন্তি তৎ কুত ইতি শেষঃ।
১৬। টিপ্পনী। প্রকৃতয়ঃ প্রজা উচ্চজাতীয়া ইতি যাবত্তন্মুখ্যাঃ। শ্রেণ্যো রজকাদ্যষ্টাদশ

মনোহর-পদ্মপলাশনেত্র পূর্ণেন্দু-কান্তি আপনার মুখমণ্ডল কি নিমিত্ত অদ্য চামর এবং ব্যজনের দ্বারা বীজ্যমান হইতেছে না ॥ ১৩ ॥

হে রঘুনন্দন, বাক্কুশল সূত (পুরাণপাঠক), মাগধ (বংশকীর্ত্তনকারী) ও বন্দি (স্তুতিপাঠক)-গণ [কেন] অদ্য যৌবরাজ্যে অভিষিক্ত আপনার স্তুতি করিতেছে না, আমাকে বলুন ॥ ১৪ ॥

অদ্য রাজ্যাভিষেকের উদ্দেশে বেদপারগ ব্রাহ্মণগণ যথাবিধানে কি নিমিত্ত আপনার মস্তকে মধু দধি অর্পণ করিতেছেন না ? ॥ ১৫ ॥

১। ক-খ '-ক্ষণ'। ২। ঘ 'ন বিভ্রতেঽস্ত মুখং কস্মাৎ পূর্ণেন্দুসদৃশপ্রভম্'। ৩। ঙ-ছ-ঝ-ট '-প্নি-'। ৪। ছ-ঝ-ট '-জ্যোঽভিষেকঞ্চ'। ৫। ঙ 'নাবাগ্মিনঃ'। ৬। ক-খ '-র্দ্ধ্যভি-'।

অষ্টাশ্ববরযুক্তস্তে মণিকাঞ্চনভূষণঃ।

নাদ্য পুষ্পরথঃ[২] কৢপ্তঃ কস্মাদ্রিপুনিষূদন ॥ ১৭ ॥

ত্রিপ্রস্রুতো[৩] গজবৃষঃ শুভলক্ষণলক্ষিতঃ।

পৃষ্ঠতো নানুযাতি ত্বাং কস্মাদদ্যাভিষেচনে ॥ ১৮ ॥

শুভলক্ষণসম্পন্নঃ শ্বেতশ্চ তুরগোত্তমঃ।

ন তেঽদ্য যাতি পুরতঃ[৪] কস্মাচ্ শ্রীবিজয়াবহঃ ॥ ১৯ ॥

১৮। লো-টী। ত্রিপ্রস্রুতঃ গণ্ডয়োর্মধ্যে (?)। গজবৃষো গজশ্রেষ্ঠঃ।

হীনজাতয় ইতি বীরমিত্রোদয়ঃ তন্মুখ্যাশ্চ তব যৌবরাজ্যাভিষেচনে কস্মান্ন তিষ্ঠন্তি কস্মান্ন তত্র প্রযতন্ত ইত্যর্থঃ। 'ন ত্বাং প্রকৃতয়ঃ সর্বাঃ শ্রেণীমুখ্যাশ্চ ভূষিতাঃ' ইতি পাশ্চাত্যাঃ (২।২৬।১৪)। প্রকৃতয়ঃ প্রজাঃ। শিরোঃ। প্রকৃতয়োঽমাত্যাদয়ঃ। গোঃ রাঃ। শ্রেণীমুখ্যাঃ পরিষন্মুখ্যাঃ। তিঃ। বীথীপ্রধানাঃ। গোঃ রাঃ।

১৭। টিপ্পনী। পুষ্পরথো লীলাগমনপ্রয়োজনো রথো ন তু যুদ্ধার্হ ইত্যর্থঃ। তাদৃগ্‌ রথো নির্জিগমিষো রাজ্ঞোঽগ্রে ভবতি তস্মিন্ সত্যামিচ্ছায়ামারোহতি নো চেদগ্রতো গচ্ছতি। তিঃ। পুষ্পরথঃ প্রচুরপুষ্পভূষিতরথবিশেষঃ। শিরোঃ। পুষ্পরথঃ উৎসবায় কল্পিতো রথ ইত্যর্থঃ। 'অসৌ পুষ্পরথশ্চক্রযানং ন সমরায় যৎ' ইত্যমরঃ। স হি রাজ্ঞামগ্রতো নীয়তে কেবলং সম্ভ্রমায়। গোঃ রাঃ।

১৮। টিপ্পনী। ত্রিপ্রস্রুতস্ত্রিভির্নেত্রকপোলকরদেশৈঃ প্রস্রুতো মদস্রাবী।

১৯। টিপ্পনী। শ্রীবিজয়াবহঃ শ্রীবিজয়জনকঃ।

হে রঘুনন্দন, কি নিমিত্ত অদ্য প্রকৃতিমুখ্য (যাহারা উচ্চশ্রেণী প্রজাগণের প্রধান) এবং শ্রেণীমুখ্য (যাহারা অষ্টাদশ হীন জাতির প্রধান) এবং কিঙ্করগণ আপনার অভিষেকে প্রযত্নপর নহে? ॥ ১৬ ॥

হে শত্রুবিনাশন, কেন অদ্য অষ্টমহাতুরঙ্গযুক্ত মণিকাঞ্চনবিভূষিত পুষ্পরথ আপনার জন্য প্রস্তুত নহে? ॥ ১৭ ॥

অদ্য অভিষেকে, কি নিমিত্ত স্থানত্রয় (অর্থাৎ নেত্র, কপোল ও শুণ্ড) দ্বারা মদস্রাবী শুভলক্ষণলক্ষিত মহামাতঙ্গ আপনার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতেছে না এবং কি নিমিত্ত [-ই বা] শুভলক্ষণসম্পন্ন, লক্ষ্মী ও বিজয়জনক শ্বেত তুরঙ্গবর আপনার অগ্রে অগ্রে গমন করিতেছে না? ॥ ১৮-১৯ ॥

১। ঘ '-রথ-'। ২। ট '-কু-'। ৩। ট 'ত্রিঃ'। ৪। ঘ-এ 'ন যাতি পুরতস্তেঽদ্য', ঙ 'ন যাতি পুরতঃ কস্মাজ্জৈত্রং তে বি-'।

এবং ব্রুবাণাং তাং রামো জাতশঙ্কাং স মৈথিলীম্।
উবাচেদং বচো ধীরং সত্ত্বগাম্ভীর্য্যমাশ্রিতঃ[১] ॥ ২০ ॥
রাজর্ষিকুলসম্ভূতে ধর্ম্মজ্ঞে সত্যবাদিনি।
শৃণু মৈথিলি ধীরা ত্বং ভূত্বা বাক্যমিদং মম ॥ ২১ ॥
রাজ্ঞা[২] সত্যপ্রতিজ্ঞেন পিত্রা দশরথেন মে[৩]।
কৈকেয্যৈ প্রীতমনসা[৪] দত্তৌ কিল পুরা বরৌ ॥ ২২ ॥
মমোপ[৫]কল্পিতে[৬] চাদ্য[৭] যৌবরাজ্যা[৮]ভিষেচনে।
প্রচোদিতেন[৯] সহসা[১০] ধর্ম্মজ্ঞেনাপবর্জ্জিতৌ ॥ ২৩ ॥

২০। লো-টী। ধীরং ধৈর্য্যান্বিতম্।

২২। লো-টী। রাজ্ঞা হি সময়ং কৃত্বা—শপথং কৃত্বেতি নারায়ণঃ। রাজ্ঞা সত্যপ্রতিজ্ঞেন ইতি প্রায়ঃ পাঠঃ।

২৩। লো-টী। প্রচোদিতেন কৈকেয্যা প্রেরিতেন রাজ্ঞা অপবর্জ্জিতৌ বরৌ দত্তৌ। সহসা অবিচার্য্যৈব।

২০। টিপ্পনী। সত্ত্বং ধৈর্য্যম্।

২১। টিপ্পনী। উৎকটাপ্রিয়শ্রবণেন সীতায়া অত্যন্তমোহো মা ভূদিতি বিবিধগুণকীর্ত্তনেন সম্বোধয়তি। তিঃ। দত্তৌ দাতুমঙ্গীকৃতৌ।

২৩। টিপ্পনী। উপকল্পিতে নির্ণীতে। সহসা প্রচোদিতেন প্রবর্ত্তিতেন কৈকেয্যেতি শেষঃ ধর্ম্মজ্ঞেন পিত্রা অপবর্জ্জিতৌ প্রদত্তৌ।

---

মৈথিলী শঙ্কান্বিতা হইয়া এইরূপ বলিলে, রাম ধৈর্য্য ও গাম্ভীর্য্য আশ্রয়-পূর্ব্বক [ তাঁহাকে ] এই ধীর বাক্য বলিলেন—॥ ২০ ॥

হে রাজর্ষিকুলসম্ভূতে ধর্ম্মজ্ঞে সত্যবাদিনি মৈথিলি, তুমি ধীরচিত্তা হইয়া আমার এই বাক্য শ্রবণ কর ॥ ২১ ॥

আমার সত্যপ্রতিজ্ঞ পিতা রাজা দশরথ পূর্ব্বে সন্তুষ্টমনে কৈকেয়ীকে দুইটী বর প্রদান করিবার অঙ্গীকার করিয়াছিলেন ॥ ২২ ॥

---

১। ঙ-ট '-স্থিতঃ'। ২। ঋ 'হি সময়ং কৃত্বা'। ৩। ক 'বৈ'। ৪। গ-ঙ-ঋ-এ-ট '-ত্তি-'। ৫। এ '-য়ো-'। ৬। গ-ঋ 'কৢপ্তে চৈবাদ্য'। ৭। ঘ '-নাথ', ঙ-এ 'বাথ', ট 'চৈব'। ৮। ক '-ত্তোহ-'। ৯। ঙ 'পুরোদিতেন'। ১০। গ 'সময়াৎ', ঘ-ঙ-এ 'মনসা', ছ-ট 'স ময়া'।

ময়া বর্ষাণি[1] বস্তব্যং চতুর্দ্দশ বনে প্রিয়ে।
ভরতেনাপ্যযোধ্যায়াং রাজ্ঞা ভাব্যমনিন্দিতে ॥ ২৪ ॥
সোঽহং ত্বামাগতো দ্রষ্টুং প্রস্থিতো বিজনং[2] বনম্।
আপৃচ্ছে ধৈর্য্যমালম্ব্য[3] মামনুজ্ঞাতুমর্হসি ॥ ২৫ ॥
শ্বশ্রুশ্চ শ্বশুরশ্চৈব বস ত্বং সমুপাশ্রিতা[4]।
শুশ্রূষাপরমা[5] ভূত্বা যাবদাগমনং মম ॥ ২৬ ॥
মদ্ব্যপাশ্রয়জং মানমাশ্রিত্য বরবর্ণিনি।
ভরতস্য সমীপেঽহং ন তে স্তত্যঃ[6] কদাচন ॥ ২৭ ॥

২৫। লো-টী। অনুজ্ঞাং কর্ত্তুমর্হসীত্যাহ—আপৃচ্ছে যাচে।
২৭। লো-টী। মদ্ব্যপাশ্রয়জং মদাশ্রয়জন্যং মানমহঙ্কারম্।

২৫। টিপ্পনী। প্রস্থিতো গন্তুমুদ্যতঃ। আপৃচ্ছে গমনকালোচিতং সম্ভাষণং করোমি।
২৭। টিপ্পনী। বরবর্ণিনি হে সৌন্দর্য্যশালিনি! মদ্ব্যপাশ্রয়জং মমাশ্রয়জনিতং মানং গৌরবমাশ্রিত্য মদ্গৌরবেণ গৌরবমনুভূয়েত্যর্থঃ ভরতস্য সমীপেঽহং ন তে ত্বয়া স্তত্যঃ শ্লাঘনীয়ঃ প্রণামাগমনাদিদশায়ামিতি শেষঃ।

অদ্য আমার যৌবরাজ্যাভিষেক স্থির হইলে, ধর্ম্মজ্ঞ পিতা সহসা [ কৈকেয়ী-কর্ত্তৃক ] প্রবর্ত্তিত হইয়া [ সেই বরদ্বয় তাঁহাকে ] প্রদান করিয়াছেন ॥ ২৩ ॥

হে অনিন্দিতে, হে প্রিয়ে, [ এক বরে ] আমাকে চতুর্দ্দশ বৎসর বনে বাস করিতে হইবে এবং [ অন্য বরে ] ভরত অযোধ্যায় রাজা হইবে ॥ ২৪ ॥

সেই আমি বিজন-বনগমনে উদ্যত হইয়া তোমাকে দেখিবার জন্য উপস্থিত হইয়াছি। আমি বিদায়কালীন সম্ভাষণ জ্ঞাপন করিতেছি, তুমি ধৈর্য্য অবলম্বন করিয়া আমাকে [ বনগমনের ] সম্মতি প্রদান কর ॥ ২৫ ॥

আমার [ পুনঃ ] আগমন পর্য্যন্ত তুমি শ্বশুর ও শ্বশ্রূকে আশ্রয় করত [ তাঁহাদের ] শুশ্রূষাপরায়ণা হইয়া [ এই স্থানে ] অবস্থান কর ॥ ২৬ ॥

১। ঙ 'গন্তব্যং'। ২। ঝ 'গহনং'। ৩। গ 'মাং ত্বমাজ্ঞা-'। ৪। ঙ 'সমুপস্থিতা', ছ-ট 'পর্য্যুপা-,' ঞ 'সমুপান্বিতা'। ৫। ঘ-ঙ '-মা'। ৬। ঙ-ছ-ট '-শ্লক্ষ-'।

ঐশ্বর্য্যমদমত্তা হি ন সহন্তে পরস্তবম্[1]।
তস্মাত্ত্বয়া[2] গুণাঃ স্তত্যা ভরতস্যাগ্রতো ন মে ॥ ২৮ ॥
অহং হি পিতরং সত্যং চিকীর্ষুস্তন্নিয়োগতঃ।
বনমদ্যৈব যাস্যামি কুরু ত্বং হৃদয়ং স্থিরম্ ॥ ২৯ ॥
ময়ি যাতে তু[3] কল্যাণি বনং মুনিজনপ্রিয়ম্।
ব্রতোপবাসরতয়া[4] ভবিতব্যং ত্বয়া প্রিয়ে ॥ ৩০ ॥
কল্যমুত্থায় দেবানাং কৃত্বা পূজাভিবাদনম্[5]।
বন্দিতব্যো দশরথঃ পিতা মে দৈবতং যথা ॥ ৩১ ॥

৩১। লো-টী। কল্যং প্রাতঃ

২৮। টিপ্পনী। এতৎকারণমাহ—ঐশ্বর্য্যমদমত্তা ইতি।
২৯। টিপ্পনী। সত্যং সত্যবন্তং সত্যপ্রতিজ্ঞমিতি যাবৎ
৩১। টিপ্পনী। কল্যম্ উষসি।

হে বরবর্ণিনি, তুমি আমার আশ্রয়জনিত গৌরব অবলম্বন করিয়া (অর্থাৎ সেই গৌরবে গৌরবিণী হইয়া) ভরতের সমীপে কখনও আমার প্রশংসা করিও না ॥ ২৭ ॥

ঐশ্বর্য্যমদমত্ত ব্যক্তিগণ পরের প্রশংসা [ কখন ও ] সহ্য করিতে পারে না। অতএব তুমি ভরতের সম্মুখে আমার গুণের প্রশংসা করিও না ॥ ২৮ ॥

আমি পিতাকে সত্যসন্ধ করিবার নিমিত্ত তাঁহার আদেশে অদ্যই বনে গমন করিব; তুমি হৃদয় স্থির কর ॥ ২৯ ॥

হে কল্যাণি, হে প্রিয়ে, আমি মুনিজনপ্রিয় বনে গমন করিলে তুমি ব্রত ও উপবাসে রতা হইবে ॥ ৩০ ॥

প্রত্যূষে গাত্রোত্থানপূর্ব্বক দেবগণের পূজা ও অভিবাদন করিয়া আমার পিতা দশরথকে তুমি দেবতার ন্যায় [ ভক্তিসহকারে ] বন্দনা করিবে ॥ ৩১ ॥

---

১। ঘ-ঞ '-স্পরম্'। ২। ছ-ট '-দ্গুণাস্ত্বয়া'। ৩। গ-ছ 'চ'। ৪। ঝ '-পর-'। ৫। ঝ-ট '-[illegible]-'।

মাতরশ্চৈব মে সর্ব্বা যথাক্রমমশেষতঃ।[১]
ত্বয়ার্চ্চনীয়াঃ সততং সমা হি মম মাতরঃ॥ ৩২॥[২]
ভ্রাতরৌ চাপি মে সীতে প্রাণেভ্যোঽপি প্রিয়াবুভৌ।
ত্বয়া ভরতশত্রুঘ্নৌ দ্রষ্টব্যৌ ভ্রাতৃপুত্রবৎ॥ ৩৩॥[৩]
ন বক্তব্যোঽপ্রিয়ং সীতে মৎপ্রীত্যা ভরতস্ত্বয়া।
স হি রাজা গুরুশ্চৈব দেশস্যাস্য প্রিয়শ্চ মে॥ ৩৪॥[৪]
আরাধিতা হি রাজানো দেববচ্চোপসেবিতাঃ।
অনুগ্রহৈর্যোজয়ন্তি ভক্তান্ ঘ্নন্তি বিপর্য্যয়ে॥ ৩৫॥[৫,৬]

৩২। লো-টী। যথাসর্ব্বং দেবপূজাদিকমনতিক্রম্য, যথাক্রমমিতি বা পাঠঃ। সমাঃ সমানাঃ।
৩৩। লো-টী। ভ্রাতৃপুত্রবৎ ভ্রাতরৌ পুত্রবদ্ দ্রষ্টব্যাবিতি শেষঃ।

৩২। টিপ্পনী। সমাঃ সমানপূজার্হাঃ।
৩৩। টিপ্পনী। ভ্রাতৃপুত্রবদ্ ভ্রাতৃবৎ পুত্রবচ্চ।
৩৪। টিপ্পনী। গুরুর্গুরুবৎ পূজ্যঃ।
৩৫। টিপ্পনী। আরাধিতাঃ স্তুত্যাদিভির্বন্দিতাঃ। উপসেবিতা নানাদ্রব্যোপহারৈস্তর্পিতাঃ। বিপর্য্যয়ে তদন্যথাচরণে হন্ত্যন্যথাচারিণ ইতি শেষঃ।

তুমি সর্ব্বদা আমার সমস্ত মাতাকে অশেষভাবে যথাক্রমে অর্চ্চনা করিবে; যেহেতু আমার নিকট মাতৃগণ [ সকলেই ] সমান॥ ৩২॥

হে সীতে, প্রাণাপেক্ষাও প্রিয় আমার উভয় ভ্রাতা ভরত ও শত্রুঘ্নকেও তুমি ভ্রাতার ন্যায় ও পুত্রের ন্যায় [ স্নেহদৃষ্টিতে ] দেখিবে॥ ৩৩॥

প্রিয়ে, আমার প্রতি প্রীতিনিবন্ধন ভরতকে তুমি অপ্রিয় বাক্য বলিও না। ভরতই এই দেশের অধিপতি ও গুরু ( গুরুবৎ পূজ্য ) এবং আমার প্রিয়॥ ৩৪॥

নৃপতিগণ আরাধিত ( বন্দিত ) এবং দেবতার ন্যায় সেবিত ( নানাদ্রব্যোপহারে সন্তোষিত ) হইলে ভক্তগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন, ইহার অন্যথাচরণে [ অন্যথাচারীদিগকে ] বিনষ্ট করেন॥ ৩৫॥

১। ঙ '-পূর্ব্ব-', ঝ '-সর্ব্ব-'। ২। ঙ 'মাতরো মম'। ৩। ট 'মাতৃ-'। ৪। ছ-ঝ-ট '-স্যাপি'। ৫। ছ-ট 'নিগৃহ্ণন্তি বি-'। ৬। ঘ '-য়ৈঃ'।

ঔরসানপি পুত্ত্রাংশ্চ বিহিংসন্ত্যপকারিণঃ।
অনুগৃহ্লন্তি[1] চ প্রীতাঃ পরানপ্যুপকারিণঃ॥ ৩৬॥
ত্বঞ্চ তেনেহ[2] ভর্ত্তব্যা বনং[3] বিপ্রোষিতে[4] ময়ি।
তস্মাৎ সাম্নৈব লিপ্সেথাশ্চেলপিণ্ডভৃতিং ততঃ[5]॥ ৩৭॥
মম মাতা চ কৌশল্যা বৃদ্ধা মচ্ছোককর্ষিতা।
মৎপ্রিয়ার্থং প্রিয়ে সীতে শুশ্রূষ্যানন্যচিত্তয়া[6]॥ ৩৮॥
অহং গমিষ্যামি মহাবনং প্রিয়ে ত্বয়াপি বস্তব্যমিহাজ্ঞয়া মম।
যথা ব্যলীকং ন করোষি[7] কস্যচিত্তথা[8] ত্বয়া কার্য্যমিতো গতে ময়ি॥ ৩৯॥
ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে সীতোপমন্ত্রণং নাম
ষড়্‌বিংশঃ সর্গঃ॥ ২৬॥

৩৭। লো-টী। ভৃতিং দেহভরণং তেন যুক্তদেহভরণমিত্যর্থঃ (?)
৩৯। লো-টী। যথা ব্যলীকং দুঃখং ন করোষি ন জানাসি।

৩৬। টিপ্পনী। রাজধর্ম্মানাহ—ঔরসানিতি। বিহিংসন্তি নিঘ্নন্তি।
৩৭। টিপ্পনী। ভর্ত্তব্যা পোষণাদিভী রক্ষিতব্যা। সাম্না শান্তভাবেন। চেলপিণ্ডভৃতিং গ্রাসাচ্ছাদনরূপং পোষণদ্রব্যম্।
৩৮। টিপ্পনী। মচ্ছোককর্ষিতা মদ্বিয়োগজশোকেন পীড়িতা।
৩৯। টিপ্পনী। ব্যলীকম্ অপ্রিয়ম্। গোঃ রাঃ।

---

নৃপতিগণ অপকারী ঔরস পুত্ত্রগণকেও বিনষ্ট করেন এবং উপকারী শত্রু-গণকেও প্রীত হইয়া অনুগৃহীত করেন॥ ৩৬॥

আমি বনগমন করিলে এই স্থানে ভরত [-ই] তোমার ভরণপোষণ করিবেন; অতএব প্রশান্ত ভাবেই তাঁহার নিকট তুমি গ্রাসাচ্ছাদনরূপ ভৃতি (ভরণ পোষণের দ্রব্য) কামনা করিবে এবং হে সীতে, আমার শোকে পীড়িতা, আমার বৃদ্ধা মাতা কৌশল্যাকে তুমি অনন্যচিত্তা হইয়া [সেবা] শুশ্রূষা করিবে॥ ৩৭-৩৮॥

প্রিয়ে, আমি মহাবনে গমন করিতেছি, তুমিও আমার আজ্ঞায় এই স্থানে [-ই] বাস কর। আমি এই স্থান হইতে [বন-] গমন করিলে, [তোমার] যাহাতে কাহারও অপ্রিয়াচরণ করিতে না হয়, তুমি তাহা করিবে॥ ৩৯॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে সীতোপমন্ত্রণ-নামক
ষড়্‌বিংশ সর্গ সমাপ্ত॥ ২৬॥

---

১। ট ইদমর্দ্ধং নাস্তি। ২। ঙ '-নহি'। ৩। ঙ '-নে'। ৪। খ-ঙ 'হি'। ৫। খ-ঙ 'তব'। ৬। ঙ '-স্তয়া'। ৭। ঙ 'ভবেস্ত'। ৮। ঙ '-হি-'।

## সপ্তবিংশঃ সর্গঃ

ইত্যপ্রিয়মিদং বাক্যং শ্রুত্বা সা প্রিয়ভাষিণী[১] ।
সাসূয়মিব ভর্ত্তারং সীতা বচনমব্রবীৎ ॥ ১ ॥
আর্য্যপুত্ত্র পিতা মাতা ভ্রাতরো বান্ধবাঃ সুতাঃ ।
প্রেত্য[২] চৈবেহ চাশ্নন্তি[৩] স্বং[৪] স্বং কর্ম্মফলং পৃথক্ ॥ ২ ॥
ন পিতুঃ কর্ম্মণা পুত্ত্রঃ পিতা বা পুত্ত্রকর্ম্মণা ।
সুখমাপ্নোতি দুঃখং বা স্বং তু কর্ম্মাভিজায়তে ॥ ৩ ॥
ভার্য্যৈকা পতিভাগ্যানি ভুঙ্‌ক্তে পতিপরায়ণা ।
সাহং ত্বামনুযাস্যামি যত্র যত্র গমিষ্যসি ॥ ৪ ॥

---

১। লো-টী। সাসূয়ং সক্রোধমিব।
৩। লো-টী। শুভং বা অশুভং বা অভি লক্ষীকৃত্য সুখী বা দুঃখী বা জায়তে।

৩। টিপ্পনী। তু কিন্তু স্বং স্বকৃতং কর্ম্মৈবাভিজায়তে প্রসূতে ফলীভূতং সুখং বা দুঃখং বেতি শেষঃ। অন্তর্ভূ তণ্যর্থোঽয়ম্।
৪। টিপ্পনী। একা কেবলং ভার্য্যা পত্যুরর্দ্ধশরীরভূতা পতিভাগ্যানি পতিকৃতকর্ম্মফলানি ভুঙ্‌ক্তে তেন সহাধিকারাদিতি ভাবঃ।

সেই প্রিয়ভাষিণী সীতা এই অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া স্বামীকে কোপের সহিতই যেন [ এই ] বাক্য বলিলেন— ॥ ১ ॥

আর্য্যপুত্ত্র ! পিতা, মাতা, ভ্রাতৃগণ, বান্ধব ও পুত্ত্রগণ ইহলোকে এবং পরলোকে পৃথক্ [ পৃথক্ ] ভাবে নিজ নিজ কর্ম্মফল ভোগ করিয়া থাকে ॥ ২ ॥

পিতার কর্ম্মে পুত্ত্র বা পুত্ত্রের কর্ম্মে পিতা সুখ বা দুঃখ প্রাপ্ত হয়েন না; কিন্তু [ মানবের ] স্বীয় কর্ম্ম [ -ই সুখ-দুঃখ ] প্রসব করিয়া থাকে ॥ ৩ ॥

একমাত্র পতিপরায়ণা ভার্য্যা [ -ই ] পতির কৃত কর্ম্মফল ভোগ করিয়া থাকে। আপনি যে যে স্থানে যাইবেন, আপনার ভার্য্যা আমি [ তথায় তথায় ] আপনার অনুগমন করিব ॥ ৪ ॥

---

১। ঞ '-বাদিনী'। ২। গ 'ভুঞ্জতে প্রেত্য চৈবেহ'। ৩। ঙ 'ঘাশ-'। ৪। ঙ 'স্বস্বং'।

শপেঽহং[1] তে[2] প্রসাদেন[3] জীবিতেন চ রাঘব।
যথা নেচ্ছাম্যহং[4] বস্তুং স্বর্গেঽপি রহিতা ত্বয়া ॥ ৫ ॥
ত্বং মে নাথো গুরুশ্চৈব গতির্দ্দৈবতমেব চ।
গমিষ্যামি ত্বয়া সার্দ্ধমেষ মে নিশ্চয়ঃ পরঃ ॥ ৬ ॥
যদি ত্বমুদ্যতো গন্তুং দুর্গং[5] কণ্টকিতং[6] বনম্।
অহং তবাগ্রে যাস্যামি মৃদ্নন্তী কুশকণ্টকম্ ॥ ৭ ॥
ন পিতা নাত্মজো[7] নাত্মা ন মাতা ন সুহৃজ্জনঃ[8]।
গতির্ভবতি সৎস্ত্রীণাং[9] পতিস্ত্বেকঃ[10] পরা গতিঃ ॥ ৮ ॥

---

৫। লো-টী। স্বর্গেঽপি ত্বয়া বিনাহং ন বস্তুং যথা নিশ্চিতমেব নেচ্ছামীত্যর্থঃ। শপেঽহং প্রসাদেন জীবিতেন চ যদি মিথ্যা বদামি তদা তব প্রসাদো জীবিতঞ্চ ন স্যাদিত্যর্থঃ।

৭। লো-টী। কণ্টকিনম্ অকারান্তাদিন্‌প্রত্যয়ঃ। কণ্টকিতমিতি বা পাঠঃ।

৮। লো-টী। আত্মা স্বয়মপি স্বস্য ন গতিঃ শরণম্।

৫। টিপ্পনী। তব প্রসাদেনানুগ্রহেণ মম সর্ব্বস্বভূতস্য তব জীবিতেন চ শপে শপথং করোমি।

৬। টিপ্পনী। নাথঃ প্রভুঃ। নিশ্চয়ঃ পরঃ দৃঢ়ো নিশ্চয় ইত্যর্থঃ।

৭। টিপ্পনী। মৃদ্নন্তী স্বপদ্‌ভ্যাং মর্দ্দয়ন্তী। শিরোঃ। মৃদ্নন্তী মর্দ্দয়ন্তী মৃদূকুর্ব্বন্তীত্যর্থঃ। কুশরূপকণ্টকম্। গোঃ রাঃ।

৮। টিপ্পনী। আত্মা স্বকীয়মাত্রযত্নঃ। শিরোঃ।

হে রঘুনন্দন, আমি আপনার অনুগ্রহ এবং জীবনদ্বারা শপথ করিতেছি যে, আপনাকে ছাড়িয়া আমি স্বর্গেও বাস করিতে ইচ্ছা করি না ॥ ৫ ॥

আপনি আমার প্রভু ও গুরু এবং [ আপনিই আমার ] গতি ও দেবতা। আমি আপনার সহিত [ বন- ] গমন করিব, ইহা [ -ই ] আমার দৃঢ় নিশ্চয় ॥ ৬ ॥

আপনি যদি কণ্টকাকীর্ণ দুর্গম বনে গমন করিতে উদ্যত হইয়া থাকেন, আমি আপনার অগ্রে [ অগ্রে ] কুশকণ্টক বিমর্দ্দিত করিয়া গমন করিব ॥ ৭ ॥

---

১। ঘ '-পেয়ং'। ২। ঝ 'ত্বাং'। ৩। '-বা-'। ৪। ঙ 'গন্তুং'। ৫। গ 'কুশ-', ঙ-ছ-ঞ 'দুর্গ-'। ৬। গ-ছ-ঝ '-নং'। ৭। ঙ '-ন্নজো', ঝ '-ত্মজা'। ৮। ঘ-ঞ '-নাঃ'। ৯। ঙ 'সু-' ছ-ট 'হি'। ১০। ঝ-ট '-রেকঃ'।

ঈর্ষ্যাদোষং সমুৎসৃজ্য পীতশেষমিবোদকম্।
নয় মাং বীর বিস্রব্ধং[1] পাপং[2] ন ময়ি বিদ্যতে[3] ॥ ৯ ॥
হর্ম্ম্যপ্রাসাদভবনবিমানেভ্যো[4]ঽপি মে[5] প্রভো।
তব[6] পাদাশ্রয়ঃ[7] শ্রেয়ান্ স্বর্গাদপি সুদুর্ল্লভঃ[8] ॥ ১০ ॥

৯। লো-টী। ঈর্ষ্যাদোষং বনগমনে পরুষার্পণরূপম্।
১০। লো-টী। হর্ম্ম্যং গৃহম্। বিমানম্ উপরি গৃহম্।

৯। টিপ্পনী। ঈর্ষ্যা পরোৎকর্ষকাতরতা। ঈর্ষ্যারূপং দোষং পীতশেষম্ উচ্ছিষ্টং জলমিব সমুৎসৃজ্য ত্যক্ত্বা বিস্রব্ধং নিঃশঙ্কং যথা স্যাত্তথা মাং নয়। নন্বেকাকী কথং ত্বাং বিপৎসঙ্কুলং বনং নয়ামীতি হেতুগর্ভবিশেষণমাহ—বীরেতি। অনেয়ত্বপ্রয়োজকং পাপমপি মম নাস্তীত্যাহ—পাপমিতি। ময়ি পাপং কোঽপ্যপরাধো ন বিদ্যতে। 'ঈর্ষ্যারোষং বহিষ্কৃত্য ভুক্তশেষমিবোদকম্' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।২৭।৮)। ঈর্ষ্যা প্রিয়াবনগমনসাহসং কথমিত্যক্ষান্তিরীর্ষ্যা। নন্ভুক্তভোগয়া ত্বয়া বনে কিং প্রয়োজনমত আহ—ভুক্তশেষমুদকমিব। যথা দুষ্প্রাপপানীয়কান্তারবাসিনা পীতশেষং কমণ্ডলুনিষ্ঠমুদকমবশ্যং নেয়মেব, তথাহমপি ত্বয়া নেয়ৈব। তরুণত্বাদিতি গূঢ়হাসোক্তিঃ। তিঃ। ভুক্তশেষমুচ্ছিষ্টজলমিব। শিরোঃ। ঈর্ষ্যা ত্বদনুবর্ত্তনেন চরিতার্থেয়ং ভবিষ্যতীত্যেবংরূপা। ভুক্তশেষং শাস্ত্রনিষিদ্ধতয়োক্তমুদকমিব বহিষ্কৃত্য নিঃশেষং নিরস্য। গোঃ রাঃ।

১০। টিপ্পনী। ভবনং প্রাকৃতজনানাং বাসঃ, হর্ম্ম্যং ধনিনাং বাসঃ, প্রাসাদো রাজ্ঞাং বাসঃ, বিমানঃ সার্ব্বভৌমানাং বাসঃ।

সাধ্বী রমণীদিগের গতি পিতা নহে, পুত্র নহে, আত্মা (স্বকীয় প্রযত্ন) নহে, মাতা নহে, সুহৃজ্জন নহে, কিন্তু একমাত্র পতিই [তাঁহাদের] পরম গতি ॥ ৮ ॥

হে বীর, পীতাবশিষ্ট (উচ্ছিষ্ট) সলিলের ন্যায় ঈর্ষ্যাদোষ পরিত্যাগ করত নিঃশঙ্কচিত্তে আমাকে লইয়া চলুন। [আপনি আমাকে পরিত্যাগ করিয়া যাইতে পারেন এরূপ কোনও] পাপ আমাতে নাই ॥ ৯ ॥

হে প্রভো, স্বর্গাপেক্ষাও সুদুর্ল্লভ আপনার চরণাশ্রয়—ভবন (সাধারণ গৃহ), হর্ম্ম্য (ধনীর নিকেতন), [রাজ-] প্রাসাদ এবং বিমান (সম্রাট্‌ভবন) হইতেও আমার পক্ষে শ্রেয়স্কর ॥ ১০ ॥

১। ঞ '-ব্ধাং'। ২। গ-ছ-ঝ-ঞ 'ময়ি ন'। ৩। ঙ 'বর্ত্তে'। ৪। ঝ '-নং'। ৫ 'চ'। ৬। ঞ 'ত্বৎপাদাপাশ্রয়স্থেন'। ৭। ঘ '-য়-সেহঃ'। ৮। ঞ '-ভম্'।

কুরু প্রসাদং গচ্ছেয়ং[১] ত্বয়াহং সহিতা বনম্।
সিংহকুঞ্জর[২]শার্দ্দূলবরাহ[৩]ঋক্ষ[৪]নিষেবিতম্ ॥ ১১ ॥
সুখং বনে[৫]হপি বৎস্যামি তব পাদব্যপাশ্রয়াৎ।
বিহরন্তী ত্বয়া সার্দ্ধং যথেন্দ্রভবনে[৬] তথা ॥ ১২ ॥
শুশ্রূষমাণা বৎস্যামি পাদৌ[৭] তে নিয়তব্রতা।
রমমাণা ত্বয়া সার্দ্ধং কাননেষু সুগন্ধিষু ॥ ১৩ ॥
শতক্রতুসমঃ শৌর্য্যে বিষ্ণোস্তুল্যপরাক্রমঃ।
ত্বং হি লোকত্রয়স্যাস্য সমর্থঃ পরি[৮]পালনে ॥ ১৪ ॥

---

১৪। লো-টী। শৌর্য্যোহভীরুতায়াম্। পরাক্রমঃ শক্তিঃ।

---

১২। টিপ্পনী। বিহরন্তী বিচরন্তী।
১৩। টিপ্পনী। নিয়তব্রতা ইন্দ্রিয়সংযমরূপব্রতপরায়ণা।

---

আপনি [ আমার প্রতি ] অনুগ্রহ করুন, আমি আপনার সহিত মিলিত হইয়া সিংহ, ব্যাঘ্র, মাতঙ্গ, বরাহ ও ঋক্ষসেবিত বনে গমন করিব ॥ ১১ ॥

আমি আপনার চরণাশ্রয়ে আপনার সহিত বিচরণ করিতে করিতে বনেও ইন্দ্রভবনের ন্যায় সুখে বাস করিব ॥ ১২ ॥

আমি নিয়ত [ ইন্দ্রিয়সংযমরূপ ] ব্রতপরায়ণা হইয়া আপনার চরণদ্বয় শুশ্রূষা করত আপনার সহিত আনন্দ উপভোগপূর্ব্বক সুগন্ধ কাননে বাস করিব ॥ ১৩ ॥

শৌর্য্যে ইন্দ্রতুল্য, বিষ্ণুর তুল্যপরাক্রমশালী আপনি নিশ্চয়ই এই লোকত্রয়ের রক্ষণে সমর্থ ॥ ১৪ ॥

---

১। ঙ 'চ'। ২। পুস্তকে অত্রারভ্য চতুর্দ্দশশ্লোকস্য পূর্ব্বার্দ্ধং যাবন্নাস্তি। খ 'বরাহসিংহকুঞ্জর-শার্দ্দূলঋক্ষ-'। ৩। গ '-মৃগঋক্ষ-', গ '-কুঞ্জরক-'। ৪। গ '-বিতে'। ৫। ঝ '-নে নিবৎ-'। ৬। ঝ '-নং'। ৭। ঞ 'তু'। ৮। ৰ-গ-ছ-ঞ-ট 'প্রতি-'।

ন মমাভিভবে শক্তো মহেন্দ্রোঽপি ত্বদাশ্রয়াৎ।
অতো নার্হসি মাং ভক্তাং[1] নিবর্ত্তয়িতুমাতুরাম্ ॥ ১৫ ॥
ত্বয়া সহ ভবিষ্যামি[2] ফলমূলকৃতাশনা।
দুর্ভরা[3] ন ভবিষ্যামি বনে তেঽহং কথঞ্চন ॥ ১৬ ॥
ইচ্ছামি সরিতঃ শৈলান্ সরাংসি চ বনানি চ।
দ্রষ্টুং বল্কলসংবীতা ত্বয়া নাথেন রক্ষিতা ॥ ১৭ ॥
হংসকারণ্ডবাকীর্ণাঃ পদ্মিনীর্ব্বিমলোদকাঃ[4]।
অবগাহ্যাভিরংস্যেঽহং ত্বয়ৈব সহ রাঘব ॥ ১৮ ॥

১৫। লো-টী। অভিভবে পরাভবে।

১৬। লো-টী। দুর্ভরা অভরণীয়া। দুর্ভগেতি পাঠে ভগং ধর্ম্মস্তদ্রহিতেত্যর্থঃ।

১৫। টিপ্পনী। মমাভিভবে মাং প্রতি কমপ্যবমানং প্রদর্শয়িতুমিত্যর্থঃ।

১৬। টিপ্পনী। নন্বু ত্বদুদ্দেশ্যকবিশিষ্টান্নপানাদিসংগ্রহে মম শ্রমঃ স্যাদিত্যত আহ—ত্বয়া সহেতি। মদর্থং ত্বয়া যত্নান্তরং নাঙ্গীকর্ত্তব্যং পরং ত্বদশনাবশেষেণ ফলমূলেন কৃতাশনা ফলমূলভোজনা ভবিষ্যামি অতস্তেঽহং দুর্ভরা দুর্ব্বহভারা ন ভবিষ্যামি।

১৭। টিপ্পনী। বল্কলসংবীতা বল্কলপরিধানা।

১৮। টিপ্পনী। কারণ্ডবঃ কাকতুণ্ডো দীর্ঘপাদঃ কৃষ্ণবর্ণো হংসজাতীয়ঃ পক্ষিবিশেষঃ। 'মদ্গুঃ কারণ্ডবো প্লবঃ' ইত্যমরঃ। কারণ্ডবো জলকুক্কুটঃ। তিঃ। পদ্মিনীঃ সরোবরান্। অভিরংস্যে ক্রীড়িষ্যামি।

আপনার আশ্রয়ে থাকিলে ইন্দ্রও আমার অবমাননা করিতে সমর্থ হইবে না। অতএব, দুঃখিতচিত্তা [ ও আপনার প্রতি ] ভক্তিসম্পন্না আমাকে নিবর্ত্তিত করিবেন না ॥ ১৫ ॥

আপনার সহিত আমি ফল মূল ভক্ষণ করিয়া থাকিব। বনে কোন ক্রমেই আমি আপনার দুর্ব্বহা হইব না ( অর্থাৎ আমার ভার বহনে আপনার বিন্দুমাত্রও ক্লেশ পাইতে হইবে না ) ॥ ১৬ ॥

আমি, রক্ষক আপনার দ্বারা রক্ষিতা হইয়া বল্কল পরিধানপূর্ব্বক নদী পর্ব্বত সরোবর ও বনসমূহ দর্শন করিতে ইচ্ছা করি ॥ ১৭ ॥

১। ঞ-ট 'ভক্ত্যা',। ২। ঝ 'গমি-'। ৩। ঘ-ট '-গা'। ৪। ঝ '-স্তো বি-'।

বনোদ্দেশেষু রম্যেষু নানাকুসুমগন্ধিষু।
বস্তুমিচ্ছামি[১] মুদিতা ত্বয়াহং সহ কাননে ॥ ১৯ ॥

সহস্রাণ্যপি বর্ষাণাং[২] বহূনি সহিতা ত্বয়া।
সমতীতানি মন্যেঽহং যথৈকং দিবসং তথা ॥ ২০ ॥

স্বর্গেঽপি বাসং রহিতা ত্বয়া বীর ন কাময়ে।
নরকস্থাপি[৩] মে স্বর্গাদ্[৪]বিশিষ্টং[৫] স্যাত্ত্বয়া সহ ॥ ২১ ॥

পিত্রা চাপ্যনুশিষ্টাস্মি মাত্রা বন্ধুজনেন চ।
বিনা ভর্ত্রা ন বস্তব্যং[৬] ত্বয়েতি রঘুনন্দন[৭] ॥ ২২ ॥

---

১৯। টিপ্পনী। বনোদ্দেশেষু বনপ্রদেশেষু।

২১। টিপ্পনী। স্বর্গাদ্ বিশিষ্টং বিশেষযুক্তং তদপেক্ষয়া সুখকরমিতি যাবৎ।

২২। টিপ্পনী। অনুশিষ্টোপা

হংস ও কারণ্ডব (হংসজাতীয় জলচর পক্ষিবিশেষ) -সমাকুল বিমলসলিল-পূর্ণ কমলসুশোভিত সরোবরে অবগাহনপূর্ব্বক আমি আপনার সহিত ক্রীড়া করিব ॥ ১৮ ॥

অরণ্যমধ্যে আমি আপনার সহিত নানা পুষ্পগন্ধে পরিপূর্ণ রমণীয় বনপ্রদেশ-সমূহে প্রমুদিতচিত্তে বাস করিতে ইচ্ছা করি ॥ ১৯ ॥

আপনার সহিত আমার বহু সহস্র বৎসর অতিবাহিত হইলেও আমি [তাহা ঠিক] একটী দিন যেরূপ, সেইরূপ মনে করিব ॥ ২০ ॥

হে বীর, আপনাকে ছাড়িয়া আমি স্বর্গবাসও কামনা করি না এবং আপনার সহিত [বাস করিতে পারিলে] নরকও আমার স্বর্গ হইতে ভাল বোধ হইবে ॥ ২১ ॥

হে রঘুনন্দন, 'ভর্ত্তাকে ছাড়িয়া তোমার বাস করা কর্ত্তব্য নহে' [আমার] পিতা মাতা এবং বন্ধুজনও আমাকে এইরূপ উপদেশ দিয়াছেন ॥ ২২ ॥

---

১। ট '-মীহামি'। ২। ঙ-চ-ঞ '-ণি'। ৩। ক-ঘ-ছ 'কং বা-'। ৪। ক-ছ '-গো'। ৫। গ-ঙ '-ন্নিদিষ্টং', ক '-বিশিষ্টঃ'। ৬। ঙ 'গন্তব্য'। ৭। অতঃ পরং ট-পুস্তকে 'পিত্রাদিষ্টা বনে বাসং যথা ত্বং কর্ত্তুমর্হসি। তথাহং জনকাদিষ্টা বৎস্যামি তে সমীপতঃ ॥' ইত্যধিকঃ।

অতঃ প্রণম্য যাচে[১] ত্বাং গমনে কৃতনিশ্চয়া।
ন মামর্হসি সন্দেষ্টুমিতিকর্ত্তব্যতাং প্রতি ॥ ২৩ ॥

বনং গমিষ্যামি সহ ত্বয়াহং
ন মাং নৃবীর[২] প্রতিবেদ্ধুমর্হসি।
বনে[৩] নিবৎস্যামি যথা পিতুর্গৃহে
তথৈব পদ্ভ্যাম[৪]ভিরক্ষিতা তব[৫] ॥ ২৪ ॥

অনন্যভাবা[৬]মনুরক্তচেতসং
ত্বয়া বিমুক্তাং[৭] মরণায় নিশ্চিতাম্[৮]।
নয়স্ব মাং সাধু[৯] কুরু প্রিয়ঞ্চ মে
ময়া ন ভারো গুরুতামুপৈষ্যতি ॥ ২৫ ॥

---

২৪। লো-টী। পদ্ভ্যাং গমিষ্যামীতি সম্বন্ধঃ।

২৩। টিপ্পনী। ইতিকর্ত্তব্যতাং প্রতি বনগমনবিষয়ককর্ত্তব্যনিরূপণম্ অধিকৃত্যেত্যর্থঃ মাং সন্দেষ্টুমাদেষ্টুং নার্হসি।

২৪। টিপ্পনী। তব পদ্ভ্যাম্ অভিরক্ষিতা সতী যথৈব পিতুর্গৃহে বসামি তথৈব বনে নিবৎস্যামীত্যন্বয়ঃ।

২৫। টিপ্পনী। অনন্যভাবাং ত্বদতিরিক্তবিষয়কপ্রীতিরহিতামত এবানুরক্তচেতসং ত্বদ্বিষয়কপরমানুরাগযুক্তাম্। শিরোঃ। ত্বয়া বিমুক্তাং বিযুক্তাং মরণায় নিশ্চিতাং কৃতনিশ্চয়াং ত্বদ্বিযুক্তত্বে

---

অতএব [ আপনার সহিত ] গমনে কৃতনিশ্চয়া আমি প্রণামপূর্ব্বক আপনার নিকট প্রার্থনা করিতেছি, [ আমার বনগমনবিষয়ক ] ইতিকর্ত্তব্যতাসম্বন্ধে আপনি আমাকে [ কোনরূপ ] আদেশ করিবেন না ॥ ২৩ ॥

আমি আপনার সহিত বনে গমন করিব। হে নরশ্রেষ্ঠ, আপনি আমাকে নিষেধ করিবেন না। আমি আপনার চরণযুগলদ্বারা রক্ষিতা হইয়া পিতৃগৃহে যেরূপ সেইরূপ [ সুখে ] বনে বাস করিব ॥ ২৪ ॥

---

১। ঋ '-চেহহং'। ২। ঘ 'প্র-'। ৩। ঋ 'বনং'। ৪। ঘ '-ন্ত্বভি-'। ৫। গ-ঋ 'ত্বয়া'। ৬। ঞ '-ত্তনাং'। ৭। ক-ছ-ঋ '-মুক্তা', ট '-যুক্তাং'। ৮। ঙ 'নিশ্চয়াম্'। ৯। ট 'রাম'।

ইতি ব্রুবাণামপি ধর্ম্মবাদিনীং[1]
নেতুং ন রামো দয়িতাং ব্যবস্যতি।
নিবর্ত্তয়িষ্যন্ স হি[2] তাং তদা প্রিয়াম্
উবাচ দোষান্ বনবাসিনামথ ॥ ২৬ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে সীতাবাক্যং নাম
সপ্তবিংশঃ সর্গঃ ॥ ২৭ ॥

২৬। লো-টী। ব্যবস্যতি নিশ্চিনোতি।

মরণায় কৃতমতিমিত্যর্থঃ। সাধু নিঃশঙ্কং যথা স্যাত্তথা মাং নয়স্ব। ময়া হেতুনা ভারো বনবাসভারো ন গুরুতামাধিক্যম্ উপৈষ্যতি প্রাপ্স্যতি।

২৬। টিপ্পনী। ব্যবস্যতি ইচ্ছতি। নিবর্ত্তয়িষ্যন্ নিবৃত্তাং করিষ্যন্ বনগমনাত্তস্যা নিবৃত্তিকরণেচ্ছয়েত্যর্থঃ। দোষান্ সম্ভাবিতান্ বিপৎসমূহান্।

অন্যের প্রতি অননুরাগিণী, [ আপনাতে ] অনুরক্তচিত্তা, আপনি পরিত্যাগ করিয়া গেলে মরণে কৃতনিশ্চয়া আমাকে নিঃশঙ্কচিত্তে লইয়া চলুন এবং [ ইহা দ্বারা ] আমার প্রীতি সম্পাদন করুন ; আমার দ্বারা [ আপনার বনবাস- ] ভার বর্দ্ধিত হইবে না ॥ ২৫ ॥

ধর্ম্মবাদিনী পত্নী [ সীতা ] এইরূপ বলিলেও রাম তাঁহাকে [ বনে ] লইয়া যাইতে ইচ্ছা করিলেন না। তখন তিনি পত্নীকে নিবর্ত্তিত করিবার অভিপ্রায়ে বনবাসিগণের [ সম্ভাবিত ] বিপৎসমূহ বর্ণনা করিতে লাগিলেন ॥ ২৬ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে সীতাবাক্য-নামক
সপ্তবিংশ সর্গ সমাপ্ত ॥ ২৭ ॥

১। ঙ '-বেদি-'। ২। ক-খ-ঙ 'হি স'।

## অষ্টাবিংশঃ সর্গঃ

তাং তথা ব্রুবতীং রামঃ প্রিয়াং ভার্য্যামনুব্রতাম্ ।
উবাচেদং[1] বহূন্ দোষান্ বনবাস উদাহরন্[2] ॥ ১ ॥
সীতে মহাকুলীনাসি ধর্ম্মজ্ঞাসি যশস্বিনী ।
সত্যং মে বচনং কার্য্যং শ্রোতুমর্হস্যনিন্দিতে ॥ ২ ॥
মনো হি ত্বয়ি নিক্ষিপ্য শরীরেণৈব কেবলম্ ।
গমিষ্যাম্যবশঃ সীতে কাননং পিতুরাজ্ঞয়া ।
তস্মাদ্ যথা বদামি ত্বাং তথা ত্বং[3] কর্ত্তুমর্হসি ॥ ৩ ॥

১। লো-টী। উদাহরন্ কীর্ত্তয়ন্

১। টিপ্পনী। অনুব্রতাং পতিপরায়ণাং নিয়মরতাং বা। বনবাসে বহূন্ দোষান্ উদাহরন্নিদমুবাচেত্যন্বয়ঃ।

২। টিপ্পনী। মহাকুলীনেত্যাদ্যুক্তিঃ স্ববাক্যাঙ্গীকারপ্রয়োজনা। তিঃ। মহাকুলীনা মহাকুলপ্রসূতা। । মম বচনং সত্যং কার্য্যং ত্বয়া পালনীয়মিত্যর্থঃ। শ্রোতুমর্হসি মদ্বক্তব্যমিতি শেষঃ। 'সীতে যথা ত্বাং বক্ষ্যামি তথা কার্য্যং ত্বয়াবলে' ইতি পাশ্চাত্যপাঠঃ ( ২।২৭।৪ )।

৩। টিপ্পনী। পিতুরাজ্ঞয়া অবশঃ শক্তিহীনোঽহম্।

---

পতিপরায়ণা প্রিয়া ভার্য্যা সীতা সেইরূপ বলিলে রাম বনবাসের বহুদোষ উল্লেখ করিয়া ইহা বলিলেন—॥ ১ ॥

হে অনিন্দিতে সীতে, তুমি মহাকুলপ্রসূতা, ধর্ম্মজ্ঞা [ ও ] যশস্বিনী। আমার বাক্য প্রতিপালন করা তোমার কর্ত্তব্য। [ এক্ষণে আমার বক্তব্য ] তুমি শ্রবণ কর ॥ ২ ॥

---

১। দ-এ '-চেমান্', ঙ-ছ-ট '-চাথ'। ২। ঙ 'উদাহৃতান্', দ-এ '-কৃতানথ'। ৩। ঝ 'কর্ত্তুমিহা-'।

বনবাসে হি বহব[১] ইমে দোষা মহাত্যয়াঃ।
তাঞ্ শ্রুত্বা ত্যজ্যতাং ভীরু বনবাসকৃতা মতিঃ।
বহুদোষং[২] হি কান্তারং বনমিত্যভিধীয়তে ॥ ৪ ॥

তবানুকম্পয়ৈবাহং বনদোষান্[৩] সুদারুণান্।
জানানস্ত্বামহং[৪] নেতুং বনং নৈব[৫] সমুৎসহে ॥ ৫ ॥

---

৪। লো-টী। মহান্ অত্যয়ো দুঃখং যেভ্যস্তে।

৪। টিপ্পনী। বনবাসকৃতা মতিঃ বনবাসার্থং কৃতা নিশ্চিতা মতির্ব্বুদ্ধির্বনগমননিশ্চয় ইত্যর্থঃ। কান্তারং গহনত্বাদ্ দুষ্প্রবেশং বনং বহুদোষমিত্যভিধীয়তে ইতি যোজনা। তিঃ। কান্তারং নিবিড়ং বনং বহুদোষম্ অনেকদোষবিশিষ্টমিত্যভিধীয়তে কথ্যতে অভিজ্ঞৈরিতি শেষঃ। শিরোঃ।

৫। টিপ্পনী। সুদারুণান্ বনদোষান্ জানানস্তদভিজ্ঞোঽহমিত্যর্থঃ তবানুকম্পয়ৈব ত্বয়ি স্নেহবশাদেব ত্বাং বনং নেতুং নোৎসহে।

---

সীতে, তোমার নিকট মন নিক্ষেপ করিয়া পিতার আজ্ঞায় শক্তিহীন আমি মাত্র শরীরের দ্বারা বনগমন করিব। অতএব, আমি তোমাকে যেরূপ বলি সেইরূপ [ -ই ] তোমার করা কর্ত্তব্য ॥ ৩ ॥

বনবাসে মহাদুঃখজনক [ বক্ষ্যমাণ ] এই সমস্ত দোষ রহিয়াছে। হে ভীরু, সেই সমস্ত দোষের কথা শ্রবণ করিয়া তুমি বনবাসের জন্য নিশ্চিত বুদ্ধি পরিত্যাগ কর; দুষ্প্রবেশ্য [ নিবিড় ] বন [ অভিজ্ঞ ব্যক্তিবর্গকর্ত্তৃক ] বহুদোষবিশিষ্ট বলিয়া কথিত হয় ॥ ৪ ॥

বনের অতিভীষণ দোষসমূহ জানিয়া তোমার প্রতি অনুকম্পা ( স্নেহ ) -বশতই আমি তোমাকে বনে লইয়া যাইতে সাহসী হইতেছি না ॥ ৫ ॥

১। ঞ '-স্নেহপি'। ২। গ-ঘ-ঙ-ছ-ঝ-ঞ-ট ইদমর্দ্ধং নাস্তি। ৩। গ '-বাসান্'। ৪। গ '-ত্বো'। ৫। ঘ-ঞ 'ন ত্বাং', ঙ-ছ 'ন হি', ঝ 'ন তু'।

বনেষু[১] সন্তি শার্দ্দূলা আসন্নজনঘাতিনঃ ।
ভেতব্যঞ্চ সদা[২] তেভ্যস্তেন দুঃখং প্রিয়ে বনম্ ॥ ৬ ॥

[৩]প্রভিন্নকরটা নাগা বহবঃ সন্তি কাননে ।
আসাদ্য যে বিনিঘ্নন্তি তেন দুঃখং বনং[৪] প্রিয়ে ॥ ৭ ॥

অত্যুষ্ণমতিশীতঞ্চ তৃড়্‌বুভুক্ষে তথৈব[৫] চ ।
ভয়ানি[৬] চ বহূন্যত্র[৭] তেন দুঃখং মহদ্[৮] বনম্ ॥ ৮ ॥

সর্পাঃ সরীসৃপাশ্চান্যে বৃশ্চিকাশ্চ[৯] মহাবিষাঃ ।
চরন্তি গহনেঽরণ্যে তেন দুঃখং প্রিয়ে[১০] বনম্ ॥ ৯ ॥

---

৬। লো-টী। আসন্নজনঘাতিনো নিকটস্থজনঘাতিনঃ।

৭। লো-টী। প্রভিন্নো মত্তঃ কটকো গণ্ডো যেষাং তে। প্রভিন্নকরটা ইতি পাঠে করটো গণ্ডঃ। প্রভিন্নকণ্টকা ইতি পাঠে অনিবারণীয়া ইত্যর্থঃ। অতো বনং দুঃখজনকম্।

---

৬। টিপ্পনী। আসন্নজনান্ সমীপোপস্থিতান্ জনান্ ঘ্নন্তীতি আসন্নজনঘাতিনঃ। দুঃখং দুঃখকরম্।

৭। টিপ্পনী। প্রভিন্নকরটা মদস্রাবিগণ্ডবিশিষ্টাঃ।

৮। টিপ্পনী। তৃট্ তৃষ্ণা বুভুক্ষা ক্ষুধা। ভয়ানি ভয়কারণানি।

---

বনমধ্যে, সমীপে উপস্থিত জনগণের জীবনসংহারকারী ব্যাঘ্রসমূহ আছে এবং সর্ব্বদা [ -ই ] তাহাদিগকে ভয় করিয়া চলিতে হয় ; হে প্রিয়ে, তন্নিবন্ধন বন দুঃখকর ॥ ৬ ॥

বনে মদস্রাবিগণ্ডবিশিষ্ট বহু মাতঙ্গ রহিয়াছে, যাহারা [ সম্মুখে ] পাইয়া [ -ই মনুষ্যের ] জীবন সংহার করে ; হে প্রিয়ে তন্নিবন্ধন বন দুঃখকর ॥ ৭ ॥

এই স্থানে অতিগ্রীষ্ম ও অতিশীত [ ভোগ করিতে হয় ], ক্ষুধা ও তৃষ্ণা [আকুল করিয়া তোলে ] এবং বহুবিধ ভয় আছে ; তন্নিবন্ধন বন মহাদুঃখকর ॥ ৮ ॥

---

১। গ-ঝ '-নে হি', ক '-নে যস-'। ২। গ-ঘ-ছ-ট 'তদা'। ৩। খ-পুস্তকে অয়ং শ্লোকো ন দৃশ্যতে। ৪। গ-ঝ-ঞ 'প্রিয়ে বনম্'। ৫। গ 'ভু'। ৬। গ '-স্থপি'। ৭। ঞ 'হূ-'। ৮। ক-গ 'প্রিয়ে'। ৯। ঘ-ঞ '-কাস্তা'। ১০। ঘ 'মহদ্'।

গিরিকন্দরজাতানাং মহারণ্যনিবাসিনাম্[১] ।
উদ্বেজনানাং[২] সিংহানাং শ্রূয়ন্তে নিনদা বনে ॥ ১০ ॥
প্রত্যাসন্নাশ্চ[৩] সহসা[৪] দৃশ্যন্তে বহবো বনে ।
সিংহর্ক্ষ মৃগশার্দ্দূলবরাহোরগবারণাঃ[৫] ॥ ১১ ॥
প্রাণাতিপাতিনো[৬] ঘোরাস্তথান্যা মৃগজাতয়ঃ ।
সন্তি দুর্গে বনে তস্মান্ন গন্তব্যং ত্বয়া প্রিয়ে ॥ ১২ ॥
নদীকুটিলগা নাগা মহীবিবরশায়িনঃ[৭] ।
দৃশ্যন্তে বনমার্গেষু[৮] দৃষ্টিশ্বাসমহাবিষাঃ[৯] ॥ ১৩ ॥

১৩। লো-টী। নদীব কুটিলং বক্রং গচ্ছন্তীতি তথা, নাগাঃ পন্নগাঃ ; 'নাগঃ পন্নগমাতঙ্গক্রূরজাতিষু ন দ্বয়োরি'তি কোষঃ। দৃষ্টিষু শ্বাসেষু চ বিষং যেষাম্ ।

১০। টিপ্পনী। কন্দরো গুহা। উদ্বেজনানাং ভয়জনকানাম্। নিনদাঃ শব্দাঃ।

১২। টিপ্পনী। প্রাণাতিপাতিনঃ প্রাণসংহারিকাঃ। পুংস্ত্বমার্ষম্। মৃগজাতয়ঃ পশুসমূহাঃ।

১৩। টিপ্পনী। নদীবৎ কুটিলং গচ্ছতীতি নদীকুটিলগাঃ। মহীবিবরেষু ভূগর্ভেষু খাতাদিষ্বিতি যাবৎ শেরত ইতি মহীবিবরশায়িনঃ। দৃষ্টৌ শ্বাসে চ মহাবিষং যেষাং তে দৃষ্টিশ্বাসমহাবিষা নাগাঃ সর্পাঃ বনমার্গেষু দৃশ্যন্তে।

গহন বনে উগ্রবিষ সর্প [ উগ্রবিষ ] অন্যান্য সরীসৃপ এবং [ উগ্রবিষ ] বৃশ্চিকসমূহ বিচরণ করে ; হে প্রিয়ে, তন্নিবন্ধন বন দুঃখকর ॥ ৯ ॥

বনে মহারণ্যনিবাসী গিরিগহ্বরজাত ভীতিজনক সিংহগণের নিনাদ শুনিতে পাওয়া যায় ॥ ১০ ॥

বনে বহু সিংহ ভল্লুক মৃগ ব্যাঘ্র বরাহ সর্প এবং মাতঙ্গ সহসা সম্মুখে সমুপস্থিত [ হয় ], দেখিতে পাওয়া যায় ॥ ১১ ॥

দুর্গম বনে প্রাণসংহারক অন্যান্য ভয়ঙ্কর পশুসমূহ রহিয়াছে ; অতএব হে প্রিয়ে, তোমার [ তথায় ] গমন করা কর্ত্তব্য নহে ॥ ১২ ॥

১। গ-ছ-ঝ-ঞ-ট 'নানা-'। ২। ক '-নীয়াঃ', গ-ঝ '-কানাং'। ৩। ঙ এতদৰ্দ্ধং নাস্তি। ৪। গ-ছ-ট 'দৃশ্যন্তে সহসা'। ৫। গ-ঘ-ছ '-নরাঃ-'। ৬। ক '-ভিঘা-', ঝ '-ভিপা-'। ৭। ঘ '-লিনী'। ৮। ঙ-ছ-ট 'চান্থু', ঘ-ঞ 'চাত্র'। ৯। ঙ '-শ্বাসা-'।

পতঙ্গমক্ষিকাকীটা[১] দংশাশ্চ মশকৈঃ সহ।
সন্ত্যরণ্যেষু বৈদেহি তীক্ষ্ণতুণ্ডনিপাতিনঃ ॥ ১৪ ॥
অগাধাঃ পঙ্কবত্যশ্চ মহা[২]নক্র[৩]সমাকুলাঃ।
সরিত[৪]স্তরিতব্যাশ্চ দূরপারা দুরাসদাঃ ॥ ১৫ ॥
কুশকণ্টকবন্ত[৫]শ্চ লতাগুল্ম[৬]তৃণা[৭]চিতাঃ।
দুর্গমাঃ সন্তি পন্থানঃ সীতে দুঃখম[৮]তো বনম্ ॥ ১৬ ॥

১৫। লো-টী। দুরাসদা দুঃখেন তরিতুং শক্যাঃ।
১৬। লো-টী। গুল্মাঃ কুশাদেঃ সমূহাঃ।

১৪। টিপ্পনী। তীক্ষ্ণতুণ্ডানি তীক্ষ্ণমুখানি নিপাতয়ন্তি তৈর্দশন্তীতি তীক্ষ্ণতুণ্ডনিপাতিনঃ।
১৫। টিপ্পনী। অগাধা অতিগভীরাঃ পঙ্কবত্যোঽতিকর্দ্দমবিশিষ্টাঃ মহানক্রসমাকুলা বৃহত্কায়কুম্ভীরপরিব্যাপ্তাঃ দূরপারাঃ দূরে পারোঽপরতীরং যাসাং তা অতিবিস্তীর্ণা ইত্যর্থঃ দুরাসদা দুস্তরাঃ সরিতস্তরিতব্যাশ্চ অতো বনগমনমতিদুঃখকরমিতি ভাবঃ।
১৬। টিপ্পনী। লতাগুল্মতৃণৈরাচিতাঃ সমাচ্ছাদিতাঃ

বনপথে নদীর ন্যায় বক্রগামী ভূগর্ত্তশায়ী দৃষ্টিতে ও নিশ্বাসে মহাবিষ উদ্‌গিরণকারী সর্পসমূহ দেখিতে পাওয়া যায় ॥ ১৩ ॥

হে বৈদেহি, অরণ্যমধ্যে তীক্ষ্ণ তুণ্ডের দ্বারা দংশনকারী পতঙ্গ মক্ষিকা কীটসমূহ এবং মশকের সহিত দংশ ( ডাঁশ ) -সমূহ রহিয়াছে ॥ ১৪ ॥

[ বনে ] অগাধ, পঙ্কিল, বৃহৎকায় কুম্ভীরসমূহে পরিব্যাপ্ত, দূরস্থ [ পর ] পারবিশিষ্ট ( অর্থাৎ অতিবিস্তীর্ণ ) দুস্তর নদীসমূহও অতিক্রম করিতে হয় ॥ ১৫ ॥

হে সীতে, [ অরণ্যে ] কুশকণ্টকে পরিপূর্ণ, লতা গুল্ম ও তৃণে সমাচ্ছাদিত দুর্গম পথসমূহ রহিয়াছে ; অতএব বন দুঃখকর ॥ ১৬ ॥

১। ক-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ঘ '-ঙ্গা মক্ষিণঃ', ঝ '-ঙ্গাঃ পক্ষিণঃ'। ২। ঘ '-হ্রদ-'। ৩। ছ-ট '-ঝষা-'। ৪। ঘ '-শ্চরি-', ক-গ '-স্তরণীয়া-'। ৫। ঙ-ছ-ঝ-ট '-তা-'। ৬। ট '-ল্মাদৃশা-'। ৭। ক-গ '-বৃতাঃ'। ৮। ঘ-ঞ '-মিতো'।

নির্ম্মনুষ্যাণ্যরণ্যানি নদীকন্দরবন্তি চ।
কক্ষবৃক্ষক্ষুপলতাগহনানি শুচিস্মিতে ॥ ১৭ ॥
সন্ত্যটব্যশ্চ বৈদেহি দুর্গমা বহুযোজনাঃ।
পুষ্পোদকফলৈর্হীনা ঘোরসত্ত্বসমাকুলাঃ ॥ ১৮ ॥
গিরিকন্দরদুর্গাণি পল্বলোদকবন্তি চ।
তথানূপানি বৈদেহি সন্ত্যগম্যানি কাননে ॥ ১৯ ॥
সুপ্যতে পর্ণশয্যাসু তৃণশয্যাসু চাবলে।
স্বয়ং কৃতাসু দুঃখাসু ভূতলে নির্জ্জনে বনে ॥ ২০ ॥

---

১৭। লো-টী। কক্ষঃ শুষ্কেন্ধনং ক্ষুপো হ্রস্বশাখাশিফো বৃক্ষঃ। গহনানীতি পাঠে গহনানি দুর্গমাণি। কন্দরস্তৃণাদেরঙ্কুরম্। 'কন্দরস্বঙ্কুরে পুংসি গুহায়াং পুংনপুংসকমি'তি।

১৯। লো-টী। পল্বলং সরঃ। অনূপানি জলপ্রায়দেশাঃ 'অনূপো মহিষে চাম্বুপ্রায়দেশে২ বাচ্যবদি'তি কোষঃ।

---

১৭। টিপ্পনী। কন্দরো গর্ত্তঃ। কক্ষাস্তৃণানি ক্ষুপা হ্রস্বশাখামূলবিশিষ্টাঃ ক্ষুদ্রবৃক্ষাঃ 'হ্রস্বশাখাশিফঃ ক্ষুপ' ইত্যমরঃ।

১৮। টিপ্পনী। ঘোরসত্ত্বৈর্ভয়ঙ্করজন্তুভিঃ সমাকুলা ব্যাপ্তাঃ।

১৯। টিপ্পনী। তত্র স্থানানীত্যধ্যাহৃত্য যোজনীয়ম্ কানিচিদিতি চ তাৎপর্য্যবললভ্যম্। তথা চ—কাননে কানিচিৎ স্থানানি কন্দরৈঃ খাতাদিভিশ্চ দুর্গাণি দুর্গমাণি। কানিচিৎ পল্বলোদকবন্তি পল্বলোদকবিশিষ্টানি এতেন তৎস্থানস্যাপেয়জলত্বং তেন চ বাসাযোগ্যত্বমুক্তম্। কানিচিচ্চ অনূপানি জলপ্রায়াণ্যত এবাগম্যানি অনতিক্রমণীয়ানি সন্তি। 'জলপ্রায়মনূপং স্যাৎ' ইত্যমরঃ।

২০। টিপ্পনী। ভূতলে ইতি বানপ্রস্থধর্ম্মাবলম্বিনাং ভূতলশয়নং মনুনা (৬।২৬) যাজ্ঞবল্ক্যেন (৩।৫১) চ বিহিতম্।

---

হে নির্ম্মলহাসিনি, অরণ্যসমূহ তৃণ, [সাধারণ] বৃক্ষ, ক্ষুপ ( ক্ষুদ্র শাখামূলবিশিষ্ট বৃক্ষ ) ও লতায় পরিব্যাপ্ত, মনুষ্যশূন্য এবং নদী ও গর্ত্তে পরিপূর্ণ ॥ ১৭ ॥

হে বৈদেহি, [ এমনও ] অনেক অরণ্য আছে [ যাহা ] পুষ্প জল ও ফলশূন্য, ভীষণ জন্তুসমূহপরিপূর্ণ, বহুযোজনবিস্তীর্ণ ও দুর্গম ॥ ১৮ ॥

হে বৈদেহি, বনে কোন স্থান পর্ব্বত এবং গর্ত্তাদির দ্বারা দুর্গম, কোন স্থান পল্বল- ( ডোবা ) জলবিশিষ্ট এবং কোন স্থান জলবহুল [ বলিয়া ] অগম্য ॥ ১৯

১। ট '-ম-'। ২। ক-ট 'তথা দুঃসত্ত্ব-'। ৩। ঙ-ট '-ক্ষোপল-'। ৪। ঙ-ছ-ট 'বল্কলো-' ৫। ঝ '-র-'। ৬। ট '-ভূতা-'। ৭। ঞ '-স্তে'। ৮। ঝ '-শালা-'। ৯। ঘ 'বৈ বনে'।

আহারৈশ্চৈব কর্ত্তব্যো বদরামলকেঙ্গুদৈঃ[1]।
তথা[2] শ্যামাকনীবারকষায়[3]কটুতিক্তকৈঃ ॥ ২১ ॥
বনেষ্ব[4]লভ্যমানে[5] চ বন্যে মূলফলে[6] পুনঃ।
বহূন্যহানি বস্তব্যং নিরাহারৈর্ব্বনাশ্রয়ৈঃ[7] ॥ ২২ ॥
বল্কলাজিনপর্ণানি[8] বসিতব্যানি কাননে।
বনেষু ভবিতব্যঞ্চ দীর্ঘশ্মশ্রুজটাধরৈঃ ॥ ২৩ ॥
দীর্ঘরোম[9]ধরৈশ্চৈব মলপঙ্কসমাচিতৈঃ।
বাতাতপ[10]বিশুষ্কাঙ্গৈঃ প্রিয়ে দুঃখমতো বনম্[11] ॥ ২৪ ॥

২১। লো-টী। ইঙ্গুদো জীবপুত্রস্তাপসতরুরিত্যর্থঃ। নীবারৈর্ধান্যবিশেষৈঃ। 'উড়ী ধান্য'মিতি যস্য প্রসিদ্ধিঃ। পৃষতৈর্ম্মৃগৈর্জলবিন্দুভির্বা। কটুতিক্তকৈর্ভক্ষ্যের্ব্বন্যৈঃ।
২২। লো-টী। অলভ্যমানে সতি।

২১। টিপ্পনী। বদরামলকেঙ্গুদৈরেতন্নামভিঃ ফলৈস্তথা শ্যামাকনীবারৈস্তচ্ছধান্যবিশেষৈস্তদুদ্ভবৈস্তণ্ডুলৈরিত্যর্থঃ। কষায়কটুতিক্তকৈস্তত্তদ্রসদ্রব্যৈর্ন তু মধুরৈরিত্যর্থঃ আহারঃ কর্ত্তব্যঃ অতো রাজগৃহোচিতানি মধুররসপ্রায়দ্রাক্ষাচূতপনসাদিফলানি শালিধান্যৌদনাংশ্চাস্বাদয়ন্ত্যাস্তে বনং মহতে দুঃখায় ভবিষ্যতীতি ভাবঃ। বানপ্রস্থাশ্রমিণাং ফলমূলাদিভির্ব্বর্ত্তনং মনুনা (৬।২১) বিহিতম্।
২২। টিপ্পনী। বনাশ্রয়ৈর্ব্বনবাসিভিঃ।
২৩। টিপ্পনী। বসিতব্যানি পরিধাতব্যানি। বনেষ দীর্ঘশ্মশ্রুজটাধরা ভবেয়ুরিতি যাজ্ঞবল্ক্যেনাপ্যুক্তম্ (৩।৪৬)।
২৪। টিপ্পনী। সমাচিতৈর্ব্যাপ্তৈঃ। বাতাতপবিশুষ্কাঙ্গৈঃ বাতেন আতপেন চ বিশুষ্কাণি শীর্ণানি অঙ্গানি যেষাং তৈঃ।

হে অবলে, নির্জ্জন বনে শয়ন করিতে হয় ভূতলে স্বরচিত দুঃখকর পর্ণশয্যায় ও তৃণশয্যায় এবং আহার নিষ্পন্ন করিতে হয় বদর, আমলক ও ইঙ্গুদ ফলের দ্বারা, শ্যামাক ও নীবার ধান্যের দ্বারা এবং কষায় কটু ও তিক্তরস দ্রব্যসমূহের দ্বারা॥ ২০-২১ ॥

[ এই অবস্থায়ও ] আবার, বনে বন্য ফল-মূল পাওয়া না গেলে বনবাসীদিগকে বহুদিন অনাহারে থাকিতে হয় ॥ ২২ ॥

বনে বল্কল অজিন ( মৃগচর্ম্ম ) ও [ বৃক্ষ- ] পত্র পরিধান করিতে হয় এবং বনে

১। ঙ '-কৈঃ ফলৈঃ'। ২। ধ '-ত্র', ঞ '-দা'। ৩। ঝ '-পৃষতৈঃ'। ৪। ঘ '-ষু অমানাশেষু'। ৫। ঙ-ঞ '-নেষু'। ৬। ট '-লেঽপি চ'। ৭। ঙ '-য়না-'। ৮। ক-গ 'বস্ত্রাণি'। ৯। গ-ঙ '-লো-'। ১০। ট 'ধা-'। ১১। ঝ 'বনে'।

স্থানং বীরাসনং সেব্যমুপবাসশ্চ মৈথিলি।
কর্ত্তব্যা দুশ্চরাশ্চৈব নিয়মা বনবাসিভিঃ ॥ ২৫ ॥
গ্রীষ্মে পঞ্চতপোভিশ্চ বর্ষাস্বভ্রাবকাশিকৈঃ।
জলবাসৈশ্চ শিশিরে ভাব্যং বনচরৈঃ প্রিয়ে ॥ ২৬ ॥
ত্বগস্থিমাত্রশেষেণ তপসা কর্ষিতেন চ।
ময়া তে তত্র কা প্রীতিঃ কা রতির্ব্বা ভবিষ্যতি ॥ ২৭ ॥

২৫। লো-টী। স্থানম্ ঊর্দ্ধাসনম্। বীরাসনমাসনবিশেষমিতি নারায়ণঃ। বীরাসনং খড়্গহস্তেন জাগরণমিতি স্বামিনা ব্যাখ্যাতম্।

২৭। লো-টী। ময়া সহ তে তব কা রুচির্ন কাচিদিতি। প্রীতিঃ সুখং রতির্ভোগঃ।

২৫। টিপ্পনী। স্থানং দণ্ডায়মানত্বম্। বীরাসনং ভিত্ত্যাদিকমনাশ্রিত্যোপবেশনম্। ভিত্তিশয্যাদাবনিষণ্ণ যদুপবিষ্টস্যাবস্থানং তদ্বীরাসনমিতি মেধাতিথিঃ ( মনু ১১।১১১ )। স্থানাসনে বানপ্রস্থাশ্রমিণাং বিহিতে ( মনু ৬।২২, যাজ্ঞবল্ক্য ৩।৫১ )।

২৬। টিপ্পনী। গ্রীষ্মে পঞ্চতপোভিশ্চেত্যাদি। এতে শব্দাঃ প্রাগ্ ব্যাখ্যাতাঃ ( ১।৪৪-১০-১১ )। বানপ্রস্থাশ্রমিণামেতাদৃশং কৃচ্ছ্রং মনুনা ( ৬।২৩ ) যাজ্ঞবল্ক্যেন চ ( ৩।৫২ ) বিহিতম্।

দীর্ঘশ্মশ্রু, দীর্ঘজটা, ও দীর্ঘলোমধারী হইয়া, মল ও পঙ্কে পরিব্যাপ্ত হইয়া এবং বাত ও আতপে শুষ্কদেহ হইয়া থাকিতে হয়, অতএব হে প্রিয়ে, বন দুঃখকর ॥ ২৩-২৪ ॥

হে মৈথিলি, বনবাসীদিগকে [ হয় ] দাঁড়াইয়া থাকিতে হয়, [ না হয় ] বীরাসন ( ভিত্তিপ্রভৃতিতে ভর না করিয়া উপবেশন ) করিতে হয়, [ মধ্যে মধ্যে ] উপবাস করিতে হয় এবং [ অন্যান্য ] কঠোর নিয়মসমূহ পালন করিতে হয় ॥ ২৫ ॥

হে প্রিয়ে, বনচরদিগকে গ্রীষ্মকালে পঞ্চতপা হইয়া ( অর্থাৎ ঊর্দ্ধে সূর্য্য এবং চতুর্দ্দিকে অগ্নি, এই পঞ্চাগ্নির মধ্যে অবস্থান করিয়া ) বর্ষাকালে অভ্রাবকাশী হইয়া ( অর্থাৎ বর্ষণসময়ে অনাবৃতস্থানে গাত্রাবরণব্যতিরেকে দণ্ডায়মান হইয়া ) এবং শীতকালে জলমগ্ন হইয়া থাকিতে হয় ॥ ২৬ ॥

অস্থিচর্ম্মাবশিষ্ট ও তপস্যাশীর্ণ আমার দ্বারা বনে তোমার কি আনন্দ বা কি প্রীতি [ লাভ ] হইবে ॥ ২৭ ॥

১। ট '-র্যাসনং'। ২। ঙ-ছ-ঞ-ট '-শ্চ'। ৩। গ-ঞ 'সদা'। ৪। গ 'ধাসমাত্রাবশে-', ঝ 'ত্বগস্থিমাত্রাশে-'। ৫। ঝ '-ব'। ৬। ঝ 'রুচি-'।

মাং বা সমনুগচ্ছন্ত্যা নিয়মব্রতশীলয়া।
ত্বয়াপি হি বনে তত্র কা রতির্মে ভবিষ্যতি ॥ ২৮ ॥
বাতাতপবিবর্ণাঙ্গীং[1] তপোনিয়মকর্ষিতাম্।
দুঃখিতাং ত্বাং বনে দৃষ্ট্বা ভবিষ্যাম্যতিদুঃখিতঃ ॥ ২৯ ॥
ন ত্বামিচ্ছামি বৈদেহি মৎকৃতে শোককর্ষিতাম্।
দ্রষ্টুং প্রতিভয়েঽরণ্যে ভৃশং হি দয়িতাসি মে ॥ ৩০ ॥
তদলং তে[2] বনে[3] গত্বা বনচর্য্যা ন তে ক্ষমা।
বিমৃষন্ বহুদোষং হি পশ্যামি দয়িতে বনম্[4] ॥ ৩১ ॥
তত্রস্থস্যাপি মে[5] নিত্যং হৃদয়ে ত্বং নিবৎস্যসি।
ইহস্থাপি[6] ন দূরে ত্বং প্রিয়া হি ভবতী[7] মম ॥ ৩২ ॥

৩০। লো-টী। মৎকৃতে মন্নিমিত্তে।
৩১। লো-টী। তৎ তস্মাদ্ বনচর্য্যা বনপর্য্যটনং তে তব অলম্।

২৯। টিপ্পনী। বাতাতপবিবর্ণাঙ্গীং বাতেনাতপেন চ বিবর্ণান্যঙ্গানি যস্যাস্তাম্।
৩০। টিপ্পনী। প্রতিভয়ে ভয়সঙ্কুলে।
৩১। টিপ্পনী। বনচর্য্যা বনভ্রমণম্। ন ক্ষমা ন যুক্তা। বিমৃশন্ বিচারয়ন্।

আমার অনুগমনকারিণী, নিয়ম ও ব্রতপরায়ণা তোমার দ্বারাই বা সেই বনে আমার কি প্রীতি [ লাভ ] হইবে ॥ ২৮ ॥

[ বরং, ] তোমাকে বনে বাতাতপে বিবর্ণাঙ্গী তপস্যা ও নিয়মে জীর্ণশীর্ণা [ও] দুঃখক্লিষ্টা দেখিয়া আমি অতীব দুঃখিত [ -ই ] হইব ॥ ২৯ ॥

হে বৈদেহি, তোমাকে আমি আমার নিমিত্ত ভীষণ অরণ্যে শোকে জীর্ণশীর্ণা দেখিতে ইচ্ছা করি না ; যে হেতু তুমি আমার অতীব প্রিয়া ॥ ৩০ ॥

অতএব, তোমার বনগমনের প্রয়োজন নাই ; বনপর্য্যটন তোমার উপযুক্ত নহে। হে দয়িতে, বিবেচনা করিয়া দেখিতেছি, বন বহুদোষপূর্ণ ॥ ৩১ ॥

১। ঘ 'বর্ণা-'। ২। ঋ 'ত্বং'। ৩। গ-ঘ-ঞ '-নং'। ৪। ঞ 'বনে'। ৫। ঘ-ঞ 'নিত্যং মে'। ৬। ঋ '-রস্থং'। ৭। ঞ '-বিতা'।

২
এবং বনং নেতুমনিশ্চিতোঽসা-
৩
বুক্ত্বা প্রিয়াং তাং বিররাম রামঃ।
৪
অথোত্তরং সা রুদতী সুদীনা
সীতা পুনর্ব্বাক্যমিদং জগাদ ॥ ৩৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে সীতাবনদোষদর্শনং
নামাষ্টাবিংশঃ সর্গঃ ॥ ২৮ ॥

---

৩৩। লো-টী। সুদীনমতিদুঃখিতং যথা ভবতি।

---

৩৩। টিপ্পনী। বনং নেতুমনিশ্চিতো বনং ন নেতুং কৃতনিশ্চয় ইত্যর্থঃ। অথ সুদীনা অতিকাতরচিত্তা সীতা উত্তরম্ উত্তররূপেণ রামবাক্যস্যোত্তরপ্রদানার্থমিত্যর্থঃ পুনরিদং বাক্যং জগাদ।

আমি বনবাসে থাকিলেও তুমি সর্ব্বদা [ -ই ] আমার হৃদয়ে বাস করিবে; এইস্থানে থাকিলেও তুমি আমার দূরবর্ত্তিনী হইবে না; যেহেতু তুমি আমার প্রিয়া ॥ ৩২ ॥

প্রিয়া জানকীকে বনে লইয়া না যাইতে কৃতনিশ্চয় রামচন্দ্র এইরূপ বলিয়া বিরত হইলেন। অনন্তর অতীব কাতরহৃদয়া সেই সীতা রোদন করিতে করিতে উত্তরস্বরূপে পুনরায় এই বাক্য বলিলেন—॥ ৩৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে সীতার প্রতি বনদোষ-
প্রদর্শন-নামক অষ্টাবিংশ সর্গ সমাপ্ত ॥ ২৮ ॥

১। ঝ 'বনে'। ২। ঘ '-বুদ্ধোঽ-', ঙ '-শ্চিতং সা'। ৩। ঙ '-ক্ত্বা'। ৪। ঙ-ছ-ঝ '-নং'।

## একোনত্রিংশঃ সর্গঃ

অথ তদ্ বচনং শ্রুত্বা সীতা রামস্য দুঃখিতা।
প্রসক্তাশ্রুমুখী বাক্যমিদং ভর্ত্তারমব্রবীৎ ॥ ১ ॥
বনবাসে ত্বয়া দোষা য এতে পরিকীর্ত্তিতাঃ।
তানার্য্যপুত্র মন্যেঽহং ত্বদ্‌ভক্ত্যা সর্ব্বশো গুণান্ ॥ ২ ॥
ত্বদ্‌বাহুগুপ্তাং ন চ মামপি দেবঃ শতক্রতুঃ।
শক্তোঽভিভবিতুং[১] লোকে কুতোঽন্যে বনচারিণঃ ॥ ৩ ॥
সিংহব্যাঘ্রবরাহাদীনুক্তবানসি যান্[২] বনে।
দুরাসদান্ন মে তেভ্যো ভয়ং কিঞ্চন[৩] বিদ্যতে ॥ ৪ ॥

১। লো-টী। প্রসক্তং সঙ্গতম্ অশ্রু যস্মিন্ তন্মুখং যস্যাঃ সা।

১। টিপ্পনী। প্রসক্তাশ্রুমুখী ঈষদশ্রুমুখীত্যর্থঃ। গোঃ রাঃ। অশ্রুমুখী অশ্রুযুক্তমুখবিশিষ্টা, প্রসক্তা পতিবিষয়কাত্যনুরাগবিশিষ্টা। শিরোঃ।

২। টিপ্পনী। ত্বদ্‌ভক্ত্যা ত্বন্নিষ্ঠভক্তিবশাৎ তান্ সর্ব্বশঃ তান্ সর্ব্বান্ অহং গুণান্ মন্যে।

৩। টিপ্পনী। ত্বদ্‌বাহুগুপ্তাং তব বাহুবলেন রক্ষিতাম্।

৪। টিপ্পনী। দুরাসদান্ দুর্দ্ধর্ষান্। মম কিঞ্চন ভয়ং ন বিদ্যতে ত্বদ্‌বাহুবলরক্ষিতত্বাদিতি ভাবঃ।

রামের সেই বাক্য শ্রবণ করিয়া দুঃখিতা ও সাশ্রুবদনা সীতা তদনন্তর ভর্ত্তাকে ( রামকে ) এই বাক্য বলিলেন—॥ ১ ॥

আপনি বনবাসের এই যে দোষসমূহ কীর্ত্তন করিলেন, হে আর্য্যপুত্র, আপনার প্রতি ভক্তিবশতঃ তৎসমুদায়ই আমি গুণ বলিয়া বিবেচনা করি ॥ ২ ॥

আপনার বাহু [-বলে] -রক্ষিতা [হইলে] আমাকে [ এই ] জগতে দেব ইন্দ্রও অভিভব করিতে সমর্থ নহেন, অন্য বনচারিগণ কোথা হইতে সমর্থ হইবে ? ॥ ৩ ॥

বনে দুর্দ্ধর্ষ সিংহ ব্যাঘ্র বরাহপ্রভৃতি যাহাদের কথা আপনি বলিলেন,

১। ঙ 'নৈব'। ২। ঘ-ঞ 'যদ্'। ৩। ঘ '-ক্ষিন্ন'।

ত্বদ্‌বাহুবলগুপ্তায়াঃ কুতো মে বিদ্যতে ভয়ম্ ।
বিপত্তিরপি বা[1] তত্র শ্রেয়ো মে নেহ জীবিতম্ ॥ ৫ ॥
ত্বয়া বা সহ গন্তব্যং ত্বদনুজ্ঞাতয়া বনম্ ।
ত্বৎপরিত্যক্তয়া বাপি ত্যক্তব্যং জীবিতং ময়া[2] ॥ ৬ ॥
নারী ভর্তৃপরিত্যক্তা জীবন্ত্যপি সুদুঃখিতা ।
মৃতা ভবত্যার্য্যপুত্র তস্মাচ্ছ্রেয়োঽদ্য মে মৃতম্ ॥ ৭ ॥
অপি চৈবাহমাদিষ্টা লক্ষণজ্ঞৈর্দ্বিজাতিভিঃ ।
বনে তে বিজনে সীতে বস্তব্যমিতি রাঘব[3] ॥ ৮ ॥

৫। লো-টী। শ্রেয়ঃ শুভম্। 'শ্রেয়ো মুক্তৌ শুভে ধর্ম্মেঽতিপ্রশস্তে চ বাচ্যবদি'তি কোষঃ। শ্রেয়সে ইতি বা পাঠঃ।

৫। টিপ্পনী। বনে সিংহব্যাঘ্রাদের্ভয়মভ্যুপেত্যাপি গমনবাধাং পরিহরতি—বিপত্তিরপীতি। বেতি পক্ষান্তরে। অথবা তত্র বনে মম বিপত্তির্মরণমপি শ্রেয়ো মঙ্গলম্ ইহাযোধ্যায়াং জীবিতং প্রাণধারণমপি ন শ্রেয় ইতি শেষঃ।

৭। টিপ্পনী। মৃতং মৃত্যুঃ।

৮। টিপ্পনী। লক্ষণজ্ঞৈঃ শুভাশুভসূচকলক্ষণবিজ্ঞাতৃভির্দ্বিজাতিভির্ব্রাহ্মণৈরাদিষ্টা উক্তা।

তাহাদের নিকট হইতে [আপনার বাহুবলে রক্ষিতা] আমার কোনও ভয় নাই ॥ ৪ ॥

আপনার বাহুবলে রক্ষিতা [হইলে] আমার কোথা হইতে ভয় থাকিতে পারে? অথবা [আপনার সঙ্গে থাকিয়া] তথায় (বনে) আমার মৃত্যুও শ্রেয়ঃ, এইস্থানে জীবনধারণ [-ও শ্রেয়ঃ] নহে ॥ ৫ ॥

আপনার দ্বারা অনুজ্ঞাত হইয়া হয় আমি আপনার সহিত বনে গমন করিব, অথবা আপনার দ্বারা পরিত্যক্তা হইয়া জীবন পরিত্যাগ করিব ॥ ৬ ॥

আর্য্যপুত্র, স্বামিপরিত্যক্তা [অতএব] অতীব দুঃখিতা নারী জীবিতা হইলেও মৃতা; অতএব অদ্য আমার মৃত্যুই শ্রেয়স্কর ॥ ৭ ॥

আরও, হে রঘুনন্দন, [সামুদ্রিক-] লক্ষণজ্ঞ ব্রাহ্মণগণ আমাকে বলিয়াছিলেন—'হে সীতে তোমাকে বিজনবনে বাস করিতে হইবে' ॥ ৮ ॥

১। ক-গ 'নাত্র', খ 'ন হি'। ২। ঘ 'র্য্যাম'। ৩। ঘ '৮'

তেষাং লক্ষণিনাং[1] শ্রুত্বা বচস্তৎ সত্যবাদিনাম্ ।
বনবাসস্পৃহা নিত্যং হৃদি মে পরিবর্ত্ততে ॥ ৯ ॥

স চেদবশ্যং প্রাপ্তব্যঃ[2] সিদ্ধাদেশস্তথা ময়া ।
সহ ত্বয়া[3] ভবতু মে ন হীচ্ছামি তমন্যথা ॥ ১০ ॥

প্রাপ্তাদেশা ভবিষ্যামি[4] গত্বাহং[5] সহিতা ত্বয়া ।
কালশ্চায়ং[6] সমুৎপন্নঃ সত্যান্তে সন্তু বৈ দ্বিজাঃ ॥ ১১ ॥

৯। লো-টী। লক্ষণিনাং স্ত্রীলক্ষণং জ্ঞানবিষয়ো বর্ত্ততে যেষাং তেষাম্। শ্রুত্বা স্মৃত্বেতি বা পাঠঃ।

১০। লো-টী। সিদ্ধাদেশঃ সিদ্ধোপদেশঃ। অন্যথা অন্যথা কর্ত্তুম্।

১১। লো-টী। প্রাপ্তাদেশা আরব্ধলক্ষণজাতসুফলা ইতি নারায়ণঃ। আদেশঃ ফলম্। স কালঃ প্রায়ঃ সমুপস্থিতঃ।

৯। টিপ্পনী। লক্ষণিনাং সামুদ্রিকলক্ষণাভিজ্ঞানাং বচো বনবাসবোধকং তদ্ বাক্যম্। পরিবর্ত্ততে নিত্যং বিদ্যমানা তিষ্ঠতি।

১০। টিপ্পনী। স সিদ্ধাদেশঃ সিদ্ধো জ্যোতিঃশাস্ত্রাদ্যভিজ্ঞো ভবিষ্যবাদী তৎকথিত আদেশো ভাবিভাগ্যফলম্। আদেশো জ্যোতিঃশাস্ত্রফলমিতি সিদ্ধান্তশিরোমণিঃ। স যদি ময়াবশ্যমেব প্রাপ্তব্যঃ যদি ময়া ললাটলিখিতস্যান্যথা কর্ত্তুমশক্যত্বাদ্ বনে বস্তব্যমেবেত্যর্থঃ তদা স বনবাসস্ত্বয়া সহৈব ভবত্বিত্যর্থঃ। অন্যথা প্রকারান্তরেণ ত্বৎসঙ্গরহিতা সতীত্যর্থঃ তং সিদ্ধাদেশং বনবাসরূপম্ অদৃষ্টফলং নেচ্ছামি। 'আদেশো বনবাসস্য প্রাপ্তব্যঃ স ময়া কিল। সা ত্বয়া সহ ভর্ত্রাহং যাস্যামি প্রিয় নান্যথা ॥' ইতি পাশ্চাত্যপাঠঃ ( ২।২৯।১০ )। স ব্রাহ্মণোক্তো বনবাসস্যাদেশ আদিষ্টো বনবাস ইত্যর্থঃ ময়া প্রাপ্তব্যঃ কিল ললাটলিখিতস্যাপরিত্যাজ্যত্বাদিতি ভাবঃ। সা এবমাদিষ্টাহং ত্বয়া সহ যাস্যামি নান্যথা কেবলং স্বেচ্ছয়া ন যাস্যামীত্যর্থঃ। গোঃ রাঃ।

১১। টিপ্পনী। ত্বয়া সহিতাহং বনং গত্বা প্রাপ্তাদেশা প্রাপ্তভাগ্যফলা ভবিষ্যামি ত্বয়া সহ

সত্যবাদী লক্ষণজ্ঞ ব্রাহ্মণগণের সেই বাক্য শ্রবণ করিয়া [ অবধি ] আমার হৃদয়ে সর্ব্বদা বনবাসস্পৃহা জাগরূক রহিয়াছে ॥ ৯ ॥

সেই সিদ্ধাদেশ ( ভবিষ্যবাদীদিগের কথিত ভবিষ্যৎ ভাগ্যফল ) যদি অবশ্যই আমাকে লাভ করিতে হয়—[ যদি আমাকে বিজনবনে বাস করিতেই হয় তাহা হইলে সেই বনবাস ]—আপনার সহিত [ -ই ] হউক ; আমি তাহা ( সেই সিদ্ধাদেশ ) অন্যপ্রকারে [ সফল করিতে ] ইচ্ছা করি না ॥ ১০ ॥

১। থ 'লক্ষালয়ং'*। ২। ঘ '-স্মণাঃ প্রাপ্তব্যং'। ৩। ঝ 'ত্বয়া সহ'। ৪। য 'গমি-'। ৫। ঙ 'চ'। ৬। ঙ '-পি'।

* লক্ষালয়ং শুভাশুভলক্ষণদমিতি ঘটিপ্পন্যাম্।

বনবাসে চ জানামি[১] দুঃখানি বিবিধান্যহম্[২]।
প্রাপ্যন্তে যানি মুনিভির্ব্বনবাসে[৩] কৃতাত্মভিঃ[৪] ॥ ১২ ॥
কন্যয়ৈব[৫] ময়া সর্ব্বে বনদোষাঃ শ্রুতাঃ পুরা।
ভিক্ষুক্যাঃ সাধুবৃত্তায়াঃ কথয়ন্ত্যাঃ পিতুর্গৃহে ॥ ১৩ ॥
প্রসাদয়ে ত্বাং শিরসা নয় মামপি রাঘব।
বনবাসো হি সুভৃশং[৬] কাঙ্ক্ষিতো[৭] মে ত্বয়া সহ ॥ ১৪ ॥

---

বনগমনেনাহং ললাটলিখনং সফলীকরিষ্যামীত্যর্থঃ। কালস্তব বনবাসস্যেতি শেষঃ সমুৎপন্নঃ সম্প্রাপ্তঃ। দ্বিজা লক্ষণবেদিনো ব্রাহ্মণাঃ সত্যাঃ সত্যবাচঃ সন্তু, তেষাং বচনং সত্যমস্ত্বিত্যর্থঃ।

১২। টিপ্পনী। বনবাসদুঃখানি জানানৈবাহং বনং গন্তুমুদ্যতাস্মীত্যাহ—বনবাসে চেতি। বনবাসে কৃতাত্মভিঃ কৃতবুদ্ধিভির্মুনিভির্বনবাসে বনবাসকালে যানি বিবিধানি দুঃখানি প্রাপ্যন্তে তানি চাহং জানামি। অকৃতাত্মভিরিতি বা চ্ছেদঃ। 'বনবাসে হি জানামি দুঃখানি বহুধা কিল। প্রাপ্যন্তে নিয়তং বীর পুরুষৈরকৃতাত্মভিঃ॥' ইতি পাশ্চাত্যপাঠঃ (২।২৯।১২)। অকৃতাত্মভিরজিতেন্দ্রিয়ৈর্দুঃখানি প্রাপ্যন্তে। তেনাবয়োর্দুঃখং ন ভবিতেতি সূচিতং তেন তয়োরিন্দ্রিয়ানধীনত্বং ব্যক্তম্। শিরোঃ। অকৃতাত্মভিরশিক্ষিতমনস্কৈঃ। গোঃ রাঃ।

১৩। টিপ্পনী। ননু কুতস্ত্বয়া বনদোষা জ্ঞাতা ইত্যাহ—কন্যয়েতি। সাধুবৃত্তায়া ভিক্ষুক্যাস্তাপস্যাঃ সকাশাদ্ বনদোষাঃ পিতুর্গৃহে কন্যয়ৈব মম কন্যাবস্থায়ামেবেত্যর্থঃ ময়া শ্রুতাঃ। সাধুবৃত্তায়া ইত্যনেন তস্যা অবিতথবচনত্বমুক্তম্।

১৪। টিপ্পনী। প্রসাদয়ে প্রার্থয়ে।

আমি আপনার সহিত গমন করিয়া [-ই] আদেশ ( ভাগ্যফল ) লাভ করিব ; [ আপনার বনগমনের ] সময়ও এই উপস্থিত হইয়াছে। সেই ব্রাহ্মণগণ সত্যবাক্ হউন অর্থাৎ তাঁহাদের বাক্য সত্য হউক ॥ ১১ ॥

বনবাসে কৃতনিশ্চয় মুনিগণ বনবাসকালে যে সমস্ত নানাবিধ দুঃখ পাইয়া থাকেন, তাহাও আমি অবগত আছি ॥ ১২ ॥

পূর্ব্বে পিতৃগৃহে [ অবস্থানকালে ] কন্যাবস্থায়ই আমি কথাপ্রসঙ্গে [ কোনও ] সাধুচরিত্রা তাপসীর নিকট সমস্ত বনদোষ শ্রবণ করিয়াছিলাম ॥ ১৩ ॥

---

১। ট 'হি'। ২। খ '-নি চ'। ৩। ঞ '-সরক্তা-'। ৪। ম-ঙ-ছট '-ত্মা-'। ৫। ঙ 'ক্লৈব চ'। ৬। খ 'সদৃ-'। ৭। ধ 'ত্তা'।

কৃতক্ষণাস্মি ভদ্রন্তে গমনং প্রতি রাঘব।
পুণ্যা হি বনচর্য্যেয়ং ত্বয়া মে সহ[1] কাঙ্ক্ষিতা[2] ॥ ১৫ ॥
পূতানয়া ভবিষ্যামি পুণ্যয়া বনচর্য্যয়া।
বিহরন্তী ত্বয়া সার্দ্ধং হৃদয়োৎসবভূতয়া ॥ ১৬ ॥
স্পৃহণীয়া ভবিষ্যামি লোকেঽমুষ্মিন্নিহৈব চ[3]।
ভর্ত্তারমনুগচ্ছন্তী ভর্ত্তা স্ত্রীণাং হি দৈবতম্[4] ॥ ১৭ ॥
ত্বয়া হি[5] সহ সংযোগঃ প্রেতভাবে[6]ঽপি[7] মে ভবেৎ।
ইত্যতো[8]ঽনুগমিষ্যামি ত্বামহং কৃতনিশ্চয়া ॥ ১৮ ॥

---

১৬। লো-টী। অনয়েত্যস্য বিশেষণং হৃদয়োৎসবভূতয়া।

১৫। টিপ্পনী। গমনং প্রতি গমনবিষয়ে অহং কৃতক্ষণা কৃতঃ প্রতীক্ষিতঃ ক্ষণঃ প্রস্থান-মুহূর্ত্তো যয়া তাদৃশাস্মি। কৃতক্ষণা কৃতানুমতিকা। তিঃ। কৃতোৎসবা 'নির্ব্যাপারস্থিতৌ কাল-বিশেষোৎসবয়োঃ ক্ষণঃ' ইত্যমরঃ। গোঃ রাঃ।

১৬। টিপ্পনী। হৃদয়োৎসবভূতয়া হৃদয়োৎসবরূপয়া বনচর্য্যয়া বনপর্য্যটনেন। পূতা ভবিষ্যামীত্যনেন ত্বয়া বিনাত্র স্থিতৌ লোকা মে পাপং সম্ভাবয়িষ্যন্তীতি ধ্বনিতম্।

১৭। টিপ্পনী। স্পৃহণীয়া অভিলষণীয়া ঈর্ষ্যাভাজনমিত্যর্থঃ। নন্বত্রৈব স্থিত্বা দেবারাধনা-দিভিঃ স্পৃহণীয়া ভবেত্যত্রাহ—ভর্ত্তেতি। দৈবতং দেবতা।

১৮। টিপ্পনী। নন্থ কিমনেন কিয়দ্দিনভাবিনা বিরহেণ পর্য্যুৎসুকাসি, ভবতি চৈবং বিরহো

---

হে রঘুনন্দন, [ অবনত ]-মস্তকের দ্বারা আপনার নিকট প্রার্থনা করিতেছি, আমাকেও লইয়া চলুন। আপনার সহিত বনবাস আমার অতীব কাঙ্ক্ষিত ॥ ১৪ ॥

হে রঘুনন্দন, আমি গমনের জন্য প্রস্থানমুহূর্ত্তের প্রতীক্ষা করিতেছি; আপনার মঙ্গল হউক; আপনার সহিত পবিত্র এই বনপর্য্যটন আমার [ চিরকালের ] কাঙ্ক্ষিত ॥ ১৫ ॥

আপনার সহিত বিচরণকারিণী আমি হৃদয়ের উৎসবস্বরূপ পবিত্র এই বনপর্য্যটনের দ্বারা পবিত্রা হইব ॥ ১৬ ॥

স্বামীর অনুগমন করিয়া আমি ইহলোকে ও পরলোকে [ সকলের ] স্পৃহণীয়া ( ঈর্ষ্যাভাজন ) হইব; স্বামীই রমণীগণের দেবতা ॥ ১৭ ॥

---

১। ঙ ছ-ট 'কাঙ্ক্ষিতা সহ'। ২। ঝ '-ক্ষয়া'। ৩। ঝ 'তু'। ৪। ঘ 'দেবতা'। ৫। থ 'নু ভূশ-'। ৬। ঘ-ঙ-ঞ 'প্রেত্য-'। ৭। ঝ '-বো-'। ৮। ঘ '-হহং', ঞ '-হথ'।

ময়া কথয়তাং পূর্ব্বং শ্রুতং প্রত্যক্ষদর্শিনাম্[১] ।
ব্রাহ্মণানাং নিসর্গেণ ধর্ম্মনির্ণয়[২]বাদিনাম্[৩] ॥ ১৯ ॥
ভর্ত্তারং কিল যা নারী চ্ছায়েবানুগতা সদা ।
অনুগচ্ছতি গচ্ছন্তং তিষ্ঠন্তং[৪] চানুতিষ্ঠতি ॥ ২০ ॥
তদ্‌ভাবভাবনিরতা[৫] তৎসংযোগপরায়ণা ।
তমেব[৬] ভূয়ো ভর্ত্তারং সা প্রেত্যাপ্য[৭]নুগচ্ছতি ॥ ২১ ॥

১৯। লো-টী। নিসর্গেণ স্বধর্ম্মনিশ্চয়·········রূপং বাক্যম্। কর্ম্মনিশ্চয়বাদিনামিতি পাঠে বাগিতি (?) শেষঃ।

২১। লো-টী। তস্য পত্যুর্যাদৃগ্‌ ভাবস্তাদৃশোঽভিপ্রায়ো যস্যাঃ সা।

জীবানামনারতম্ অন্ততো মরণে চ নিরবধির্ব্বিরহো দুর্ব্বার এবেত্যত আহ—ত্বয়া হীতি। প্রেতভাবেঽপি মরণানন্তরমপি ত্বয়া সহ মম সংযোগঃ সম্বন্ধো ভবেৎ তব মম চ সম্বন্ধো নিত্য ইত্যর্থঃ ইত্যতোঽস্মাৎ কারণাদপি ত্বামহমনুগমিষ্যামি। যদা পরলোকেঽপি বিচ্ছেদো ন সম্ভাব্যতে তদেহলোকেঽবিচ্ছেদঃ কৈমুতিকন্যায়সিদ্ধ ইতি ভাবঃ।

১৯—২১। টিপ্পনী। নন্বু কথং ত্বয়া জ্ঞাতং পরলোকেঽপ্যস্মাকং সম্বন্ধো ভাবীত্যত আহ—ময়েত্যাদি। শ্লোকত্রয়মেকান্বয়ি। প্রত্যক্ষদর্শিনাং যোগবলেন সর্ব্বং প্রত্যক্ষবদনুভবতাং নিসর্গেণ স্বভাবেন ধর্ম্মনির্ণয়বাদিনাং ধর্ম্মসিদ্ধান্তপ্রবক্তৄণাং কথয়তাং ব্রাহ্মণানাং মুখাদিতি শেষঃ ময়া শ্রুতং ভর্ত্তারমিত্যাদি। তিষ্ঠন্তং গমনাদ্ বিরমন্তম্। তদ্‌ভাবভাবনিরতা—তস্মিন্ পত্যৌ ভাবঃ প্রীতির্ভাবো ভক্তিশ্চ তয়োর্নিরতা নিরন্তরং পত্যৌ প্রীতিভক্তিসমন্বিতেত্যর্থঃ। তৎসংযোগপরায়ণা—তেন সংযোগঃ সহাবস্থিতিস্তৎপরায়ণা তদর্থং ব্যগ্রেত্যর্থঃ। প্রেত্য পরলোকে। অনুগচ্ছতি প্রাপ্নোতি।

মৃত্যুর পরেও আপনার সহিত আমার মিলন হইবে; [আমাদের পরস্পর সম্বন্ধ বিচ্ছিন্ন হইবার নহে,] এই কারণেও, দৃঢ়নিশ্চয়া [হইয়া] আমি আপনার অনুগমন করিব ॥ ১৮ ॥

আমি পূর্ব্বে প্রত্যক্ষদর্শী স্বভাবতঃ ধর্ম্মসিদ্ধান্তপ্রবক্তা ব্রাহ্মণগণের নিকট কথাপ্রসঙ্গে শুনিয়াছি [যে], যে নারী সর্ব্বদা ছায়ার ন্যায় ভর্ত্তার অনুগামিনী হয়েন,—ভর্ত্তা গমন করিতে থাকিলে [তাঁহার] পশ্চাৎ গমন করেন, ভর্ত্তা গমনে বিরত

১। ছ-ট '-নঃ'। ২। ঘ-ঙ-ছ-ঞ-ট '-শ্চ-'। ৩। ঝ '-বেদিতাম্'। ৪। ঙ-ছ-ট '-ন্তম-'। ৫। ঙ 'য়-'। ৬। ক-ঘ-ঝ '-বং'। ৭। ঝ '-ভানু-'।

অনুরক্তাং[1] প্রিয়াং ভার্য্যাং সুব্রতাং পতিদেবতাম্[2]।
ন ত্বং রোচয়সে নেতুং মামিতঃ কেন হেতুনা ॥ ২২ ॥
তুল্যশীলব্রতাচারাং ছায়ামনুগতামিব।
নেতুমর্হসি মাং বীর বনং মুনিজনপ্রিয়ম্ ॥ ২৩ ॥
যদি[3] মাং নিশ্চিতাং গন্তুং[4] ন নেতুং ত্বমিহেচ্ছসি।
সত্যেনালভ্য পাদৌ তে ন ভবিষ্যাম্যসংশয়ম্ ॥ ২৪ ॥

২৪। লো-টী। সত্যেন শপথেনৈব তব পাদাবালভ্য স্পৃষ্ট্বা বদামীতি শেষঃ। কিন্তদাহ অসংশিতং নিশ্চিতমেব ন ভবিষ্যামি জীবিষ্যামীত্যর্থঃ।

২২। টিপ্পনী। ঈদৃশপ্রবলপ্রযোজকহেতুসদ্ভাবেঽপি কথং মাং ন নয়সীত্যাহ—অনুরক্তামিতি। সুব্রতাং দুশ্চরনিয়মরতাম্। পতিদেবতাং পতিরেব দেবতা যস্যাস্তাং পতিব্রতামিত্যর্থঃ। রোচয়সে ইচ্ছসি।

২৩। টিপ্পনী। তুল্যশীলব্রতাচারাং তুল্যানি ত্বত্তুল্যানি শীলং স্বভাবো ব্রতং নিয়মপরিপালনম্ আচারশ্চ যস্যাস্তাম্।

হইলে বিরতা হয়েন, [ যিনি ] ভর্ত্তার প্রতি নিরন্তর প্রীতি ও ভক্তিসম্পন্না [ এবং ] ভর্ত্তার সহিত একত্র অবস্থান করিবার জন্য ব্যগ্রা, পরলোকেও তিনি সেই ভর্ত্তাকেই পুনরায় প্রাপ্ত হয়েন ॥ ১৯-২১ ॥

অনুরক্তা প্রিয়া সুব্রতা ( কঠোরনিয়মপরায়ণা ) পতিদেবতা ( স্বামীতে দেবতার ন্যায় ভক্তিসম্পন্না ) ভার্য্যা আমাকে কি নিমিত্ত আপনি এই স্থান হইতে [ বনে ] লইয়া যাইতে ইচ্ছা করিতেছেন না ? ॥ ২২ ॥

হে বীর, আপনার অনুরূপ স্বভাব নিয়ম ও আচারসম্পন্না, ছায়ার ন্যায় [ আপনার ] অনুগতা আমাকে মুনিজনপ্রিয় বনে লইয়া চলুন ॥ ২৩ ॥

আপনার পাদস্পর্শপূর্ব্বক শপথ করিয়া বলিতেছি [ যে, বন- ] গমনে কৃতনিশ্চয়া আমাকে যদি আপনি এখন [ বনে ] লইয়া যাইতে ইচ্ছা না করেন, [ তাহা হইলে ] আমি নিশ্চয়ই জীবন পরিত্যাগ করিব ॥ ২৪ ॥

১। ঋ '-ব্রজন্তীং মাং'। ২। ট '-দৈ-'। ৩। ঋ 'মামিতো'। ৪। ট '-তুং'

ইত্যুক্ত্বা প্ররুরোদার্ত্তা মৈথিলী শোককর্ষিতা ।
শোকোষ্ণৈরভিবর্ষন্তী[1] দুঃখজৈরশ্রুবিন্দুভিঃ[2] ॥ ২৫ ॥

পীনোন্নতাবপতিতৌ স্নপয়ন্তী পয়োধরৌ ।
দুঃখামর্ষপরীতাঙ্গী সুস্বরং[3] কলভাষিণী ॥ ২৬ ॥

এবমার্ত্তামপি তু তাং বিলপন্তীং সুদুঃখিতাম্ ।
রামঃ প্রিয়ামনুগতাং নেতুং নৈবাধ্যবস্যতি[4] ॥ ২৭ ॥

দধ্যৌ চাধোমুখঃ কিঞ্চিদ্রুদতীমভিবীক্ষ্য[5] তাম্ ।
বনবাসকৃতান্[6] দোষান্ বহুধাভিবিচারয়ন্[7] ॥ ২৮ ॥

২৫-২৬। লো-টী। ইত্যুক্ত্বা সা সুস্বরমুচ্চৈঃ প্ররুরোদেতি দ্বাভ্যামন্বয়ঃ।

২৫-২৬। টিপ্পনী। অশ্রুবিন্দুভিরভিবর্ষন্তী অশ্রুবিন্দূন্ পরিত্যজন্তীত্যর্থঃ। স্নপয়ন্তীত্যনেন অশ্রূণামাধিক্যমুক্তম্। দুঃখামর্ষপরীতাঙ্গী দুঃখেন অমর্ষেণ কোপেন চ পরীতানি ব্যাপ্তান্যঙ্গানি যস্যাঃ সা। কলভাষিণী মধুরভাষিণী।

২৭। টিপ্পনী। ন অধ্যবস্যতি ন নিশ্চিকায়।

২৮। টিপ্পনী। বনবাসকৃতান্ বনবাসেন জনিতান্।

মধুরভাষিণী শোকপীড়িতা দুঃখ ও ক্রোধে ব্যাপ্তদেহা কাতরচিত্তা মৈথিলী ইহা বলিয়া দুঃখসমুদ্ভূত শোকোষ্ণ অশ্রুবিন্দুসমূহ ত্যাগ করত [ তাহার দ্বারা ] পীনোন্নত অপতিত পয়োধরযুগল অভিষিক্ত করিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন ॥ ২৫-২৬ ॥

বিলাপকারিণী অতিদুঃখিতা অনুগতা প্রিয়া সীতা এইরূপ আর্ত্তা হইলেও রাম [ তাঁহাকে বনে ] লইয়া যাওয়ার নিশ্চয় [ প্রকাশ ] করিলেন না ॥ ২৭ ॥

তাহাকে রোদন করিতে দেখিয়া রামচন্দ্র বনবাসজনিত দোষসমূহ বহুপ্রকারে বিচার করত কিঞ্চিৎ অধোমুখ হইয়া চিন্তা করিতে লাগিলেন ॥ ২৮ ॥

১। ট '-খৈ-'। ২। ঝ '-দৈ-'। ৩। ঝ 'সস্বনং'। ৪। ঘ 'নৈব মনো দধে', ঙ-ছ-ঝ ট 'নৈব ব্যব-'। ৫। ক-গ ঘ-ঞ-ট '-ন্তী-'। ৬। ঘ-ঝ '-গতান্'। ৭। ঘ-ঞ ট '-ধাপি'।

বিমনসমভিবীক্ষ্য চিন্তয়ন্তং
জনকসুতা পতিমপ্রতীতরূপম্[1]।
ভৃশতরমতিরোষতাম্রনেত্রা[2]
বচনমুবাচ পুনর্নিগৃহ্য[3] বাষ্পম্ ॥ ২৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে রামানুনয়ো নাম
একোনত্রিংশঃ সর্গঃ ॥ ২৯ ॥

২৯। লো-টী। অপ্রতীতরূপম্ অহৃষ্টরূপম্। 'প্রতীতঃ খ্যাতহৃষ্টয়োরি'ত্যজয়ঃ

২৯। টিপ্পনী। বিমনসং শূন্যচিত্তম্। অপ্রতীতরূপম্ অতিদুঃখিতাকৃতিম্ অতিশয়েনাহৃষ্টং বা আতিশয্যে রূপপ্। ভৃশতরং কঠোরতরং বচনমুবাচেত্যন্বয়ঃ।

পতিকে অতি দুঃখিতাকৃতি, বিমনা, চিন্তাপরায়ণ দেখিয়া অতি ক্রোধে রক্তনেত্রা জানকী বাষ্প নিরোধ করত পুনর্ব্বার কঠোরতর [এই] বাক্য বলিলেন ॥ ২৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে রামানুনয়-নামক
একোনত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ২৯ ॥

১। ক-ঋ '-ত্তিম-', ছ '-ত্তিত-'। ২। গ '-ভি-'। ৩। ঞ '-র্ব্বি-'।

## ত্রিংশ সর্গঃ

রামস্য তাং মতিং বুদ্ধা[১] মৈথিলী কৃতনিশ্চয়া।
রোষাৎ প্রস্ফুরমাণৌষ্ঠী[২] পুনর্ব্বচনমব্রবীৎ ॥ ১ ॥
উন্মত্তেবাভিপশ্যন্তী[৩] ভর্ত্তারং বিপুলেক্ষণা।
রোষবেগাৎ[৪] ক্ষিপন্তীব[৫] প্রণয়াদ[৬]ভিমানিনী[৭] ॥ ২ ॥
কৃতার্থং মন্যতে মূঢ়ঃ স[৮] আত্মানং পিতা মম।
রামং জামাতরং লব্ধ্বা ক্লীবং পুরুষমানিনম্ ॥ ৩ ॥

২। লো-টী। ক্ষিপন্তী আক্ষিপন্তী অভিমানিনী অত্যহঙ্কারবতী।

১-২। টিপ্পনী। রামস্য তাং মতিম্ অভিপ্রায়ং বুদ্ধা রোষাৎ প্রস্ফুরমাণৌষ্ঠী প্রস্ফুরমাণৌ কম্পমানৌ ওষ্ঠৌ যস্যাঃ সা। আত্মনেপদমার্ষম্। কৃতনিশ্চয়া বনগমন ইতি শেষঃ। প্রণয়াৎ স্নেহাদ্ অভিমানিনী মদীয়োঽয়মিতি কৃত্বা কোপপ্রীত্যাদিপ্রযুক্তবচনার্হ ইত্যভিমানশালিনী বিপুলেক্ষণা মৈথিলী উন্মত্তেব ভর্ত্তারমভিপশ্যন্তী রোষবেগাৎ তং ক্ষিপন্তী নিন্দন্তীব পুনর্ব্বচনমব্রবীৎ। শ্লোকদ্বয়ম্ একান্বয়ি। 'প্রণয়াদভিমানাচ্চ পরিচিক্ষেপ রাঘবম্' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।৩০।২)। পরিচিক্ষেপ নিনিন্দ। গোঃ রাঃ। সোপহাসবচনমুক্তবতী। তিঃ।

৩। টিপ্পনী। মম মূঢ়ো বিবেকশূন্যঃ পিতা পুরুষমানিনং পুরুষ ইত্যভিমানবন্তং বস্তুতস্তু ক্লীবং শৌর্য্যবিহীনং রামং জামাতরং লব্ধ্বা আত্মানং কৃতার্থং মন্যতে, অহো দৌর্ভাগ্যমিতি ভাবঃ।

রামের তাদৃশ অভিপ্রায় বুঝিতে পারিয়া রোষে কম্পিতাধরা [ বনগমনে ] কৃতনিশ্চয়া প্রণয়বশতঃ অভিমানশালিনী বিশালনেত্রা মৈথিলী উন্মত্তার ন্যায় স্বামীর ( রামের ) দিকে দৃষ্টি নিক্ষেপপূর্ব্বক ক্রোধবেগে [ রামকে ] তিরস্কার করিয়াই যেন পুনরায় [ এই ] বাক্য বলিলেন—॥১-২ ॥

[ কি দুর্ভাগ্য ! ] পুরুষত্বাভিমানী ক্লীব ( শৌর্য্যহীন ) রামকে জামাতৃরূপে লাভ করিয়া আমার মূঢ় পিতা নিজেকে কৃতার্থ মনে করিতেছেন ! ॥ ৩ ॥

১। ঝ 'দৃষ্ট্বা'। ২। ঙ-ছ-ট '-স্ফুরিতৌষ্ঠী সা'। ৩। ঙ '-ধর্ষন্তী'। ৪। ঞ '-দ্বাবেশাৎ'। '-শাক্ষিপন্তীব', ঙ-ট '-শাদাক্ষিপন্তী', ছ '-গাদাক্ষিপন্তী', ৬। ঝ 'চ'। ৭। গ-ঙ-ঝ '-তি-'। ৮। গ 'মমা-'।

অনৃতং বত লোকোঽয়মজ্ঞানাদনুপশ্যতি।
তেজস্বী রাম এবৈকঃ সূর্য্যবদ্দ্যুতিমানিতি[1] ॥ ৪ ॥
কিং বা পশ্যন্ বিষণ্ণস্ত্বং কুতো বা ভয়মস্তি তে।
[2]ত্যক্তুমিচ্ছসি মাং যেন প্রিয়াং নান্যপরায়ণাম্ ॥ ৫ ॥
দ্যুমৎসেনসুতং বীর[3] সত্যবন্তমনুব্রতাম্
সাবিত্রীমিব মাং বিদ্ধি ভর্ত্তুর্গতিপরায়ণাম্ ॥ ৬ ॥
অন্যাং গতিমহং গন্তুং মনসাপি ন কাময়ে।
ত্বয়া নাথ পরিত্যক্তা নেচ্ছামি ভরতাদ্ ভৃতিম্ ॥ ৭ ॥

৪। লো-টী। অনৃতম্ অনৃতবাদী (?) ; কুত এক এব রামস্তেজস্বীতি অনুপশ্যতি বদতি।
৫। লো-টী। বিষণ্ণঃ সন্ কিংবা পশ্যন্ পশ্যামি বিকারধীত্যর্থঃ ( ? )।

৪। টিপ্পনী। একঃ কেবলো রাম এব তেজস্বী সূর্য্যবদ্ দ্যুতিমান্ দীপ্তিশালী চেতি চকারঃ পূরণীয়ঃ, অয়ং পৃথিবীস্থো লোকো জনগণোঽজ্ঞানাৎ সম্যগ্‌বিচারবিরহিতত্বাদ্ অনৃতং মিথ্যৈবানুপশ্যতি মন্যতে।

৬। টিপ্পনী। অনুব্রতাং বশবর্ত্তিনীম্। শিরোঃ। ভর্ত্তুঃ স্বামিনো গতিপরায়ণাম্ আশ্রয়নিষ্ঠাং জীবনোপায়ভূতামিতি গূঢ়োক্তিঃ।

'একমাত্র রামচন্দ্রই তেজস্বী [ও] সূর্য্যের ন্যায় দীপ্তিসম্পন্ন' এই ( পৃথিবীস্থ ) লোকসমূহ অজ্ঞানতানিবন্ধন মিথ্যাই এইরূপ বিবেচনা করিয়া থাকে ॥ ৪ ॥

[ আর্য্যপুত্র, ] আপনি কি বিবেচনা করিয়া বিষণ্ণ হইতেছেন, কোথা হইতেই বা আপনার ভয় হইতেছে—যন্নিবন্ধন অনন্যপরায়ণা ভার্য্যা আমাকে পরিত্যাগ করিতে ইচ্ছা করিতেছেন ? ॥ ৫ ॥

হে বীর, দ্যুমৎসেনপুত্র সত্যবানের অনুবর্ত্তিনী সাবিত্রীর ন্যায় আমাকে [ একমাত্র ] স্বামীর [ -ই ] আশ্রয়পরায়ণা বলিয়া জানুন ॥ ৬ ॥

আমি মনে মনেও অন্য আশ্রয় অবলম্বন করিতে ইচ্ছা করি না ; নাথ, আপনার দ্বারা পরিত্যক্তা হইয়া আমি ভরত হইতে ভরণপোষণ অভিলাষ করি না ॥ ৭ ॥

১। ঘ-ঞ '-নপি'। ২। ঙ ইদমর্দ্ধং নাস্তি। ৩। ট '-রং'। ৪। গ 'ভর্ত্তৃব্রত-', ষ 'ভর্ত্তুর্গমন-লালসাম্'।

কৌমারীং দয়িতাং ভার্য্যাং স্বয়মাহৃত্য মাং কথম্।
শৈলূষ ইব পোষার্থমন্যস্মৈ দাতুমর্হসি ॥ ৮ ॥
ন তেঽহমপরাধ্যামি কর্ম্মণা মনসাপি বা।
বাচা বা তৎ কথং মাং ত্বং ত্যক্তুমিচ্ছস্যকারণম্ ॥ ৯ ॥
যদি বাপ্যপরাধস্তে ময়া কশ্চিৎ পুরা কৃতঃ।
অজ্ঞানাদ্ যদি বা জ্ঞানাৎ ক্ষময়ে ত্বাং প্রসীদ মে ॥ ১০ ॥
আর্য্যপুত্র পরিত্যজ্য ন মাং ত্বং গন্তুমর্হসি।
বাসঃ স মে স্বর্গভূতস্ত্বয়া সহ ভবিষ্যতি ॥ ১১ ॥

৮। লো-টী। কৌমারীং পঞ্চদশবর্ষীয়াম্। স্বয়মাহৃত্য স্বশৌর্য্যেণ প্রাপ্য যত্ত্বমাঽন্যস্মৈ শৈলূষো নট ইব স্বযোষাং স্বভার্য্যাং দদাসি।

৮। টিপ্পনী। কৌমারীং ভার্য্যামাহৃত্য কৌমারাবস্থায়ামেব ভার্য্যাত্বেন গৃহীত্বেত্যর্থঃ। শৈলূষো নর্ত্তনকালিকনটঃ। শিরোঃ। শৈলূষো জায়াজীবঃ 'শৈলালিনস্তু শৈলূষা জায়াজীবাঃ কৃশাশ্বিনঃ' ইত্যমরঃ। গোঃ রাঃ।

১০। টিপ্পনী। ত্বাং ক্ষময়ে ত্বমপরাধং ক্ষমস্বেতি প্রার্থয়ে।

১১। টিপ্পনী। স বাসঃ বনবাস ইত্যর্থঃ স্বর্গভূতঃ স্বর্গবাস ইব ভবিষ্যতি।

কুমারী [ অবস্থায় ] প্রিয়া ভার্য্যারূপে আমাকে স্বয়ং গ্রহণ করিয়া [ ভরণ- ] পোষণের জন্য [ এখন ] শৈলূষের [ পত্নীজীবী ব্যক্তির ] ন্যায় অন্যের হস্তে সমর্পণ করা কিরূপে আপনার সঙ্গত হইতেছে ? ॥ ৮ ॥

আমি কার্য্যের দ্বারা বা মনের দ্বারা বা বাক্যের দ্বারা আপনার নিকট [কোন] অপরাধ করি নাই ; তবে আপনি কেন আমাকে অকারণে পরিত্যাগ করিতে ইচ্ছা করিতেছেন ? ॥ ৯ ॥

অথবা, যদি জ্ঞানে বা অজ্ঞানে পূর্ব্বে আপনার নিকট কোনও অপরাধ করিয়া থাকি, [ তাহার জন্য ] আপনার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি, আপনি আমার প্রতি প্রসন্ন হউন ॥ ১০ ॥

১। ক-ঝ 'যোষাং ত্ব-'। ২। খ-ঙ-ঞ '-মিচ্ছ-'। ৩। ঙ-ছ-ট '-চাপি'। ৪। গ 'বাব্বিতথাং'। ৫। ছ ঙ-ট 'বা'। ৬। ঝ '-মর্হ-'। ৭। ঝ '-সশ্চ'। ৮। ক-ঞ 'স্বঙ্গ-'।

পৃষ্ঠতস্তব গচ্ছন্ত্যা বিহারশয়নেষ্বিব।[1]
ন ভবিষ্যতি মে রাম[2] মার্গে চাধ্বপরিশ্রমঃ[3] ॥ ১২ ॥
কুশকাশশরেষীকা[4]স্তথৈব[5] বনকণ্টকাঃ[6]।
মার্গে মম ভবিষ্যন্তি স্পর্শে কৌষেয়সন্নিভাঃ ॥ ১৩ ॥
শয্যাশ্চ বনবাসে মে নব[7]পর্ণতৃণা[8]স্তৃতাঃ।
রাঙ্কবাজিনসংস্পর্শা ভবিষ্যন্তি সহ ত্বয়া ॥ ১৪ ॥

১৩। লো-টী। ঈষীকা বীরণম্।
১৪। লো-টী। নবানি পর্ণানি পত্রাণি।

১২। টিপ্পনী। পৃষ্ঠতো গচ্ছন্ত্যা মে বিহারশয়নেষ্বিব শ্রমো ন ভবিতা। শিরোঃ। পথি তব পৃষ্ঠতো গচ্ছন্ত্যা মে বিহারশয়নেষ্বিব বিহারঃ পরিক্রম উদ্যানসঞ্চার ইতি যাবৎ 'বিহারস্তু পরিক্রম' ইত্যমরঃ। গোঃ রাঃ। বিহারশয়নেষু সুপ্তায়া ইবারণ্যে গচ্ছন্ত্যা ন মে শ্রম ইতি যোজনা। তিঃ।

১৩। টিপ্পনী। কুশকাশশরেষীকাস্তৃণভেদাঃ। কৌষেয়সন্নিভাঃ কৌষেয়বস্ত্রতুল্যকোমল-স্পর্শাঃ।

১৪। টিপ্পনী। নবপর্ণতৃণাস্তৃতাঃ নবপর্ণৈস্তৃণৈশ্চাস্তৃতা রচিতাঃ। রাঙ্কবং রঙ্কুনামকমৃগ-বিশেষস্য চর্ম্ম, অজিনং কৃষ্ণসারমৃগচর্ম্ম।

আর্য্যপুত্র, আমাকে পরিত্যাগ করিয়া আপনি গমন করিবেন না; আপনার সহিত বনবাস আমার স্বর্গ [-বাস] -তুল্য [বোধ] হইবে ॥ ১১ ॥

রাম, বিহারে (উদ্যানভ্রমণে) এবং শয়নে (নিদ্রাদিতে) যেরূপ শ্রম হয় না, সেইরূপ পথে আপনার পশ্চাৎ পশ্চাৎ গমনকারিণী আমারও পরিশ্রম হইবে না ॥ ১২ ॥

[আপনার সহিত গমন করিলে] পথে কুশ, কাশ, শর (তৃণবিশেষ) ও ঈষীকা (তৃণবিশেষ) এবং বনকণ্টক, স্পর্শে আমার নিকট কৌষেয় [বসন] -সদৃশ [বলিয়া বোধ] হইবে ॥ ১৩ ॥

১। ঘ-ঝ-ঞ '-ষ্বপি', ঙ-ছ-ট '-ষ্বিহ'। ২। ঘ-ঞ 'নাথ'। ৩। ঙ-ছ-ট '-ত্র'। ৪। ঝ '-শৈব-'। ৫। ঝ '-কা তথৈ-'। ৬। গ-ঘ-ঞ-ট 'দ্রুম-'। ৭। গ ঞ 'বন-', ঙ-ছ-ট 'বন্য-'। ৮। ঝ 'তৃণ-', ট '-দৃশা-'।

মহাবাতসমুদ্ভূতং যন্মামবকরিষ্যতি।
রজো রমণ তন্মেঽঙ্গে পরার্দ্ধ্যমিব চন্দনম্ ॥ ১৫ ॥
শাদ্বলেষু যদাসিষ্যে বিবিক্তেষু চ রাঘব।
কুশাস্তরণতল্পেষু কিং মে সুখতরং ততঃ ॥ ১৬ ॥
যন্মে মূলফলং বন্যং বনে দাস্যসি রাঘব।
স্বাদু বা যদি বাস্বাদু ভবিষ্যত্যমৃতোপমম্ ॥ ১৭ ॥

১৫। টিপ্পনী। মহাবাতসমুদ্ভূতং মহাবাত্যয়োত্থাপিতম্। অবকরিষ্যতি ব্যাপ্স্যতি সমাচ্ছাদয়িষ্যতীত্যর্থঃ। হে রমণ হে প্রিয়তম। পরার্দ্ধ্যমত্যুত্তমম্।

১৬। টিপ্পনী। শাদ্বলেষু নবতৃণাচ্ছাদিতয়া হরিদ্বর্ণেষু বিবিক্তেষু নির্জ্জনেষু স্থানেষু কুশাস্তরণতল্পেষু সমাস্তৃতকুশশয্যাস্বিত্যর্থঃ যদা আসিষ্যে উপবেক্ষ্যামি ত্বয়া সহেতি শেষঃ তদা কিং তাবদ্ বস্ত্বস্তি যন্মে ততঃ সুখতরম্ অধিকসুখজনকং ভবেৎ ন কিমপীত্যর্থঃ।

---

বনবাসে আপনার সহিত [ অবস্থান করিলে ] নবপল্লব ও তৃণদ্বারা প্রস্তুত শয্যাও আমার নিকট রাঙ্কব ( রঙ্কুমৃগের চর্ম্ম ) এবং অজিনের ( কৃষ্ণসারমৃগচর্ম্মের ) ন্যায় [ সুখ- ] স্পর্শবিশিষ্ট হইবে ॥ ১৪ ॥

প্রিয়তম, [ আপনার নিকট থাকিলে ] মহাবাত্যাদ্বারা সমুত্থিত হইয়া যে ধূলিরাশি আমাকে সমাচ্ছাদিত করিবে তাহা [-ও] আমার অঙ্গে মহামূল্য চন্দনের ন্যায় [ তৃপ্তিকর বলিয়া বোধ ] হইবে ॥ ১৫ ॥

রঘুনন্দন, যখন আমি নির্জ্জন প্রদেশে তৃণাচ্ছাদিত শ্যামলভূমিতে আস্তৃত-কুশশয্যায় [ আপনার সহিত ] উপবেশন করিব, [ তখন এমন ] কোন্ বস্তু [ আছে যাহা ] আমার তদপেক্ষা অধিক সুখের হইবে ? ॥ ১৬ ॥

হে রঘুনন্দন, বনে আপনি সুস্বাদ বা বিস্বাদ যে বন্য ফলমূল [-ই] আমাকে [ আহারার্থ ] প্রদান করিবেন, তাহাই [ আমার নিকট ] অমৃততুল্য [ বলিয়া বোধ ] হইবে ॥ ১৭ ॥

১। ট '-জমুদ্-'। ২। ঙ-ঝ-ঞ '-প-'। ৩। ঘ 'রজাকরং ন', ঙ 'রুজাবনতমেবাঙ্গে',। ৪। ছ '-ন্মঙ্গে'। ৫। ঝ 'সদাশিষ্যে'। ৬। ঞ-ট '-স্তা-'। ৭। ঙ-ঞ-ট '-ক-'। ৮। ঙ-ছ-ট 'যথা'। ৯। গ 'রমাং'। ১০। ক-ছ '-তি-'।

ন বন্ধূনাং স্মরিষ্যামি ন মাতুর্ন পিতুর্ব্বনে।
বসন্তী ভবতা সার্দ্ধং স্বাদুমূলফলাশনা[1] ॥ ১৮ ॥
ন মৎকৃতে[2] ব্যলীকং তে তত্র কিঞ্চিদ্ ভবিষ্যতি।
ভবিষ্যামি ন চৈবাহং তত্র[3] ভারস্ত্বানঘ ॥ ১৯ ॥
যস্ত্বয়া[4] সহ স স্বর্গো নরকো[5] যস্ত্বয়া[6] বিনা।
কুরু মে দয়িতং কামং গচ্ছেয়ং সহিতা ত্বয়া ॥ ২০ ॥
ত্বয়া ত্যক্তা ন শক্তাস্মি জীবিতুং[7] রঘুনন্দন।
ত্বদ্‌বিয়োগভয়োদ্‌বিগ্নাং ত্রায়স্ব শরণাগতাম্ ॥ ২১ ॥

---

২০। লো-টী। য আবাসঃ। নরকো নিরয়ঃ।

---

১৮। টিপ্পনী। স্বাদুমূলফলাশনা স্বাদূনি মূলানি ফলানি চ ভুঞ্জানাহং বন্ধূনাং মাতুঃ পিতুশ্চ ন স্মরিষ্যামি তেষামর্থে উৎকণ্ঠিতা ন ভবিষ্যামীত্যর্থঃ। বন্ধূনামিত্যাদিষু 'অধীগর্থদয়েশাম্' ইত্যাদিনা ষষ্ঠী।

১৯। টিপ্পনী। ব্যলীকং দুঃখম্।

২০। টিপ্পনী। যো দেশস্ত্বয়া সহ ত্বৎসাহিত্যবিশিষ্টঃ স এব স্বর্গঃ যো দেশস্ত্বয়া বিনা ত্বৎসাহিত্যাভাববিশিষ্টঃ স এব নরকঃ। শিরোঃ। ত্বয়া সহ যো বাসঃ স স্বর্গঃ স্বর্গসমস্ত্বয়া বিনা যো বাসঃ স নরকো নরকোপমঃ। গোঃ রাঃ।

স্বাদু ফলমূল ভোজন করত আপনার সহিত বনে বাস করিবার কালে আমি না বন্ধুবর্গকে, না মাতাকে, না পিতাকে স্মরণ করিব অর্থাৎ তাঁহাদের জন্য আমি উৎকণ্ঠিত হইব না ॥ ১৮ ॥

আমার জন্য বনে আপনার কোনও কষ্ট [ উপস্থিত ] হইবে না এবং হে নিষ্পাপ, তথায় আমি আপনার ভারস্বরূপ হইব না ॥ ১৯ ॥

যে দেশ আপনার অধ্যুষিত তাহা [ আমার পক্ষে ] স্বর্গ এবং যে দেশ আপনার পরিত্যক্ত তাহা [ আমার পক্ষে ] নরক। আমার প্রিয় কামনা পূর্ণ করুন, আমি আপনার সহিত [ বনে ] গমন করিতে ইচ্ছা করি ॥ ২০ ॥

---

১। ক '-শিনী'। ২। গ-ঙ-ছ-ঞ-ট '-তং'। ৩। গ 'অ-'। ৪। ঙ-ছ-ট '-স্তু-'। ৫। গ-ঙ-ঞ '-কং'। ৬। ট '-স্তু-'। ৭। ঞ '-তং'।

অথ নেচ্ছসি চেন্নেতুং[১] মামেবং সমনুব্রতাম্[২] ।
বিষমদ্যৈব পাস্যামি পশ্যতস্তে নৃপাত্মজ ॥ ২২ ॥

ইদং হি[৩] দুঃখং সংসোঢ়ুং মুহূর্ত্তমপি নোৎসহে ।
কিং পুনর্দ্দশ বর্ষাণি ত্রীণি চৈকঞ্চ রাঘব ॥ ২৩ ॥

ইতি শোকাগ্নিসন্তপ্তা[৪] বিলপ্য জনকাত্মজা ।
পাদয়োর্নিপপাতার্ত্তা ভর্ত্তুর্গমনলালসা ॥ ২৪ ॥

উক্ত্বা বাক্যং সকরুণং ত্রায়স্ব নয় মামিতি ।
রুরোদ পতিতা[৫] তত্র সুস্বরং[৬] মৃদুভাষিণী ॥ ২৫ ॥

---

২২। লো-টী। সমনুব্রতাং স্বামিস্নেহানুরক্তাম্। পশ্যতস্তে ত্বয়ি পশ্যতি সতীত্যর্থঃ।

---

২৪। টিপ্পনী। গমনলালসা গমনে লালসা যস্যাঃ সা সীতা ভর্ত্তুঃ পাদয়োর্নিপপাতেত্যন্বয়ঃ।

২৫। টিপ্পনী। সুস্বরমুচ্চৈঃ।

হে রঘুনন্দন, আপনার দ্বারা পরিত্যক্তা হইয়া আমি জীবন ধারণ করিতে সমর্থা নহি। আপনার বিয়োগভয়ে উদ্বিগ্না [ আপনার ] শরণাগতাকে রক্ষা করুন ॥ ২১ ॥

আর, যদি [ আপনার প্রতি ] ঈদৃশ অনুরক্তা আমাকে [ বনে ] লইয়া যাইতে ইচ্ছা না করেন, [ তাহা হইলে ] হে রাজকুমার, অদ্যই আমি আপনার সমক্ষে বিষ পান করিব ॥ ২২ ॥

হে রঘুনন্দন, আমি [এক] মুহূর্ত্তও [ বিয়োগজনিত ] এই দুঃখ সহ্য করিতে সমর্থ নহি, চতুর্দ্দশ বৎসরের কথা আর কি বলিব ॥ ২৩ ॥

[ বন- ] গমনাভিলাষিণী শোকাগ্নিসন্তপ্তা আর্ত্তা জনকাত্মজা এইরূপ বিলাপ করিয়া স্বামীর চরণতলে নিপতিতা হইলেন ॥ ২৪ ॥

'আমাকে রক্ষা করুন এবং আমাকে [ বনে ] লইয়া চলুন' এই সকরুণ বাক্য বলিয়া [ স্বভাবতঃ ] মৃদুভাষিণী [পতিচরণতলে] নিপতিতা সীতা সেই স্থানে উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

---

১। গ 'ত্বং নেতুং'। ২। ক-ঝ-ট 'ত্বদ-'। ৩। ঘ 'তু'। ৪। ট '-তু-'। ৫। ঙ-ছ 'দয়ি-'। ৬। গ-ছ-ঝ-ট 'সস্বনং'।

স তস্যাঃ করুণৈর্ব্বাক্যৈর্হৃদি ক্ষত ইবাতুরঃ।
মুমোচ বাষ্পং শোকোষ্ণং ধৈর্য্যসংরুদ্ধমাত্মনঃ[1] ॥ ২৬ ॥
তস্য শোকাশ্রুপূর্ণাভ্যাং[2] প্রিয়াকারুণ্যজং তদা।
সুস্রাব বারি নেত্রাভ্যাং পুষ্করাভ্যামিবোদকম্ ॥ ২৭ ॥
স তামুত্থাপ্য শনকৈঃ পাদয়োঃ পতিতাং প্রিয়াম্।
উবাচ বচনং রামো মধুরং পরিসান্ত্বয়ন্ ॥ ২৮ ॥
ন কাময়ে স্বর্গমপি ত্বদৃতে[3]ঽহং[4] বরাননে।
ন চ মেঽস্তি ভয়ং কিঞ্চিদপি সাক্ষাৎ স্বয়ম্ভুবঃ[5] ॥ ২৯ ॥

২৬। লো-টী। ধৈর্য্যেণ সংরুদ্ধমপি।

২৬। টিপ্পনী। আতুরঃ পীড়িতো জন ইব হৃদি ক্ষতঃ সন্ আত্মনো ধৈর্য্যসংরুদ্ধম্ আত্মনো ধৈর্য্যেণ সংরুদ্ধং সংনিয়তমিত্যর্থঃ শোকোষ্ণং বাষ্পং মুমোচ।
২৭। টিপ্পনী। প্রিয়াকারুণ্যজং প্রিয়ায়াঃ কারুণ্যং দুঃখং তজ্জনিতম্। পুষ্করাভ্যাং পদ্মাভ্যাম।

রামচন্দ্র তাঁহার করুণবাক্যে [ব্যাধি] পীড়িত ব্যক্তির ন্যায় বিক্ষতহৃদয় হইয়া স্বীয় ধৈর্য্যসংরুদ্ধ শোকোষ্ণ অশ্রুজল ত্যাগ করিতে লাগিলেন ॥ ২৬ ॥

তখন [ প্রফুল্ল ] কমলযুগল হইতে সলিলের ন্যায়, তাঁহার শোকাশ্রুপূর্ণ নেত্রযুগল হইতে প্রণয়িনীর দুঃখে উদ্গত বারি [ -ধারা ] প্রবাহিত হইতে লাগিল ॥ ২৭ ॥

রামচন্দ্র পাদপতিতা প্রিয়া জানকীকে ধীরে ধীরে উঠাইয়া তাঁহাকে সান্ত্বনা করত [ এই ] মধুর বাক্য বলিলেন—॥ ২৮ ॥

চারুমুখি, তোমাকে ছাড়িয়া আমি স্বর্গও কামনা করি না; আর, সাক্ষাৎ স্বয়ম্ভু হইতেও আমার কোন ভয় নাই ॥ ২৯ ॥

১। ক-ঘ '-নসঃ'। ২। ঘ-ঞ '-নেত্রা-'। ৩। ছ 'ত্বৎকৃতে', গ-ঙ 'প্রিয়ে বিরহিতস্ত্বয়া'। ৪। ঘ-ঙ-ছ-ঞ-ট '-হমপি প্রিয়ে'। ৫। ঞ 'শতক্রতোঃ'।

ধর্ম্মস্তু নাগনাসোরু সদ্ভিরাচরিতং জনৈঃ।
নাতিবর্ত্তিতুমিচ্ছামি বেলামিব মহোদধিঃ ॥ ৩০ ॥
তথা গুরুনিয়োগঞ্চ[১] পরং[২] ধর্ম্মং বিদুর্ব্বুধাঃ।
তং[৩] চাতিক্রমিতুং নালমহং শক্তঃ[৪] কথঞ্চন ॥ ৩১ ॥
স[৫] যথৈবানুশিষ্টো[৬]ঽস্মি পিত্রাহূয়[৭] মহাত্মনা।
তথা[৮] বর্ত্তিতুমিচ্ছামি স হি ধর্ম্মঃ সনাতনঃ ॥ ৩২ ॥
তথা তব চ[৯] জিজ্ঞাসুর্নিশ্চয়ং শুভনিশ্চয়ে[১০]।
উক্তবান্ ন নয়িষ্যেঽহমিতি শক্তোঽপি[১১] রক্ষিতুম্[১২] ॥ ৩৩ ॥

৩১। লো-টী। অলং নিরর্থকং কষ্টমিতি বা।

৩০। টিপ্পনী। নাগনাসোরু হস্তিশুণ্ডসদৃশবর্ত্তুলোরুবিশিষ্টে, সদ্ভিরাচরিতং ধর্ম্মং পতিব্রতাস্ত্রীসহচরণধর্ম্মম্। শিরোঃ।

৩১। টিপ্পনী। গুরুনিয়োগং পিত্রাজ্ঞাপরিপালনম্। শক্তো গুরোরাজ্ঞাচরণে সমর্থঃ সন্নহং তং ধর্ম্মম্ অতিক্রমিতুম্ উল্লঙ্ঘিতুং নালং ন সমর্থঃ।

হে নাগনাসোরু (হস্তিশুণ্ডের ন্যায় সুন্দর উরুবিশিষ্টে), মহোদধি যেরূপ বেলা লঙ্ঘন করেন না, আমিও সেইরূপ সাধুজনগণকর্ত্তৃক আচরিত [পতিব্রতা স্ত্রীর সহিত বিযুক্ত না হওয়ারূপ] ধর্ম্মও উল্লঙ্ঘন করিতে ইচ্ছা করি না ॥ ৩০ ॥

আর, পিতার আদেশ পালন করাও শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া জ্ঞানী ব্যক্তিগণ বুঝিয়া থাকেন; [পিতার আদেশপালনে] সমর্থ [হইয়া] আমি কোন ক্রমেই তাহাও (পিতার আদেশও) অতিক্রম করিতে পারি না ॥ ৩১ ॥

সেই আমি মহাত্মা পিতার দ্বারা আহূত হইয়া যেরূপ আদিষ্ট হইয়াছি, সেই রূপেই চলিতে ইচ্ছা করি। তাহাই (পিতার আজ্ঞাপালনই) সনাতন ধর্ম্ম ॥ ৩২ ॥

হে শুভসঙ্কল্পে, আর, আমি তোমারও দৃঢ়তা পরিজ্ঞাত হইতে ইচ্ছা করিয়া

১। ঘ '-স্তু'। ২। ঘ-ঙ-ছ '-ব-'। ৩। ঙ 'পি'। ৪। ঝ '-ক্যং'। ৫। ক-ঘ-ছ-ঝ-ঞ 'তথৈ-'। ৬। ঝ '-দেয়ো-'। ৭। গ 'হৃদয়মাত্মনঃ'। ৮। ঝ 'তস্মাত্মাং নেতু-'। ৯। ক-ঙ-ট 'চ তব'। ১০। ক-ছ-ট '-লক্ষণে'। ১১। ঙ 'হ্যস্মি'। ১২। ঝ '-ক্ষণে'।

[১] যদর্থঞ্চৈব তে সীতে নেচ্ছামি শুভদর্শনে।
বনবাসভবৈর্দুঃখৈর্যোক্তুং ত্বাং সুখভাগিনীম্ ॥ ৩৪ ॥
যা [২] নিস্পৃষ্টানপেক্ষা চ বনায় [৩] মদপেক্ষয়া।
[৪] ন বিহাতুং ময়া শক্যা কীর্ত্তিরাত্মবতা যথা ॥ ৩৫ ॥
[৫] এহি গচ্ছ ময়া সার্দ্ধং যথা তে রুচিতং প্রিয়ে [৬]।
ইচ্ছামি হি [৭] প্রিয়ং কর্ত্তুং নিত্যং তেঽহমনিন্দিতে [৮] ॥ ৩৬ ॥
ব্রাহ্মণেভ্যস্তু সাধুভ্যো বাসাংস্যাভরণানি চ।
[৯] সংশ্রিতেভ্যস্তথা[১০]ন্যেভ্যো দেহি দানানি জানকি ॥ ৩৭ ॥

৩৩। টিপ্পনী। তথেতি সমুচ্চয়ে তব নিরাসে কারণান্তরমপ্যস্তীত্যর্থঃ। তব চ নিশ্চয়ং দার্ঢ্যং জিজ্ঞাসুঃ পরিজ্ঞাতুমিচ্ছুঃ সন্ ত্বাং রক্ষিতুং শক্তোঽপ্যহং ন নয়িষ্য ইত্যুক্তবানিতি সম্বন্ধঃ।

৩৪। টিপ্পনী। যদর্থমিতি। যস্য তব নিশ্চয়স্য পরিজ্ঞানার্থমিত্যর্থঃ। তে তুভ্যম্ উক্তবানিতি শেষঃ। কিমুক্তবানিত্যাহ—নেচ্ছামীত্যাদি। যদ্বা যদর্থং যস্য ধর্ম্মস্যাপরিত্যাগার্থম্। সুখভাগিনীং চিরসুখোচিতাং ত্বাং বনবাসভবৈর্বনবাসজৈর্দুঃখৈর্যোক্তুং তদ্দুঃখভাগিনীং কর্ত্তুং নেচ্ছামি।

৩৫। টিপ্পনী। অনপেক্ষা মদ্ব্যতিরিক্তান্যাপেক্ষাশূন্যা যা মদপেক্ষয়া মন্নিমিত্তং বনায় বনবাসং কর্ত্তুং স্পৃষ্টাসি সা ত্বম্ আত্মবতা মনীষিণা স্বকীর্ত্তিরিব ময়া বিহাতুং ত্যক্তুং ন শক্যা।

৩৭। টিপ্পনী। সংশ্রিতেভ্য আশ্রিতেভ্যঃ। দানানি দানযোগ্যানি।

তোমাকে রক্ষা করিতে সমর্থ হইলেও আমি বলিয়াছিলাম, তোমাকে লইয়া যাইব না ; এবং হে শুভদর্শনে সীতে, যে নিশ্চয় পরিজ্ঞানের জন্যই তোমাকে বলিয়াছিলাম [ যে ], '[ চির- ] সুখভাগিনী তোমাকে আমি বনবাসজনিত দুঃখের সহিত যোজিত করিতে ইচ্ছা করি না' ॥ ৩৩-৩৪ ॥

অন্যনিরপেক্ষা তুমি আমার জন্য বনবাস করিতে স্পৃষ্টা হইয়াছ। মনস্বী ব্যক্তি যেরূপ কীর্ত্তি পরিত্যাগ করিতে পারেন না, আমিও সেইরূপ তোমাকে পরিত্যাগ করিতে সমর্থ নহি ॥ ৩৫ ॥

প্রিয়ে ! আইস, তোমার অভিলাষানুসারে আমার সহিত গমন কর ; হে অনিন্দিতে, আমি সর্ব্বদাই তোমার প্রিয়কার্য্য করিতে ইচ্ছা করি ॥ ৩৬ ॥

১। ঙ 'ম-', ঝ 'কারণেনৈ-'। ২। গ 'ন স্পৃষ্টানু-', ছ-ট 'সানুস্পৃষ্টা', ঝ 'সাপি সজ্জা'। ৩। ঘ 'যদ-'। ৪। ক-ছ 'হি', ঝ 'হি ত্যক্তুং'। ৫। গ 'এষা'। ৬। ঙ-ছ '-য়ম্'। ৭। ঙ 'চ'। ৮। ঝ '-সুব্রতে'। ৯। ঝ 'সংশি-', ঙ 'সংশিতেভ্যস্তু সাধুভ্যো', ট অস্য পরার্দ্ধম্ অষ্টাত্রিংশশ্লোকেন সহ ন বর্ত্ততে। ১০। গ-ঝ 'স্বম-'।

গুরূংশ্চামন্ত্র্য[১] সুভগে ততো ব্রজ ময়া সহ ।
ইতি ভর্ত্রা[২]ভ্যনুজ্ঞাতা মত্বা গমনমাত্মনঃ ।
দাতুং[৩] সংত্বরতে[৪] সীতা বাসাংস্যাভরণানি চ ॥ ৩৮ ॥
ততঃ প্রহৃষ্টা পরিপূর্ণমানসা
যশস্বিনী ভর্ত্তু[৫]রবেক্ষ্য শাসনম্ ।
প্রচক্রমে দাতুমথো মনীষিণাং
ধনানি বাসাংসি[৬] চ ভূষণানি[৭] সা ॥ ৩৯ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে সীতাভিপ্রায়জিজ্ঞাসা নাম
ত্রিংশঃ সর্গঃ ॥ ৩০ ॥

---

৩৮ । টিপ্পনী । আত্মনো গমনং মত্বা আত্মনো বনগমনং ভবিষ্যতীতি স্থিরতয়া বুদ্ধা ।

৩৯ । টিপ্পনী । পরিপূর্ণমানসা পূর্ণমনোরথা । অবেক্ষ্য পর্য্যালোচ্য ।

---

জানকি, সাধুচরিত্র ব্রাহ্মণগণকে এবং অন্য আশ্রিত ব্যক্তিবর্গকে দানযোগ্য বস্ত্র ও আভরণ প্রদান কর ॥ ৩৭ ॥

হে সুভগে, গুরুজনদিগকে প্রস্থানকালীন সম্ভাষণ জ্ঞাপন করিয়া তদনন্তর আমার সহিত চল ; স্বামীর দ্বারা এইরূপে অনুজ্ঞাতা সীতা নিজের [ বন- ] গমন [ নিশ্চিত, ইহা ] বুঝিতে পারিয়া বসন ও আভরণসমূহ দান করিবার জন্য ত্বরান্বিতা হইলেন ॥ ৩৮ ॥

তদনন্তর প্রহৃষ্টহৃদয়া পূর্ণমনোরথা যশস্বিনী সীতা স্বামীর আদেশের কথা চিন্তা করিয়া কৃতবিদ্য ব্যক্তিগণকে অর্থ, বসন ও ভূষণসমূহ দান করিতে আরম্ভ করিলেন ॥ ৩৯ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে সীতাভিপ্রায়জিজ্ঞাসা-নামক
ত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩০ ॥

---

১ । ঘ-ঙ-ছ-ঞ '-স্ত্রয় শুভে' । ২ । ঞ 'সহা-' । ৩ । ক-ঙ-ট ইদমর্দ্ধং নাস্তি । ৪ । ঘ-ঞ '-তত্বরে' ।
৫ । ক-ঞ 'মানসম্' । ৬ । ঘ-ঞ 'ঞ্চ' । ৭ । ছ 'চ', গ-ঙ-ঝ-ট নাস্তি ।

## একত্রিংশঃ সর্গঃ

ইত্যুক্ত্বা রাঘবঃ সীতাং সমাহূয়াথ লক্ষ্মণম্ ।
উবাচেদং বচঃ শ্রীমানবেক্ষ্য প্রশ্রয়ানতম্ ॥ ১ ॥
প্রিয়ঃ[1] প্রাণসমো ভ্রাতা সহায়শ্চ সখা চ মে[2] ।
তস্মাৎ প্রণয়তোঽহং ত্বাং যদ্ ব্রবীমি কুরুষ্ব তৎ ॥ ২ ॥
বনং ত্বয়া ন গন্তব্যং ময়া সহ কথঞ্চন ।
ইহৈব হি মহান্[3] ভারো বোঢ়ব্যো ভবতানঘ ॥ ৩ ॥
ইতি রামবচঃ শ্রুত্বা লক্ষ্মণো দীনমানসঃ ।
বাষ্পপর্য্যাকুলমুখঃ সোঢ়ুং শোকমশক্নুবন্ ॥ ৪ ॥
প্রণম্য চরণৌ ভ্রাতুঃ পরিষ্বজ্য[4] চ পীড়িতম্ ।
সীতায়াশ্চ মহাপ্রাজ্ঞস্ততো রাঘবমব্রবীৎ ॥ ৫ ॥

১। টিপ্পনী। প্রশ্রয়ানতং বিনয়াবনতম্।

৪। টিপ্পনী। বাষ্পপর্য্যাকুলমুখঃ অশ্রুব্যাপ্তমুখবিশিষ্টঃ। শিরোঃ। শোকং সম্ভাবিত-রামবিরহজং সন্তাপম্।

৫। টিপ্পনী। পীড়িতং পরিষ্বজ্য দৃঢ়মালিঙ্গ্য।

শ্রীমান্ রামচন্দ্র সীতাকে এইরূপ বলিয়া তদনন্তর লক্ষ্মণকে আহ্বানপূর্ব্বক [ তাঁহাকে ] বিনয়াবনত দেখিয়া এই বাক্য বলিলেন ॥ ১ ॥

তুমি আমার প্রিয় প্রাণপ্রতিম ভ্রাতা, সহায় ও সখা ; অতএব প্রণয়নিবন্ধন আমি তোমাকে যাহা বলিতেছি, তাহা কর ॥ ২ ॥

আমার সহিত কোনক্রমেই তুমি বনগমন করিও না ; হে নিষ্পাপ, এই স্থানে [ থাকিয়া ] -ই তোমাকে গুরুতর ভার বহন করিতে হইবে ॥ ৩ ॥

দুঃখিতচিত্ত মহাপ্রাজ্ঞ লক্ষ্মণ রামচন্দ্রের এই বাক্য শ্রবণপূর্ব্বক দুঃখ সহ্য করিতে না পারিয়া বাষ্পাকুলিত বদনে ভ্রাতার এবং [ ভ্রাতৃ-পত্নী ] সীতার চরণদ্বয় প্রণাম ও দৃঢ়ভাবে আলিঙ্গন করত তদনন্তর [ ভ্রাতা ] রামচন্দ্রকে বলিলেন ॥ ৪-৫ ॥

১। ঝ '-য়-'। ২। ঝ 'মম'। ৩। ঘ-ছ-ট '-হাভা-'। ৪। ঘ-ঙ-ছ-ট '-রভ্য'।

অনুজ্ঞাতোঽস্মি ভবতা পূর্ব্বমেব বনং প্রতি।
সহ গন্তুমিতঃ কস্মান্নিবর্ত্তয়সি মাং পুনঃ ॥ ৬ ॥[1]
ন নিবর্ত্তয়িতব্যোঽহং জীবন্তং মাং যদীচ্ছসি।
শরণং ত্বাং প্রপন্নোঽস্মি প্রসীদার্য্য নয়স্ব মাম্ ॥ ৭ ॥
তমব্রবীত্ততো রামঃ স্থিতং লক্ষ্মণমগ্রতঃ।
প্রহ্বং[2] নতেন শিরসা বেপমানং কৃতাঞ্জলিম্ ॥ ৮ ॥
গতে ত্বয়ি ময়া সার্দ্ধমিতো[3] লক্ষ্মণ কাননম্।
কো ভরিষ্যতি[4] কৌশল্যাং সুমিত্রাঞ্চ যশস্বিনীম্ ॥ ৯ ॥

৮। লো-টী। প্রহ্বম্ অধোমুখম্।

৬। টিপ্পনী। পূর্ব্বমেব বনং প্রতি সহ ত্বয়েতি শেষঃ গন্তমনুজ্ঞাতোঽস্মীত্যন্বয়ঃ। নিবর্ত্তয়সি নিবারয়সি।

৮। টিপ্পনী। প্রহ্বং বিনীতম্।

৯। টিপ্পনী। ময়া সহ ত্বয়ি কাননং গতে কৌশল্যাং সুমিত্রাঞ্চ কো ভরিষ্যতি ভরণ-পোষণাদিনা পালয়িষ্যতি। অতঃ কৌশল্যাদিভরণার্থমেবাধুনা গমনাৎ প্রতিষিদ্ধোঽসি। পূর্ব্বানুজ্ঞা তু তব তাৎকালিকদুঃখপরিহারায়েতি বোধ্যম্।

পূর্ব্বেই আপনি এই স্থান হইতে [ আপনার ] সহিত বনে গমন করিবার নিমিত্ত আমাকে অনুমতি প্রদান করিয়াছেন ; [ এখন ] কেন আবার আমাকে নিবর্ত্তিত করিতেছেন ? ॥ ৬ ॥

আপনি যদি আমাকে জীবিত [ দেখিতে ] ইচ্ছা করেন, [ তাহা হইলে ] আমাকে নিবর্ত্তিত করিবেন না। আমি আপনার শরণাপন্ন হইতেছি ; হে আর্য্য, প্রসন্ন হউন, আমাকে লইয়া চলুন ॥ ৭ ॥

রামচন্দ্র তদনন্তর বিনীত, কম্পমান, কৃতাঞ্জলি, অবনত মস্তকে সম্মুখে দণ্ডায়মান সেই লক্ষ্মণকে বলিলেন—॥ ৮ ॥

হে লক্ষ্মণ, তুমি এই স্থান হইতে আমার সহিত বনগমন করিলে, কে যশস্বিনী কৌশল্যার ও সুমিত্রার ভরণপোষণ করিবে ? ॥ ৯ ॥

১। ঝ '-য়িতুমর্হসি'। ২। গ-ঙ-ঝ 'প্রহ্বা-', ছ 'প্রজ্ঞা-', ট 'প্রত্যা-'। ৩। ঙ-ছ-ট '-র্দ্ধং যথা রুচিতং প্রিয়ম্', ঝ '-র্দ্ধং যথাবদ্রুচিরং প্রিয়ম্'। ৪। ঝ 'বদি-'।

অভিবর্ষতি কামৈর্যো[1] মাতরৌ [2]নৌ নরাধিপঃ।
[3]স কামবশগো [4]ব্যক্তং ন দ্রক্ষ্যতি যথা পুরা[5] ॥ ১০ ॥
স কামবশমাপন্নো মহারাজঃ পিতাবয়োঃ।
ভরতে রাজ্যমাসজ্য[6] কৈকেয্যা বশমাগতঃ[7] ॥ ১১ ॥
রাজ্যৈশ্বর্য্যমদান্ধা[8] হি[9] কদাচিদপি কৈকয়ী।
অসাধু প্রতিপদ্যেত[10] সপত্নীনামচেতনা ॥ ১২ ॥
তে মাতরাবিহস্থেন সমাশ্বাস্যে[11] বিশেষতঃ।
পরিপাল্যে চ সৌমিত্রে যাবদাগমনং মম ॥ ১৩ ॥

---

১০। টিপ্পনী। যো নরাধিপঃ নৌ আবয়োর্মাতরৌ কামৈরভিবর্ষতি ইষ্টান্নপানাদিসম্পাদনেন ইতঃ প্রাগপি সন্তোষয়তি স্মেত্যর্থঃ সোঽধুনা কামবশগঃ কৈকেয্যনুরাগাধীনঃ অতো ব্যক্তং নিশ্চিতং পুরা যথা যাদৃগনুরাগেণ আবয়োর্মাতরৌ অপশ্যৎ তাদৃগনুরাগেণ ন দ্রক্ষ্যতি।

১১। টিপ্পনী। আসজ্য সংস্থাপ্য।

১২। টিপ্পনী। অচেতনা বুদ্ধিহীনা কৈকেয়ী কদাচিৎ সপত্নীনাং বিষয়ে অসাধু অন্যায্যং প্রতিপদ্যেত ব্যবহরেৎ।

১৩। টিপ্পনী। বিশেষতো বিশেষেণ সমাশ্বাস্যে সম্যগাশ্বাসনীয়ে পরিপাল্যে প্রতিপালনীয়ে চ।

---

যে নরাধিপ আমাদের [ সেই ] মাতৃদ্বয়ের কামনা [ সর্ব্বতোভাবে ] পূর্ণ করেন, [ সম্প্রতি ] কামবশীভূত [ হওয়ায় ] তিনি নিশ্চয়ই [ তাঁহাদিগকে ] পূর্ব্বের ন্যায় [ সস্নেহদৃষ্টিতে ] দেখিবেন না ॥ ১০ ॥

আমাদের সেই পিতা কামবশাপন্ন মহারাজ [ দশরথ ] ভরতে রাজ্য স্থাপনপূর্ব্বক কৈকেয়ীর বশীভূত হইয়াছেন ॥ ১১ ॥

রাজ্য ও ঐশ্বর্য্যমদে অন্ধা নির্ব্বুদ্ধি কৈকেয়ীও কদাচিৎ সপত্নীগণের প্রতি অনুচিত ব্যবহার করিতে পারেন ॥ ১২ ॥

১। ঘ '-মৌর্যৈর্ম্মা-'। ২। ঙ-ছ-ট 'মে'। ৩। খ 'স পিতা কামবশগো ন'। ৪। ঞ 'নূনং', ট 'নিত্যং'। ৫। অতঃ পরং গ-পুস্তকে 'কৌশল্যাং বা সুমিত্রাং বা কৈকেয়ীপ্রিয়কাম্যয়া ॥' ইত্যধিকঃ। ৬। গ-ঝ '-সাস্থ, ক '-সাজ্য'। ৭। অতঃ পরং গ-পুস্তকে 'অপি রামবিয়োগার্ত্তঃ প্রাণাঞ্ জহ্যাৎ কদাচন।' ইত্যধিকঃ। ৮। ঙ '-প্রমত্তা', ঝ '-মদাৎ সা'। ৯। ঘ-ঞ 'চ', 'বা'। ১০। ঙ-ঝ '-ব'। ১১। গ '-শ্বাস্থ'।

যথৈবাহং তথৈব ত্বং তয়োরিহ ভবিষ্যসি।
বন্ধুরাপ্যায়নশ্চৈব[1] দুঃখেভ্যশ্চৈব রক্ষিতা ॥ ১৪ ॥
ইতি রামবচঃ শ্রুত্বা লক্ষ্মণঃ শ্রীমতাং বরঃ।
কৃতাঞ্জলিরিদং ভূয়ো রামং বচনমব্রবীৎ ॥ ১৫ ॥
মদ্বিধানাং সহস্রাণি কৌশল্যা বিভৃয়াদ্বিভো।
যস্যাঃ সহস্রং গ্রামাণাং নিসৃষ্ট[2]মুপজীবনম্[3] ॥ ১৬ ॥
ত্বদপেক্ষশ্চ ভরতঃ পূজয়িষ্যত্যসংশয়ম্।
কৌশল্যাঞ্চ সুমিত্রাঞ্চ পরমং যত্নমাস্থিতঃ ॥ ১৭ ॥

১৪। টিপ্পনী। আপ্যায়নং তৃপ্তিপ্রদায়কঃ।

১৬। টিপ্পনী। স্বভরণে কৌশল্যায়াঃ কস্যাপ্যপেক্ষা নেত্যাহ—মদ্বিধানামিতি। বিভৃয়াদ্ ভরণপোষণাদিভিঃ পালয়িতুং শক্নুয়াৎ। ননু কুত এতৎ সম্ভবতীত্যাহ—যস্যা ইতি। যস্যাঃ যস্যৈ কৌশল্যায়ৈ গ্রামাণাং সহস্রমুপজীবনমাজীবং জীবিকাব্যয়শোধকমিত্যর্থঃ নিসৃষ্টং দত্তম্।

১৭। টিপ্পনী। ত্বদপেক্ষস্ত্বয়ি অপেক্ষা আস্থা যস্য সঃ।

---

সৌমিত্রে, আমি যেপর্য্যন্ত বন হইতে [ পুনঃ ] আগমন না করি [ সেই পর্য্যন্ত ] তুমি এই স্থানে থাকিয়া সেই মাতৃদ্বয়কে আশ্বাস প্রদান করিবে এবং প্রতিপালন করিবে ॥ ১৩ ॥

যেরূপ আমি, তুমিও সেইরূপই তাঁহাদের ( মাতৃদ্বয়ের ) বন্ধু তৃপ্তিদায়ক এবং দুঃখসমূহ হইতে ত্রাণকর্ত্তা হইবে ॥ ১৪ ॥

রামের এই বাক্য শ্রবণ করিয়া, শ্রীমান্ ব্যক্তিদিগের শ্রেষ্ঠ লক্ষ্মণ কৃতাঞ্জলি হইয়া পুনরায় রামকে এই বাক্য বলিলেন— ॥ ১৫ ॥

প্রভো, কৌশল্যা আমার ন্যায় সহস্র সহস্র ব্যক্তির ভরণপোষণ করিতে পারেন, যাঁহাকে জীবিকার্থ সহস্র গ্রাম প্রদান করা হইয়াছে ॥ ১৬ ॥

ভরত নিশ্চয়ই আপনার [ ভাবী প্রভুত্বের ] অনুরোধে পরম যত্নের সহিত কৌশল্যা এবং সুমিত্রার সেবা-শুশ্রূষা করিবেন ॥ ১৭ ॥

---

১। ঋ '-র্ত্তা-'। ২। ঙ-ঞ '-বি-'। ৩। গ-ছ-ট '-বিতম্'।

নয় মামনপেক্ষস্তং বনবাসকৃতোদ্যমম্[১]।
শিষ্যঃ প্রেষ্যঃ[২] সহায়শ্চ ভবিষ্যামি বনে তব ॥ ১৮ ॥
খনিত্রপিটকে[৩] বিভ্রৎ খড়্গবাণধনুর্দ্ধরঃ।
অগ্রতস্তে[৪] গমিষ্যামি পন্থানং[৫] পরিশোধয়ন্ ॥ ১৯ ॥
বন্যানি চাহরিষ্যামি পুষ্পমূলফলানি চ[৬]।
শয্যোপকরণার্থঞ্চ[৭] দ্রুমপর্ণতৃণানি তে[৮] ॥ ২০ ॥

১৮। লো-টী। অনপেক্ষোঽপেক্ষাশূন্যঃ। সহায়ঃ সহগতঃ।

১৯। লো-টী। পিটকা ভাণ্ডং বংশভাণ্ডমিতি নারায়ণঃ। 'পিটকঃ পেটকঃ পেটী' ইত্যমরঃ। খনিত্রপিটকে ইতি সমাহারদ্বন্দ্বেঽপি দ্বিবচনমার্ষম্।

---

১৮। টিপ্পনী। অনপেক্ষঃ স্বতন্ত্রঃ। প্রেষ্যো দাসঃ।

১৯। টিপ্পনী। খনিত্রং মূলকন্দখননসাধনং কুদ্দালাদি। গোঃ রাঃ। পিটকা ফলমূলাদ্যাহরণযোগ্যা বংশপেটী। তিঃ। ফলাদিস্থাপনযোগ্যবংশাদিনির্ম্মিতো মঞ্জূষাবিশেষঃ। শিরোঃ। পন্থানং পরিশোধয়ন্ পরিষ্কুর্ব্বন্।

২০। টিপ্পনী। শয্যোপকরণার্থং শয্যাদ্রব্যসাধনার্থম্। দ্রুমপর্ণতৃণানি চ দ্রুমপর্ণানি তৃণানি চ।

---

[ অন্বয়- ] নিরপেক্ষ আপনি বনবাসে উদ্যত আমাকে লইয়া চলুন ; আমি বনে আপনার শিষ্য, ভৃত্য ও সহায় হইব ॥ ১৮ ॥

খনিত্র ( খন্তা ) ও পিটকা ( ফলমূল আহরণ করিয়া রাখিবার জন্য বংশপেটী) বহনপূর্ব্বক খড়্গ, বাণ ও ধনুর্দ্ধারণ করিয়া পথ পরিষ্কার করিতে করিতে আমি আপনার অগ্রে অগ্রে গমন করিব ॥ ১৯ ॥

আর, আমি আপনার জন্য বন্য পুষ্প, মূল ও ফল [ আহরণ করিব ] এবং শয্যার উপকরণার্থ বৃক্ষপত্র ও তৃণসমূহ আহরণ করিব ॥ ২০ ॥

১। ঞ '-তম্'। ২। ঝ 'প্রৈ-'। ৩। গ '-পেটকৌ', ঝ '-পে-'। ৪। গ '-তোঽহং'। ৫। 'ভবতো নাত্র সংশয়ঃ'। ৬। গ 'তে'। ৭। গ '-র্থায়'। ৮। গ 'চ'

ত্বমার্য্য[1] সহ বৈদেহ্যা[2] বনবাসেঽপি রংস্যসে।
রক্ষতস্ত্বাং গমিষ্যন্তি রাত্রয়ো মম জাগ্রতঃ ॥ ২১ ॥
আর্য্য শিষ্যোঽস্মি দাসোঽস্মি ভক্তোঽস্ম্য[3]নুগত[4]স্তথা।
তবাহং সর্ব্বথা[5] সাধো[6] প্রসীদ নয় মামপি[7] ॥ ২২ ॥
বাক্যেনানেন তু[8] প্রীতো রামো লক্ষ্মণমব্রবীৎ।
আগচ্ছ ব্রজ সৌমিত্রে আপৃচ্ছস্ব[9] সুহৃজ্জনম্ ॥ ২৩ ॥
যে চ রাজ্ঞে[10] দদৌ দিব্যে মহাত্মা বরুণঃ স্বয়ম্।
ধনুষী তে গৃহাণ ত্বমক্ষয়ানিষুধীংশ্চ তান্ ॥ ২৪ ॥

২১। টিপ্পনী। রংস্যসে প্রীতিমুপভোক্ষ্যসে। রক্ষতো রক্ষণপ্রবৃত্তস্য মে জাগ্রত এব জাগ্রদবস্থায়ামেব রাত্রয়ো গমিষ্যন্তি অতিক্রান্তা ভবিষ্যন্তি।

২৩। টিপ্পনী। আপৃচ্ছস্ব গমনকালোচিতং প্রণামসম্ভাষণাদিকং কুরুষ্ব।

২৪—২৬। টিপ্পনী। রাজ্ঞে জনকায় তদ্‌যজ্ঞে তুষ্টো মহাত্মা বরুণঃ স্বয়ং যে দিব্যে ধনুষী দদৌ যে চ ধনুষী জনকেন যৌতকত্বেনাবয়োর্দত্তে তে ধনুষী গৃহাণেত্যর্থঃ। তান্ অক্ষয়ান্ অক্ষয্য

হে আর্য্য, বনবাসেও আপনি বৈদেহীর সহিত আনন্দ উপভোগ করিবেন। আপনাকে রক্ষা করিতে প্রবৃত্ত আমার জাগ্রদবস্থায় [ -ই ] রাত্রিসমূহ অতিবাহিত হইবে ॥ ২১ ॥

হে আর্য্য, হে সাধো, আমি সর্ব্বপ্রকারে আপনার শিষ্য, দাস, ভক্ত ও অনুগত। [ আমার প্রতি ] প্রসন্ন হউন, আমাকেও লইয়া চলুন ॥ ২২ ॥

এই বাক্যে প্রীত হইয়া রাম লক্ষ্মণকে বলিলেন—হে সৌমিত্রে, আইস, [ আমার সহিত ] চল, সুহৃজ্জনের নিকট বিদায়কালীন প্রণামসম্ভাষণাদি জ্ঞাপন কর ॥ ২৩ ॥

মহাত্মা বরুণ স্বয়ং রাজা জনককে যে দিব্য ধনুর্দ্বয় এবং যে সমস্ত অক্ষয় তূণীর প্রদান করিয়াছিলেন, [ আমাদের বিবাহে যৌতুকরূপে প্রাপ্ত ] সেই ধনুর্দ্বয় এবং তূণীরসমূহ লইয়া চল ॥ ২৪ ॥

১। গ-ঙ-ছ-ঝ 'ত্বং ময়া', ট 'ত্বঞ্চাপি'। ২। গ-ছ-ঞ '-হৃভি-'। ৩। ঝ '-পানু-'। ৪। ঙ-ঞ-ট '-তঃ সদা'। ৫। গ-ঘ-ঙ-ছ-ট '-দা'। ৬। ঝ '-ক্ষাৎ'। ৭। ঙ '-মিতি'। ৮। গ-ধ 'সং-', ট। ৯। ঘ-ঞ 'ত্বমাপৃচ্ছ্য'। ১০। ট 'রাজকুলে দি-'।

অভেদ্যে চ তনুত্রাণে গৃহাণ লঘুনী[1] শুভে।
খড়্গৌ চ বিমলাকাশবর্চ্চসৌ বিমলৎসরূ[2] ॥ ২৫ ॥
যচ্চাচার্য্যগৃহে[3] দিব্যং ধনুস্তিষ্ঠতি মেঽর্চ্চিতম্।
তদানয়স্ব গত্বা ত্বং ত্বরাবানিহ লক্ষ্মণ ॥ ২৬ ॥
ইত্যুক্তো লক্ষ্মণঃ শীঘ্রং সমাপৃচ্ছ্য সুহৃজ্জনম্।
আচার্য্যকুলমাগম্য[4] তে[5] জগ্রাহায়ুধোত্তমে ॥ ২৭ ॥

২৬। লো-টী। যচ্চেতি ধনুর্বারুণং মেঽর্চ্চিতং মৎপূজিতম্।

২৭। লো-টী। আচার্য্যকুলম্ আচার্য্যগৃহং 'কুলং গোত্রে শরীরে চ স্বজাতীয়ে গণে গৃহে' ইতি ভূরিঃ।

---

সায়কান্ ইষুধীন্ তূণাংশ্চ গৃহাণ যান্ জনক আবয়োঃ পরিণয়ে প্রত্যপাদয়দিতি শেষঃ। তনুত্রাণে কবচে। লঘুনী অল্পভারবিশিষ্টে। বিমলাকাশবর্চ্চসৌ নির্ম্মলাকাশবদ্ নীলভাস্বরৌ। বিমলৎসরূ বিমলৌ ৎসরূ মুষ্টী যয়োস্তৌ 'ৎসরুঃ খড়্গমুষ্টিঃ' ইত্যমরঃ। যচ্চাচার্য্যগৃহে ইতি। অন্যচ্চ যন্মে ধনুরাচার্য্যগৃহে তিষ্ঠতীতি যোজনা। পাশ্চাত্যরামায়ণে তু সর্ব্বেষামেবায়ুধানামাচার্য্যগৃহে নিহিতত্বং ব্যক্তম্। 'যে চ রাজ্ঞো দদৌ দিব্যে মহাত্মা বরুণঃ স্বয়ম্। জনকস্য মহাযজ্ঞে ধনুষী রৌদ্রদর্শনে ॥ অভেদ্যে কবচে দিব্যে তূণী চাক্ষয়সায়কৌ। আদিত্যবিমলাভৌ দ্বৌ খড়্গৌ হেমপরিষ্কৃতৌ ॥ সৎকৃত্য নিহিতং সর্ব্বমেতদাচার্য্যসদ্মনি। সর্ব্বমায়ুধমাদায় ক্ষিপ্রমাব্রজ লক্ষ্মণ ॥' ইতি পাশ্চাত্যরামায়ণে (২।৩১।২৯।৩১)। মহাযজ্ঞে তুষ্টো বরুণো রাজ্ঞো জনকস্য ধনুরাদিকং দদৌ তচ্চ জনকেনাস্মাকং যৌতকত্বেন দত্তং তৎ সর্ব্বমাচার্য্যসদ্মন্যাচার্য্যং সৎকৃত্য নিহিতং তদাদায় ক্ষিপ্রমাব্রজাগচ্ছ। অত্রৈবমনুবাদাদেব তত্র জনকায় বরুণকর্ত্তৃকধনুরাদিদানং রামলক্ষ্মণাভ্যাঞ্চ তৎকর্ত্তৃকতদ্দানং বোধ্যম্। তিঃ। রাজ্ঞো জনকস্য মহাযজ্ঞে যদ্ধনুরাদি রাজ্ঞো জনকস্য বরুণঃ স্বয়ং দদৌ তৎ সর্ব্বমাচার্য্যসদ্মনি নিহিতং বিবাহসময়ে জনকাল্লব্ধেতি শেষঃ। শিরোঃ। জনকস্য রাজ্ঞো যজ্ঞে মহাত্মা বরুণঃ স্বয়মেব মহ্যং যদ্ধনুরাদিকং দদৌ। গোঃ রাঃ।

২৭। টিপ্পনী। আয়ুধোত্তমে দিব্যে তে ধনুষী ইত্যর্থঃ।

---

[ বরুণকর্ত্তৃক রাজা জনককে প্রদত্ত এবং রাজা জনকের নিকট হইতে আমাদের যৌতুকরূপে প্রাপ্ত] অভেদ্য, অল্পভার ও সুদৃশ্য কবচদ্বয় এবং নির্ম্মল আকাশতলের ন্যায় উজ্জ্বল [ নীলবর্ণ ] পরিষ্কৃতমুষ্টিদেশবিভূষিত খড়্গদ্বয় লইয়া চল ॥ ২৫ ॥

লক্ষ্মণ, আচার্য্যগৃহে অর্চ্চিত আরও আমার যে দিব্য ধনু রহিয়াছে, তুমি ত্বরান্বিত হইয়া গমনপূর্ব্বক তাহা এই স্থানে আনয়ন কর ॥ ২৬ ॥

---

১। ঝ 'উ-'। ২। ঙ '-লমৎ-'। ৩। ছ '-স্বা-', ট '-ষা-'। ৪। ঞ '-গৃহ-'। ৫। ঙ '-ত্য'।

১ ২
স তে আদায় ধনুষী খড়্গবুধিতনুচ্ছদান্ ।
দর্শয়ামাস রামায় নিববন্ধ চ যত্নবান্ ॥ ২৮ ॥
৩
তমুবাচাগতং রামো লক্ষ্মণং প্রিয়দর্শনম্ ।
কালে ত্বমাগতঃ শীঘ্রং কাঙ্ক্ষিতে মম লক্ষ্মণ ॥ ২৯ ॥
৪
দাতুমিচ্ছামি বিপ্রেভ্যো ধনরত্নার্থসঞ্চয়ান্ ।
৫ ৬
বহুভৃত্যানল্পধনাংস্তস্মাদানয় তান্ দ্বিজান্ ॥ ৩০ ॥

---

৩০। লো-টী। বহুভৃত্যান্ বহুপোষ্যান্।

---

২৮। টিপ্পনী। খড়্গবুধিতনুচ্ছদান্—ইষুধিস্তূণঃ তনুচ্ছদঃ কবচম্। নিববন্ধ সর্বাণি তানি ধনুরাদীনি গুচ্ছীচকারেত্যর্থঃ।

২৯। টিপ্পনী। কাঙ্ক্ষিতে ঈপ্সিতে মদভীষ্টসম্পাদনোচিতে ইত্যর্থঃ।

৩০। টিপ্পনী। লক্ষ্মণসমাগমকালস্য কাঙ্ক্ষিতত্বে হেতুমাহ—দাতুমিতি। ধনরত্নার্থসঞ্চয়ান্ ধনরত্নার্থসমূহান্ মৎসঞ্চিতানিতি শেষঃ। অর্থোঽত্র ধনরত্নেতরদ্রব্যপরঃ। 'অহং প্রদাতুমিচ্ছামি যদিদং মামকং ধনম্' ইতি পাশ্চাত্যপাঠঃ ( ২।৩১।৩৫ )। মামকং মদুপার্জিতমিত্যর্থঃ। শিরোঃ; বহুভৃত্যান্ বহবো ভৃত্যা ভরণীয়াঃ প্রতিপাল্যা ইতি যাবৎ যেষাং তান্। তদানয়নার্থঞ্চ ত্বামপেক্ষ ইতি ভাবঃ।

লক্ষ্মণ এইরূপে অভিহিত হইয়া সুহৃজ্জনকে সম্ভাষণ জ্ঞাপন করত আচার্য্য-গৃহে আগমনপূর্ব্বক সেই উত্তম আয়ুধদ্বয় ( ধনুর্দ্বয় ) গ্রহণ করিলেন ॥ ২৭ ॥

লক্ষ্মণ খড়্গ, তূণীর বর্ম্ম [ ও ] সেই ধনুর্দ্বয় গ্রহণ করিয়া রামচন্দ্রকে দেখাইলেন এবং যত্নের সহিত [ একত্র ] বন্ধন করিলেন ॥ ২৮ ॥

রামচন্দ্র সমাগত প্রিয়দর্শন সেই লক্ষ্মণকে [ অতঃপর ] বলিলেন—লক্ষ্মণ, তুমি ত্বরা করিয়া আমার অভিলাষানুরূপ সময়ে [ -ই ] আসিয়াছ ॥ ২৯ ॥

আমি [ আমার সঞ্চিত ] ধন রত্ন ও [ অন্যান্য বহুমূল্য ] দ্রব্যসামগ্রীসমূহ ব্রাহ্মণগণকে দান করিতে ইচ্ছা করি; অতএব তুমি বহুভৃত্য ( যাহাদের বহু লোককে প্রতিপালন করিতে হয় ) ও অল্পধন [ যে ব্রাহ্মণগণ রহিয়াছেন ] সেই ব্রাহ্মণগণকে আনয়ন কর ॥ ৩০ ॥

---

১। ক 'তে সমাদায়'। ২। গ 'খড়্গোবুধিনিবন্ধনে', ঘ-ঞ 'সখড়্গে সনিবন্ধনে', ক-ঝ 'সখড়্গেষুনিবন্ধনে'। ৩। ঘ '-চাথ তং'। ৪। ক '-য়ম্'। ৫। ট '-ত্যান্ হুত-'। ৬। ঘ '-স্তথা দানরতা'।-ম্

যে চাস্মৎসুহৃদো ভক্তা নিবসন্তীহ লক্ষ্মণ।
তেষাং চাপি[১] প্রদাস্যামি সর্ব্বেষামুপজীবনম্[২] ॥ ৩১ ॥

বশিষ্ঠপুত্রন্তু[৩] সুযজ্ঞমার্য্যং
তমানয়াশু প্রবরং দ্বিজানাম্।
প্রিয়ং সখায়ং মম বীর্য্যবন্তং
তং[৪] তর্পয়িষ্যে প্রথমং প্রদানৈঃ ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণাভ্যনুজ্ঞা নাম
একত্রিংশঃ সর্গঃ ॥ ৩১ ॥

৩২। লো-টী। বীর্য্যবন্তং তপোবীর্য্যবন্তং তেজস্বন্তং বা।

৩১। টিপ্পনী। উপজীবনং জীবিকাসাধনং ধনম্।

৩২। টিপ্পনী। বশিষ্ঠপুত্রং সুযজ্ঞমানয়েত্যনেন মূলপ্রভোর্দশরথস্য বশিষ্ঠঃ পুরোহিতস্তৎ-পুত্রস্য তৎপুত্র ইতি ন্যায়েন সুযজ্ঞস্য বিশিষ্যানয়ননিয়োগঃ। তিঃ। প্রদানৈর্ধনরত্নাদিপ্রদেয়-বস্তুভিস্তর্পয়িষ্যে তৃপ্তং বিধাস্যে।

লক্ষ্মণ, আমাদের যে সমস্ত সুহৃদ্ ও ভক্ত এই স্থানে বাস করে, তাহাদের সকলকেই জীবিকানির্ব্বাহোপযোগী অর্থ প্রদান করিব ॥ ৩১ ॥

আমার প্রিয়সখা, তেজস্বী, ব্রাহ্মণশ্রেষ্ঠ, বশিষ্ঠপুত্র সেই আর্য্য সুযজ্ঞকে শীঘ্র তুমি আনয়ন কর; আমি সর্ব্বাগ্রে তাঁহাকে [ ধনরত্নাদি ] প্রদেয় বস্তুদ্বারা পরিতুষ্ট করিব ॥ ৩২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে লক্ষ্মণের প্রতি অনুজ্ঞাপ্রদান-নামক
একত্রিংশ সর্গ সমাপ্ত ॥ ৩১ ॥

১। ঝ '-পিহ বা-'। ২। ঝ 'সুহৃদা-'। ৩। ঝ-ট '-ঞ্চ'। ৪। ঘ 'সন্তু-'।

## দ্বাত্রিংশঃ সর্গঃ

ভ্রাতুঃ[১] শাসনমাজ্ঞায় লক্ষ্মণস্ত্বরিতঃ স্বয়ম্।
সুযজ্ঞগৃহমাগম্য[২] প্রবিশ্য চ বিনীতবৎ ॥ ১ ॥
অগ্ন্যাগারস্থমভ্যেত্য[৩] সুযজ্ঞং লক্ষ্মণোঽব্রবীৎ।
হে সুযজ্ঞ দ্বিজশ্রেষ্ঠ সখা তে[৪] দ্রষ্টুমিচ্ছতি ॥ ২ ॥
শ্রুত্বৈতল্লক্ষ্মণবচঃ সুযজ্ঞোঽতিত্বরান্বিতঃ[৫]।
প্রবিবেশাভ্যুপাগম্য রামবেশ্ম সলক্ষ্মণঃ ॥ ৩ ॥
তমাগতং বেদবিদং সীতয়া সহ রাঘবঃ।
অভ্যুত্থায়ার্চ্চয়ামাস প্রদানৈরভি[৬]কাঙ্ক্ষিতৈঃ[৭] ॥ ৪ ॥
কুণ্ডলাঙ্গদকেয়ূরমুক্তাহারবিভূষণৈঃ[৮]।
মহার্হৈশ্চৈব বাসোভির্ধনধান্যৈশ্চ পুষ্কলৈঃ ॥ ৫ ॥

৫। লো-টী। পুষ্কলৈঃ সমৃদ্ধৈঃ।

। আজ্ঞায় জ্ঞাত্বা অঙ্গীকৃত্য বা। বিনীতবদ্ বিনয়যুক্তং যথা স্যাত্তথা, ভাবে ক্তঃ।

৪। টিপ্পনী। প্রদানৈঃ প্রদেয়বস্তুভিঃ।

৫। টিপ্পনী। প্রদেয়ানি বিশিনষ্টি—কুণ্ডলেতি। কুণ্ডলাঙ্গদকেয়ূরমুক্তাহাররূপৈর্বিভূষণৈঃ মহার্হৈর্মহামূল্যৈর্বাসোভির্বস্ত্রৈঃ পুষ্কলৈঃ প্রচুরৈর্ধনধান্যৈশ্চার্চ্চয়ামাসেতি সম্বন্ধঃ।

ভ্রাতার আজ্ঞা গ্রহণ করিয়া ত্বরাযুক্ত লক্ষ্মণ স্বয়ং সুযজ্ঞের গৃহে আগমনপূর্ব্বক [ তাহাতে ] বিনয়ের সহিত প্রবেশ করত অগ্নিশালাস্থিত সুযজ্ঞের সমীপে উপস্থিত হইয়া [ তাঁহাকে ] বলিলেন—হে দ্বিজশ্রেষ্ঠ সুযজ্ঞ, আপনার সখা [ রাম আপনাকে ] দর্শন করিতে ইচ্ছা করিতেছেন ॥ ১-২ ॥

লক্ষ্মণের এই বাক্য শ্রবণ করিয়া অতি ত্বরাযুক্ত সুযজ্ঞ লক্ষ্মণের সহিত রামভবনে আগমন করত [ তথায় ] প্রবিষ্ট হইলেন ॥ ৩ ॥

রামচন্দ্র সীতার সহিত [ আসন হইতে উত্থানপূর্ব্বক ] সমাগত বেদজ্ঞ সুযজ্ঞকে অভ্যর্থনা করিয়া কুণ্ডল, অঙ্গদ, কেয়ূর, মুক্তাহার প্রভৃতি অলঙ্কার, মহামূল্য বস্ত্র এবং প্রচুর ধনধান্য [ -রূপ ] অভীপ্সিত প্রদেয় বস্তুসমূহের দ্বারা অর্চ্চনা করিলেন ॥ ৪-৫ ॥

১। ঋ 'তস্য'। ২। ক '-ত্য', ঋ '-চ্ছেৎ'। ৩। গ '-রং সমভ্যেত্য'। ৪। ঘ 'ত্বাং'। ৫। ক '-হৃষ্ট'। ৬। ঘ '-রূপ-', ঋ '-রতি-', ঙ '-রভিসংকৃতৈঃ'। ৭। ছ '-তম্'। ৮। ছ '-রাদিভূ-'।

তমুবাচ ততো রামঃ সীতয়াভিপ্রচোদিতঃ[১]।
সখায়ং[২] দয়িতং কালে সুযজ্ঞং বেদপারগম্ ॥ ৬ ॥
হারঞ্চ হেমসূত্রঞ্চ শুভান্যাভরণানি চ।
বাসাংসি চৈব দিব্যানি ব্রাহ্মণ্যৈ তে প্রযচ্ছতি ॥ ৭ ॥
রাঙ্কবাস্তরণঞ্চৈব পর্য্যঙ্কং সর্ব্বকাঞ্চনম্।
সপাদপীঠং ভার্য্যায়ৈ সখে সীতা দদাতি তে[৩] ॥ ৮ ॥
নাগং শত্রুঞ্জয়ং নাম যং[৪] মহ্যং মাতুলো দদৌ।
তং তে দদাম্যলঙ্কৃত্য[৫] সহস্রেণ গবাং সহ ॥ ৯ ॥

৭। লো-টী। হেমসূত্রং কাঞ্চীম্।
৮। লো-টী। রাঙ্কবাস্তরণং মৃগরোমাস্তরণম্

৬। টিপ্পনী। ততঃ কাল ইতি যোজনা সপ্তম্যান্তসিল্ তস্মিন্ সময় ইত্যর্থঃ।
৭। টিপ্পনী। হেমসূত্রম্ উরোভূষণবিশেষঃ। তিঃ।
৮। টিপ্পনী। রাঙ্কবং মেষাদিলোমজং কম্বলাদি তদেবাস্তরণং যস্মিংস্তম্। সর্ব্বকাঞ্চনং সর্ব্বাংশেষু কাঞ্চনময়ম্। পাদপীঠং পাদস্থাপনাসনম্।

সেই সময়ে সীতার দ্বারা [ বলিবার জন্য ] প্রেরিত হইয়া রামচন্দ্র সেই প্রিয় বেদপারগ সখা সুযজ্ঞকে বলিলেন—॥ ৬ ॥

শিরসা প্রণিপত্যাগ্রে প্রষ্টব্যঃ[2] কুশলং ততঃ ॥ ১৬ ॥
পৃষ্ট্বা চ কুশলং সূত বিজ্ঞাপ্যো মে পিতা ত্বয়া।[3]
অনুগ্রহার্থমস্মাকং ন শোচ্যোঽহং ত্বয়েত্যুত ॥[4] ১৭ ॥
জাতঃ সর্ব্বো হি রাজেন্দ্র ভবিতব্যমুপাশ্নুতে।
অতো ন শোচ্যোঽস্মি বিভো মম চেদিচ্ছসি প্রিয়ম্[5] ॥ ১৮ ॥

১৬। টিপ্পনী। অগ্রে প্রথমং তাবদ্ মদ্‌বচনাদ্ মদ্‌বচনমাশ্রিত্য রামস্ত্বামভিবাদ ইত্যাদি-রূপং বাক্যমুক্তে,ত্যর্থঃ।

১৭। টিপ্পনী। অস্মাকম্ অনুগ্রহার্থং ন শোচ্যোঽস্মি, ভবাংশ্চেদ্ মদর্থং ন শোকং করোতি তদৈবাস্মাস্বনুগ্রহঃ স্যাদিত্যর্থঃ।

১৮। টিপ্পনী। জাতো জন্মপরিগ্রহং কুর্ব্বাণঃ সর্ব্বঃ প্রাণী ভবিতব্যমদৃষ্টফলম্ উপাশ্নুতে ভুঙ্‌ক্তে।

পর্য্যন্ত [ সমস্ত ] বৃত্তান্ত অশেষভাবে বলিয়া তদনন্তর রাম- [ প্রদত্ত ] সংবাদ নিবেদন করিতে লাগিলেন ॥ ১৪ ॥

[ সুমন্ত্র বলিতে লাগিলেন— ] মহাবল রাম দণ্ডায়মান হইয়া আপনার দিকে ( অর্থাৎ আপনার উদ্দেশে ) কৃতাঞ্জলিপুটে প্রণামপূর্ব্বক আমাকে গাঢ় আলিঙ্গন করত ইহা বলিলেন— ॥ ১৫ ॥

'হে সূত, আপনি [ এই স্থান হইতে ] গমনপূর্ব্বক নৃপতির সমীপে উপস্থিত হইয়া আমার বাক্যানুসারে প্রথমতঃ [ তাঁহাকে ] অবনত মস্তকে প্রণাম করত তদনন্তর [ তাঁহার ] কুশল জিজ্ঞাসা করিবেন' ॥ ১৬ ॥

'হে সূত, কুশল জিজ্ঞাসা করিয়া আপনি আমার পিতাকে [আমার এই বাক্য] বলিবেন—'আমাদের প্রতি অনুগ্রহপ্রদর্শনার্থ আপনি আমার নিমিত্ত শোক করিবেন না' ॥ ১৭ ॥

'হে রাজেন্দ্র, জন্মপরিগ্রহকারী সকলেই [ স্ব-স্ব ] অদৃষ্টফল ভোগ করিয়া থাকে ; অতএব হে বিভো, যদি আপনি আমার প্রিয় কামনা করেন [ তাহা হইলে ] আমার নিমিত্ত শোক করিবেন না' ॥ ১৮ ॥

১। গ 'যাত্বা'। ২। গ '-ব্যং'। ৩। ছ-ট 'বিজ্ঞপ্তব্যঃ পিতা', ঝ 'বিজ্ঞাতব্যঃ পিতা'। ৪। ট '-য়া চ্যুতঃ'। ৫। ঙ 'ন চেদিচ্ছসি মেঽপ্রিয়ম্'।

মাতরশ্চাপি মে সর্ব্বাঃ প্রষ্টব্যাঃ কুশলং ত্বয়া।
অশেষতঃ সমাসাদ্য প্রণিপত্যাভিবাদ্য চ ॥ ১৯ ॥
কৌশল্যা[1] চাপি মে মাতা বিজ্ঞাপ্যা সততং ত্বয়া।
মচ্ছোককর্শিতো রাজা ন[2] বাচ্যঃ পরুষং[3] ত্বয়া ॥ ২০ ॥
শাপিতাসি মম প্রাণৈঃ পুনরাগমনেন চ।'
দেববৎ পূজনীয়স্তে পিতা ন ইতি চাব্রবীৎ ॥ ২১ ॥
পরিষ্বজ্য[4] চ বক্তব্যো ভরতো বচনান্মম।
যৌবরাজ্যমবাপ্য ত্বং পূজয়েথা নরাধিপম্ ॥ ২২ ॥

২১। লো-টী। প্রাণৈঃ শাপিতাসি পুনরাগমনেন চ, যদি প্রাণরক্ষণং তবাপেক্ষিতং পুনরাগমনঞ্চ তদা পরুষং ন বাচ্য ইতি শাপিতাসি শপথং কারিতাসীত্যর্থঃ।

২০। টিপ্পনী। মচ্ছোককর্ষিতো মম শোকেন পীড়িতঃ। পরুষং কঠোরং বাক্যম্।

২১। টিপ্পনী। দেববন্মম পিতা তে ত্বয়া পূজনীয় ইত্যেতদর্থং ত্বং মম প্রাণৈঃ পুনরাগমনেন চ শাপিতা শপথং কারিতাসি। যদি ত্বং মম পিতরং দেববন্ন পূজয়েস্তদা মম প্রাণা অপগচ্ছেয়ুঃ পুনরাগমনমপি ন স্যাদিত্যর্থঃ।

'আপনি অশেষতঃ (অর্থাৎ কাহাকেও বাদ না দিয়া) সমস্ত জননীর নিকট গমন করত প্রণাম ও অভিবাদনপূর্ব্বক [তাঁহাদের] কুশল জিজ্ঞাসা করিবেন' ॥ ১৯ ॥

'আর, আপনি 'আমার মাতা কৌশল্যাকে সর্ব্বদাই [আমার এই বাক্য] বলিবেন—আমার শোকে পীড়িত নৃপতিকে আপনি [কখনও] কঠোর বাক্য বলিবেন না' ॥ ২০ ॥

'আমি আমার প্রাণ এবং পুনরাগমনদ্বারা আপনাকে শপথ করাইতেছি, আমাদের পিতাকে আপনি দেবতার ন্যায় অর্চ্চনা করিবেন (অর্থাৎ যদি ইহা না করেন, তাহা হইলে আমার জীবন আমি রাখিব না এবং অযোধ্যায়ও পুনরাগমন করিব না) রামচন্দ্র [কৌশল্যাকে] ইহাও বলিয়াছেন' ॥ ২১ ॥

[রামচন্দ্র আরও বলিয়াছেন—] 'ভরতকে আলিঙ্গন করিয়া আমার বাক্যা-

১। গ '-ল্যাপি চ মাতা মে', ঘ-ট '-ল্যাপি চ'। ২। গ 'বিজ্ঞাপ্যঃ সততং'। ৩। ঞ '-ষঃ'। ৪। ঝ '-রভ্য'।

ত্বয়া শুশ্রূষ্যমাণো মাং ন শোচতি যথা নৃপঃ।
মৎস্নেহাদর্হসি তথা কর্ত্তুমিত্যপি নিশ্বসন্ ॥ ২৩ ॥
সমং মাতৃষু সর্ব্বাসু বর্ত্তেথা ইতি চাব্রবীৎ।
ভরতং পৃথিবীপাল পুত্রং তে কেকয়ীসুতম্ ॥ ২৪ ॥
এবমাদি বচো ধর্ম্ম্যং ব্রুবন্নেব স মাং নৃপ।
বাষ্পাবেগোপরুদ্ধাত্মা মুমোচাশ্রূণি তে সুতঃ ॥ ২৫ ॥
ঈষদ্রোষপরীতস্তু সৌমিত্রিরিদমব্রবীৎ।
কেনায়মপরাধেন রাজ্ঞা পুত্রো বিবাসিতঃ ॥ ২৬ ॥

২৩। লো-টী। কর্ত্তুমিত্যভিনিশ্বসন্ ইতি পাঠঃ। 'কর্ত্তুমিত্যপি নিশ্চয়মি'তি পাঠে ইতি ইদমপি নিশ্চয়ং যথা তথা।
২৪। লো-টী। তে তব কেকয়ীসুতং পুত্রম্।
২৫। লো-টী। বাষ্পমশ্রু তস্য বেগেন উপরুদ্ধ আত্মা দেহো যস্য সঃ। 'বাষ্পবেগোপ-রুদ্ধাক্ষ' ইতি বা পাঠঃ।

২৩। টিপ্পনী। ত্বয়া শুশ্রূষ্যমাণঃ সেব্যমানঃ সন্ নৃপো যথা মাং ন শোচতি তথা কর্ত্তুমর্হসি ইত্যপি নিশ্বসন্ রামোঽব্রবীদিতি শেষঃ।
২৪। টিপ্পনী। সমং তুল্যং যথা স্যাত্তথা বর্ত্তেথা ব্যবহরেঃ।
২৫। টিপ্পনী। বাষ্পাবেগোপরুদ্ধাত্মা বাষ্পবেগেণ উপরুদ্ধ আত্মা শরীরং কণ্ঠ ইতি যাবৎ যস্য সঃ।

নুসারে [ তাঁহাকে ] বলিবেন—যৌবরাজ্য প্রাপ্ত হইয়া তুমি নৃপতির অর্চ্চনা করিবে ( অর্থাৎ সর্ব্বদা তাঁহাকে সম্মান করিয়া চলিবে )' ॥ ২২ ॥

'নৃপতি তোমার দ্বারা সেব্যমান হইয়া যাহাতে আমার জন্য শোক না করেন, আমার প্রতি স্নেহনিবন্ধন তুমি তাহা করিবে' নিশ্বাস ত্যাগ করিতে করিতে রাম ইহাও বলিলেন ॥ ২৩ ॥

'তুমি সমুদায় মাতৃগণের প্রতি তুল্য ব্যবহার করিবে'—হে পৃথিবীপাল, আপনার পুত্র কৈকেয়ীনন্দন ভরতকে রামচন্দ্র ইহাও বলিয়াছেন ॥ ২৪ ॥

হে নৃপ, আপনার পুত্র আমাকে এই সমস্ত ধর্ম্মানুগত বাক্য বলিতে বলিতে বাষ্পবেগে রুদ্ধকণ্ঠ হইয়া অশ্রু মোচন করিতে লাগিলেন ॥ ২৫ ॥

১। ঙ '-ন্তি যথা'। ২। গ-ঘ-ঙ-ঝ-ট '-ত্যভি-'। ৩। ক '-নিশ্চয়ম্'। ৪। গ- ঙ '-লং'। ৫। ঘ-ঝ 'কৈকেয়ী-'। ৬। ঝ '-মেব'। ৭। ঙ '-বানিশং', ছট '-বাবশং'। ৮। ঝ 'বেগাপ-'।

ময়া তাবদ্ ভবেৎ কিঞ্চিৎ কার্কশ্যাদপ্রিয়ং কৃতম্ ।
আর্য্যস্য তু পরিত্যাগে কারণং নোপলক্ষয়ে ॥ ২৭ ॥
যদি প্রব্রাজিতো রামঃ কৈকেয্যাঃ প্রিয়কারণাৎ ।
বরদাননিমিত্তং বা ন কৃতং সাধু সর্ব্বথা ॥ ২৮ ॥
বিরুদ্ধং ধর্ম্মকীর্ত্তিভ্যাং রাজ্ঞেদং বুদ্ধিলাঘবাৎ ।
অযশস্যং কৃতং মন্যে সৎপুত্রস্য বিবাসনম্ ॥ ২৯ ॥

২৭। লো-টী। কার্কশ্যাৎ কঠোরত্বাৎ। 'স্যাৎ কর্কশঃ সাহসিকঃ কঠোরামসৃণাবপী-' ত্যমরঃ।

---

২৬। টিপ্পনী। ঈষদ্রোষপরীতাত্মা ঈষদ্রোষেণ পরীতো ব্যাপ্ত আত্মা যস্য সঃ। 'লক্ষ্মণস্তু সুসংক্রুদ্ধো নিশ্বসন্ বাক্যমব্রবীৎ' ইতি পাশ্চাত্ত্যাঃ ( ২।৫৮।২৬ )।

২৮। টিপ্পনী। সর্ব্বথা ন সাধু কৃতং সর্ব্বথা অন্যায্যং কৃতম্।

২৯। টিপ্পনী। ধর্ম্মকীর্ত্তিভ্যাং বিরুদ্ধং ধর্ম্মেণ কীর্ত্ত্যা দানাদিপ্রভবখ্যাত্যা চ বিরুদ্ধং তয়োঃ পরিপন্থীতি যাবৎ অযশস্যং যশসে শৌর্য্যাদিপ্রভবখ্যাতয়েঽপি ন হিতং সৎপুত্রস্য বিবাসনং কৃতং মন্যে।

আর, লক্ষ্মণ ঈষৎ রোষান্বিত হইয়া ইহা বলিলেন—'কি অপরাধে নৃপতি [ তাঁহার ] এই পুত্রকে ( রামকে ) নির্ব্বাসিত করিলেন?' ॥ ২৬ ॥

'[ চরিত্রের ] কর্কশতানিবন্ধন আমি [ কদাপি ] কোনও অপ্রিয় কার্য্য করিয়া থাকিতে পারি, কিন্তু আর্য্য রামচন্দ্রের পরিত্যাগে কোনও কারণ দেখিতে পাইতেছি না' ॥ ২৭ ॥

'যদি কৈকেয়ীর প্রীতিসম্পাদনের নিমিত্ত অথবা [ তাহার ] প্রতি বরদান হেতু রামকে নির্ব্বাসিত করিয়া থাকেন, তাহা হইলে তিনি সর্ব্বতোভাবে অন্যায় কার্য্য করিয়াছেন' ॥ ২৮ ॥

'নৃপতি বুদ্ধির অল্পতাবশতঃ ধর্ম্ম ও কীর্ত্তির বিরুদ্ধ অযশস্কর এই সৎপুত্র-নির্ব্বাসন [ -রূপ ] কার্য্য করিয়াছেন বলিয়া মনে করি' ॥ ২৯ ॥

১। ঝ '-ত্যাগকা'। ২। ক-ঝ 'যতঃ'। ৩। ক-ঙ-ঝ 'কৃতং তৎ'। ৪। ঞ 'কর্ম্ম-'। ৫। ঝ 'যৎ'।

মম তাবন্ন তাতেঽদ্য পিতৃস্নেহোঽস্তি কশ্চন।
পিতা মাতা সুহৃচ্চাদ্য রামো বন্ধুর্গুরুশ্চ মে ॥ ৩০ ॥
লোকপ্রিয়মিমং ত্যক্ত্বা লোকনাথঞ্চ রাঘবম্।
রাজা কিমিব কল্যাণং ভরতাদভিকাঙ্ক্ষতি ॥ ৩১ ॥
আমন্ত্র্য ভরতশ্চৈবং বাচ্যস্তে রাজসন্নিধৌ।
আমর্ষয়সি চেৎ কাঞ্চিদদ্য রামে প্রতিক্রিয়াম্ ॥ ৩২ ॥
ততো মাতৃষু সর্ব্বাসু সমতামভ্যুপাগতঃ।
রাজ্যাভিমানমুৎসৃজ্য বর্ত্তস্বেত্যাদিদেশ মাম্ ॥ ৩৩ ॥

---

৩২। গো-টী। রামে রামস্য প্রতিক্রিয়াং প্রতীকারম্।

---

৩০। টিপ্পনী। 'গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥' ইতি বচনার্থং হৃদি নিধায়াহ—মম তাবদিতি। 'অহং তাবন্মহারাজে পিতৃত্বং নোপলক্ষয়ে' ইতি পাশ্চাত্ত্যাঃ (২।৫৮।৩১)।

৩২। টিপ্পনী। রামে কাঞ্চিৎ প্রতিক্রিয়াং প্রতিবিধানং যখ্যামর্ষয়সি অনুমন্যসে তত্র যদন্যায্যমাচরিতং তৎপ্রতিবিধানং যদি তেঽভিমতং স্যাদিত্যর্থঃ।

৩৩। টিপ্পনী। রাজ্যাভিমানমুৎসৃজ্য অহং রাজা অতো মে জননী কৈকেয়ী মাতৃষু সবিশেষং কঞ্চিদুপচারম্ অর্হতীত্যাদিকমভিমানং পরিত্যজ্য সর্ব্বাসু মাতৃষু সমতাং তুল্যতামভ্যুপাগত আস্থিতঃ সন্ বর্ত্তেথাঃ।

অদ্য পিতার প্রতি আমার পিতৃস্নেহ বিন্দুমাত্রও নাই। [এই] রাম আমার পিতা, মাতা, সুহৃৎ, বন্ধু এবং গুরু ॥ ৩০ ॥

লোকপ্রিয় ও লোকনাথ এই রামচন্দ্রকে পরিত্যাগ করিয়া নৃপতি ভরত হইতে কি মঙ্গল প্রত্যাশা করিতেছেন? ॥ ৩১ ॥

আপনি নৃপতিসমীপে ভরতকে আহ্বান করিয়া এইরূপ বলিবেন,—অদ্য রামের প্রতি [অনুষ্ঠিত অন্যায় ব্যবহারের] কোনও প্রতিবিধান করা যদি তোমার অনুমোদিত হয়, তাহা হইলে রাজ্যাভিমান পরিত্যাগপূর্ব্বক সমস্ত মাতৃগণের প্রতি সমতা অবলম্বন করিয়া থাকিবে—আমাকে ইহা [বলিতে] আদেশ করিলেন ॥ ৩২-৩৩ ॥

---

১। ঙ '-হৃতি-'। ২। ঘ 'কিঞ্চন'। ৩। ঝ '-কান্ত-'। ৪। ঘ 'হিত্বা'। ৫। গ '-মন্ত'। ৬। গ-ঘ-ঞ 'সুমন্ত্র'। ৭। গ-ঘ '-ব'। ৮। ঝ 'অন-'। ৯। ঞ 'কিঞ্চি'। ১০। গ-ঘ-ঙ-ছ-ট 'রামাৎ'।

জানকী[1] তু বিনিশ্বস্য[2] বাষ্পচ্ছন্নস্বরা[3] নৃপ।
ভূতোপসৃষ্টচিত্তেব বীক্ষমাণা সমন্ততঃ ॥ ৩৪ ॥
অদৃষ্টপূর্ব্বব্যসনা রাজপুত্রী যশস্বিনী।
পর্য্যশ্রুবদনা দীনা নৈব মাং কিঞ্চিদব্রবীৎ ॥ ৩৫ ॥
উদীক্ষমাণা ভর্ত্তারং মুখেন পরিশুষ্যতা।
মুমোচ কেবলং বাষ্পং মাং নিবৃত্তমবেক্ষ্য সা[4] ॥ ৩৬ ॥
স চাপি রামোঽশ্রুমুখঃ কৃতাঞ্জলির্ননাম পাদৌ তব শোকবিহ্বলঃ।
তথৈব সীতা রুদতী বরাননা[5] নৃদেব[6] পাদৌ শিরসা নমস্যতি ॥ ৩৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে রামসন্দেশাখ্যানং নাম
অষ্টপঞ্চাশঃ সর্গঃ ॥ ৫৮ ॥

৩৪। লো-টী। বাষ্পেণ ছন্নো গদ্গদঃ স্বরো যস্যাঃ সা।
৩৭। লো-টী। প্ররুদতী তদাবলেতি পাঠঃ, রুদতী বরাননা ইতি বা পাঠঃ

৩৪। টিপ্পনী। ভূতোপসৃষ্টচিত্তা ভূতাবিষ্টচিত্তা। অদৃষ্টপূর্ব্বং পূর্ব্বং কদাপ্যননুভূতং ব্যসনং দুঃখং যয়া সা। পর্য্যশ্রুবদনা অশ্রুব্যাপ্তবদনা।
৩৬। টিপ্পনী। নিবৃত্তং নিবৃত্ত্যুন্মুখম্।
৩৭। টিপ্পনী। তথৈবেতি যথা রামো ননাম তথৈব সীতাপি নমস্যতি নমশ্চকার।

---

আর হে রাজন্, অদৃষ্টপূর্ব্বদুঃখা (যিনি পূর্ব্বে কখনও দুঃখ অনুভব করেন নাই) যশস্বিনী রাজপুত্রী জানকী বাষ্পগদ্গদকণ্ঠা অশ্রুব্যাপ্তবদনা ও দীনভাবাপন্না হইয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগপূর্ব্বক ভূতাবিষ্টচিত্তা রমণীর ন্যায় চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন, আমাকে কিছুই বলিলেন না ॥ ৩৪-৩৫ ॥

তিনি আমাকে প্রত্যাগমনোদ্যত দেখিয়া পরিশুষ্কমুখে স্বামীর দিকে দৃষ্টিপাত করত কেবল বাষ্পবারি ত্যাগ করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

সাশ্রুমুখ শোকবিহ্বল সেই রামচন্দ্রও কৃতাঞ্জলিপুটে আপনার চরণদ্বয় [ উদ্দেশ করিয়া ] প্রণাম করিলেন। হে নরদেব, সেইরূপ চারুবদনা সীতা [ -ও ] রোদন করিতে করিতে অবনত মস্তকে আপনার চরণদ্বয় [ উদ্দেশ করিয়া ] প্রণাম করিলেন ॥ ৩৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে সুমন্ত্রকর্ত্তৃক রামসংবাদবর্ণন-নামক
অষ্টপঞ্চাশ সর্গ সমাপ্ত ॥ ৫৮ ॥

১। খ '-কীর্ত্তি'। ২। ক 'পরিধ্বজ্য'। ৩। গ 'বাষ্পাসন্ন-', ঞ 'বাষ্পসন্ন-'। ৪। ঋ 'যা'।
৫। খ-ঋ 'তদাবলা', ঙ-ছ-ঞ-ট 'চ বালা'। ৬। গ 'ভূদেব-', ঋ 'নরদেব-'।

## ঊনষষ্টিতমঃ সর্গঃ

ইতি[১] ব্রুবাণং সন্দেশং সুমন্ত্রং[২] মন্ত্রিসত্তমম্ ।
ব্রূহি শেষং পুনরিতি রাজা বচনমব্রবীৎ ॥ ১ ॥
তস্য তদ্বচনং শ্রুত্বা সুমন্ত্রো[৩] বাষ্পবিহ্বলঃ ।
কথয়ামাস[৪] ভূয়োঽপি রামবৃত্তান্তবিস্তরম্ ॥ ২ ॥
জটাঃ কৃত্বা ততো রাজংশ্চীরবল্কলধারিণৌ ।
গঙ্গামুত্তীর্য্য তৌ বীরৌ প্রয়াগাভিমুখৌ[৫] গতৌ[৬] ॥ ৩ ॥
ততো মম নিবৃত্তস্য[৭] তুরগা বাষ্পাবিক্লবাঃ ।
রামমেবানুপশ্যন্তো হ্রেষমাণা বিচুক্রুশুঃ ॥ ৪ ॥

২ । লো-টী । বাষ্পবিহ্বলো বিকলঃ ।
৪ । লো-টী । হ্রেষমাণাস্তজ্জাতিশব্দং কুর্ব্বাণাঃ ।

৩ । টিপ্পনী । চীরং জীর্ণবাসঃ ।
৪ । টিপ্পনী । নিবৃত্তস্য প্রত্যাগমনোন্মুখস্য ।

এইরূপে [ রাম- ] বার্ত্তাবর্ণনাকারী মন্ত্রিশ্রেষ্ঠ সুমন্ত্রকে নৃপতি [ দশরথ ] এই বাক্য বলিলেন - [ হে সুমন্ত্র ] তুমি পুনরায় [ রামের ] অবশিষ্ট বৃত্তান্ত বর্ণনা কর ॥ ১ ॥

বাষ্পবিহ্বল সুমন্ত্র তাঁহার সেই বাক্য শ্রবণ করিয়া পুনরায়ও রামবৃত্তান্ত বিস্তৃত ভাবে বলিতে আরম্ভ করিলেন ॥ ২ ॥

হে রাজন্, অনন্তর জটা [ ধারণ ] করিয়া চীর ( জীর্ণ বস্ত্র ) ও বল্কলধারী সেই বীরদ্বয় গঙ্গা উত্তীর্ণ হইয়া প্রয়াগাভিমুখে গমন করিলেন ॥ ৩ ॥

অনন্তর, প্রত্যাগমনোন্মুখ আমার বাষ্পবিক্লব তুরগগণ, রামের দিকেই দৃষ্টিপাতপূর্ব্বক হ্রেষারব করিয়া চীৎকার করিতে লাগিল ॥ ৪ ॥

১ । অস্যার্দ্ধস্য স্থানে গ-পুস্তকে 'উবাচ রাজা দীনাত্মা বচনং দুঃখমোহিতঃ । পুনঃ সর্ব্বমশেষেণ কথয়স্ব মমাগ্রতঃ ॥' ইতি পাঠঃ । ২ । ঝ 'মন্ত্রবিত্ত-' । ৩ । গ-ঙ-ড-ট '-ক্লবঃ' । ৪ । গ 'বিস্তরং কথয়ামাস বৃত্তান্তং রাজশাসনাৎ ।' ৫ । ঘ-ঝ-এ '-মুখং' । ৬ । ঙ 'যযৌ' । ৭ । অতঃ পরং গ-পুস্তকে 'তেজো নিবৃত্তমানস্য হয়া মে সুমহাজবাঃ ।' ইত্যধিকঃ ।

উভাভ্যাং রাজপুত্রাভ্যাং ততঃ কৃত্বাহমঞ্জলিম্।
ত্বদ্গৌরবভয়াদ্রাজন্নকামঃ[১] পুনরাগতঃ ॥ ৫ ॥
গুহেন সহ কৃৎস্নঞ্চ[২] তত্রৈব[৩] দিবসং স্থিতঃ।
আশয়া যদি রামো মাং পুনরেবাহ্বয়েদিতি[৪] ॥ ৬ ॥
বিষয়েষু নরব্যাঘ্র রামব্যসনকর্ষিতাঃ।
অপি বৃক্ষাঃ পরিম্লানাঃ সপত্রস্তবকাঙ্কুরাঃ[৫] ॥ ৭ ॥
সবাষ্পাঃ[৬] সরিতশ্চাসন্ সন্তপ্তকলুষোদকাঃ[৭]।
প্রম্লান[৮]কুসুমা[৯]শ্চাসন্ পদ্মিন্যো বিগতত্বিষঃ ॥ ৮ ॥

৫। লো-টী। ত্বৎ ত্বত্তো গৌরবম্।
৭। লো-টী। বিষয়েষু তত্তজ্জনপদেষু বিষয়েষু। অপি বৃক্ষা বৃক্ষা অপি
৮। লো-টী। সবাষ্পা ধূমাকারেণ বাষ্পেণ সহিতাঃ। সন্তপ্তানি চ কলুষাণি আবিলানি উদকানি যাসাং তাঃ। প্রম্লানকুসুমাঃ প্রম্লানপদ্মাঃ।

৫। টিপ্পনী। অকামোঽপি প্রত্যাগমনমনিচ্ছন্নপি ত্বদ্গৌরবভয়াৎ ত্বয়ি রাজন্যস্মাকং ভৃত্যানাং যদ্ গৌরবং সম্মানবুদ্ধিরনাগমনে তন্নষ্টেতি বুদ্ধিস্তে মাভূদিতি চিন্তয়েত্যর্থঃ।
৭। টিপ্পনী। কৈকেয়ীপ্রিয়ার্থং কৃতমেতদ্ রামবিবাসনং সর্ব্বক্ষোভকরমভূদিত্যাহ—বিষয়েষ্বিতি। বিষয়েষু রামব্যসনকর্ষিতা রামস্য দুঃখেন পীড়িতাঃ সন্তো বৃক্ষাঃ পত্রৈঃ স্তবকৈর্গুচ্ছৈরঙ্কুরৈঃ শাখাসু পল্লবোদ্ভেদৈশ্চ সহ পরিম্লানা দৃশ্যন্ত ইতি শেষঃ। কঠিনকোমলবিভাগমন্তরেণাপি সর্ব্বমেকদৈব পরিম্লানমভূদিত্যর্থঃ। গোঃ রাঃ। অত্র সর্ব্বত্র হেত্বংশে চোৎপ্রেক্ষা বোধ্যা। তিঃ।

হে রাজন্, অনন্তর উভয় রাজপুত্রের উদ্দেশে অঞ্জলিবন্ধনপূর্ব্বক, ইচ্ছা না থাকিলেও আপনার গৌরবভয়ে (অর্থাৎ, পাছে আপনার প্রতি অসম্মান প্রদর্শিত হয় এই ভয়ে) আমি প্রত্যাবৃত্ত হইয়াছিলাম ॥ ৫ ॥

[কিন্তু] যদি রামচন্দ্র পুনরায়ও আমাকে আহ্বান করেন, এই আশায় গুহের সহিত সমস্ত দিবস সেই স্থানে (গঙ্গাকূলে) অবস্থান করিয়াছিলাম ॥ ৬ ॥

[প্রত্যাগমনকালে দেখিলাম] জনপদসমূহে বৃক্ষগণও [যেন] রামের

১। ঙ-ছ-এ-ট '-ভিয়া রাজ-'। ২। ক-ঝ '-স্ত'। ৩। ঘ '-ক-'। ৪। গ-ঘ-ঙ-ঝ-এ 'বা রামো মাং পুনরাহ্বয়ে-'। ৫। ঘ '-তুরগা-'। ৬। ঝ 'সুধূমবাষ্পাঃ সরিতঃ'। ৭। ঙ 'পদ্মিন্যো বিগতত্বিষঃ'। ৮। ঙ ইদমর্দ্ধং নাস্তি। ৯। গ-ঘ-এ '-পুষ্করা-'।

ধ্যানৈকতানস্তিমিতা ন বিচেরুর্ম্মৃগদ্বিজাঃ।
আসীচ্চ রামশোকার্ত্তং নিষ্কূজমিব কাননম্॥ ৯॥
জলজান্যপি সত্ত্বানি স্থলজান্যপি সর্ব্বশঃ।
স্থানেভ্যঃ[১] স্তম্ভিতানীব স্বেভ্যশ্চেলুর্ন ভূপতে॥ ১০॥
পুরে[২] রাষ্ট্রে চ তে রাজন্[৩] পৌরজানপদে জনে।
তং ন পশ্যাম্যহং কশ্চিদ্[৪] যো ন শোচতি তে সুতম্॥ ১১॥
অযোধ্যাং প্রবিশন্তং মাং গর্হয়ন্তি সমন্ততঃ।
পৌরা দুঃখাভিসন্তপ্তা বিনা রামমুপাগতম্॥ ১২॥

৮। টিপ্পনী। সরিতো নদ্যঃ সবাষ্পা ধূমাকুলিতাঃ, সন্তপ্তানি কলুষাণি আবিলানি চ উদকানি যাসু তাশ্চাসন্। পদ্মিন্যঃ সরাংসি প্রম্লানকুসুমাঃ অতিম্লানৈঃ পুষ্পসমূহৈঃ পদ্মৈরিত্যর্থঃ সমাকীর্ণা অতো বিগতত্বিষোঽপগতশোভা আসন্।

৯। টিপ্পনী। ধ্যানৈকতানস্তিমিতাস্তদ্গতচিত্তৈকাগ্রতয়া নিশ্চলাঃ। নিষ্কূজং শব্দ-রহিতম্।

১০। টিপ্পনী। স্তম্ভিতানীব নিশ্চেষ্টানীব।

১১। টিপ্পনী। রাষ্ট্রে জনপদে।

দুঃখে পীড়িত হইয়া পত্র স্তবক (গুচ্ছ) ও অঙ্কুরের সহিত অতীব ম্লান হইয়া পড়িয়াছে॥ ৭॥

[দেখিলাম] নদীসমুদায় ধূমায়িত, সন্তপ্ত ও আবিল জলে পরিপূর্ণ এবং সমস্ত পদ্মিনী (সরোবর) অতিম্লান কুসুম- (পদ্ম-) সমূহে পূর্ণা [অতএব] শোভা-বিরহিতা হইয়াছে॥ ৮॥

[দেখিলাম, তদ্গত] চিন্তায় একাগ্র [অতএব] নিশ্চল মৃগপক্ষিগণ বিচরণ করিতেছে না এবং সমস্ত কানন যেন রামশোকার্ত্ত হইয়া পক্ষিরবশূন্য হইয়াছে॥ ৯॥

হে ভূপতে, [দেখিলাম] জলজ জন্তুগণ এবং স্থলজ জন্তুগণ সকলেই যেন স্তম্ভিত হইয়া [স্ব-] স্বস্থান হইতে বিচলিত হইতেছে না॥ ১০॥

হে রাজন্, [অধিক আর কি বলিব] আপনার পুরে ও জনপদে পুরবাসী

১। ঘ '-স্তাস্তিমিতানীব'। ২। ঝ 'পৌরে'। ৩। ঘ 'নৃপ'। ৪। ঙ 'কিঞ্চিদ্'।

বিমানরথ্যাপ্রাসাদগবাক্ষস্থাশ্চ যোষিতঃ।
রামমুৎস্থজ্য চায়ান্তং[১] দৃষ্ট্বা চুক্রুশুরাতুরাঃ[২] ॥ ১৩ ॥
অশ্রুপূর্ণেক্ষণা দীনাঃ পশ্যন্তো মামুপাগতম্।
হা নৃশংস ক্ক রামস্তে[৩] নীত ইত্যপি[৪] চাব্রুবন্ ॥ ১৪ ॥
নামিত্রাণাং ন মিত্রাণাং নোদাসীনজনস্য চ।
অহমার্ত্ততয়া[৫] কিঞ্চিদ্বিশেষমুপলক্ষয়ে[৬] ॥ ১৫ ॥

১৩। টিপ্পনী। বিমানঃ সপ্তভূমিকং গৃহম্। রথ্যা মার্গঃ।

১৫। টিপ্পনী। অহমার্ত্ততয়া হেতুনা সর্ব্বেষামার্ত্তত্বগুণসাম্যেনেত্যর্থঃ অমিত্রাণাং শত্রূণাং মিত্রাণাং তথোদাসীনজনস্য শত্রুত্বমিত্রত্বানাক্রান্তস্য জনস্য চ কিঞ্চিৎ কঞ্চিদ্ বিশেষং পরস্পরং ভেদং নোপলক্ষয়ে। 'নামিত্রাণাং ন মিত্রাণামুদাসীনজনস্য চ। অহমার্ত্ততয়া কঞ্চিদ্বিশেষং নোপলক্ষয়ে ॥' ইতি পাশ্চাত্যাঃ (২।৫৯।১৪)। উদাসীন ইত্যত্রাপি নঞনুষজ্যতে। অমিত্রাণাং ভবেতি শেষঃ। রামস্যামিত্রপ্রসঙ্গাভাবাৎ। যদ্বা পৌরজনস্যামিত্রাণাং পৌরজনস্য মিত্রাণাঞ্চোদাসীনজনস্য উদাসীনজনাপেক্ষয়া আর্ত্ততয়া হেতুনা বিশেষং নোপলক্ষয়ে। কুত্রচিৎ পুরুষে মিত্রাণি চ ন স্বকার্য্যাণি কুর্ব্বন্তি নাপি শত্রবোঽপীতি ভাবঃ। গোঃ রাঃ। অন্যোন্যং শত্রূণাং তথা মিত্রাণামুদাসীনস্য চার্ত্ততয়া বিশেষং নোপলক্ষয়ে ইত্যন্বয়ঃ। যদ্যপি রামস্য স্বতোঽমিত্রাসম্ভবঃ কৈকেয়ীকুব্জয়োস্তত্ত্বস্য দৈববশাৎ সম্ভবেঽপি তয়োরার্ত্তত্বাভাবঃ, তথাপ্যনয়োঃ শত্রুত্বমনয়োর্ম্মিত্রত্বময়মুদাসীন ইতি ভেদো ন জ্ঞায়ত ইতি তাৎপর্য্যম্। তিঃ।

এবং জনপদবাসী জনগণের মধ্যে এমন কাহাকেও দেখিলাম না, যে আপনার পুত্রের জন্য শোক না করিতেছে ॥ ১১ ॥

দুঃখাভিসন্তপ্ত পুরবাসিগণ রামব্যতিরেকে প্রত্যাগত, অযোধ্যায় প্রবেশকারী আমাকে চতুর্দ্দিক্ হইতে তিরস্কার করিতেছে ॥ ১২ ॥

রামকে পরিত্যাগপূর্ব্বক আমাকে আসিতে দেখিয়া বিমান (সপ্ততল গৃহ), পথ, প্রাসাদ এবং গবাক্ষস্থিত কাতর রমণীগণ উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল ॥ ১৩ ॥

অশ্রুপূর্ণনেত্র আর্ত্ত সেই রমণীগণ আমাকে [অযোধ্যায়] সমাগত দেখিয়া

১। গ 'আয়ান্তং'। ২। ক-ঋ '-রার্ত্তবৎ'। ৩। গ '-মোঽসৌ নীত ইতি'। ৪। ঙ 'ত্বভি-'।
৫। ঞ '-ভয়াৎ'। ৬। ক-ঋ '-ষং নোপলক্ষয়ে'।

দীনাতুরার্ত্তপুরুষা[1] প্রম্লানোপবনদ্রুমা[2]।
পরিদেবিতার্ত্তস্বরা[3] রুদিতস্বননাদিতা ॥ ১৬ ॥
নিরানন্দা নিরুৎসাহা নির্ব্বষট্‌কারমঙ্গলা।
রামপ্রবাসনার্ত্তেয়ং[4] পুরী[5] তে ন বিরাজতে ॥ ১৭ ॥
ইত্যেবমাদি করুণং সুমন্ত্রবচনং নৃপঃ[6]।
শ্রুত্বোবাচ ততো দীনো বাষ্পবিক্লববাগিদম্[7] ॥ ১৮ ॥
মিথ্যোপচারাৎ কৈকেয্যা বঞ্চিতেন কথং ময়া।
ন[8] মন্ত্রিতং বিমূঢ়েন ধর্ম্মজ্ঞৈর্গুরুভিঃ সহ ॥ ১৯ ॥

১৬-১৭। টিপ্পনী। দীনা আতুরা আর্ত্তাশ্চ পুরুষা যস্যাং সা, প্রম্লানা উপবনদ্রুমা উদ্যানবৃক্ষা যস্যাং সা, পরিদেবিতেন বিলাপেনার্ত্তঃ স্বরো যস্যাং সা, বিলাপৈঃ করুণধ্বনিভির্বিশিষ্টেত্যর্থঃ। রুদিতস্বনেন রোদনধ্বনিনা নাদিতা। বষট্‌কারৈস্তদুপলক্ষিতযজ্ঞকর্ম্মভির্মঙ্গলৈর্মাঙ্গলিকানুষ্ঠানৈশ্চ রহিতেয়মযোধ্যা পুরী ন বিরাজতে হতশ্রীকা দৃশ্যত ইত্যর্থঃ।

১৮। টিপ্পনী। বাষ্পবিক্লববাগ্‌—বাষ্পেণান্তর্গতাশ্রুণা বিক্লবা বাগ্‌ যস্য সঃ।

১৯। টিপ্পনী। মিথ্যোপচারাৎ কৃত্রিমব্যবহারাৎ।

---

'হা নৃশংস, তুমি রামকে কোথায় লইয়া গিয়াছ' এইরূপ কথাও বলিতে লাগিল ॥ ১৪ ॥

[ সকলেরই একরূপ ] আর্ত্ততাবশতঃ আমি [ আপনার ] না শত্রুগণের, না মিত্রগণের এবং না উদাসীন জনগণের কোনও পার্থক্য উপলব্ধি করিতেছি ॥ ১৫ ॥

দীনভাবাপন্ন শোকাভিভূত এবং আর্ত্ত জনগণে পূর্ণা, অতিম্লান উদ্যানবৃক্ষসমন্বিতা, বিলাপজনিত কাতরস্বরবিশিষ্টা, রোদনশব্দে নিনাদিতা, নিরানন্দা, উৎসাহপরিশূন্যা, যজ্ঞ ও মঙ্গলকার্য্যবিরহিতা, রামপ্রবাসনে বিহ্বলা আপনার এই [অযোধ্যা] পুরী শ্রীবিহীন হইয়া পড়িয়াছে ॥ ১৬-১৭ ॥

সুমন্ত্রের এই সমস্ত করুণ বাক্য শ্রবণ করিয়া তদনন্তর আর্ত্ত নৃপতি বাষ্পবিক্লব বচনে ইহা বলিলেন— ॥ ১৮ ॥

---

১। ঙ-ছ-ঝ '-ষাঃ'। ২। গ-ঙ-ছ-ঝ-ঞ-ট '-মাঃ'। ৩। ঝ '-র্ত্তনিশ্বানব্যাখ্যাতস্বরনাদিতাঃ', ঙ-ছ-ট '-র্ত্তস্বমা', ঘ '-রুদিতা'। ৪। ঝ 'অযোধ্যানগরী কৃৎস্না'। ৫। গ-ঙছ-ট '-প্রজনা'। ৬। ঝ '-ম্রস্তমুখাম্বুপঃ'। ৭। ঙ-ছ-ট '-বয়া গিরম্'। ৮। ঝ 'মন্ত্রিতং ন'।

কেনাহং[১] মোহিতঃ পাপো যন্ময়া সহ মন্ত্রিভিঃ।
অসংমন্ত্র্য বিমূঢ়েন সহসা সাহসং কৃতম্ ॥ ২০ ॥
ভবিতব্যং[২] তথা তেন রামেণামিতভেজসা[৩]।
ময়া তু তাবদশিবং প্রাপ্তং তদ্বিপ্রবাসনাৎ ॥ ২১
ইদানীমপি সূতাশু গত্বা রামং নিবর্ত্তয়।
ন হি শক্যাম্যতে[৪] তস্মাজ্জীবিতুং দৈবমোহিতঃ ॥ ২২ ॥
গতাগতেন বা কালো দীর্ঘ এবং[৫] ভবিষ্যতি।
মামেব[৬] রথমারোপ্য ক্ষিপ্রং[৭] রামং প্রদর্শয় ॥ ২৩ ॥

২০। টিপ্পনী। কেন কেন কারণেনাহং মোহিতো মোহং প্রাপিতঃ। যদ্ যস্মাদ্ যন্মোহবশাদিত্যর্থঃ বিমূঢ়েন হিতাহিতবিচারশূন্যেন ময়া সহসা সাহসং দুষ্কার্য্যং কৃতম্।

২১। টিপ্পনী। অথবা তেনামিততেজসা রামেণ তথা বনবাসিনা ভবিতব্যমেব বনবাস-প্রাপকস্বীয়দুরদৃষ্টবশাদিতি শেষঃ। তু কিন্তু তদ্বিপ্রবাসনাৎ তস্য মন্নিমিত্তকান্নির্ব্বাসনাদ্ধেতোর্ময়া তাবদশিবং হৃদয়সন্তাপলোকনিন্দাদিরূপমশুভং প্রাপ্তম্।

২২। টিপ্পনী। শক্যামি শক্নোমি।

কৈকেয়ীর কৃত্রিম ব্যবহারে বঞ্চিত [ অতএব কিংকর্ত্তব্য- ] বিমূঢ় আমি কেন ধর্ম্মজ্ঞ গুরুগণের সহিত মন্ত্রণা করি নাই ? ॥ ১৯ ॥

পাপপরায়ণ আমি কি কারণে মোহিত হইয়াছিলাম, যে মোহনিবন্ধন [ হিতাহিত কর্ত্তব্য- ] বিমূঢ় আমি মন্ত্রিগণের সহিত মন্ত্রণা না করিয়া সহসা [ এইরূপ ] দুষ্কার্য্য করিয়া বসিলাম ॥ ২০ ॥

[ অথবা ] অমিততেজঃসম্পন্ন সেই রাম বনবাসী হইবে [ ইহাই অদৃষ্টলিপি ]। আমি তাহার নির্ব্বাসনহেতু [ সন্তাপ লোকনিন্দাপ্রভৃতি ] অশুভ প্রাপ্ত হইলাম ॥ ২১ ॥

হে সূত, এখনও গিয়া রামকে শীঘ্র নিবর্ত্তিত কর ; যেহেতু দৈবমোহিত আমি রামব্যতিরেকে জীবন ধারণ করিতে পারিতেছি না ॥ ২২ ॥

১। গ-ঙ '-নাহং'। ২। ঙ 'সদা'। ৩। এ '-জম্'। ৪। ঙ-ছ 'শক্যাম্যতে', খ 'শক্যাম্যহং'। ৫। ঙ 'এব'। ৬। ঙ '-মেবং'। ৭। গ 'শীঘ্রং'।

সিংহস্কন্ধো মহাবাহুঃ কাসৌ লক্ষ্মণপূর্ব্বজঃ।
যদি জীবতি[1] সাধ্বেনং পশ্যেয়ং সহ সীতয়া ॥ ২৪ ॥

পূর্ণেন্দুকান্তবদনং চারুপদ্ম[2]দলেক্ষণম্।
যদি রামং ন পশ্যামি যাস্যামি[3] যমসাদনম্ ॥ ২৫ ॥

সুমন্ত্র যদি তে কিঞ্চিন্ময়া পূর্ব্বং কৃতং প্রিয়ম্[4]।
ততঃ প্রাপয় মাং রামং[5] প্রাণা হি[6] ত্বরয়ন্তি মাম্ ॥ ২৬ ॥

রামপ্রবাসসলিলে বাষ্পশোকোর্ম্মিমালিনি।
অগাধব্যসনে[7] মগ্নো ঘোরেঽহং শোকসাগরে ॥ ২৭ ॥

২৪। টিপ্পনী। সাধু সুষ্ঠু যথা স্যাত্তথা পশ্যেয়ম্। 'যদি জীবামি পশ্যেয়ং সাধ্বেনং সহ সীতয়া' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ ( ২।৫৯।২৪ )।

২৫। টিপ্পনী। পূর্ণেন্দুরিব কান্তং কমনীয়ং বদনং যস্য তম্। চারুপদ্মদলবদ্ ঈক্ষণে চক্ষুষী যস্য তম্। যমসাদনং যমালয়ম্।

২৬। টিপ্পনী। 'প্রাণাঃ সংত্বরয়ন্তি মাম্' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ ( ২।৫৯।২১ )। প্রাণা ইন্দ্রিয়াণি মাং সংত্বরয়ন্তি রামদর্শনার্থমিতি শেষঃ। শিরোঃ। সংত্বরয়ন্তি নিষ্ক্রমিতুমিচ্ছন্তীতি যাবৎ। তিঃ। নির্জিগমিষন্তীত্যর্থঃ। গোঃ রাঃ।

২৭। টিপ্পনী। রামপ্রবাস এব সলিলং যস্মিংস্তত্র, বাষ্পশোকৌ ঊর্ম্মিমালা তরঙ্গমালা যস্মিংস্তত্র, অগাধং ব্যসনদুঃখং যস্মিংস্তত্র ঘোরে শোকসাগরেঽহং মগ্নঃ।

অথবা [ তোমার ] এইরূপ গমনাগমনে দীর্ঘকাল অতিবাহিত হইবে, তুমি আমাকেই রথে আরোহণ করাইয়া ত্বরায় রামদর্শন করাও ॥ ২৩ ॥

সিংহস্কন্ধ মহাবাহু লক্ষ্মণাগ্রজ রাম কোথায় আছে? যদি জীবিত থাকিয়া থাকে [ তাহা হইলে ] সীতার সহিত ইহাকে আমি ভাল করিয়া দেখিব ॥ ২৪ ॥

পূর্ণচন্দ্রের ন্যায় কমনীয়বদন, চারুপদ্মপলাশলোচন রামকে যদি দেখিতে না পাই, [ তাহা হইলে ] যমালয়ে গমন করিব ॥ ২৫ ॥

হে সুমন্ত্র, যদি আমি পূর্ব্বে তোমার কোনও প্রিয় কার্য্য করিয়া থাকি, তাহা

১। ঞ '-বামি'। ২। ঙ 'রক্ত-'। ৩। 'গচ্ছামি'। ৪। গ-ঘ-ঙ-ছ-ঞ 'প্রিয়ং কৃতম্'। ৫। ঘ-ঙ 'রামং মাং'। ৬। গ-ঝ 'মে'। ৭। ট '-সলিলে'।

ইষ্টপুত্ত্রবিয়োগার্ত্তিদুঃখিতেন গতায়ুষা।
ময়ায়ং[১] জীবতা সূত দুস্তরঃ শোকসাগরঃ ॥ ২৮ ॥
হা রাম রামানুজ হা হা বৈদেহি পতিব্রতে।
ন মাং জানীত দুঃখার্ত্তং ম্রিয়মাণমনাথবৎ ॥ ২৯ ॥
কো ন্বস্তি দুঃখিততরো ময়া দুষ্কৃতকর্ম্মণা।
যোঽহমন্তর্গতপ্রাণো[২] নৈব[৩] দ্রক্ষ্যামি[৪] রাঘবম্ ॥ ৩০ ॥
ইতি[৫] স্ম রাজা করুণং মহাযশা বিলপ্য দুঃখোপহতেন চেতসা।
গতাসুকল্পঃ সহসৈব মূর্চ্ছিতঃ পপাত ভূয়োঽপি নৃপাসনাত্ততঃ[৬] ॥ ৩১ ॥

---

২৮। টিপ্পনী। গতায়ুষা আসন্নমরণেন ময়া জীবতা আসন্নমরণোঽহং যাবদ্ জীবামি তাবদিত্যর্থঃ অয়ং শোকসাগরো দুস্তরো দুঃখেন তর্ত্তুং শক্যঃ।

২৯। টিপ্পনী। অনাথবদ্ ম্রিয়মাণং মরণোন্মুখম্।

৩০। টিপ্পনী। ময়া দুষ্কৃতকর্ম্মণা মত্তো দুষ্কৃতকর্ম্মণ ইত্যর্থঃ, পঞ্চম্যর্থে তৃতীয়া। অন্তর্গত-প্রাণ আসন্নমৃত্যুঃ।

৩১। টিপ্পনী। গতাসুকল্পো মৃতকল্পো মূর্চ্ছিতশ্চ সন্।

---

হইলে শীঘ্র আমাকে রামের নিকট লইয়া চল, যেহেতু সমস্ত ইন্দ্রিয় আমাকে [ রাম-দর্শনার্থ ] ত্বরান্বিত করিতেছে ॥ ২৬ ॥

রামপ্রবাসরূপ সলিলে পূর্ণ, বাষ্প ও শোকরূপ তরঙ্গসমূহে সমাকুল, অগাধ দুঃখময় [ এই ] ভীষণ শোকসাগরে আমি মগ্ন ॥ ২৭ ॥

হে সূত, প্রিয়পুত্ত্রবিয়োগদুঃখে দুঃখিত আসন্নমরণ আমার জীবিত থাকিয়া এই শোকসাগর উত্তীর্ণ হওয়া দুঃসাধ্য ॥ ২৮ ॥

হা রাম, হা রামানুজ, হা পতিব্রতে বৈদেহি, দুঃখার্ত্ত, অনাথের ন্যায় মরণোন্মুখ আমাকে তোমরা জানিতে পারিতেছ না ॥ ২৯ ॥

[ এই পৃথিবীতে ] পাপকর্ম্মা আমা হইতে [ অধিকতর ] দুঃখী কে আছে? প্রাণবিয়োগ হইবার উপক্রম হইলেও যে আমি রামচন্দ্রকে দেখিতে পাইব না ॥ ৩০ ॥

১। ঝ '-মায়ং'। ২। ঘ-ঝ 'সোঽহ-'। ৩। ঙ 'নৈবং'। ৪। ঙ 'বক্ষ্যামি,' ঝ 'জানামি'। ৫। ঝ
৬। গ-ট '-ন্নৃপঃ'।

ইতি বিলপতি পার্থিবে বিমূঢ়ে
[১] ভৃশকরুণং পতিতে পুনর্ধরণ্যাম্।
ভৃশতরমতি[২]দুঃখশোকসন্না[৩]
করুণতরং বিললাপ রামমাতা ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে দশরথপ্রলাপো নাম
উনষষ্টিতমঃ সর্গঃ ॥ ৫৯ ॥

৩২। টিপ্পনী। অতিদুঃখশোকেন সন্না অবসন্না রামমাতা করুণতরং ভৃশতরম্ অধিকতরঞ্চ বিললাপ।

দুঃখবিশীর্ণ হৃদয়ে মহাযশাঃ নৃপতি এইরূপ করুণ ভাবে বিলাপ করত সহসাই মৃতকল্প ও মূর্চ্ছিত হইয়া পুনরায়ও সেই রাজাসন হইতে [ ভূতলে ] পতিত হইলেন ॥ ৩১ ॥

[ দৈব- ] বিমোহিত নৃপতি অতিকরুণভাবে এইরূপ বিলাপ করিতে করিতে পুনরায় ধরণীতলে পতিত হইলে, অতি দুঃখশোকে অবসন্না রামমাতা [ কৌশল্যা ] করুণতর স্বরে আরও অধিক বিলাপ করিতে লাগিলেন ॥ ৩২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে দশরথপ্রলাপ-নামক
উনষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৫৯ ॥

১। ঋ '-রুদিতঃ পপাত'। ২। গ '-মিব শোকদুঃখ-'। ৩। ঝ-ট '-সন্না'।

## ষষ্টিতমঃ সর্গঃ

সা তু[1] ভূতোপসৃষ্টেব গতসত্ত্বেব[2] চাসুখা।
বিললাপাতুরা দেবী কৌশল্যা পতিতা ক্ষিতৌ ॥ ১ ॥

নয় মামপি তত্রাশু[3] যত্র[4] রামঃ সলক্ষ্মণঃ।
সুমন্ত্র ন হি রামেণ বিনা জীবিতুমুৎসহে ॥ ২ ॥

তদ্[5] যোজয় রথং সাধু নয় মামপি কাননম্।
অথ মাং[6] ন[7] নয়স্যাশু গমিষ্যামি যমক্ষয়ম্ ॥ ৩ ॥

বাষ্পোপরুদ্ধয়া[8] বাচা ততস্তাং সজ্জমানয়া।
বাক্যমাশ্বাসয়ন্ দেবীং সূতঃ প্রাঞ্জলিরব্রবীৎ ॥ ৪ ॥

১। টিপ্পনী। ভূতোপসৃষ্টেব ভূতাবিষ্টেব গতসত্ত্বেব গতপ্রাণেব চ ক্ষিতৌ পতিতা দেবী বিললাপ। ভূতোপসৃষ্টেব ভূতেন গৃহীতেব। শিরোঃ।

২। টিপ্পনী। জীবিতুং নোৎসহে জীবিতুং ন শক্নোমি।

৩। টিপ্পনী। সজ্জমানয়া রামসংলগ্নয়া। শিরোঃ। বিক্লবয়া। গোঃ রাঃ।

[ পুত্রবিয়োগ- ] কাতরা দুঃখিনী সেই দেবী কৌশল্যা ভূতাবিষ্টার ন্যায় এবং প্রাণবিরহিতার ন্যায় ভূতলে পতিত হইয়া বিলাপ করিতে লাগিলেন— ॥ ১ ॥

হে সুমন্ত্র, সলক্ষ্মণ রাম যেখানে আছে, আমাকেও তুমি শীঘ্র সেই স্থানে লইয়া চল; আমি রামব্যতিরেকে জীবন ধারণ করিতে সমর্থ নহি ॥ ২ ॥

অতএব রথ ভাল করিয়া যোজনা কর, আমাকেও বনে লইয়া চল। আর, যদি তুমি শীঘ্র আমাকে বনে লইয়া না যাও, [ তাহা হইলে ] আমি যমালয়ে গমন করিব ॥ ৩ ॥

তদনন্তর, সূত [ সুমন্ত্র ] বাষ্পগদ্‌গদ, ব্যাকুলতাপূর্ণ বাক্যে দেবী কৌশল্যাকে আশ্বাস প্রদান করিয়া কৃতাঞ্জলিপুটে [ এই ] বাক্য বলিলেন— ॥ ৪ ॥

---

১। ঙ-ট 'চ'। ২। ক 'চ স্বয়ম্', ঞ-টিপ্পন্যাং 'চাতুরা', ঙ-ট 'সাসুখা'। ৩। ঘ 'যত্রা-'। ৪। ঘ 'তত্র-'। ৫। ঘ 'তং যো-'। ৬। ঞ 'বা'। ৭। ঙ 'নো'। ৮। ট '-বদ্ধয়া'।

ত্যক্তুমর্হসি কল্যাণি শোকং পুত্রবিয়োগজম্ ।
তত্রাপি হি সুখী[১] রামো রংস্যতে দেবি নির্ব্বৃতঃ ॥ ৫ ॥
[২]লক্ষ্মণো হ্যস্য তেজস্বী পাদৌ পরিচরন্ বনে ।
বসতীতঃ পরং লোকমর্জ্জয়ন্ ধর্ম্মনির্জ্জিতম্[৩] ॥ ৬ ॥
বিজনেঽপি বনে সীতা ভর্ত্তৃবাহু[৪]ব্যপাশ্রয়া[৫] ।
দেবি স্বর্গোপমং বাসং সহ রামেণ বৎস্যতি ॥ ৭ ॥
নাস্যা দৈন্যং বিষাদং বা সুসূক্ষ্মমপি লক্ষয়ে ।
[৬]বনে যথোচিতো বাসো বৈদেহ্যাঃ প্রতিভাতি মে ॥ ৮ ॥

৫ । টিপ্পনী । নির্ব্বৃতো নিরুদ্বেগঃ ।

৬ । টিপ্পনী । তেজস্বী লক্ষ্মণোঽস্য রামস্য পাদৌ পরিচরন্ সেবমান ইতোঽস্মাল্লোকাৎ পরং শ্রেষ্ঠং ধর্ম্মনির্জ্জিতং ধর্ম্মেণ নির্জ্জিতং নিজ্জেয়ং ধর্ম্মলভ্যমিত্যর্থঃ লোকম্ অর্জ্জয়ন্ বনে বসতি । বনে রামস্য চরণসেবয়া লক্ষ্মণস্য পুণ্যলোকাজ্জনং ভবতীতি ভাবঃ । 'লক্ষ্মণশ্চাপি রামস্য পাদৌ পরিচরন্ বনে । আরাধয়তি ধর্ম্মজ্ঞঃ পরলোকং জিতেন্দ্রিয়ঃ ॥' ইতি পাশ্চাত্যাঃ ( ২।৬০।৬ ) । রামস্য পাদৌ পরিচরন্ স পরলোকং পরঃ সর্বোৎকৃষ্টো যো লোকো জনস্তং পরমপুরুষমিত্যর্থঃ । শিরোঃ । আরাধয়তি সম্পাদয়তি । তিঃ ।

৭ । টিপ্পনী । ভর্ত্তৃবাহুব্যপাশ্রয়া ভর্ত্তুঃ স্বামিনো বাহু ব্যপাশ্রয়োঽবলম্বনং যস্যাঃ সা । স্বর্গোপমং বাসং বৎস্যতি স্বর্গবাসসুখং প্রাপ্স্যতীত্যর্থঃ ।

৮ । টিপ্পনী । বনে বৈদেহ্যা বাসো রামেণ সহেতি শেষঃ যথোচিতো যোগ্য ইতি মে

---

হে কল্যাণি, আপনি পুত্রবিয়োগজনিত শোক পরিত্যাগ করুন । হে দেবি, অরণ্যমধ্যেও রাম সুখী ও নিরুদ্বেগ হইয়া কালযাপন করিবেন ॥ ৫ ॥

তেজস্বী লক্ষ্মণ রামের চরণসেবা করিয়া এই লোক হইতে শ্রেষ্ঠ, ধর্ম্মলভ্য লোক অর্জ্জনপূর্ব্বক বনে বাস করিতেছেন ॥ ৬ ॥

হে দেবি, বিজন বনেও সীতা স্বামীর ( রামের ) বাহু আশ্রয় করত রামের সহিত স্বর্গবাসতুল্য সুখে বাস করিবেন ॥ ৭ ॥

---

১ । গ 'সুখং' । ২ । ট অয়ং শ্লোকো নাস্তি । ৩ । ছ '-নির্ব্বৃতম্', ঞ '-সংচিতম্' । ৪ । ঙ-ট 'ভর্ত্তুর্বা-' । ৫ । গ '-শ্রিতা' । ৬ । ক 'গৃহে' ।

নগরোপবনে রম্যে যথারমত সা পুরা।
বিজনেঽপি[১] তথারণ্যে রংস্যতে[২] দেবি মা শুচঃ ॥ ৯ ॥
বৈদেহী সহ রামেণ পূর্ণচন্দ্রনিভাননা।
অতুলাং বিন্দতি[৩] প্রীতিং ন তাং শোচিতুমর্হসি[৪] ॥ ১০ ॥
তদ্গতং হৃদয়ং তস্যাস্তদধীনঞ্চ[৫] জীবিতম্[৬]।
অযোধ্যাপি ভবেত্তস্যা রামেণ রহিতাটবী[৭] ॥ ১১ ॥
পথি[৮] পৃচ্ছতি বৈদেহী গ্রামাংশ্চ নগরাণি চ।
রামং কমলপত্রাক্ষং সরাংসি সরিতস্তথা ॥ ১২ ॥

প্রতিভাতি। 'উচিতেব প্রয়াসানাং বৈদেহী প্রতিভাতি মে।' ইতি পাশ্চাত্যপাঠঃ (২।৬০।৮)। প্রবাসানামুচিতেব প্রবাসানাং যোগ্যেব। গোঃ রাঃ।

১০। টিপ্পনী। বিন্দতি লভতে।

১১। টিপ্পনী। তদ্গতং রামগতম্। তদধীনং রামায়ত্তম্।

১২। টিপ্পনী। বৈদেহীসুখজ্ঞাপকচিহ্নং তদুচ্ছ্বাসং বদন্নাহ—পথীতি।

---

আমি ইঁহার দৈন্য বা বিষাদ বিন্দুমাত্রও লক্ষ্য করি নাই। [রামের সহিত] বৈদেহীর বনবাস আমার নিকট যুক্তিযুক্তই বোধ হইতেছে ॥ ৮ ॥

হে দেবি, নগরের রমণীয় উপবনে পূর্ব্বে তিনি যেরূপ আনন্দ অনুভব করিতেন, বিজন অরণ্যেও সেইরূপ আনন্দ অনুভব করিবেন, আপনি শোক করিবেন না ॥ ৯ ॥

পূর্ণচন্দ্রসদৃশাননা বৈদেহী রামের সহিত অতুল আনন্দ লাভ করিতেছেন, আপনি তাঁহার নিমিত্ত শোক করিবেন না ॥ ১০ ॥

সীতার হৃদয় রামগত এবং তাঁহার জীবন রামাধীন; [কাজেই] রামরহিতা অযোধ্যাও তাঁহার পক্ষে অরণ্যস্বরূপ [-ই] হইত ॥ ১১ ॥

বৈদেহী পথে পদ্মপলাশলোচন রামকে গ্রাম, নগর, সরোবর এবং নদীসমূহের কথা জিজ্ঞাসা করিতেছেন ॥ ১২ ॥

১। ঙ 'রামরীরো'। ২। ঘ 'বসতে'। ৩। ঝ '-ন্তে'। ৪। গ '-র্হতি'। ৫। ক 'যস্যা-' ৬। ঞ '-বলম্'। ৭। ঘ-ঞ 'সহিতা-'। ৮। ক 'অপি'।

রামলক্ষ্মণয়োর্ম্মধ্যে সীতা রাজতি তে স্নুষা।
বিষ্ণুবাসবয়োর্ম্মধ্যে পদ্মা শ্রীরিব রূপিণী ॥ ১৩ ॥

ন চাধ্বশ্রমসন্তাপদুঃখৈরপ্যাতপেন বা[১]।
ম্লানিং গচ্ছতি[২] বৈদেহ্যাঃ স্বভাবপ্রভবং[৩] বপুঃ ॥ ১৪ ॥

সদৃশং[৪] শতপত্রস্য পূর্ণচন্দ্রসমদ্যুতি।
বদনং কান্তমার্ত্তায়া[৫] বৈদেহ্যা ন বিলুপ্যতে ॥ ১৫ ॥

প্রকৃত্যালক্তকরসপ্রখ্যৌ তদ্রসবর্জ্জিতৌ।
তথৈব রেজতুস্তস্যাশ্চরণৌ পদ্মবর্চ্চসৌ ॥ ১৬ ॥

১৩। টিপ্পনী। রূপিণী অসামান্যরূপবতী পদ্মা পদ্মালয়া শ্রীরিব।

১৪। টিপ্পনী। আতপেন সূর্য্যতাপেন। বৈদেহ্যাঃ স্বভাবপ্রভবং প্রকৃতিজাতং বপুঃ। তস্যা অযোনিপ্রভবত্বাদেবমুক্তম্।

১৫। টিপ্পনী। শতপত্রস্য পদ্মস্য। আর্ত্তায়া অপি বৈদেহ্যাঃ কান্তং কমনীয়ং বদনং ন বিলুপ্যতে স্বাভাবিকং বদনলাবণ্যং ন হীয়ত ইত্যর্থঃ। 'বদনং ন বিকম্পতে' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।৬০।১৭)। ন বিকম্পতে ম্লানতাং ন যাতি। তিঃ। ন বিকম্পতে ন বিচলতি স্বাভাবিকপ্রভাং ন জহাতীত্যর্থঃ। গোঃ রাঃ।

১৬। টিপ্পনী। প্রকৃত্যা স্বভাবত এব অলক্তকরসপ্রখ্যৌ অলক্তকরসবদ্ রক্তবর্ণৌ।

আপনার পুত্রবধূ সীতা রাম ও লক্ষ্মণের মধ্যে [ থাকিয়া ] উপেন্দ্র ও ইন্দ্রের মধ্যে নিরুপমরূপবতী পদ্মালয়া কমলার ন্যায় শোভা পাইতেছেন ॥ ১৩ ॥

আর, পথের শ্রম, সন্তাপ, দুঃখ অথবা সূর্য্যতাপে বৈদেহীর স্বভাবোৎপন্ন দেহ মলিনতা প্রাপ্ত হইতেছে না ॥ ১৪ ॥

দুঃখার্ত্তা [ হইলেও ] বৈদেহীর [ প্রফুল্ল- ] কমলসদৃশ, পূর্ণশশধরকান্তি কমনীয় মুখ স্বাভাবিক লাবণ্য পরিত্যাগ করিতেছে না ॥ ১৫ ॥

স্বভাবতই অলক্তকরসের ন্যায় রক্তবর্ণ, পদ্মকান্তি তাঁহার চরণদ্বয় অলক্তকরস-বর্জ্জিত হইয়া [ -ও ] পূর্ব্বেরই ন্যায় শোভা ধারণ করিতেছে ॥ ১৬ ॥

---

১। ক-ছ-ঝ 'চ'। ২। গ 'বিগচ্ছতি চ', ঙ-ছ-ঞ-ট 'বিগচ্ছতি হি'। ৩। ছ-ট 'সম্ভাব-', ঝ 'প্রভাব-'। ৪। ঙ 'স্বদৃশং'। ৫। গ-ঘ-ঞ 'ক্লচ্ছ মা-'।

নূপুরাশিঞ্জিচরণা[১] খেলং গচ্ছতি মৈথিলী।
ভর্ত্তারমনুগচ্ছন্তী বিষ্ণুং শ্রীরিব রূপিণী ॥ ১৭ ॥
সিংহং বনে[২] গজং প্রেক্ষ্য ব্যাঘ্রঞ্চা[৩]পি তু[৪] মৈথিলী।
সা নৈবোদ্‌বিজতে যান্তী[৫] ভর্তৃবীর্য্য[৬]বলাশ্রয়াৎ ॥ ১৮ ॥
তথৈব[৭] রামঃ[৮] পুত্ত্রস্তে লক্ষ্মণশ্চৈব[৯] বীর্য্যবান্।
তথৈবোদারবপুষৌ ন গ্লানি[১০]মধিগচ্ছতঃ ॥ ১৯ ॥
পরস্পরপ্রিয়হিতং কুর্ব্বাণৌ প্রিয়বাদিনৌ।
ন পিতুর্নৈব মাতুশ্চ নান্যস্য স্মরতো বনে ॥ ২০ ॥
ন তে শোচ্যাস্ত্বয়া দেবি পরস্পরহিতে রতাঃ।
ইদং হি চরিতং তেষাং খ্যাতিং লোকেষু[১১] যাস্যতি ॥ ২১ ॥

১৭। টিপ্পনী। নূপুরেণ আশিঞ্জিনৌ সম্যক্ শব্দিতৌ চরণৌ যস্যাঃ সা নূপুরাণাং মধুর-ধ্বনিসমন্বিতচরণবিশিষ্টেত্যর্থঃ। খেলং সবিলাসম্। খেলং সলীলম্। গোঃ রাঃ। বিলাসযুতম্ অর্শআদ্যজন্তম্। তিঃ।

১৯। টিপ্পনী। উদারবপুষৌ প্রশস্তদেহৌ তাবুভাবেব তথৈব মৈথিলীবদেব ন গ্লানিমবসাদম্ অধিগচ্ছতঃ।

বিষ্ণুর অনুগামিনী [ অপূর্ব্ব- ] রূপবতী কমলার ন্যায় স্বামীর অনুগামিনী নূপুরশিঞ্জিত-( নূপুরধ্বনিযুক্ত ) চরণা মৈথিলী বিলাসসহকারে গমন করিতে-ছেন ॥ ১৭ ॥

ভর্ত্তার বলবীর্য্য আশ্রয় করিয়া বনে যাইতে যাইতে মিথিলারাজনন্দিনী সীতা সিংহ, গজ এবং ব্যাঘ্র দেখিয়াও ভয় পাইতেছেন না ॥ ১৮ ॥

আর, আপনার পুত্ত্র রাম এবং বীর্য্যবান্ লক্ষ্মণ— প্রশস্তদেহ এই উভয়েও সেইরূপ ( অর্থাৎ সীতারই ন্যায় ) অবসাদগ্রস্ত হইতেছেন না ॥ ১৯ ॥

প্রিয়বাদী রাম ও লক্ষ্মণ [ পরস্পর ] পরস্পরের প্রিয় এবং হিত [ কার্য্য ] সম্পাদন করত বনে না পিতা, না মাতা; না অন্যকে স্মরণ করিতেছেন ॥ ২০ ॥

১। ছ 'খেলদ্'। ২। গ 'বনগজং', ঘ 'গজং বনে', ঝ 'বিহঙ্গমং দৃষ্ট্বা', ঞ 'গজং বনে বীক্ষ্য'। ৩। গ-ঞ '-ঘ্রং বা-'। ৪। ঙ-ছ-ঝ-ট 'চ'। ৫। ঙ 'সাধ্বী'। ৬। গ-ঙ-ছ-ট 'ভর্ত্তৃবীর্য্য-'। ৭। ক-ঙ 'অথৈব'। ৮। ট 'রাম-'। ৯। ঙ '-শ্চাপি'। ১০। ক 'ম্লানি-'। ১১। ঙ '-কে গমিষ্যতি', ঝ '-কেঽনুঘা-'।

বিহায় শোকং পরিগৃহ্য মানসং
মহর্ষিকল্পস্তপসি ব্যবস্থিতঃ[1]।
বনে রতো মেধ্যফলাশনঃ স তে
সুতো মহাত্মা কুরুতে মহত্তপঃ[2] ॥ ২২ ॥

তথা[3] সুমন্ত্রেণ হিতার্থবাদিনা
নিবার্য্যমাণাপি সতী সুতপ্রিয়া।
ন বিপ্রলাপাদ্বিররাম দুঃখিতা
নরেন্দ্রপত্নী[4] প্রিয়পুত্রলালসা[5] ॥ ২৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে কৌশল্যাসমাশ্বাসনং নাম-
ষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬০ ॥

২২। টিপ্পনী। মানসং পরিগৃহ্য ধৈর্য্যেণ স্থিরীকৃত্য। মেধ্যং পবিত্রং ফলমেবাশনং ভোজনং যস্য স মেধ্যফলাশনঃ। 'বনে রতা বন্যফলাশনা' ইতি পাশ্চাত্ত্যপাঠঃ (২।৬০।২২.)।

২৩। টিপ্পনী। হিতার্থবাদিনা হিতকরবিষয়ভাষণশীলেন। নিবার্য্যমাণা বিলাপাদিতি শেষঃ। প্রিয়পুত্রলালসা প্রিয়পুত্রদর্শনকাঙ্ক্ষিণীত্যর্থঃ।

---

হে দেবি, পরস্পর পরস্পরের হিতানুষ্ঠানে রত তাহাদিগের নিমিত্ত আপনি শোক করিবেন না। তাঁহাদিগের এই চরিত (কার্য্য) ত্রিভুবনে বিখ্যাত হইবে ॥ ২১ ॥

বনবাসনিরত, মহর্ষিকল্প, তপঃপরায়ণ আপনার সেই মহাত্মা পুত্র শোক পরিত্যাগপূর্ব্বক হৃদয় স্থির করত পবিত্রফলাহারী হইয়া মহা তপস্যার অনুষ্ঠান করিতেছেন ॥ ২২ ॥

হিতার্থবাদী (যিনি সর্ব্বদা হিতকর বিষয়ই বলিয়া থাকেন) সুমন্ত্র [কৌশল্যাকে] এইরূপে নিবারিত করিলেও, সতী পুত্রপ্রিয়া প্রিয়পুত্র [-দর্শন] -কাঙ্ক্ষিণী দুঃখার্ত্তা [সেই] নরেন্দ্রপত্নী বিলাপ হইতে বিরতা হইলেন না ॥ ২৩ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে কৌশল্যাসমাশ্বাসন-নামক
ষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৬০ ॥

---

১। গ 'সলক্ষ্মণোঽয়ং ত-'। ২। ঙ 'মহাত্তপঃ'। ৩। খ 'যথা'। ৪। গ '-পুত্রী'। ৫। গ '-মানসা'।

## একষষ্টিতমঃ সর্গঃ

প্রত্যাশ্বস্তা[১] তু[২] রাজানমুত্থাপ্য ভৃশদুঃখিতম্ ।
কৌশল্যাশ্বাসয়ামাস শয়নে শোকলালসম্ ॥ ১ ॥
তত[৩] এনং প্রমার্জ্জন্তী[৪] বীজয়ন্তী[৫] চ মূর্চ্ছিতম্ ।
ভূয়ঃ প্রত্যাগতপ্রাণমিদং বচনমব্রবীৎ ॥ ২ ॥
যদিদং ত্রিষু লোকেষু প্রথিতং তে মহদ্[৬] যশঃ ।
পুত্রপ্রব্রাজনাত্তত্তে[৭] প্রনষ্টমিব[৮] লক্ষয়ে ॥ ৩ ॥
কো হি নাম প্রিয়ং পুত্রং ত্যজেদনপকারিণম্ ।
প্রতিশ্রুত্য সতাং[৯] মধ্যে যৌবরাজ্যাভিষেচনম্ ॥ ৪ ॥

১। টিপ্পনী। শোকলালসং শোকমগ্নং রাজানং শয়নে শয্যায়াম্ উত্থাপ্য আশ্বাসয়ামাস সমাশ্বসিহি মহারাজ ইত্যাদি বাক্যমুবাচ।

২। টিপ্পনী। এনং প্রমার্জ্জন্তী হস্তেনাস্য গাত্রমামৃশন্তী, বীজয়ন্তী ব্যজনং কুর্ব্বতী চ। প্রত্যাগতপ্রাণং লব্ধসংজ্ঞম্।

৩। টিপ্পনী। পুত্রপ্রব্রাজনাৎ পুত্রস্য নির্ব্বাসনকরণাৎ।

কৌশল্যা [ কিঞ্চিৎ ] আশ্বস্তা হইয়া শোকমগ্ন অতিদুঃখিত নৃপতিকে [ ধরণী-তল হইতে ] শয্যায় উত্তোলনপূর্ব্বক আশ্বাসপ্রদান করিলেন ॥ ১ ॥

পরে, কৌশল্যা মূর্চ্ছিত দশরথের গাত্র [ হস্তদ্বারা ] মার্জ্জনাপূর্ব্বক ব্যজন করিতে করিতে লব্ধসংজ্ঞ নৃপতিকে পুনরায় এই বাক্য বলিলেন— ॥ ২ ॥

ত্রিলোকে বিস্তীর্ণ আপনার যে এই মহৎ যশ, পুত্রনির্ব্বাসনহেতু আপনার তাহা বিনষ্ট [ হইয়াছে ] বলিয়া বোধ করিতেছি ॥ ৩ ॥

সজ্জনগণের মধ্যে যৌবরাজ্যাভিষেক অঙ্গীকার করিয়া কোন্ ব্যক্তি অনপকারী প্রিয় পুত্রকে পরিত্যাগ করিয়া থাকেন ? ॥ ৪ ॥

১। গ '-শ্বসন্তং', ঘ-ঙ-ঝ-ঞ-ট '-শ্বস্তং'। ২। ঘ-ঙ-ঝ-ঞ 'চ'। ৩। ঘ 'তত্র'। ৪। গ 'মার্জ্জয়ন্তী'। ৫। ট '-ন্তীব'। ৬। ট 'মহাযশঃ'। ৭। গ '-ত্তত্ত'। ৮। ঙ-ঝ-ঞ-ট '-মিতি'। ৯। ঘ-ঙ-ছ-ট 'সতামধ্যে'।

দাতব্যো[1] যদি বাবশ্যং প্রিয়ায়ৈ তে বরঃ প্রভো।
কিমর্থং ত্বে[2] প্রতিজ্ঞাতং রামস্যাপ্যভিষেচনম্[3] ॥ ৫ ॥
অনৃতাদ্ যদি বা ভীতঃ প্রব্রাজয়সি মে সুতম্।
প্রতিজ্ঞায়াভিষেক্তাস্মি[4] শ্বস্ত্বামিত্যুপমন্ত্রিতম্[5] ॥ ৬ ॥
স্ত্রীহেতোঃ কামবশ্যত্বাদ্[6] বৃদ্ধঃ সন্নজিতেন্দ্রিয়ঃ।
পশ্যোভয়ং বিচার্য্যৈতৎ[7] তথাপ্যনৃতবাগসি ॥ ৭ ॥
ইক্ষ্বাকূণাময়ং বংশঃ সত্যবাক্ প্রথিতঃ ক্ষিতৌ।
তত্র ত্বয়া যৌবরাজ্যং প্রতিজ্ঞায়ানৃতং কৃতম্ ॥ ৮ ॥

৬-৭। টিপ্পনী। নন্বনৃতাদ্ ভীতোঽহমেতদকরবমিতি চেত্তত্রেদং বক্তব্যম্—শ্ব আগামিনি দিবসে ত্বাম্ অভিষেক্তাস্মি অভিষেক্ষ্যামীতি ত্বয়া রামায় প্রতিজ্ঞায়োপমন্ত্রিতং প্রতিজ্ঞাপূর্ব্বকমুক্তম্। অধুনা ত্বমেতদুভয়ং বিচার্য্য পশ্য যদ্যপি কৈকেয়ীসম্বন্ধিনী প্রতিশ্রুতিস্ত্বয়া পরিপালিতা তথাপি রামেঽন্যথাচরণাত্ত্বম্ অনৃতবাগ্ মিথ্যাবচন এবাসি।

অথবা হে প্রভো, প্রিয়া কৈকেয়ীকে আপনার বর প্রদান করা যদি অবশ্য-কর্ত্তব্য ছিল, [ তাহা হইলে ] কি নিমিত্ত আপনি রামেরও [ যৌবরাজ্যে ] অভিষেক প্রতিজ্ঞা করিয়াছিলেন ? ॥ ৫ ॥

অথবা অসত্যভীত হইয়া যদি আপনি আমার পুত্রকে নির্ব্বাসিত করিয়া থাকেন [ তাহা হইলে বক্তব্য এই যে ], 'আমি কল্য তোমাকে অভিষিক্ত করিব' ইহা [ -ও ] প্রতিজ্ঞাপূর্ব্বক [ রামকে ] বলিয়াছিলেন। বৃদ্ধ হইয়া [ -ও ] স্ত্রীনিমিত্ত কামবশতানিবন্ধন অজিতেন্দ্রিয় আপনি এই উভয় [ পক্ষ ] বিচার করিয়া দেখুন, [ যদ্যপি আপনি কৈকেয়ীসম্বন্ধে প্রতিশ্রুতি রক্ষা করিয়াছেন ] তথাপি আপনি অসত্যবাদী [ -ই ] হইতেছেন ॥ ৬-৭ ॥

ইক্ষ্বাকুরাজগণের এই বংশ সত্যবাদী বলিয়া পৃথিবীতে বিখ্যাত। সেই বংশে [ জাত ] আপনি [ রামচন্দ্রকে ] যৌবরাজ্য [ প্রদানের ] প্রতিজ্ঞা করিয়া [ তাহার অন্যথা করায় ] মিথ্যাচরণ করিলেন ॥ ৮ ॥

১। গ-ঙ-ঞ-ট 'যদি চাবশ্যদাতব্যঃ', ঘ 'যদি বাবশ্যং দাতব্যঃ', ছ 'যদি চাবশ্যঃ দাতব্যঃ। ২। ছ-ট 'তু'। ৩। গ 'রাঘবস্যাভি-'। ৪। ক '-ষ্যামি'। ৫। ঙ-ঝ-ট '-তাভি-'। ৬। ক-ঙ '-বশ-'। ৭। ঝ '-র্য্যৈবং।

শ্লোকশ্চায়ং[১] মহারাজ পৌরাণঃ প্রথিতঃ ক্ষিতৌ।
সত্যং পুরা তুলয়তা স্বয়ং গীতঃ[২] স্বয়ম্ভুবা ॥ ৯ ॥
অশ্বমেধসহস্রং চ সত্যং চ[৩] তুলয়া ধৃতম্।
তুলয়িত্বা প্র[৪]পশ্যামি সত্য[৫]মেবাতিরিচ্যতে ॥ ১০ ॥
জীবিতেনা[৬]প্যতঃ সত্যং ভুবি রক্ষন্তি সাধবঃ।
ন[৭] হি সত্যাৎ পরো ধর্ম্মস্ত্রিষু লোকেষু বি[৮]দ্যতে ॥ ১১ ॥
সত্যাৎ স[৯]মভবৎ সোমঃ সোমাদ্ব্র[১০]হ্ম ততোঽমৃতম্।
অদ্‌ভ্যোঽগ্নিরগ্নেঃ পৃথিবী ভূমেভূ[১১]তানি জজ্ঞিরে ॥ ১২ ॥

৯। টিপ্পনী। পৌরাণঃ পুরাণেষু প্রসিদ্ধঃ।

১০। টিপ্পনী। তুলয়া তুলাদণ্ডেন। তুলয়িত্বা কিন্তাবদধিকভারবদিতি জিজ্ঞাসয়া তুলনাং কৃত্বা। অতিরিচ্যতে অধিকভারবিশিষ্টং ভবতি।

১২। টিপ্পনী। সত্যাৎ সত্যস্বরূপাদ্ ব্রহ্মণঃ। সোম আকাশঃ। ব্রহ্ম বায়ুঃ। অমৃতং জলম্। অয়ঞ্চ সৃষ্টিক্রমোঽংশতঃ 'তস্মাদ্বা এতস্মাদাত্মন' ইত্যাদিশ্রুতিবিরোধী।

মহারাজ, পূর্ব্বকালে [ অন্য বস্তুর সহিত ] সত্যের তুলনা করিয়া স্বয়ং স্বয়ম্ভুকর্ত্তৃক কীর্ত্তিত পুরাণপ্রসিদ্ধ এই শ্লোকটীও পৃথিবীতে বিখ্যাত রহিয়াছে ॥ ৯ ॥

'সহস্র অশ্বমেধ যজ্ঞ এবং সত্য আমি তুলাদণ্ডে ধারণ করিয়াছিলাম। তুলনা করিয়া দেখিলাম, সত্যই অধিকভারবিশিষ্ট হইল ॥ ১০ ॥

ভূমণ্ডলে সাধুগণ এই কারণে জীবন বিসর্জ্জন করিয়াও সত্যরক্ষা করিয়া থাকেন। ত্রিলোকমধ্যে সত্য হইতে শ্রেষ্ঠ ধর্ম্ম [ আর কিছুই ] নাই ॥ ১১ ॥

সত্য ( সত্যস্বরূপ ব্রহ্ম ) হইতে সোম (আকাশ), সোম হইতে ব্রহ্ম ( বায়ু ), ব্রহ্ম হইতে অমৃত ( সলিল ), সলিল হইতে অগ্নি, অগ্নি হইতে পৃথিবী [ এবং ] [illegible] হইতে প্রাণিসমূহ উৎপন্ন হইয়াছে ॥ ১২ ॥

১। খ ইদমর্দ্ধং নাস্তি। ২। ঝ 'প্রীত্যা'। ৩। ঝ 'তু'। ৪। ক 'তু প-', গ 'চ প-'। ৫। ঘ-ঙ ছ-ঞ-ট '-ক্বৈবাতি-'। ৬। ঝ '-নাপি সত্যস্ত'। ৭। ঝ 'নাস্তি'। ৮। ঙ 'বর্ত্ততে'। ৯। ক-ঝ 'সোমঃ সমভবৎ'। ১০। ঘ-টিপ্পন্যাং '-দ্বেদং-'। ১১। ঙ 'ভূয়ো ভূ-'।

সত্যেনার্কঃ প্রতপতি সত্যেনাপ্যায়তে শশী।
সত্যেনামৃতমুদ্ভূতং সত্যে লোকঃ প্রতিষ্ঠিতঃ ॥ ১৩ ॥
বৃষশ্চতুষ্পাদ্ ভগবান্ ধর্ম্মঃ সত্যে প্রতিষ্ঠিতঃ।
দ্যৌরন্তরীক্ষং পৃথিবী সত্যেনৈব ধৃতান্যুত ॥ ১৪ ॥
সত্যেনৈকেন যাঁল্লোকান্ যান্তি সত্যব্রতা নরাঃ[১]।
ন যান্তি তাননৃতিকা[২] ইষ্ট্বা ক্রতুশতৈরপি ॥ ১৫ ॥
সত্যপ্রতিজ্ঞা নৃপতে রাজানঃ সত্যবাদিনঃ।
পথিভিস্তেন গন্তব্যং[৩] তৈর্গতা যৈঃ পিতামহাঃ ॥ ১৬ ॥

১৩। টিপ্পনী। আপ্যায়তে বর্দ্ধতে।

১৪। টিপ্পনী। বৃষো বৃষরূপী চতুষ্পাদ্ ধর্ম্মঃ।

১৫। টিপ্পনী। অনৃতিকা মিথ্যাপরায়ণাঃ।

১৬। টিপ্পনী। হে নৃপতে রাজানস্ত্বৎপূর্ব্বজা ইক্ষ্বাকুবংশীয়া ইতি শেষঃ সত্যপ্রতিজ্ঞাঃ সত্যবাদিনশ্চাসন্নিত্যর্থঃ। তেন হেতুনা ত্বয়াপি যৈঃ পথিভিস্তে পিতামহা গতাস্তৈরেব পথিভির্গন্তব্যং গন্তুমুচিতমাসীৎ।

সত্যহেতু সূর্য্য তাপ প্রদান করিতেছেন, সত্যহেতু নিশাকর বৃদ্ধি পাইয়া থাকেন, সত্যহেতু অমৃত উদ্ভূত হইয়াছে [ এবং ] সত্যে [ -ই ] এই জগৎ প্রতিষ্ঠিত ॥ ১৩ ॥

বৃষরূপী চতুষ্পাদ্ ভগবান্ ধর্ম্ম সত্যে প্রতিষ্ঠিত। সত্যই দ্যুলোক, অন্তরীক্ষলোক এবং ভূলোক ধারণ করিতেছে ॥ ১৪ ॥

সত্যপরায়ণ মানবগণ এক সত্যের দ্বারা যে সমস্ত লোকে গমন করিয়া থাকেন, মিথ্যাপরায়ণ ব্যক্তিগণ শত শত যজ্ঞ করিয়াও সেই সমস্ত লোকে গমন করিতে পারে না ॥ ১৫ ॥

হে নৃপতে, [ ইক্ষ্বাকুবংশীয় ] রাজগণ সত্যপ্রতিজ্ঞ ও সত্যবাদী ছিলেন। সেই কারণে, যে পথে [ আপনার ] পিতৃপিতামহগণ গমন করিয়াছেন, সেই পথে গমন করাই আপনার কর্ত্তব্য ছিল ॥ ১৬ ॥

---

১। ঙ 'জনাঃ'। ২। গ 'নৈব যান্তি হ্যনৃতিকা'। ৩। ঙ 'গন্তব্যাস্তে'।

দ্বাবেব কথিতৌ সদ্ভিঃ পন্থানৌ বদতাং[1] বর।
অহিংসা চৈব সত্যঞ্চ যত্র ধর্ম্মঃ প্রতিষ্ঠিতঃ ॥ ১৭ ॥
তদিদং[2] রক্ষিতং সদ্ভিঃ সত্যমুৎসাদিতং ত্বয়া।
ধর্ম্মশ্চৈতং সমাস্থায় স্বশ্চৈবোন্মথিতং যশঃ ॥ ১৮ ॥
বাতি গন্ধঃ সুমনসাং প্রতিবাতং কথঞ্চন।
ধর্ম্মজস্তু মনুষ্যাণাং বাতি গন্ধঃ সমন্ততঃ ॥ ১৯ ॥
চন্দনানাং মহার্হাণামগুরূণাং তথা[3] প্রভো।
ন[4] চ স্থায়ী চিরং গন্ধো যথা কীর্ত্তিময়ো নৃণাম্ ॥ ২০ ॥

১৭। টিপ্পনী। যত্র অহিংসায়াং সত্যে চ।

১৮। টিপ্পনী। সদ্ভী রক্ষিতম্ ইদম্ ঈদৃশং তৎ সত্যং ত্বয়া উৎসাদিতং প্রতিজ্ঞাত-যৌবরাজ্যাপ্রদানেন বিনাশিতম্। এতং কৈকেয্যাঃ প্রতিশ্রুতবরদানরূপং ধর্ম্মং সমাস্থায়াবলম্ব্য স্বং স্বীয়ং যশশ্চোন্মথিতম্ উন্মূলিতম্।

১৯। টিপ্পনী। সুমনসঃ পুষ্পস্য গন্ধঃ কথঞ্চন কদাচিৎ প্রতিবাতং বায়োঃ প্রতিকূল-দিশি বাতি।

---

হে বাগ্মিপ্রবর, দুইটী মাত্র পথ সাধুগণ নির্দ্দেশ করিয়াছেন—অহিংসা এবং সত্য—যথায় ধর্ম্ম প্রতিষ্ঠিত রহিয়াছে ॥ ১৭ ॥

সাধুগণকর্তৃক রক্ষিত ঈদৃশ সেই সত্য আপনি [ সমূলে ] বিনষ্ট করিয়াছেন; আর, এই [ কৈকেয়ীর উদ্দেশে প্রতিশ্রুতবরদানরূপ ] ধর্ম্ম অবলম্বন করিয়া স্বীয় যশও আপনি উন্মূলিত করিয়াছেন ॥ ১৮ ॥

পুষ্পসৌরভ বায়ুর প্রতিকূলে কদাচিৎ প্রবাহিত হয়, কিন্তু মনুষ্যগণের ধর্ম্ম-জনিত সৌরভ চতুর্দ্দিকেই প্রবাহিত হইয়া থাকে ॥ ১৯ ॥

হে প্রভো, মনুষ্যগণের যশঃসৌরভ যেরূপ [ চিরস্থায়ী হইয়া থাকে ] মহামূল্য চন্দন [ বা ] অগুরুর গন্ধ সেইরূপ চিরস্থায়ী হয় না ॥ ২০ ॥

---

১। গ 'দদতাং'। ২। ঘ 'যদি-'। ৩। ট 'মহা-'। ৪। গ-ঘ 'নাবস্থায়ী'।

স তবায়ং গুণহরো গন্ধো লোকে চরিষ্যতি।
অশুভস্যাস্য মহতঃ কর্ম্মণঃ শাশ্বতীঃ সমাঃ ॥ ২১ ॥

ইহ মন্যে সুমহতী ভ্রূণহত্যা ত্বয়া কৃতা।
প্রিয়ায়ৈ বসুধা দত্ত্বা রামঃ প্রব্রাজিতো বনম্ ॥ ২২ ॥

দিষ্ট্যা ন যাচিতস্ত্বেবং রাঘবো বধ্যতামিতি।
ন হ্যেতদপি কৈকেয্যা দুর্ল্লভং ত্বয়ি ধার্ম্মিকে ॥ ২৩ ॥

অনদ্ভুতমিদং লোকে যদ্বদ্ধা বলবত্তরৈঃ।
ঈশ্বরৈর্দ্দুর্বলঃ কৃষ্যঃ ক্রতৌ পশুরিবাবলঃ ॥ ২৪ ॥

---

২১। টিপ্পনী। মহতোঽশুভস্য মহাশুভজনকস্য অস্য রামপ্রবাসনরূপস্য তব কর্ম্মণো গুণহরো গুণসৌরভনাশকো গন্ধো দুর্গন্ধ ইতি যাবৎ শাশ্বতীঃ সমা অনন্তকালমিত্যর্থঃ চরিষ্যতি।

২২। টিপ্পনী। ভ্রূণহত্যা তত্তুল্যং পাপমিত্যর্থঃ।

২৪। টিপ্পনী। যদ্ বলবত্তরৈরধিকবলৈরীশ্বরৈঃ প্রভুত্বশালিভির্দ্দুর্ব্বলো জনো বদ্ধা ক্রতৌ যজ্ঞে অবলঃ স্বরক্ষণাসমর্থঃ পশুরিব কৃষ্যঃ পীড্যস্তদিদং লোকে অনদ্ভুতং ন বিচিত্রতামাবহতি।

---

গুণ [ -সৌরভ ]-নাশক আপনার ঈদৃশ অতি অশুভজনক কর্ম্মের এই [ দুর্ ] গন্ধ অনন্ত সংবৎসর ব্যাপিয়া [ সর্ব্ব ] লোকে বিচরণ করিবে ॥ ২১ ॥

আপনি প্রিয়া কৈকেয়ীকে বসুধা দান করিয়াছেন [ এবং ] রামকে বনে নির্ব্বাসিত করিয়াছেন। [ এইরূপ কার্য্য করিয়া ] আপনি অতি ঘৃণিত ভ্রূণহত্যা [ -তুল্য পাপ ] করিয়াছেন বলিয়া আমি মনে করি ॥ ২২ ॥

'রামচন্দ্রকে বধ করুন' ভাগ্যে কৈকেয়ী এইরূপ [ বর ] প্রার্থনা করে নাই ; ধার্ম্মিক আপনার নিকট কৈকেয়ীর ইহাও ( অর্থাৎ ঈদৃশ বরলাভও ) দুর্ল্লভ হইত না ॥ ২৩ ॥

অপেক্ষাকৃত বলবান্, প্রভুত্বসম্পন্ন ব্যক্তিগণ যে দুর্ব্বল ব্যক্তিকে

---

১। ঘ 'শতধায়ং'। ২। ঙ-ট '-বহো'। ৩। গ 'লোকং'। ৪। ক-ছ 'ইথং'। ৫। ঝ '-সুধাং দত্ত্বা'। ৬। ট 'প্রব্র-'। ৭। গ-ছ-ট '-ন্থেতদ্'। ৮। গ 'অদ্ভুত-', ঙ 'অত্যদ্ভুত-'। ৯। ক 'যদ্বদ্ধা'। ১০। ঙ '।

দৃশ্যন্তে হি নরা লোকেঽবলবন্তো বলাধিকৈঃ।
আক্রম্যমাণা[১] বিজনে[২] সিংহৈরিব মহাদ্বিপাঃ[৩] ॥ ২৫ ॥
স মে সুতশ্চ শক্তোঽপি ধর্ম্মং প্রতি সুদুর্ব্বলঃ।
অতঃ[৪] স্বকামানুৎসৃজ্য মাঞ্চ ত্যক্ত্বা বনং গতঃ ॥ ২৬ ॥
কিং[৫] বা মে ত্বামুপালভ্য রাজন্ পরুষয়া গিরা।
পরস্মৈ কৃত্বা কিং মন্যুমাত্মভাগ্যেষ্বসাধুষু ॥ ২৭ ॥
অনুনীতাস্মি রামেণ গচ্ছতা বহুবিস্তরম্।
ন মে বাচ্যঃ পিতা কিঞ্চিদ্ ভবত্যেতি পুনঃ পুনঃ ॥ ২৮ ॥

---

২৬। টিপ্পনী। ধর্ম্মং প্রতি সুদুর্ব্বলঃ ধর্ম্মং প্রত্যাস্থাবশাদ্ অতিদৌর্ব্বল্যং প্রাপ্ত ইব।

২৭। টিপ্পনী। আত্মভাগ্যেষু অসাধুষু মন্দেষু সৎসু পরস্ম মন্যুং ক্রোধং কৃত্বা কিং ভবেৎ।

২৮। টিপ্পনী। বহুবিস্তরমতিবিস্তৃতভাবেন সবিশেষমিতি যাবৎ।

[ আত্মরক্ষায় ] অসমর্থ যজ্ঞীয় পশুর ন্যায় বন্ধন করিয়া প্রপীড়িত করে, জগতে ইহা আশ্চর্য্যের বিষয় নহে ॥ ২৪ ॥

বিজন বনে সিংহকর্ত্তৃক মহামাতঙ্গের ন্যায় এই জগতে মহাবল ব্যক্তিগণকর্ত্তৃক হীনবল ব্যক্তিদিগকে আক্রান্ত হইতে দেখা যায় ॥ ২৫ ॥

আমার সেই পুত্র সমর্থ হইয়াও ধর্ম্মের প্রতি আস্থাবশতঃ [ যেন ] অতি দুর্ব্বল ; এই কারণে স্বীয় কামাবস্তুসমূহ এবং আমাকে ত্যাগ করিয়া বনে গমন করিয়াছে ॥ ২৬ ॥

হে রাজন্, কঠোর বাক্যে আপনাকে তিরস্কার করিয়াই বা আমার কি [ অভীষ্টসিদ্ধি ] হইবে। স্বীয় ভাগ্য মন্দ হইলে পরের প্রতি ক্রোধ করিয়া কি [ লাভ ] হয় ? ॥ ২৭ ॥

[ বন-]গমনপ্রবৃত্ত রাম আমাকে বিশেষ করিয়া বারবার অনুনয়পূর্ব্বক বলিয়া গিয়াছে, 'আপনি আমার পিতাকে কিছুই বলিবেন না' ॥ ২৮ ॥

---

১। ঋ 'আক্রুষ্ট-'। ২। গ 'বিজনে কৃষ্টাঃ'। ৩। ঙ '-পিনে'। ৪। ঘ 'ততঃ'। ৫। গ 'রামে'।

ন মদর্থং ত্বয়া মাতর্ব্বাচ্যো রূক্ষং[1] পিতা মম।
বাগ্ভিরুদ্‌বেজনীয়াভিরিতি[2] মাং রাঘবোঽব্রবীৎ ॥ ২৯ ॥
সাহং তেনানুশিষ্টাপি[3][4] পুত্রস্নেহবলাৎকৃতা।
অবশা[5] ত্বাং ব্রবীম্যেবং মগ্না শোকমহার্ণবে ॥ ৩০ ॥
কা হি নামাপ্রিয়ং ক্রুয়াদ্ ভর্ত্তারমিহ মদ্‌বিধা।
স্মরন্তী সৎকুলে জন্ম বিনয়ঞ্চাপি[6] জানতী ॥ ৩১ ॥
লোকে[7] হি পুরুষঃ স্ত্রী বা তথা[8] তৎ কুরুতে স্বয়ম্।
যথা[9] মধুরমুগ্রং বা শৃণোতি লভতেঽপি বা ॥ ৩২ ॥

৩০। লো-টী। পুত্রস্নেহবলাৎকৃতা পুত্রস্নেহবলেন বশীকৃতা।
৩১। লো-টী। বিনয়ং ভর্ত্তুঃ প্রণয়ম্।
৩২। লো-টী। উগ্রং নিষ্ঠুরম্।

২৯। টিপ্পনী। রূক্ষং কঠোরম্। উদ্বেজনীয়াভিরুদ্বেগকারিণীভির্ম্মর্ম্মঘাতিনীভিরিতি যাবৎ। কর্ত্তরি প্রত্যয়ঃ।
৩০। টিপ্পনী। পুত্রস্নেহবলাৎকৃতা পুত্রস্নেহাধীনা অতোঽবশা বশহীনা।
৩১। টিপ্পনী। মদ্‌বিধা সৎকুলজা কা হি নাম ভর্ত্তারমপ্রিয়ং ক্রুয়াৎ। বিনয়ং বিনীত-ব্যবহারম্।
৩২। টিপ্পনী। যথা মধুরমুগ্রং বা বাক্যং শৃণোতি ব্যবহারং বা লভতে তথা স্বয়ং কুরুতে।

হে মাতঃ, আমার জন্য আপনি মর্ম্মঘাতী বাক্যে আমার পিতাকে কর্কশ বলিবেন না, রামচন্দ্র আমাকে এই কথা অনুনয়পূর্ব্বক বলিয়া গিয়াছে ॥ ২৯ ॥

তৎকর্ত্তৃক [এইরূপে] অনুনীতা হইয়াও পুত্রস্নেহবশবর্ত্তিনী, [অতএব] পরাধীনা, শোক-মহাসমুদ্রে মগ্না আমি আপনাকে এইরূপ [ কঠোর বাক্য ] বলিতেছি ॥ ৩০ ॥

এই জগতে আমার ন্যায় [ সৎকুলসম্ভূতা আর ] কোন্ রমণী সৎকুলে [ স্বীয় ] জন্ম স্মরণ করিয়া এবং বিনীত ব্যবহার পরিজ্ঞাত থাকিয়া পতিকে [ এইরূপ ] অপ্রিয় বাক্য বলিতে পারে? ॥ ৩১ ॥

১। ঘ-ঞ 'রুক্ষঃ'। ২। ঝ '-শোদ্-'। ৩। ঙ 'তে চানু-'। ৪। ঘ-ঙ-ছ-ঝ-ঞ-ট '-ষ্টাস্মি'। ৫। ঘ 'অবসন্না', ট 'অবলা বা'। ৬। ঝ '-ঞ্চানু-'। ৭। গ-ঙ 'লোকেষু'। ৮। গ-ঘ-ঞ 'যথা'। ৯। ঘ 'তথা'।

নূনং হি মম ভাগ্যানাং বৈদেহ্যা রাঘবস্য চ।

অচিন্ত্যত্বাত্তু[১] দৈবস্য ত্বমেতৎ[২] কৃতবান্ নৃপ ॥ ৩৩ ॥

ন খল্বহং ত্বাং নৃপ দোষতো ব্রবী-

ম্যনীশ্বরং হীশ্বরদেশিতং[৩] জগৎ।

দশা কৃতান্তোপহতেয়মাবিলা

কিমত্র শক্যং পুরুষেণ চেষ্টিতুম্ ॥ ৩৪ ॥

---

৩৩। লো-টী। মম রাঘবস্য বৈদেহ্যাশ্চ ভাগ্যানাং পুণ্যানাং দৈবস্যেশ্বরস্য অচিন্ত্যত্বাদ্ অঘটনঘটনপটুত্বাৎ।

৩৪। লো-টী। হি যস্মাদ্ জগদনীশ্বরং ভদ্রাভদ্রকরণে অসমর্থং যত ঈশ্বরদেশিতম্ ঈশ্বরপ্রেরিতম্। কৃতান্তোপহতা দৈবোপহতা অত আবিলা কলুষবিক্ষতা।

৩৩। টিপ্পনী। মম বৈদেহ্যা রাঘবস্য চ ভাগ্যানাম্ অচিন্ত্যত্বাৎ তথা দৈবস্য চ অচিন্ত্যত্বাদ অচিন্তনীয়ত্বাৎ ত্বমেতৎ কার্য্যং কৃতবান্।

৩৪। টিপ্পনী। দোষতো দোষমাশ্রিত্য। জগদ্ অনীশ্বরম্ অস্বতন্ত্রম্। যত ঈশ্বর-দেশিতম্ ঈশ্বরনিয়ন্ত্রিতম্। কৃতান্তোপহতা দৈবদূষিতা।

---

এই জগতে পুরুষ অথবা স্ত্রী [ সকলেই, পরের নিকট হইতে ] যেরূপ মধুর বা পরুষ [ বাক্য ] শ্রবণ করে অথবা [ মধুর বা পরুষ ব্যবহার ] লাভ করে, [ পরের প্রতি ] নিজেও সেইরূপ করিয়া থাকে ॥ ৩২ ॥

হে নৃপ, নিশ্চয়ই আপনি আমার, বৈদেহীর এবং রামচন্দ্রের ভাগ্যের [ অচিন্তনীয়তা ] এবং দৈবের অচিন্তনীয়তানিবন্ধন এই [ রামবনবাসরূপ ] কার্য্য করিয়াছেন ॥ ৩৩ ॥

হে নৃপ, আমি আপনার প্রতি দোষারোপ করিয়া বলিতেছি না। [ এই ] জগৎ অস্বতন্ত্র [ এবং ] ঈশ্বরনিয়ন্ত্রিত। [ আমার ] এই অবস্থা দৈবদূষিত [ অতএব ] পঙ্কিল; মানুষ এখানে কি করিতে পারে? ॥ ৩৪ ॥

---

১। ঙ 'দেবস্য'। ২। ঘ- 'ত্বমেব', ছ-ট 'ত্বমেবং', ঞ 'ত্বয়ৈবং'। ৩। গ-ঘ '-দেশিকং', ঙ-ছ-ঞ-ট '-দেশকং'।

স তন্নিয়োগাৎ[1] তব সত্যবাদী[2]
সত্যাং প্রতিজ্ঞাং[3] নৃপ[4] পালয়ংস্তে।
ইতো মহাত্মা বনমেব রামো
গতঃ সুখান্যপ্রতিমানি হিত্বা[5] ॥ ৩৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে অযোধ্যাকাণ্ডে কৌশল্যোপালম্ভো নাম
একষষ্টিতমঃ সর্গঃ ॥ ৬১ ॥

৩৫। লো-টী। তন্নিয়োগাৎ—স চাসৌ নিয়োগশ্চেতি তস্মাৎ। হিত্বা ত্যক্ত্বা।

৩৫। টিপ্পনী। সত্যাং প্রতিজ্ঞাং পালয়ন্—যথাযথপালনেন প্রতিজ্ঞাং সত্যাং কর্ত্তুমিত্যর্থঃ।

হে নৃপ, আপনার তাদৃশ আদেশনিবন্ধন সত্যবাদী মহাত্মা সেই রামচন্দ্র আপনার প্রতিজ্ঞা [ যথাযথ পালনপূর্ব্বক ] সত্য করিবার নিমিত্ত অপ্রতিম সুখ পরিত্যাগ করিয়া এই স্থান হইতে বনেই গমন করিয়াছে ॥ ৩৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের অযোধ্যাকাণ্ডে কৌশল্যাতিরস্কার-নামক
একষষ্টিতম সর্গ সমাপ্ত ॥ ৬১ ॥

১। ট 'মদ্বিয়ো-'। ২। খ 'সাধুঃ'। ৩। খ '-জ্ঞামুপাল-'। ৪। গ 'প্রতিপাল-'। ৫। ঙ 'হত্বা'।

## দ্বিষষ্টিতমঃ সর্গঃ

তথা তু বহু কৌশল্যা বিলপ্য ক্রোধমূর্চ্ছিতা[১]।
অনবাপ্যৈব রোষস্য পারং পুনরভাষত ॥ ১ ॥
ত্বয়া যস্ত্বনিযুক্তোঽপি[২] ভক্ত্যা রামমনুব্রতঃ।
লক্ষ্মণোঽনুগতঃ[৩] প্রেম্ণা তং শোচামি বিশেষতঃ ॥ ২ ॥
যোঽভিষেকে প্রতিহতে মম[৪] পুত্রস্য ধীমতঃ।
নিঃসৃতো ধনুরাদায় তূর্ণমশ্রুতবিস্তরঃ ॥ ৩ ॥
ক্রোধেন মহতাবিষ্টো[৫] রামরাজ্যাপহারিণম্।
ন স জানাতি ধর্ম্মাত্মা স্বগৃহাদগ্নিমুত্থিতম্ ॥ ৪ ॥

২। লো-টী। অনুব্রতঃ সেবমানঃ।
৩। লো-টী। অশ্রুতবিস্তরোঽশ্রুতবৃত্তান্তঃ।

১। টিপ্পনী। রোষস্য পারম্ অন্তম্ অনবাপ্য ক্রোধশান্তিমপ্রাপ্যেত্যর্থঃ।
২। টিপ্পনী। রামমনুব্রতঃ রামং প্রত্যনুরক্তো যো লক্ষ্মণো ভক্ত্যা প্রেম্ণা চ তং রামম্ অনুগতোঽন্বগচ্ছৎ।
৩। টিপ্পনী। তূর্ণমবিলম্বম্। অশ্রুতবিস্তরঃ বিস্তরেণ সর্ব্বমশ্রুত্বৈবেত্যর্থঃ।
৪। টিপ্পনী। রামরাজ্যাপহারিণং রামরাজ্যবিনাশিনম্।

ক্রোধমূর্চ্ছিতা কৌশল্যা সেইরূপ বহু বিলাপ করিয়া ক্রোধের উপশম প্রাপ্ত না হইয়াই পুনরায় বলিতে লাগিলেন— ॥ ১ ॥

